নীলাচলে পে ছিইবা মাধ্যেক রাজপাত্রের সহারতার প্রভূত পরিমাণে চলন সংগ্রহ করিলেন। পথের জন্ত ছাড়পত্রও বোগাড় করা হইল। এক বিপ্র-সেবক চলন লইয়া তাঁহার সহিত বাজা করিলেন। কিন্ধু রেম্ণা পর্বন্ধ আসিয়া মার তাঁহার বাওয়া হয় নাই। 'চৈতক্সচরিতামূত' হইতে জানা বায় বে নানাবিধ বাধাবিপত্তি অভিক্রম করিয়া কপু রচলন আনিতে হইয়াছিল। 'য়েছেলেনে কপু রচলন আনিতে জলাল।' 'চৈতক্সচন্দ্রোলর নাটকে'ও লিখিত হইয়াছিল। 'রেছেলেনে কপু রচলন আনিতে জলাল।' 'চৈতক্সচন্দ্রোলর নাটকে'ও লিখিত হইয়াছে বির্ধান কণ্টকায়মানানাং ঘট্রপালানাং ঘট্রেলেয়াছি নিম্নবিশ্ল'ও ছিল প্রায় অনতিক্রমণীয়। তৎসত্ত্বেও মাধ্যেক্ত কোন রক্ষে রেম্ণা পর্বন্ধ আসিয়া সেইয়ানে গোপাল এবং গোপীনাবকে অভিন্ধ-জ্ঞানে গোপীনাবের অলেই সম্বন্ধ কপুরচন্দ্রন লেপনের ব্যবস্থা করিয়া দিলেন। সায়া গ্রীম্বনাল তাঁহার উপস্থিতিতে চল্ফাম্লেপন চলিতে লাগিল। গ্রীমানেরে পুরীয়াজ পুনরায় নীলাচনে কিরিয়া চাতুর্মাক্ত অভিবাহিত করিলেন।

ইহার পর কিন্ধ মাধবেন্দ্র সম্বন্ধ আর বিশেব কিছু^{১৫} জানিতে পারা বার না। 'চৈডক্সচবিভাত্মত' হইতে জানা বার ^{১৬} যে তিনি একবার গৌড়দেশে আসিয়া নবনীপে জগরাখ-মিশ্রের গৃহে উঠিরাছিলেন। দক্ষিণ-শ্রমণকালে মহাপ্রস্কু বধন পাঞ্পুরে পৌছান,

⁽১৪) ১০।১ (১৫) প্রে.বি. (২৪ প. বি.)-মতে তিনি রেমুণা কইয়া সুসাবনে পৌছাইলে ত'াছার তিরোজার ঘটে। জ. প্রঃ-মতে তিনি কিছুদিন রেমুণায় থাকিয়া নীলাচলে বান, ভারণর রেমুণা ও সীলাচল মথ্যে ত'াহার যাতারাত চলিতে থাকে এবং তিনি শেবে 'গোলীনাথ' পদে কইলা নিছিপ্রাপ্ত।' (১৬) ২১৯, পু. ১৯৬-৪৪

তথন তাঁহার সহিত মাধবেন্দ্র-শিক্ত । প্রীরন্ধ-পুরীর সাক্ষাৎ ঘটে। উত্তরে পাঁচ সাত দিন একত্রে কুফকথার অতিবাহিত করেন। সেই সমর হয়ং শ্রীরন্ধ-পুরীই মহাপ্রভূকে জানান যে মাধবেন্দ্রের নববীপ-গমনকালে তিনিও গুরুর সহিত বর্তমান থাকিলা জগরাধ-মিশ্রের গৃহে তৎপত্নী শচাদেবীর নিপুণ হত্তের রন্ধন 'জপুর্ব' 'মোচার-ঘণ্ট' খাইরা পরিভৃপ্ত হইরাছিলেন এবং সেই ব্রাদ্ধন দম্পতির এক অল্লবরন্ধ স্থযোগ্য পুত্র সন্ন্যাস-গ্রহণান্তে শংকরারণ্য নাম ধারণ করিবা উপরোক্ত তীর্থক্ষেত্রেই সিদ্ধিপ্রাপ্ত হন।

ইহা হইতেও বৃধা বাইতেছে যে থাধবেক্স একবার নবধীপ অঞ্চলে আগমন করিয়াছিলেন। কিন্তু ইহা তাঁহার দি তীরবার আগমন কিনা বিচার্ব। পূর্বোক্ত 'গোঁরান্ধবিজর'

গ্রেছে মাধ্বেক্স-পুরীর তুইবার শান্তিপুরাগমনের উল্লেখ আছে ১৮— একবার গোঁরান্ধআবিতাবের পূর্বে এবং অন্তবার তাহার পরে। পরে বে তিনি নবধীপে আসিয়াছিলেন
ভাষার অন্ত কোন সমর্থন নাই। কিন্তু তিনি বে তুইবার নবধীপ-অঞ্চলে আসেন, 'গোঁরান্ধবিজ্ঞার এই তথাটুকু অসভা না হইতেও পারে। কারণ রেম্ণার পর্যে যাত্রা করিবার
সমর তাহার সহিত প্রীরশ-পুরী থাকিয়া থাকিলে 'চৈতন্তচরিতামৃডে' ভাষা অবক্তই বর্ণিভ
হইত। তুতরাং মাধ্বেক্রের পূর্বোল্লেণিত নবধীপ-শান্ধিপুরাগমনকে বৃদি প্রথমবারের
আগমন বলিয়া ধরা যার, তাহা হইলে প্রীরশ্ব-পুরীর সহিত আগমনকে তাহার দিতীয় বার
আগমন বলিয়া বীকার করিতে হয়।

মাধবেদ্র নদীরার আসিলে সম্ভবত সেই সমরে করেকজন তক্তিমান ব্যক্তি তাঁহার নিকট দীক্ষাগ্রহণ করেন। তাঁহাদের মধ্যে ছিলেন পুগুরীক-বিভানিধি > এবং গদাধর-পণ্ডিতের পিত। মাধব-মিপ্র। ২ প্রকৃতপক্ষে মাধবেক্রের একদিকে ১ ছিলেন প্রশার, পরমানন্দ-, ব্রহানন্দ-, ত্রীরক্ষ-, রামচন্দ্র-, বিষ্ণু-, কেলব-, ক্রফানন্দ-, সুধানন্দ-, রাঘবেদ্র-পুরী, কেলব-, ব্রহানন্দ-ভারতী, নৃসিংহানন্দ-তীর্ধ প্রভৃতির সকল অথবা কোন কোন সন্ত্রাসী-লিন্তা, আর একদিকে ছিলেন অবৈত, পুগুরীক, মাধবাদি গৃহী-শিল্পের দল। এই তালিকার সহিত জ্যানন্দ-প্রকৃত্ত রঘুনার্থ-, অনস্ত-, অসর- ও গোপাল-পুরীর নামও বিবেচনার বিবর হইতে পারে। আবার 'অকৈত্যকল'-মতে বিজয়-পুরীও তাঁহার সতীর্থ ছিলেন। ২২ ই হাদের সাহায্যে তিনি ভারতভ্যিতে যে প্রেম-ধর্মের অভ্যুত্থানকে সম্ভব করিয়া তুলিয়াছিলেন তাহারই কলে বৈক্ষবধর্মের গোড়াপন্তন হইরা ওাঁল। কিন্তু তথন

⁽১৭) জু.চৈ: দী.—পৃ. ৩ ; চৈ. দী. রাষাই—পৃ. ৬ (১৮) পৃ. ১২, ৪৮ (১৯) গৌ. দী.—৫৬ ; গ্রে. বি.–২২ খাবি,পৃ. ২১৭ ; ২৪ শ. বি., পৃ.২৬০ ; ভ. মা.—পৃ.২৬ (২০) গ্রে-বি.—২২প. বি., পৃ. ২১৭ (২১) চৈ.চ.— ১।৯, পৃ. ৪৯ ; ই হাদের দব্যে রাঘব-পুরীর নাম ভ. বি. (১৩৬)-গ্রন্থে লিখিত হটরাছে। (২২) পৃ.—৫,৮

মাধবেক্সের কর্ম ক্রাইরা আসিরাছে। ভিনি তাঁহার আরম্ভ কর্মকে উত্তরাধিকারীবৃদ্দের হয়ে তুলিরা দিয়া মহাপ্ররাণ করিলেন। ২৩ অন্তর্ধানকালে ঈশর-পুরী প্রাভৃতি
ভক্ত তাঁহার নিকট উপস্থিত ছিলেন। ২৪ কৃষ্ণপ্রাপ্তির জন্ত তথন তাঁহার কী
ব্যাকৃশ আর্তনাম। শেষে মধ্রানাধকে ভাকিতে ভাকিতে নিয়োক্ত স্বরচিত ক্লোকটি পাঠ
করিরা 'সিন্ধিপ্রাপ্ত হইল পুরীর শ্লোকের সহিতে। ২৫

অহি দীনদয়ত্র নাপ হে বধুয়ানাথ কদাবলোক্তরে। স্বরং ইনলোককাতরং দ্বিত রামাতি কিং করোম্ত্র হ

১০০- সালের 'ভারতবর্ধ-পত্রিকার কার্তিক-সংখ্যার বসস্ককুমার চট্টোপাধ্যায় মহাশয় 'ক্ষীরচোরা গোপীনাথ' নামক প্রবন্ধ মধ্যে লিখিবাছেন, "মাধবেন্দ্র-পূরী রেম্ণাতে দেহরক্ষা করিয়াছিলেন। তাঁহার সমাধি ও পাতৃকা অন্থালি সেধানে পৃক্তিত হয়।" তিনি রেম্ণা পরিদর্শন করিবা এই প্রবন্ধ লিখিবাছিলেন। কিন্তু মাধবেন্দ্রের বিতীয়বার নদীয়া-গমন সভ্য হইলে বলিওে হর যে রেম্ণা-নীলাচল পথ হইতে তিনি একসমর প্রভাবর্তন করিয়াছিলেন। পরে তিনি পুনরায় রেম্ণা গিরাছিলেন কিনা ভাহার বিবরণ কোখাও লিপিবছ হয় নাই। আবার 'চৈতক্সচরিতামৃত' হইতেও জানা বাইতেছে বে তাঁহার প্রাপ্তিকালে ইপর-পূরী রামচন্দ্র-পূরী^{১৩} প্রভৃত্তি ভক্ত তৎসমীপে উপস্থিত ছিলেন। এই শিল্পর্কের উপস্থিতিতে ধারণা হইতে পারে বে সক্তবত বৃন্ধাবনেই তাঁহার তিরোভাব হটে। 'প্রেমবিলাসে'র চত্র্বিংশ বিলাসেও এইরূপ উক্ত হইরাছে। তবে ও সম্বন্ধে সঠিক কিছু বলা চলেনা, 'কাশীখর গোলামীর স্কৃচক' নামক একটি গ্রন্থে বলা হইতেছে বে মধ্যায় বম্নাতীরে 'মাধব-ইশ্বরপূরীর' সমাক্ত বর্তমান ছিল। ২৭ কিছু পৃথিটির লিপিকাল জানা বার নাই।

'পক্ষাবলী'তে মাধবেন্দ্র-রচিত করেকটি রোক সংগৃহীত হইরাছে।

⁽২৩) গৌ. বি.—এ. (পৃ.৪৮—৬২) বলা হইরাছে বে গৌরাসের চূড়াকরণকানে বাধবেন্দ্র ববরীণে জগরাব ও অবৈজ্ঞ-আচার্বের আভিধ্যরহণ করিরাছিলেন এবং চূড়াকরণ-অনুষ্ঠানে বিশেষ হান অবিকার করিরাছিলেন। গৌরাসের সহিত তাঁহার নানাবিধ আলোচনাও হব। কিন্তু অন্ত কোধাও ইহার সমর্থন নাই। (২৩) চৈ. চ —০।৮, পৃ. ৩২৭–২৮ (২৩) ঐ—২।৪, পৃ. ১০৫ (২৬) (জ.—ইবর-পুরী ও পরসানখ-পুরী (২৭) পৃ.৪

केषत-भूती

'প্রেমবিলাসে'র সন্দিশ্ব ন্তর্যাবিংশ বিলাসে' লিখিত হইয়ছে বে ঈশর-পূরী ছিলেন ক্ষারহট্টনিবাসী রাটার ব্রান্ধণ শ্রামস্থলর আচার্বের পূত্র, কিন্তু অস্থা কোন প্রন্থ হইডে ঈশর-পূরীর পিতৃনাম পাওরা যার না। তবে তাহার পিতৃনিবাস বে কুমারহট্টগ্রামে ছিল এবং তিনি যে মাধবেন্দ্র-পূরীর নিকট লীক্ষিত হইয়াছিলেন তাহা বহু প্রয়েই উল্লেখিত হইয়ছে। গৌরাল-আবির্ভাবের পূর্বেই তিনি সন্ন্যাস-গ্রহণ করিয়া তীর্থ-পর্বটন করিতেছিলেন। সেই সমরে তিনি গুরু মাধবেন্দ্র-পূরীর' নিকট অবস্থান করিয়া তৎপ্রবর্তিত প্রেম ও ভক্তি-ধর্মসন্থরে স্থানিক্ষত হন। 'চৈতল্পচরিতামতে' বলা হইয়াছে ধে মাধবেন্দ্র ছিলেন গুরিক্তিকর প্রথম অন্ধুর এবং 'শ্রীঈশর-পূরী-ক্রপে অন্ধুর পূই হইল।' ইহাতেই বৃবিতে পারা বায় বে মাধবেন্দ্র-তিরোভাবের পর ঈশর-পূরী গুরুর আদর্শ এবং ইচ্ছাশক্তির ধর্যার্থ ও লামিস্থলীল বাহক হইতে সমর্থ হইয়াছিলেন। মাধবেন্দ্রর শেষজীবনে ঈশর-পূরী সম্ভবত সর্বদাই গুরুগীগে বর্তমান থাকিয়া গুরুর ব্যোচিত সেবা ও পরিচ্বাদি করিতেন। তাই দেখিতে পাওয়া বায়ণ মাধবেন্দ্রর তিরোভাবের অব্যবহিত পূর্বেই

वेशतभूती करत जीभागरमयन । वहरक करतम मन भूजांति जार्सन ।

সেই সময় তাঁহার সতীর্থ রামচন্দ্র-পুরী সেইস্থলে পৌছাইয়া শুক্তর বন্ধ-উপদেশ প্রদান করিলে রুক্ষচরণার্থব্যাকুল মাধবেন্দ্র মর্যান্তিক পীড়া অনুভব করিতে থাকেন। তখন ঈশর-পুরী শুকুর নিকট রুক্ষনাম লগ করিতে এবং তাঁহাকে রুক্ষসীলা পাঠ করিয়া শুনাইতে থাকেন। মাধবেন্দ্র তাঁহাকে বরদান করিয়া গেলেন, "কুক্ষে ভোমার হউক প্রেমধন।" পুরীবরের উক্তি সর্বাংশে সার্থক হইয়াছিল।

'প্রেমবিলাস'-মতে গোরাজের জ্যেষ্ঠন্রাতা বিশ্বরূপ ঈশ্বর-পূরীর নিকট দীক্ষিত হইরা-ছিলেন। কিন্তু ইহার সমর্থন অন্ত কোথাও পাওরা বার না। জ্বানন্দ বলেন বে তাঁহার দীক্ষাগুরু ছিলেন কেলব-ভারতী। তবে 'প্রেমবিলাসে'র মত অন্তান্ত কোন কোন গ্রন্থ হইতে জানিতে পারা যার বে নিত্যানন্দ তাঁহার পরিন্রমণকালে হরত হই একবার ঈশ্বর-পূরীর সাক্ষাৎপ্রাপ্ত হন।" আবার গোঁরাজের কৈশোরাবস্থার একবার ঈশ্বর-পূরী নবদীপে আসিরা

⁽১) পৃ. ২২০ (২) জু.—বৃ. বি., পৃ. ৪২৮, ৪১৮–১৯ ; খৌ. বি.—পৃ. ১৪৬ (৩) চৈ. চ.—এ৮, পৃ. ৬২৮ (৪) ২৪ শ. বি., পৃ. ২৪২ (৫) পৃ. ২০ (৬) জ.—বিত্যাৰন্দ

অবৈত্যক উঠিয়ছিলেন। অবৈত এবং ঈশর-পুরী উভরেই উভরকে দেখিরা আরুষ্ট হন এবং সেই সময় একদিন গোরাক ধখন অধ্যাপনা করিরা ফিরিভেছিলেন, তখন পথিমধ্যে ঈশর-পুরীর সহিত তাহার সাক্ষাৎ ও পরিচয় ঘটিরা গেলে তিনি তাহাকে মহা আদরে নিমন্ত্রণ করিরা গৃহে শইরা ধান।

দিশার-পুরী করেক মাস নবদীপে থাকিরা বান। নন্দন-আচার্যের গৃহে ওাঁহার ডিকা নিবাঁহ হইত। সেই সমন্ত্র গোঁরাক ও গদাধর-পণ্ডিত প্রত্যাহ আসিরা তাঁহার সহিত মিলিত হইতেন এবং গদাধরের বৈরাগ্যের পরিচর পাইরা দিখর-পুরী তাঁহাকে স্বর্চিত পুলি 'রুষ্ণলীলায়ত' পড়াইরা লিক্ষাদান করেন। একদিন পুরীশর গৌরছরিকে শ্রীর পুলি দেশাইরা উহার মধ্যে কোনও দোব আছে কিনা বাহির করিতে বলিলে গৌরাক উত্তর দিলেন যে ভক্ত-কণিত রুক্ষকথার কোনও দোব থাকিতে পারে না। ভাছাড়া,

মূৰ্বে বোলে 'বিকাৰ' 'বিকাৰ' দকে বীৰ । ছুই ৰাকা পরিশ্ৰহ করে কুকবীৰ ।

ইশর-পূরী গোরাকের ভক্তিপূত অন্ধরের পরিচর পাইরা বিশ্বিত হইলেন। কিছু তিনি এডহিবরে বিশেষ অন্ধরোধ জানাইলে একদিন সত্য সত্যই গোরাক তাঁহার তুল ধরিরা বসিলেন। তিনি জানাইলেন, 'এ খাতু আত্মনেপদী নর।' পুরীশ্বর তখন নানাভাঁবে বিচার করিতে লাগিলেন এবং অক্সদিন তিনি বখন গোরাককে দেখাইরা কেন যে উহাকে আত্মনেপদী রূপেও ব্যবহার করা যাইতে পারে, তখন ব্যাখ্যা শুনিয়া গোরাক্ষ সন্ধাই হইলেন।

কিন্ধ যে কারণে তিনি ইম্ব-পুরীর প্রতি বিশেষভাবে আরুই হন, তাহা হইতেছে পুরীর প্রেম ও ভক্তিভাব। 'চৈতন্যচরিতামৃত'-কার জানাইতেছেন বে, নীলাচলপথে মহাপ্রত্বর রেম্ণা উপস্থিত হইবার পূর্বেই ইম্ব-পুরী তাহাকে মাধবেজ্র-গোপীনাধ ব্রান্তটি গুনাইরাছিলেন। নবরীপে অবস্থানকালেই উভয়ের মধ্যে নানাবিধ আলাপআলোচনার স্থােগ মিলিয়াছিল। সম্বত এই সম্বেই ইম্বপুরী মাধবেজ্রের প্রেমভক্তির দৃষ্টান্ত দিয়া তলাভাসিত সেই উদার ধর্মের ক্ষেত্রে গৌরাজের লোকোত্তর প্রতিভাকে বিচরণ করিবার জন্ম প্রনুদ্ধ করিয়া বান।

ইয়ার পর ঈশব-পুরীর সাক্ষাৎ মেলে গৌরাকের গ্রাসমনকালে, গ্রাধামেই। সেই সময় গৌরাক পুরীশ্বরকে দেখিরাই অধীর হন এবং তাহার নিকট দীক্ষাময় প্রার্থনা করেন। ঈশব-পুরী তথন তাহাকে দশাক্ষরী গোপালমন্ত্রণ এবং উপযুক্ত উপদেশাদিশ প্রদান করিয়া তাহার জীবনের মোড় কিরাইয়া দেন।

⁽¹⁾ চৈ. ভা—১৷৭, পৃ. ৫২; জ. গ্র.—১৩ শ. জ , পৃ. ৫২; জ. র.—১২৷২২০৬(৮) চৈ. ভা.—১৷১২ পৃ.৯+; চৈ. ব. (জ.)—পৃ.৬০; জু.—চৈ. ন.—পৃ. ৩০-০১; নৌ. বি.—পৃ. ১৯৬-৪৭; চৈ. চ. ব.—৪৷৫৯ বৈ ব. (জ.)—পৃ.২ (৯)—নৌ. বী. (রাষাই)—পৃ. ৫.

ইহার পরেও ইশ্র-পূরা করেক বংসর বাঁচিরাছিলেন এবং খ্ব সন্থবত মহাপ্রস্তুর নীলাচল গমনের অপ্রকাল পরেই ঠাহার ভিরোভাব ঘটে। সেই সমরে
কাশীবর-ব্রন্ধচারী এবং গোনিক নামে ঠাহার ছইজন শিব্য ও অন্থচর সন্নিকটে
উপন্থিত ছিলেন । এই গোনিক ছিলেন ভূত্র। কিন্তু শ্ত্র-ভূত্যকে
'পরিচারক'রপে নিয়োজিত করিয়া ইশ্র-পূরী উদার ভক্তিশর্মের পথ নির্দেশ করিয়া
গোলেন। অন্তর্গানকালে ডিনি কাশীশ্বর এবং গোবিন্দকে উপদেশ দিলেন, তাঁহারা
কো ক্রন্থটেতজ্ঞের নিকট গিয়া তাহার সেবার্থ নিয়োজিত হন। পরে গোবিন্দ
নীলাচলে পৌছাইলে মহাপ্রাভূ শুকর আলেশ শিরোধার্থ করিয়া গোবিন্দকে তাঁহার
নিকটভম সেবকরপে নিযুক্ত করিয়া লন। বে মর্থাছাবোর্থ মহাপ্রভূর জীবনের
একটি প্রধান অবলন্ধন ছিল, ইশ্র-পূরীর আলেশ-রক্ষার্থ তাহার কথা তিনি চিন্তাও
করিলেন না। সাবভৌধ অন্থবাগ করিলে তিনি জানাইলেন ই, "হরেঃ হুতন্ত্রশু কুপালি
তর্ক্কতে ন সা জাতিকুলাগুপেক্ষাং।" চৈতল্পমহাপ্রভূ কর্তৃক এই বিপুল সন্মান প্রস্থপনিই
ভক্তিশর্ম-প্রবীর জন্মন্থান কুমারহটে গিয়া অঞ্চলি ভরিয়া সেই স্থানের ক্র্যুণি অঞ্চলবন্ধ
করিয়াছিলেন। ১২

সম্ভবত মধ্রাতে বস্নাতীরে 'মাধব-ঈশব-পুরীর' সমাজ বর্তমান ছিল। ১৩ 'পাছা-বলী'তে ঈশব-পুরী রচিত করেকটি শ্লোক উদ্ধৃত হইরাছে।

⁽১০) জু. —কা. ফু. পৃ১; জু. —কানীনাধ পজিতের জীবনী (১১) চৈ. বা —১।১৮ (১২) চৈ. কা —১।১০, পৃ৯০; জু. জু.—১ঃ প্. জু., পৃ. ৫৬ (১৩) কা. সু.—পৃ. ৪

श्रथ्य वर्याय

নবদীপ

গৌরাঙ্গ-পরিজ্ঞব

জয়ানন্দ লিধিয়াছেন বে মহাপ্রভুর পূর্বপুরুষগণ উড়িয়ার মন্তর্গত জাজপুর নামক স্থানে বাস করিতেন। সেধান হইতে তাঁহারা 'রাজা ভ্রমরের ভরে' শ্রীহট্টদেশে, চলিয়া যান। > ১০-৪ সালের 'বঙ্গীর সাহিত্য পরিষৎ'-পত্রিকার নগেন্দ্রনাণ বস্থু মহাশগ্ন 'কবি জয়ানন্দ ও চৈডন্তমঙ্গল' নামক প্রথক্ষে লিখিতেছেন, "কটক জেলার অন্তর্গত গোপী-নাথপুর হইতে উৎকশাধিপ কপিলেশ্র-দেবের শিলালিপি পাওয়া গিয়াছে, ভাছাতে মহারাজ কপিলেক্রমেবের 'ভ্রমর'-উপাধি দৃষ্ট হয়।" আবার রাধালদাস বন্দ্যোপাধ্যায় মহাশর তাঁহার History of Orissa নামক গ্রাছে^২ জানাইরাছেন, "Kapilendra or Kapilesvara, originally a Mahapatra, obtained the throne in 1435-36 A. D." এবং "As the 2nd. Anka of his (Kapilesvara's) son and successor Purushottama fell in April, 1470, Kapilendra must have died before that date. His latest known date is his 41st, Anka or 33rd. yr. - Sunday, 14th. December, 1466 A. D." তাহা হইলে ৰেখা যাইতেছে বে মহাপ্ৰভুৱ পূৰ্বপুৰুষগণ পঞ্চল শতাব্দীর মধ্যভাগে কোনও সমরে উড়িব্যা হইতে শ্রীহট্টে উঠিয়া বান। শ্রীহট্টে গিয়া শ্বরপুর নামক গ্রামে তাঁহারা গুছাদি নির্মাণ করিয়া বাস করিছে বাকেন। কালক্রমে তাঁহাদের বংশে জগরাধ-মিশ্রের উত্তব ঘটে। শ্রীহট্টের নীলাম্ব-চক্রবর্তী তথন সেই শ্বানের একজন বিশেব সম্রাস্ক ব্যক্তি। তাঁহার পৃহিনীর গর্ভে ছুই পুত্র ও এক কক্ষা ব্যবসাভ করেন।

⁽১) উ. ব., পৃ. ৯৬ (২) VOL. 1—pp. 289, 303 (৩) চৈ. দী.—গ্রন্থে নীলাম্বরকে চৈতল্পের মামা বলা হইরাছে (পৃ. ৪)। কিন্তু এই বর্ণনা অয়াছক। গ্রে- বি. (২৪ শ. বি., পৃ. ২৫৬)-এ তাঁহাকে আহতজনক কুবের-আচার্বের আচা বলা হইরাছে। কিন্তু অক্ত কোখাও ইহার সমর্থন নাই। বৈ. ৪. (পৃ. ৩৫০)—মতে নীলাম্বর-পদ্ধীর নাম বিলাসিনী। ইহার সমর্থনও কোখাও নাই। সী. চ. (পৃ. ১৮) এবং সী. ফ. (পৃ. ৯২) গ্রন্থারে একজন নীলাম্বরের নাম আছে। শচীদেবী এমন কি বিক্রিরা-নেবীরও তিরোভাবের পর তাঁহার নাম উল্লেশ্ভ হইরাছে। কিন্তু দুইটি গ্রন্থট প্রাপ্রি জাল।

জ্যেষ্ঠ ও কনিষ্ঠ পুরের নাম ছিল যথাক্রমে বোগেশর ও রম্বর্গত এবং কল্পার নাম শচীদেবী। শচীদেবীর সহিত পূর্বোক্ত জগরাব-মিল্রের শুক্ত-পরিণর বটে এবং নব-দেশতি সুথে কাল্যাপন করিতে থাকেন। এমন সময় প্রীহট্টে অনার্ট্ট, গুভিক্ষ, চুরি, অনাচার ইত্যাদি দেখা দিলে জগরাব আত্মীর-বজনের সহিত নবন্ধীপে আসিরা গলাবাস করিতে আরম্ভ করিলেন। প্রত্যাম-মিল্রের 'শ্রীক্রফটেতন্তোদ্যাবালী'তে নাকি লিখিত আছে বে নবন্ধীপে আগমনের পরেই শচী-জগরাখের শুভ পরিণর বটে। কিছু মাহা হউক, নীলাখর-চক্রবর্তীও জগরাখের সহিত নদীরার আসিরাণ বেলপুক্র বা বেশপুক্রিরাভেশ বাস করিতে থাকেন এবং নবন্ধীপেও তিনি একজন গণ্যমান্ত ব্যক্তিরপে পরিগণিত হইয়া উঠেন। বরং 'বিশারদের সমাধ্যায়ী' বলিরা ওাহার খ্যাতিও ছইয়াছিল। সপ্তগ্রামের জমিদার হিরণাদাস ও তাহার প্রাতা গোবর্ধনিও তাহাকে বিশেষ শ্রহা করিতেন।

ক্ষানন্দ বলেন" বে ক্ষপরাথের বৃদ্ধ-প্রপিতামই ক্ষীরচন্দ্র ব্যাসত্ন্যা ব্যক্তি ছিলেন।
ক্ষীরচন্দ্রের পূত্র বিরপাক্ষও ছিলেন কবি। তৎপূত্র রামকৃষ্ণ 'দিরিক্ষরী' ছিলেন।
রামকৃষ্ণ-তনর ধনশ্বর 'রাক্ষণক্ষ' ইইরাছিলেন এবং এই ধনশ্বরের পূত্র ক্ষনার্দন মিশ্রই ছিলেন
ক্ষপরাধ-মিশ্রের পিতা। কিন্তু 'চৈতস্তুচরিভাষ্ণত' ইইতে ক্ষানা ধার বে ক্ষনার্দন
ছিলেন ক্ষপরাথের প্রাতা এবং তাহাদের পিতার নাম ছিল উপেন্দ্র-মিশ্র। 'পৌর-গণোক্ষেক্টাপিকা'র এবং 'প্রেমবিলাসে'র চতুর্বিংশ বিলাসে উপেন্দ্রকেই ক্ষপরাথের পিতা
বলা ইইরাছে। শেষোক্ত গ্রছে আরও বলা ইইরাছে ব উপেন্দ্র, রক্ষ্য, কীর্তিদ
ও কৃত্তিবাস—ইহারা চারি প্রাতা ছিলেন; ই হাদের পিতা মণু-মিশ্র 'বাৎক্রম্বনিবংশ্য বৈদিক' রাক্ষণ ছিলেন। কুন্ধাবনদাস-ঠাকুরের নামে প্রচলিত 'ক্ষ্মন-নির্ণর'নামক একটি গ্রন্থেও> ক্ষপরাথকে বৈদিক বিপ্রে বলা ইইরাছে। কিন্তু
এই সকল বিবৃত্তন কভদ্র সভ্য তাহানা বলা গেলেও উপেন্দ্র মিশ্রই বে ক্ষপরাথের
পিতা ছিলেন সে বির্যে সন্দেহ থাকিতে পারেনা। ক্ষপরাথের মাতার নাম ছিল
সম্ভবত ক্লাবতী বা ক্মপাবতী।>> উপেন্দ্র শ্রুহের বড়গলা নামক হানে বাস

^{(8) (}अ. वि.—१२. वि., भू. ६৯; (अ. वि.—४७) वि., भू. २०६) मीलाचातत भैरंकविके। कक्षा जर्वक्षवात महिल कक्षात्मक-व्याकार्यत्र लिक्षत वर्षते। जू.—के मा., ३१३-६; के क. इ.—१२५ (१) के. १. (क.)—मः ५., भू. ६; (अ. वि., ১व. वि. भू. ६ (७) (अ. वि.—१४ वि., भू. ६৯ (१) के ह.—२१३६, भू. ३৯५; ६०६, भू. ०३६ (৮) भू. ६१—५६ (३) के. त. (भू. ५०)-आव्य व्यवकार्यत्र भिक्रमाथ मीलक्षते। (३०) भू. २६२ (३५) २४. क., भू. २८ (३२) (अ. वि.—२३व. वि., भू. २८२; इ.जा.—भू. २६; (लो. वी.—७६; वि. वः-अव्य देशांक क्षावकी वर्णा स्टेबांक। नामके केक्क-इरक्षाव्यावकी स्टेक्ष भृहीख।

করিতেন, কিংবা পরে জরপুর হইতে সেইস্থানে উটিরা গিরাছিলেন। ১০ কিছ ১০০৮ লালের 'গৌড়ভূমি'-পত্রিকার আবাঢ়-প্রাবণ সংখ্যার রাস্বিহারী সাংখ্যতীর্থ মহালর কিথিরাছেন, "গৌড়প্রাহ্মণ মীমাংসা করেন বে চন্দ্রমীপ ও কোটালিপাড়া প্রামে চৈতক্ষের পূর্বপূরুষ বাস করিতেন, তাহার কোন গ্রাম হইতে জগরাথ নববীপে গলাবাস করে আগমন করেন। কুকলাস (কবিরাজ) ইহাকেই প্রীহট্ট হইতে আগমন বোধ করিখাছেন। কারণ গলাতীরবাসী লোকদিগের ধারণা হে, বালালেরা সকলেই প্রীহট্টবাসী।" আবার 'ভক্তপ্রসদ'-গ্রহের সংকলবিতা সতীলচন্ত্র মিত্র মহালর জগরাথ-মিশ্রের প্রাস্থান্তর প্রভাৱ-মিশ্র-কৃত 'শ্রীকৃষ্ণতৈজ্ঞোধরাবলী' গ্রহের (পৃ. ২৫) বর্ণনাস্থানী বলিতেছেন, "পত্ররালিতেই জগরাধের জন্ম হর্ন," এবং তাহার বর্ণনা হইতে জানা যায় যে গৌরালকে গর্ভে ধারণ করিয়া লটাদেবী তাহার বন্ধ্র কলাবতীর নিবাসক্ষল চালাছিণে গিরা তাহার সহিত লাজাৎ করিয়াছিলেন। স্বতরাং এই সকল বর্ণনা হইতে নববীপে আগমনের পূর্বে জগরাধ-মিশ্রের নিবাসক্ষল সম্বন্ধে নার্গ্রহান হিলেন তাহাতে সন্দেহ বাকে না।

'বাসুঘোরের পহাবলী' ও 'পৌরগণোকেশহীপিকা' হইতে জানা যার । বি উপেন্দ্রমিশ্রের সাতজন পুত্র ছিলেন। 'চৈতক্যচরিতামুতাফি' বাছে উহাছের নাম শিশিত
ইইরাছে—কংসারি, পরমানন, পল্পনাত, সবেশ্বর, জগরাণ, জনার্দন ও ত্রৈশোকানাথ।
উহিছের মধ্যে এক জগরাণ ছাড়া আর কাহারও সক্তর বিশেষ কিছুই জানিতে পারা
যার না। জগরাণ-মিশ্র প্রন্দর-মিশ্র নামেও গ্যাত ছিলেন। কবিকর্শপুর বলিরাছেন > "
"নবদীপে জগরাণনারো মিশ্রপুরন্দরং" এবং কবিরাজ-গোলামীও জানাইতেছেন, "জগরাণ
মিশ্র পদবী প্রন্দর। নন্দ-বস্থানের রূপ সন্তুল সাগর ॥" পূর্বোক্ত 'গৌভুভূমি'-পত্রিকার
সাংখ্যতীর্থ মহালর আরও শিবিরাছেন বে জগরাণ বিশ্ব বিভাবতার জন্ত পুরন্দর উপাধি
প্রাপ্ত হরেন।'

বস্থাবের যত জগরাণ বহু সন্থানের জনকও ছিলেন। 'চৈতক্যচরিভায়ত-মহাকাব্য, 'চৈতক্যচরিভায়ত' প্রভৃতি গ্রন্থ হইতে জানা ব্যয়^১ হে জচীয়েবী আই কক্ষার জননী হওবা সংবাধ তাহার কোন কক্ষাই বাঁচিরা থাকেন নাই। আবার লোচনদাস জানাইতেছেন বে শচীমেবী সপ্ত কক্ষার জননী হইরাছিলেন এবং 'বাস্থ্-ধোষের পদাবলী'তে শচীয়েবীর মোট সপ্ত পুত্র এবং 'অধ্যৈত্মকলে' অই পুত্রের কথা

⁽२०) कि.को.मृ.२०० (२०) सा. भ.—पृ. ১ ; तो. मी.—०० (२०) कि. इ —>।२०, मृ. ०० ; त्था. सि.— वि. पृ.२०भ. २०२ (७१ अरब भागामत्त्वत भरत्रहें सम्प्राध्यत नाम च्याद्ध ।) (२०) कि. वा—>।२० ५(२०) है. इ. ब.—>।२५ ; के. वा.—>।२, मृ. २० ; के. इ.— >।२०, पृ. ०১ ; त्था. वि.—२०म. दि., पृ. २०२

লিখিত হইরাছে। ১৮ শেষেক্রে গ্রন্থ-মতে ছর পুরের মৃত্যুর পর জগরাধ-মিশ্র নবরীপে পৌছাইলে বিশ্বরূপের জন্ম হয়। এই সকল হইতে দটী-জগরাধের অই কন্মার সন্থাবনা প্রবল হইলেও সে সংগ্রেজার করিয়া কিছু বলা চলে না। কেবল এইটুকুই বলা চলে যে তাঁহারা অক্সত ছয় সাতটি সন্থানের জনক-জননা ছিলেন। কিছু জন্ম-গ্রন্থের পর একে একে সকলেই মৃত্যুম্বে পতিত হওরার দটীদেবা প্রকামনা করিয়া নিয়তই দেবপূজা ও দেবারাধনার মগ্র থাকিতেন। শেষে তাঁহারা একটি পুর-সন্থান লাভ করিশেন। সন্থানের নাম রাখা হইল বিশ্বরূপ।

পিতামাতার একমাত্র সম্ভান বলিয়া বিশ্বরূপ পরম আদরে প্রতিপালিত হইরাছিলেন। ছাত্রহিসাবে তাহার মেধা খুব 'তীক্ব ছিল। একমিন জগমাথ তাঁহাকে বিভালিক্ষার জন্তু নবরীপের ভট্টাচার্য-সভায় লইয়া গেলে পণ্ডিজ্ঞপ তাঁহার পূর্বপঠিত শাস্ত্রের সম্বন্ধ জানিতে চাহিলেন। বিশ্বরূপ উত্তর দিলেন যে তিনি সমন্ত বিষরের কিছু কিছু শিক্ষা করিয়াছেন। কিন্তু এইরূপ উক্তি শুনিয়া অধ্যাপকগণ তাঁহাকে শিক্তমানে কিরাইয়াদিলেন। ইহাতে জগমাথ অভ্যন্ত ব্যথিত হইয়া পথিমধ্যে পুত্রকে চড় মারিয়া বিশিলেন, "বে পুঁতি পড়িস বেটা ভাহা না বলিয়া। কি বোল বলিলি তুই সভামাঝে গিয়া।।" জগমাথ গুছে চলিয়া গেলে বিশ্বরূপ ভট্টাচার্য-সভায় ফিরিয়া বিশ্বাপরীক্ষা দিভে চাহিলেন। ভট্টাচার্যগণ তাঁহার পঠিত একটি স্বত্রের ব্যাখ্যা করিতে বলিলে তিনি ব্যাখ্যা করিয়া সকলকেই চমৎকৃত করিয়া দিলেন। কিন্তু পরমুহুতে ই আবার ক্রিজের বিপরীত ব্যাখ্যা করিয়া ভিনি সকলের অহংকার চুর্গ করিয়া গৃহে ফিরিলেন। ১০

বিশরণ কিছু শান্তিপুরে অবৈত সকাশে গিরা পাঠ্যাভাস করিছে লাগিলেন^২ । এবং নিয়মিতরপে বিভাভ্যাস করিয়া তিনি অচিরেই শান্তনিপুর হইলেন। ওাহার ব্যবহারের মধ্যেও এক মিশ্ব-শ্রী মুটিয়া উঠিল। ইহার কিছুকাল পূর্বে শচীমেবী পুনরার ১৪০৭ শকের কাল্গুনী পুর্নিমার যে সন্ধান লাভ করিয়াছিলেন^{২৯} তিনিই শান্তরেণ্য গুরু শ্রীপ্রক্রইচতন্য। রাখালয়াস বন্যোপাধ্যার মহাশন্ত লিখিয়াছেন (বাংলার ইতিহাস—২র ভাগ, পৃ. ২০১), "বাংলার স্থলতান কলালউদীন কডেশাহের রাজপ্রকালে চৈত্যাদেবের করু হইরাছিল।"

⁽১৮) চৈ. ম. (লো.)—ম. ধ., পৃ. ১৪৬; বা. প.—পৃ. ১; জ. ম.—প. ৫১ (১৯) চৈ. জা.— ২০১২, পৃ. ২১১ (২০) ঐ (২১) জ. ম. (পৃ. ৫১)-মতে বিষয়প সন্তাস অহপ করিছা গৃহতাখি করিবার পর বিষয়রের লগা হয়, কিন্তু এই কবি। অবিষয়েতঃ কোবাত ইহার সকবি নাই।

গৌরান্তের জন্মদিনে নবজাতকের অন্থপন স্থপ ও ওও লক্ষণাদি দেখিয়া সকলেই বিশ্বিত হইলেন। অপরপ স্থান বালকের 'ডাকিনী শাকিনী হৈতে শহার সম্ভাবনা থাকার বালকের নাম রাখা হইল 'নিমাই'। কেহ কেহ অন্থমান করেন বে নিমনুক্তলে 'স্তিকাগৃহের ঠাই' হওয়ার ঐরপ নামকরণ হয়।^{২২} যাহা হউক, শচীদেবীর পিডা মহা-জ্যোডিবিঁই বিপ্রা নীলাম্বর-চক্রবর্তী নবজাত লিগুর লগ্নকাল গণনা করিয়া। জগন্নাথকে গোপনে জানাইলেন:

ব্যান লক্ষণ বহাপুসৰ ভূপ।
এই পিণ্ড অজে দেখি সে নৰ লক্ষণ।
নারারপের চিক্তুক বীহণ্ড চরণ।
এই শিশু নর্বলোকের করিবে ভারণ।

তাঁহার পরামর্শ অসুবারী সমারোহ সহকারে বালকের নামকরণ-অসুষ্ঠান সম্পন্ন হইল। নাম রাখা হইল বিশক্ষর। পুত্রের গৌরবর্ণ দেখিয়া অগরাখও ভাঁহার একটি নাম রাখিলেন—গোঁরাক।^{২৩}

ক্রমে বিশ্বস্তরের হাতেগড়ি, কর্ণবেধ ও চূড়াকরণ অমুঠানও সম্পন্ন হইরা গেল। করানক্র বলেন, ২০ "মুদর্শন পণ্ডিড ২০ লে হাতে গড়ি দিল।" তাঁহার প্রছে বিশ্বস্তরের বিভাগুক-হিসাবে কেবলমাত্র মুদর্শন ও গলাদালের নাম করা হইলেও ২০ অক্তান্ত অনেক প্রছে বিশ্বস্থন প্রিডের নামও উল্লেখিড হইরাছে। মুরারি-গুল্প ও লোচনদাল জানাইরাছেন ২০ বে বিশ্বস্তর প্রথমে বিশ্ব-পণ্ডিড এবং তাহার পরে মুদর্শন ও গলা-দালের নিকট অধ্যয়ন করিরাছিলেন। তথাকথিত "অবৈভপ্রকাশ"-প্রছে গৌরাক্ষের শুক্তর্যনের মধ্যে একজন বিশ্ব-মিশ্রের উল্লেখ আছে। ২০ আবার বৈশ্ববদালের একটি পদমধ্যেও মুদর্শন-গলাদালের সহিত বৈশ্ব-বিশ্বদালের নাম পাওয়া বার। ২০ অবক্ত এইস্থলে ভূলবেশত বিশ্বদালকে বৈশ্ব বলা হইরাছে। কিন্তু দেবকীনন্দনের বৈশ্বব-বন্দনাভেও বিশ্ব্যু, গলাদাল ও মুদর্শনের এবং কুলাবনের 'বৈশ্ববন্দনাভিত মুদর্শন-গলাদালের সহিত বিশ্বস্থলের নাম উল্লেখিড হইরাছে। ৩০ কবি-কর্ণপুরও তাঁহার 'মহাকাবা' মধ্যে প্রথমে 'মুপজিত বিশ্ব' ও 'হর্বভাল মুদর্শনের নাম করিরা

⁽২২) চৈ. স্.—পৃ. ২২; (২৩) অ, প্র:—২০শ. অ., পৃ. ৪৪ (২৪) ম. ব., পৃ. ১৭; উ. ব.—পৃ. ১৪৬ (২৫) বৈ. দ-মতে (পৃ. ৩৫০) ইনি 'মববীপবাসী' ও 'চৈতক্ষের পুরোহিত' ছিলেন। কিন্তু আধুনিক প্রকার কোণা হইতে এইরপ তথা সংগ্রহ ক্রিলেন ভাছার উল্লেখ করেন নাই। (২৬) ম. ব., পৃ. ২৪ (২৭) ত্রী চৈ. চ.—১০); চৈ. ম.—পৃ. ৩৫ (২৮) (১২শ. অ., 'পৃ.৪৮) ১য়. শুরুই সমাদাস এবং ২য় ও আ শুরু বধার্রবে বিজু মিল্ল ও ব্রুপনি। বিশ্ব এই ক্লম বে ক্রমার্কর, পরবর্ত্ত্বী আলোচনার ভাছা জানা বাইবে। (২৯) গৌ. ভ.—পৃ. ৩২৫ পৃ.(৩০) বৈ. খ. (মে.)—. ২; বৈ. ব. (মৃ.)—পৃ. ২

ভাহার পরে 'বৈধাকরণ পদালাসে'র নামোমেণ করিয়াছেন। ৩১ প্রভরাং বিকৃ, বিকৃপাস, বিকৃতেব, বিকৃ-পঞ্জিত বা বিকৃ-মিশ্র বে নামেই অভিহিত হউন না কেন, ভিনিও বে বিশ্বভরের একজন বিভাজক ছিলেন, মুরারি, কর্ণপূর, দেবকীনন্দনাদির উল্লেখ হইতে সে বিষয়ে নিঃসন্দেহ হওয়া বাইতে পারে। তবে কৃষ্ণদাস-ক্রিয়াজ বা জয়ানন্দের গ্রহে তাহার নামের অন্তলেশ হইতে এইটুক্ ব্ঝিতে পারা বার বে বিশ্বভরের বিভাশিকা বাপারে হয়ত তাহার তেমন কিছু উল্লেখযোগ্য অবলান ছিল না।

বিশ্বস্তরের শেখাপড়া চলিতে লাগিল। কিন্তু জগরাধ ও দটাদেবীকে আখৈশবচুরন্ত দাযাল ছেলের জন্ত লর্বদাই উৎকটিত থাকিতে হইড; কখন কি এক অসন্তব
বারনা করিরা বসিবেন বা অন্ত কোন দিক দিরা কি বিপদ বাধাইরা তুলিকেন।
একবার বিশ্বস্তর কাঁদিরা আকুল হইলেন: জগদীশ-পঞ্জিত ও হিরণা-পঞ্জিত নামক
প্রতিবেশী ভাগবত্বর একাদেশীর উপবাসাত্তে বিকুপুজার জন্ত যে নৈকেত প্রস্তুত
করিরাছেন, তাহা তাঁহাকে ভক্ষণ করাইতে হইবে। জগরাধের সহিত সেই বিপ্রস্করের
বিশেষ সম্ভাব ছিল। তাঁহার একান্ত অন্তরেগে তাঁহারা বিশ্বস্তরের জন্ত সেই নৈকেত
অর্পণ কর্মিলে তবে বালক তাহা ভক্ষণ করিরা শান্ত হইরাছিলেন।

দগরাথ ছিলেন নবৰীপের একজন বিশেষ সন্থান্ত ও সন্থানিত ব্যক্তি। ত্বরং বিশারদ এবং সার্বভৌষও তাঁহাকে মাশু করিতেন। তং বিশিষ্ট লোকদিগের সহিত তাঁহার আদান-প্রদান ও উঠা-বসা ছিল। তাঁহাদিগের নিকট হইতে শীর পুত্রের বিরুদ্ধে অভিযোগ উন্থাপিত হইলে তাহা বড়ই পরিতাপের বিবর হইবে। কিন্তু বিশ্বস্তরেরর সেদিকে প্রক্রেপমাত্র ছিল না। পন্ধারী মামুষ, মানরত বালক-বালিকা, পূজার্থী-ভক্ত, যধন বেধানে বাঁহাকে দেখিতে পান, তাঁহাকে ব্যক্তিরান্ত করিয়া ভূলেন, তাঁহার উদ্দেশ্ব বার্থ করিয়া দেন, তাঁহার নিকট খালু বা অশু কোন সামগ্রী থাকিলে তাহা কাড়িয়া লন। আন্ধান-দন্পতী পুত্রের ছরন্তপনার অন্থির হইয়া তাঁহাকে কথনও রক্ষ্বিক করিয়া রাখিতে ধান, কখনও বা বাষ্ট্র লাইয়া মারিতে উন্থাত হন। কিন্তু কালেকর্পে কথাবার্তার ও চাত্রীতে কোনমতেই তাঁহার সহিত আঁটিয়া উঠিতে পারেন না। ছেলেকে লইয়া পিতামাতার বেন আর তুর্ভোগের অন্ধ্র নাই। অধ্যুচ কী এক গভীর আকর্ষণে তাঁহার প্রতি তাঁহাদের সোহাগ বেন উত্তরোম্ভর বাছিয়াই চলে।

নিমাইচন্দ্র কিছ লোঠ ব্রাভার একান্ত অহুগও ছিলেন। বিশ্বরূপ তথন পাল্লবিদ্
হইরা বিশ্বসমালের প্রভা আকর্ষণ করিবাছেন। তাঁহার ধর্মব্যাখ্যা তানিরা সকলেই
চমৎকৃত হন। নিমাইও মধ্যে মধ্যে তাহা তানিতে থাকেন এবং ল্যোঠ্র ক্ষুক্তকি ক্রমাগত
তাঁহার উপর প্রভাব বিভার করিতে থাকে। যাতুল বোগেশর-পণ্ডিত বা রম্বগর্জ-পতিতের
প্রতিত লোকনাথ-পণ্ডিতও বিশ্বরূপের অহুরক্ত ও বানিঠ সন্ধী-হিসাবে তাঁহার নিকট
অবস্থান করিতেন। উভরে একস্থানে বিভাজ্যাস করিতেন^{তত} এবং উভরের
মধ্যে নানারূপ তথালোচনা চলিত। কিছু শৈশব হইতেই বিশ্বরূপ ধন-ক্ষন, বিশ্বরুআশব ও পার্থিব সকল বক্ততে নিল্ট হওরার পিতামাতার মনে উল্লেখ্য সীমা
ছিল না। বোড়শ-বর্ষ বর্ষক্রমকালেত পুত্র বৌবনে প্রবিষ্ট হইলেত তাঁহারা
তাঁহার বিবাহের ক্ষন্ত উদ্বোগী হইলেন। কিছু বিশ্বরূপ সমস্ত বুরিতে পারিরা
একদিন অভিদার গোপনে গৃহত্যাপপূর্বক সন্নাস্থর্মত অবলম্বন করিবা লক্ষ্ণিভিম্বেত্দ
প্রাণ করিলেন।ত পিতামাতার মন্তকে ধন বছ ভাতিরা পড়িল। বিশ্বরূপের
সন্ন্যান্তান্তনের নাম হইল শংকরারণ্য। গোকনাখ-পণ্ডিতও তাঁহার সেবকরপে সক্রে
থাকিরা তাঁহার শিব্যন্থ গ্রহণ করিলেন।ত অল্লকাল পরেইটি ক্রিনাহেলঞ্চ্ব

বালক বিশ্বন্তর পিতামাতাকে আখাস দিলেন ত বে বিশ্বরণ সন্ত্যাস লইবা 'পিতৃত্বল মাতৃত্বল ছই উন্ধারিল।।' কিন্তু 'আমি ত করিব তোমা ছুঁ হার সেবন।' তিনি আনাইলেন বে বিশ্বরণ তাঁহাকে সন্ত্যাস-গ্রহণের পরামর্শ দিরাছিলেন; কিন্তু তিনি উন্তর দিরাছিলেন বে তিনি বালকমাত্র, সন্ত্যাসের কিই বা বুবেন, তাঁহার 'অনাধ পিতামাতা' রহিরাছেন, সুহত্ব হইবেন। বিশ্বপুত্রের

⁽৩০) সম্বন্ধ তিনি বোপেন্ধরের পুর হিলেন এবং লোকনাথের পুর হিলেন ফুলানক, রীশ্রীর ও বছনাথ। (ম-—ক্ষিন্তর) (৩৪) প্রে. বি.—১৭. বি., পূ. ৬৯ (৩৫) প্রীচ. চ.—১৯. প্রেলঃ; চৈ. ম.—আ. ধ., পৃ. ৫৫; ভ. র.—১৯।১১৪২ (৩৬) চৈ. চ—১।১৫, পৃ. ৬৬; ব. শি.—পৃ. ১৬২ (৩৭) জরানক (চৈ. ব.—পৃ. ২০)-মতে বিষয়পত কেশবভারতীর নিকট সন্নাস গ্রহণ করেন। বিক প্রে. বি. বতে (২৪ল. বি., পৃ. ২৪২) উহার ধীক্ষান্তর হিলেন ইম্বাপুরী। জ. ম. (পৃ. ৫১) হইছে জানা রাম বে বিষয়প পৌর্যাক বরুলে সন্নাস গ্রহণ করেন। (৬৮) চৈ. চ.—১।৭, পৃ. ২২ (৩৯) জরানক (গৃ. ২০) বনিরাহেন বে বিষয়প সন্নাপার হইছা কাটোরার পিয়া কেশব ভারতীর নিকট সন্নাস গ্রহণ করেন। (৪০) গ্রে. বি.—৭ম. বি., পৃ. ৬৯ (৪১) 'জ্বইাপন্মই বন্নসে'—ক্ষীন্তিয়ানক চরিত (১ম. ৭৬, পৃ. ৮৫)—ক্ষাক্ষীয়াৰ পাল। (৪২) গ্রে.—নাখবেক্সপুরী (৪৩) গ্রে. বি.—৭ম. বি., পৃ. ৬৯ (৪১) 'জ্বইাপন্মই বন্নসে'—ক্ষীন্তিয়ানক চরিত (১ম. ৭৬, পৃ. ৮৫)—ক্ষাক্ষীয়াৰ পাল। (৪২) গ্রে.—নাখবেক্সপুরী (৪৩) গ্রে. বি.—৭ম. বি., পৃ. ৬৯ (৪১) 'জ্বইাপন্মই বন্নসে'—ক্ষীন্তিয়ানক চরিত (১ম. ৭৬, পৃ. ৮৫)—ক্ষাক্ষীয়াৰ পাল। (৪২) গ্রে.—নাখবেক্সপুরী (৪৩) গ্রে. বি.—৭ম. বি., পৃ.৬৯; চৈ. চ.—২১৯, পৃ. ১৪৪; বৈক্ষানিস্কান্ধনীয় গ্রন্থকার নিথিয়াছেম (পৃ. ২৬) "প্রান্ধ্যরের নিকট পাঞ্চপুর রানে বিষয়প অভি আক্ষাক্রপ আপনি হরেম।" কিছু গ্রন্থারের এইছা সংবাহম্য গ্রন্থা সংবাহম্যান্তির উৎস সক্ষে কিছু জানা বার লা। (৪৪) চি. চ.—১১২৫, পৃ.৩৬

এইবুণ উক্তিতে মাতাপিতা আপাতত কিছুটা সাম্মাপ্রাপ্ত হইলেন বটে, কিছ বিশশ্বরের মধ্যেও একটি বিরাট পরিবর্তন দেখা দিশ। অগ্রন্থের গৃহভাগের পর তিনি শাস্ত আকার ধারণ করিলেন। কোধার গেল তাঁহার পুর্কার্থিনীদের নিকট হইতে বলপূর্বক চাল-কলা-নৈবেন্ধ কাড়িয়া পাওয়া, বা মাডার সহিত বাগড়া করিয়া গৃহের সমস্ত বন্ধ ও মুমার-ভাগুদি ভাতিরা চুরিয়া লগুড়গু করা! কোথার গেশ তাঁহার পুনঃ পুনঃ অতিথি-বিপ্রের আন ধাইরা বার বার তাঁহার ভোজনেচ্ছাকে পশু করিয়া দেওয়া, কিংবা হুকৌশলে পিতাকে প্রভারিত করিয়া গঙ্গার বাটে গিয়া থানাগী বালক-বালিকাদিগের উপর জোর-জুলুম করা ! এক সমর তিনি বিজ্ঞ ব্যক্তির মত অভিমত প্রকাশ করিয়া ও বামনা ধরিয়া শচীমাডাকে একাদশী ব্রত করিতে বাধ্য করিয়াছিলেন, আর এক সমন্ন তিনি সন্দেশ ফেলিয়া মাট ডক্ষণ করিয়াছিলেন এবং সন্দেশ ও মৃত্তিকার একত্ব সদত্তে মাতাকে শিক্ষাদান করিয়াছিলেন। কিন্তু এখন তাঁহার সমস্ক হুরম্বপনা বা বাচালতা যেন কোখার চলিরা গেল। পাড়ার পাড়ার ঘুরিয়া পড়লীদিগকে উত্তাক্ত করাই বাঁহার কাব্দ ছিল, ডিনি এখন সর্বক্ষণ স্বগৃহে থাকিয়া পুস্তকে মনোনিবিষ্ট হইলেন। পিতামাতাকে ছাড়িয়া আর কোথাও যাইতে চাহেন না, বা 'তিলাধে কো পুত্তক ছাড়িয়া নাহি নড়ে।' শহাদেবী কিছুটা আশত্ত হইলেন; কিন্তু জগন্নাধ আরও চিম্ভিড হইয়া পড়িলেন: বিশ্বরূপও তো এইভাবে সর্বলান্তে পণ্ডিত হইরা সংসারকে অসত্য বলিয়া শানিতে শিধিরাছিলেন। বিশ্বস্তরের জীবনেও বিদ্যার ভম্মুরপ প্রভাব করনা করিয়া ভিনি ভাহার বিদ্যাশিক। বন্ধ করিয়া দিলেন। শচীদেবী অনেক অন্তরোধ করিয়া জানাইলেন যে জগলাখের ঐ প্রকার ভর অহেতুক, মূর্য হইয়া থাকা একটা অভিশাপ; তাছাড়া, 'মূর্যে রে তো ক্সাও না দিব কোন কনে।' মিল্লা জানাইলেন যে শচীর ধারণাও অমূলক। থবার্থ সমামর থাকিলে মুর্খের গৃহে পণ্ডিত-সভা বসিত না। 'পড়িয়া' আমার ধরে নাহি কেনে ভাত।' আর বিবাহাদির ব্যাপারে মাসুহের कान हाउ नाई। इस्कव्हाव वाजा इहेवाव छाहाहे इहेरव।

বৃন্দাবনদাসের উপরোক্ত উক্তি^{৯ হ} পাঠ করিয়া সহক্ষেই ধারণা জ্মার বে জগরাথ-মিশ্র দরিত্র ছিলেন।^{৯ ৯} অবস্থ নিমাই-পণ্ডিড বে বিভাদাস নিমিত্ত পুরবন্ধে গমন করিয়াছিলেন, দারিত্রাই তাহার প্রধান কারণ কিনা, একণা কোণাও স্পষ্ট

⁽৪৫) চৈ. জা.—১)৫, পৃ. ৬০ (৪৫) আধুনিক গ্রন্থারদের অবেকেই এই নত পোৰণ করেন ঃ অমির নিমাই চরিত, ১ন. ৭৩, পৃ. ৬০ ; উবেশচন্ত্র বটব্যাল—নাহিত্য, অগ্রহারণ ১৬০২, অগ্রহারণ ১৬০০ ও পাষ্টীকা

করিরা উল্লেখিত হর নাই। তবে 'চৈতক্তভাগবত'-কার তাঁহার পূর্বক্স-শ্রমণ ও বিভালানের সহিত 'অর্থ-বিত্তে'র কথা উল্লেখ করিরা বহুবিধ 'উপায়ন'সহ তাঁহার গৃহ-প্রত্যাবর্তনের আভাস দান করিরাছেন এবং 'চৈতক্তরিভাসুভ'-কার স্পাইই বিশ্বাছেন:

বরে আইলা অধু কঞা বহু ধনকন। তথ্য কহি কৈলা শচীর ছুংগ বিযোচন ঃ

কিছ এই সমত উক্তি হইতে মিশ্র-পরিবারের গারিল্রের সম্বন্ধ স্পাইভাবে জানিতে না পারা গেলেও বৃন্ধাবনের পুবোক্ত উল্লেখ হইতে স্পাইই বৃথিতে পারা হার যে জগরাধ পতিত-ব্যক্তি হইলেও তাহার 'ঘরে ভাড' ছিল না, বা তাহার সঞ্জলাবস্থা ছিল না। প্রকৃতিই যে জগরাধ গরিপ্র ছিলেন, এ সম্বন্ধ কুন্ধাবনের কোনও সংশ্ব ছিলনা। প্রিগৌরাক্তিক্ত ক্রম বর্ণনা পরিচেছ্ছ-মধ্যে ভিনি শিখিরাছেন। "

শুনি কগরাব বিশ্ব পুত্রের আখান।
আনম্বে বিহেলন বিশ্বে দিতে চাহে দান।
কিছ নাহি ক্রেরির, গুলাপি আনম্বে।
বিশ্বের চরবে বহি মিশ্র হল কাম্বে।

এই বর্ণনার জগন্ধাথকে স্থপণ বলিরা না মনে করিলে ধরিত্রেই ধরিতে হয়। কুন্ধাবন অক্তম লিখিরাছেন * ":

> দেশি শচী-জগরাথে বড়ই বিশিষ্ঠ। নিৰ্ধৰ ভথাশি গোহে মহা আনন্দিত।

আবার বিশস্তর লক্ষ্মীদেবীকে বিবাহ করিয়া আনিবার পরে শচীদেবী বলিতেছেন:
পূর্বপ্রায় দরিব্রভা হুংধ এবে দাকি।

বুন্দাবনদাসের এই সমন্ত উল্লেখ খার্থহীন। কবিকর্ণপূর কিছ্ক স্থাং বিশ্বস্থারের মুখ দিরাই ভাহার দারিন্দ্রের ঘোষণা করাইবাছেন। শন্ধীদেবীকে বিবাহ করিবা আনিবার পর শচীদেবী বৈধবা নিবছন আন্ধা-পদ্মীদিগকে উপহারাদি লইবা মন্দলকার্য নিমিত্ত আহ্বান জানাইলে বিশ্বস্তর বলিয়াছিলেন যে ভাহার ধনজন নাই বলিয়াই শচীদেবী ঐকপ উল্লি করিলেন! বিশ্বস্তর বলিতেছেন্ত্র্তঃ "ধনানি কিংবা মন্ত্রজা ন সন্তি নে"। এই সমস্ত হইতে দিন্দ্র-পরিবারের দারিশ্রা সম্বন্ধে করিবার কারণ থাকেনা। অস্কত এইটুকু বলা চলে যে প্রথমের দিকে ভাহারা 'সুদরিন্ত্র' না হইলেও ভাহাদের অবস্থা সক্ষণ ছিলনা।

বাহা হউক, লেখাপড়া বন্ধ হইবা বাওরার বিবস্তর আবার বাঁকিয়া বসিলেন। আবার পাড়ায় পাড়ায় বুরিরা বাহার বাহা পাইলেন ভাঙিয়া চুরিয়া অপচয় করিয়া

^{(84) 312, 7. 34 (84)} to. Wil-310, 7. 2+ (84) to 5. 4-0148

সকলকেই ব্যতিবাপ্ত করিরা তুলিলেন। রাত্রিকালেও কোনদিন বাড়ী কেরেন না।
ক্রেদিন তিনি পথের উপর পরিত্যক্ত অশুচি ইাড়ির মধ্যে সিরা বসিরা রহিলেন।
লেখে দটীদেবী ও প্রতিবেশিগণের অন্থরোধ রক্ষার্থ জগরাধ একটি শুভদিনে
বিশ্বস্থাকে যজ্ঞসূত্র দিরা নবনীপের অধ্যাপক-শিরোমণি গলাদাস-পশ্তিতের গৃহে
বিশ্বাশিক্ষার্থ অর্পণ করিরা আসিলেন।

নিমাই অব্বাল মধ্যেই 'সচীক কলাপ' ব্যাকরণে মহাপণ্ডিত হইবা উঠিলেন। কিন্তু প্রকৃত পণ্ডিত ও মহাজ্ঞানী হইবা পুত্র বে একদিন পিডামাতার কক্ষ বিদীর্থ করিবা চলিবা যাইকেন, সে সম্বন্ধে অগরাথ দৃদ্প্রতার হইলেন এবং ভাহা একদিন শচীদেবীর নিকট খুলিবাও বলিলেন। কিন্তু ভাহাকে আর এইবল মর্মান্তিক ঘটনা প্রত্যক্ষ করিতে হইলনা। অরে আক্রান্ত হইবা একদিন ভিনি ইহধাম ত্যাগ করিলেন। 'চৈতক্রচরিভামৃত্যহাকাবা' হইতে জানা যার^৫১ বে জগরাথ জরাগ্রন্ত হইবা মৃত্যুম্পে পভিত হন। কিন্তু 'গৌরান্সবিজ্ঞারে' লিখিভ হইরাছে, ^{৫২} বিশ্বরূপ সন্নাস-গ্রহণ করিলে জগরাথ সেই লোক সঞ্চ করিতে না পারিবা পরলোকে যাত্রা করেন।

পিতৃহীন পুত্রের বেদনা শাঘবার্থ শচীমেবী নিজেকে সংযত করিলেন। কালের পদক্ষেপে সমস্তই আবার স্বাভাবিক হইয়া আসিল। বিশ্বস্তুর আবার তাঁহার পাঠে মনোবোগী হইলেন।

ক্রমে বিশ্বন্তরের বিবাহকাল উপস্থিত হইল। একদিন বনমালী-আচার্ব²ত আসিরা শচীবেবীর নিকট পুরের বিবাহ-সম্ম উথাপন করিলেন। ইতিপূর্বে নববীপের বলভ-আচার্বের² কন্তা লন্ধীদেবী একদিন দেবভাপুলার জন্ত গলামানে আসিলে বিশ্বন্তর ও লন্ধীদেবী পরম্পরকে দেখিরা আরুট্ট হন² এবং তাঁহাদের 'সাহজিক প্রীতি' জন্মাইনে বিশ্বন্তরের ইচ্ছাসুবারী লন্ধীদেবী তাঁহাকেই দেবভাজানে পূজা করিয়া কিরিয়া বান।² 'চৈভক্তচরিভাত্তমহাকাবো' লিখিত হইরাছে² বে গৌরাল তখন বন্মালী-আচার্বের গৃহে শারাদি আলোচনার পর প্রভাবত্তন করিভেছিলেন। তাহাতে মনে হর বে বিপ্রা বন্মালী-আচার্বন্ত সম্ভবত সেইস্থানে উপস্থিত ছিলেন² এবং তিনি উভরের অন্ধরের ক্যা ব্রিভে পারিয়া শচীমাভার নিকট লন্ধীদেবীকেই বিশ্বন্তরের পাত্রীরূপে

⁽৫০) চৈ. ব. (জ)—ন. ব., পৃ. ১৮ (৫১) ২।১১৭—২২ (৫২) পৃ. ১৩১ (৫৩) চৈ. স-ছে (পৃ.২৩)
ই হাকে বিজ-বননানী বলা হইবাছে। (৫৯) বাকে বিজ--- চৈ. ন. (পৃ. ২৩) (৫৫) চৈ. জা.—১।৭
পৃ. ৪৮, চৈ.চ. ব.—এ৬—১১; চৈ. ন. (লা.)-আদি, পৃ. ৬৫ (৫৬) চৈ. চ—১।১৫, পৃ. ৬৫ (৫৭) ৬।৫
(৫৮) চৈ. ব. (লো.)—আদি,পৃ. ৬৫

নির্বাচন করিরাছিশেন। কিন্তু শচীমাতার ইচ্ছা ছিল তাঁহার পিতৃহীন বালক 'জীউক পঢ়্ ক আগে তবে কার্য আর।' ক্লতরাং মাতার অনিজ্ঞা দেখিরা আচার্য বিরপ মনে কিরিরা গেলেন। কিন্তু পথে বিশ্বভরের সহিত দেখা হওরার তিনি তাঁহার নিকট খীর মনকটের কথা জানাইলে বিশ্বভর গৃহে কিরিরা মাতাকে বলিলেন, "আচার্বের সম্ভাষা না কৈলে ভাল কেনে ?" শচীমাতা পুত্রের ইন্দিত ব্থিতে পারিরা বনমালীকে ভাকাইর। পূর্বোক্ত প্রস্তাবে সন্মতি শান করিলেন। গুভনিনে লন্দ্রীদেবীর সহিত বিশ্বভরের বিবাহ হইরা গেল।

শচীদেবী নববধ্বে পাইয়া পরিতৃপ্ত হইলেন । আশৈশব ভক্তিমতী শন্ধীদেবী শন্ধ- ও পতি-শেবার তৎপর হইলেন । কিছুকাল পরে নিমাইচন্দ্র পণ্ডিত হইয়া নবন্ধীপে অধ্যাপনা আরম্ভ করিলেন । শিব্যগণকে লইয়া অধ্যাপনা, গন্ধানান ও বিষ্ণুপুলা ইত্যাদির মধ্য দিয়া তাঁহার দিনগুলি পরমানকে অভিবাহিত হইতে লাগিল । শন্ধীদেবী তাঁহার পরিচর্বা ও চরণস্বোদির বারা তাঁহাকে পরিতৃপ্ত করেন । আবার মধ্যে মধ্যে অভিধি ও ভক্তবৃদ্ধ শোঁহাইলে পভিত্রতা পত্নী তাঁহামিগের ক্ষম্ম একাকী রন্ধনাদি সম্পন্ন করিয়া এবং তাঁহাদিগকে ধ্রাম্বভাবে আপ্যাহিত করিয়া পত্রির সন্ধোর বিধান করিতেন ।

কিছুকাল পরে নিমাই পদ্মাপারে বন্ধদেশে গমন করেন। 'প্রেমবিলাসে'র চত্বিংশ বিলাসে লিখিড হইরাছে'" বে বিশ্বর সেই সমরে প্রীংট্রের বড়গদা নামক গ্রামে গিরা পিডামই উপেক্র-মিল্র ও ওৎপত্নী কলাবতীর সহিত সাক্ষাৎ করেন। আবার 'ভক্ত প্রসক্ত' (২র খণ্ড)-গ্রন্থের রচরিতা 'প্রীকৃক্ত চৈডল্রোদরাবলী'-গ্রন্থের বর্ণনাহ্যায়ী বলিতেছেন (পৃ ২৫), "বে গর্ভে চৈডক্রের জন্ম হর, সেই গর্ভাবস্থার শচীদেবী এইস্থানে [যুক্তরালিভে] ছিলেন, পরে নবরীপে আদেন। উপেক্র-মিল্রের পদ্মী কলাবতী শচীদেবীকে বলিরা দিরাছিলেন বে, তাহার সে গর্ভের পুত্র বেন একবার চাকাদক্ষিণে আসে। সে কথা পৌরাদ্ধ মাতার মুখে শুনিরাছিলেন। পিডামহীর বাক্যরক্ষা বোধ হর তাহার পূর্বক্ষে আগমনের অন্যতম হেতৃ।" আল্টর্কের বিষয়, ঐ একই গ্রন্থের প্রমানবলে অচ্যুত্চরণ চৌধুরী ভন্ধনিধি মহালর তাহার 'প্রিগোরান্ধের পূর্বাক্ষ্প জ্বরাণ্ড নামক গ্রন্থে (পৃ ৫৪) লিখিরাছেন বে মহাপ্রভূ তাহার সন্ত্যাস-গ্রহণের পরেও শ্রন্থিয়ের বৃক্ষা ও ঢাকাদক্ষিণ স্থানে গিরা তাহার পিতামহী শোভাবেণীর সহিত সাক্ষাৎ করিরাছিলেন

⁽৫৯) পৃ. ২৪৪-৪৬ ; এছমতে তংকাজে একনিব উপেন্দ্ৰ-নিত্ৰ 'চুৰী' লিখিবার কল্প তালগাতা লইনা বিনাল পদ্ধী কলাবতী ভাহাকে বৃহাজ্যকৰে লইনা গিনা খীন খন বৃদ্ধান্ত অপুনানী জালাব বে বিশ্ববাই সাক্ষাৎ লানাবা। উপেন্দ্ৰ থাছিলে আসিনা কেখিলেন 'চুৰী' লেখা পেন হ'ইনা গিনাছে । ডিনি পোনকে অভাজনে লইনা খেলে কলাবতী ভাহাকে কাঠাল জন্ম কৰাৰ এবং বৃদ্ধ-নম্পতিন অপুনামে বিশ্ববাধ ভাহাকি লানাবাদ কাঠাল কৰাৰ কৰাৰ এইনাব গল কল্প কাৰ্যান লাই। ।

এবং তিনি ঐ সমরে পূর্বক প্রমণান্তে আসামেও গিরাছিলেন । প্রমাণবরূপ তিনি অবস্ত 'শ্রীকুকুচৈভন্তে। গরাবলী'র সহিত 'শ্রীচৈভন্তরত্বাবলী,' 'রসভববিলাস,' ও শ্রীচৈভন্তরিলাসাদি'র উল্লেখ করিয়াছেন (পৃ ৪০-৫৫)। আরও আশ্চর্যের বিষয় এই বে শিশিরকুমার বোষ মহালয় মনে করেন ('অমিয় নিমাই চরিড'—তর খণ্ড, পৃ ৪৫) মে সন্ন্যাস-গ্রহণান্তে নিমাইও মাভার প্রতিক্রা পালনার্থে এক মেহ শান্তিপুরে রাখিয়া অন্ত মেহ ধরিয়া অন্তরীক্ষে শ্রীহট্টে গমন করিয়া পিতামহীকে ধর্মন দিয়াছিলেন। কিন্তু কোলও প্রামাণিক গ্রমেই কোনও প্রসঙ্গে মহাপ্রভুর সন্ন্যাস-গ্রহণানন্তর পূর্বক বা আসাম-শ্রমণের উল্লেখনাত্র দৃত্ত হয় না। তবে তিনি সন্ন্যাস-গ্রহণান পূর্ববর্তিকালে যে পূর্ববন্ধ জমণে বাহির ছইয়াছিলেন, তাহার উল্লেখ প্রায় স্বর্ত্তই আছে। ১২৮২ সালের 'বন্ধবর্ণনি' পত্রিকার পৌষ-সংখ্যায় 'চৈডন্তা' নামক প্রবন্ধে সিন্ধান্ত করা হইয়াছে যে চৈডন্তাের পূর্ববন্ধ জমণকালে 'শাদিব'ারদিয়াড় অথবা মিরগঞ্জই উাহার বন্ধদেশে অবস্থানের শ্বান বলিয়া বােধ হয়।'

গৌরান্ধের পূব্যক্ষ গমন করিবার পর একদিন লালীদেবী যথন রাত্রিকালে শচীমাভার নিকট পালকে নিপ্রিভা ছিলেন সেই সময় রাত্রিশেবে একটি বিষধর সর্প আসিয়া তাঁহার দক্ষিণ পদের কনিষ্ঠাঙ্গিতে দংশন করে। " মহাজীভিযুক্তা শচীদেবী 'আফলিক'দিগকে ভাকাইয়া বধুকে বাঁচাইবার জন্ম সমন্ত প্রকারের প্রচেষ্টা করিলেন। ৬২ কিন্তু কিছুই হইল না। লালীদেবী ইহধাম পরিভাগে করিলেন। নিমাই গৃহে কিরিয়া ভবিতব্যের ক্যা অরণ করিয়া পুনরার মাঙাকে আখন্ত করিলেন।

নিমাই পণ্ডিত আবার অধ্যয়ন-অধ্যাপনা আরম্ভ করিলেন। পাশ বর্তী মৃকুন্দ-সঞ্জয়ের গৃহে বসিয়া তিনি পড়্মাকুনকে শিক্ষাদান করিতে বাকেন। গলালান, বিষ্ণুপুলা ইত্যাদি প্রাত্যহিক কর্তব্য সম্পাদনার্থ অল্প সমন্ব ব্যতিরেকে তিনি সর্বদা অধ্যাপনা-কার্বে র্ড শাকেন। রাত্রিকালে বাড়ী ফিরিয়া আসিতেও তাঁহার মধ্যরাত্রি হইয়া য়ায়, শটীমাভাকে একাকী অপেকা করিয়া ধাকিতে হয়। শেবে পুত্রের এইরপ ক্রমোবর্ণমান উদাসীত লক্ষ্য করিয়া তিনি পুনরার তাঁহার বিবাহার্থ উদ্যোগী হইলেন।

ইতিপূর্বে গলালানে গিরা তিনি নবদীপের সনাতন-পণ্ডিতের কক্যা বিষ্ণুপ্রিরাকে^{৬২}

⁽৩٠) টৈ. ব. (জ.)—ন. খ., পৃ. ৪৮ (৩১) ঐটি. চ.—১।১১; গৌ. ভ.—পৃ. ৬৪; টৈ.ট ব.—

(৩০) টৈ. ব. (জা.) আ. ব., পৃ. ৮০ (৬২) ১২৮২ সালের 'বস্দর্শন'—পত্রিকার মাদ-সংখ্যার
'টেডড' নামৰ একটি প্রবন্ধে প্রবন্ধকার নিবিভেছেন বে টেডজের প্রথম ও বিভার উতর পদ্ধীর বামই 'ক্র্মী' এবং 'ঐটিডড় বিভূর অবভার' বলিয়া, কিংবা বিবাহের পূর্বে স্নাত্ত্য-স্তা 'বিভূতীভি কার্যাভে বন্ধা হইয়াছিলেন' বলিয়া, ভিনি বিভূতীভা নাম প্রাপ্ত হব। এইরূপ ব্যাখ্যা অবশ্র বড় একটা শুনিভে প্রথম্য বার না।

দেখিরাছিলেন ! বিকৃত্ত বালিকার ধীর- ও নম্-ব্ভাব এবং তাঁহার নিজের প্রতি '
সন্মন্ধার সম্রম-প্রদর্শন শচীদেবীকে মৃশ্ব করিবাছিল। তাঁহার পিতা সনাতনও কুলে-শীলে
সর্ববিষয়ে একজন বোগা হ্যক্তি। তাঁহার পিতার নাম ছিল সন্ধবত জুর্গাদাস-মিপ্রতিত এবং
মাতার নাম ছিল বিজ্বরা। " তাঁহার পদবী ছিল 'রাজপণ্ডিত' এবং তিনি পরম বিকৃত্তত
ও সদাচারসম্পন্ন, পরোপকারী, সত্যবাদী ও ভিত্তেরির ব্যক্তি ছিলেন। শচীদেবী
সনাতন ও তৎপত্নী মহামারার " একমার" কক্কা বিকৃপ্রিয়াদেবীকেই বিশ্বভারের
বোগ্যা পাত্রীরূপে নিধারিত করিরা নবদীপত্ব" কাশ্বনাধ-পণ্ডিতকে কথা পাড়িতে
বলিলেন। বিশ্ব কাশ্বনাধ-মিপ্রতিত রাজপণ্ডিত-স্নাতনের নিকট প্রত্যাব জ্ঞাপন করিলে
সকলেই প্রীত হইলেন।

ক্রমে ক্রমে সারা নববীপে সেই বার্তা রটিয়া পেল। নিমাই পণ্ডিভের শিল্পপ সকলেই উদ্যোগী হইপেন। কৃত্তিমন্তপান লাইলেন বে তিনিই বিবাহের সমত্ত ব্যরভার বহন করিবেন এবং 'বামনিঞামতে এ বিবাহ' হইডে দিবেন না, রাজকুমারের মত নিমাইপাণ্ডিভের বিবাহ হইবে। তদক্ষারী মহা ধুমধামের সহিত বিবাহ হইরা পেল। ° পরে এই বৃত্তিমন্ত তাঁহার বন্ধু মৃকুল ও সঞ্জয়ের সহিত গোরাজের নববীপ-শীশাসলী হইরাছিলেন। চন্দ্রশেখর-গৃহে অভিনয়কালে তিনি গোরাজের আজার 'কাচ সক্ষা' করিজাছিলেন। ° মহাপ্রভুর নীলাচলাবন্ধিতি-কালেও তিনি গোরাজের আজার 'কাচ সক্ষা' করিজাছিলেন। ° মহাপ্রভুর নীলাচলাবন্ধিতি-কালেও তিনি গাঁহার সহিত সাক্ষাৎ করিতে বাইতেন। এক্ষণে বিবাহাত্তে এই বৃত্তিমন্ত বিশ্বভর কর্তৃক সন্মানিত ও আলিজনাবন্ধ হইরা কুতার্থ হইলেন। কিছুকাল পরে নিমাই পিতৃপিওদান করিবার জন্তু গরা গমন করিলে সেই স্থানে তাঁহার ক্ষক্ষপেন বটে। তদবধি তাঁহার জাবনের এক বিরাট পরিবর্তন সংসাধিত হইবা বার। গৃহে কিরিয়া তিনি আল্বভন্মরভাবে কৃষ্ণান্তেবন ও কৃষ্ণগুনগানে বিভোর হইলেন। তাঁহার আর সে চাকলা নাই, বিভাপ্রকাশের ইচ্ছাও নাই; সর্বদ্য যেন কোন এক হারান বন্ধর সন্ধানে উদ্যান্তবং আচরণ করেন এবং বিষ্ণৃগৃহের ভ্রারে একাকী বিসরা থাকেন। বিষ্ণৃপ্রিরা-

(৬৩) প্রে. বি-নতে (২৪শা বি., পৃ. ২৪০) সমাতন বৈদিক ব্রাহ্মণ হুর্গালাস-মিশ্রের পূর ও প্রাস্থিক নাধবাচার্বের পিতা কালিদাসের জ্যেক্টরাতা ছিলেন। হুর্গালাস সন্ত্রীক শ্রীক্ট ক্টতে নববীপে চলিয়া আসের এবং ওাহার বিতীর পূর পরাপর কালীকত হওরার কালিদাস নাবে পরিচিত হন। (৬৪) প্রে. বি.—১৯শা বি., পৃ. ৩১৫ (৬৫) ঐ (৬৬) ঐ; সমাতবের পূরকন্যা সক্ষে নাধবাচার্বের জীবনী জ্রইবা। (৬৭) ভ. র.—১২।২২৯৬ (৬৮) টে. চ. ব.—৩।১২৭; বৈ. ব.—পৃ. ২; চৈ. ম. (মা)—পৃ. ৫১; চৈ. সা.—পৃ. ২৫; চে. বী. (রাবাই)—পৃ. ৭.; বৈ. বা (রু.)—পৃ. ৬ (৬৯) কুলাবনলাসের বৈক্ষরকারা ও চৈত্তকার্পাক্ষেণে ই হাকে ক্রুছি-বিশ্রের বদা হইরাছে। (৭০) বৈ. বি.-বডে (পৃ.৬৭) শ্বরকারা একলে বাসর ববে বাইবার সক্ষ বিভূপিয়াবেবীর প্রাকৃতি উন্ট, লাগিয়া রক্ষণাক হর।" কিন্তু প্রক্ষার তাহার বিবর্গের উৎস সক্ষে কিন্তু বলেন নাই। (৭১) তৈ. জা—২০১৮, পৃ. ১৮৮

এ দেবী ভয়ভীতা হইয়া কাছে আসিতে পায়েন না এবং "পুত্রের চরিত্র শচী কিছুই না ব্বো।
পুত্রের মখল লাগি গয়াবিফু পুজে॥"

কিছুদিন পরে বিশ্বন্তর একটু প্রাক্তিন্থ হইলেন বটে, কিছু অধ্যাপনা করিছে গিছা তিনি থাতিটি প্রের মধ্যে ক্লক-বাাধ্যা করিছা বলেন। মধ্যে মধ্যে জাবার মুক্তি সেই মুক্তি সেই' বলিছা তিনি যেন পাবত্তীগণকে সংহার করিবার হুল ছুটাছুট করিছে থাকেন। ক্ষমণ্ড বা তাহার বাক্রোধ হব এবং তিনি বৃক্ষণাথার উঠিয়া বসিদ্ধা থাকেন। ক্ষমণ্ড বা আবার তিনি হাসিছা উঠেন, ক্ষমণ্ড মুর্ছাগ্রন্ত ইইছা পড়েন। এই সমন্ত দেখিয়া লটাদেবী সকলের নিকট গিলা কাদিতে থাকেন। কেছ উল্লান্থ বলিলা রাধিয়া লাখিতে বলেন, কেছবা বালুরোগ বলিলা তদমূরপ ব্যবহার নির্দেশ দান করেন। সাধ্যাভিরিক্ত হইলেও শ্রনীদেবী সমন্ত নির্দেশ পালনে তৎপর হন। একদিন বিশ্ব-ছরের ক্ষমান্থসন্থানমন্ততা দেখিলা গদাধর তাহাকে তাহার স্বস্তুদ্ধের মধ্যেই ক্ষমাব্যানের ক্ষা জানাইলে তিনি হত্তনখহার। আপনার বক্ষরণ বিদীর্ণ করিবার চেন্টা করেন। শ্রেষ গদাধর তাহাকে নানাভাবে প্রবাধিত করেন। শ্রনীদেবী ইহা তনিলা গদাধরকে তাহার স্বক্ষরে মধ্যেই ক্ষমাব্যাক্রেক তাহার স্বক্ষরে স্বান্থর হইলা থাকিবার জন্ত অন্থন্ম জানাইলেন। আবার ধীরে বিশ্বন্তর পুদ্ধির হইলা উঠিলেন।

এখন হইতে গৌরাদের দীশা আরম্ভ হইবা গেল। ক্লক্ষণগান ও কৃষ্ণভক্তিবাচারই তাহার জীখনের মূলমা হওবার তাহার শিল্প, সদী ও অমুরাগী ব্যক্তিগণ
তাহার মধ্যে দেবভাব প্রভাক করিকেন এবং চতুর্দিক হইতে ভক্তবৃন্দ আসিরা
তাহার চরণ-শরণ করিলেন। কিছুকাল পরে নিত্যানন্দ আসিরা তাহার সহিত মিলিভ
হইলেন এবং শচীমাতা তাহাকেও আপনার এক সম্ভানহূপে গ্রহণ করিবা লইলেন। ১২
গলাধরের মত নিত্যানন্দও বিশ্বস্তরের দিকে সম্প্র-শক্ষা রাখিবেন মনে করিবা মাতার
মন আবার কিছুটা সাম্বনালাভ করিল।

কিন্ত পুত্রের অমাস্থবিক কাঞ্চনারখানা দেখির। এক অক্সাভ প্রদা-ভক্তিতে শচী-দেবীর মন যেন ভরিয়া উঠিতেছিল। এই সময় চক্রশেশর-আচার্বের গৃহে সন্ধার ছুমিকার পুত্রের অভিনর দেখিরা তিনি চমংকৃত হন। ৭৩ বিকৃপ্রিয়া দেবীও শক্ষর নিকট থাকিয়া এই অভিনয় দর্শন করি.তছিলেন। প্রথম হইতেই স্বামীর আচরণাদি প্রভাগ করিয়া নববধ্র মনও একপ্রকার বিস্তরে ভরিয়া রহিয়াছিল। এখন এই অভিনয় দর্শনের সময় শক্ষ ও বধু উভবেই আধ্যান্ত্রিক রাজ্যে একই স্থানে আসিয়া পৌছাইপেন।

^{.(}૧૨) হৈ জা----হাং, পৃ. ১২৬ ; হা৮ পৃ. ১৬৮ ; হৈ ল. (পো.) ---ল. ব. পৃ. ১১৬ (৭৬) হৈ ৪. ম.--১১৮ ; হৈ জা----৷৷৷», পৃ. ৬২৬ ; হা১৮, পৃ. ১৯৮ ; হৈ ৪.--১।১৮, পৃ. ৫১

ইহার পর গৌরাদ একদিন হয় পরস্থকর স্থান অধিকার করিরা আহত-আচার্বের নিকট মাতৃ-অপরাধ থওন করাইলেন। । বিশ্বানিকা বিধরে বিশ্বস্থরের উপর অধ্যৈতের প্রভাব লক্ষ্য করিরা । ইতিপূর্বে শচীদেবী একবার ব্যবাতরা চিত্তে বলিয়া কেলিয়াছিলেন । ।

কে বোলে 'অবৈত',—'বৈত' এ বড় সোলাকি ।
চল্লসৰ এক পুত্ৰ করিবা বাহির।
এহো পুত্ৰ বা বিলেন করিবাবে ছিব ।
অনাপিনী--বোরে ভ কাহারো নাকি বরা।
সগতের অবৈত; বোরে নে বৈত-বারা।

অবৈতের প্রতি এই অপরাধের জন্ত সর্বজনসমক্ষে শচীদেবীকে 'অবৈতের চরণধূলি গ্রহণ করিয়া ক্ষমাভিক্ষা করিতে হইল। তৎকালে শচী ও অবৈত উভরেই বিষণে হইয়ছিলেন; কিছু পুত্রের প্রসাদলাভ করিবার জন্ত শচীদেবীকে ইহাই করিতে হইয়াছিল। মাডা-পুত্রের মধ্যে এখন একটি বৈভভাব জাগিরা উঠিয়াছে এবং এইভাবে উভরের মধ্যে বে বাবধান সৃষ্টি হইভেছিল ভাহাতে গৌরাক্ষও বেন ভাহার কঠিনতম বন্ধনটকে ছিল্ল করিবার স্বর্থ স্থোগ লাভ করিলেন।

ভক্তবৃন্ধকে লইয়া লীলা করিবার মধ্যে বিশ্বস্তর ক্রমাগত একটি চাপলাের ভাব লক্ষ্য করিতে থাকেন। একদিন তিনি গোপীভাবে ভাবিত থাকার তাঁহার মূখে নিরম্ভর 'গোপী গোপী' ধ্বনি উখিত হয়। নিকটবর্তী এক ত্র্ক্তি পড়্রা কিছুই না বুঝিয়া বলিল :

> কি পুণ্য অভিব গোপী গোপী নাম লৈলে। কুমনাম লইলে সে পুণ্য বেলে বোলে।

বিশ্বন্তর বলিলেন, বে-ক্রফ 'কুডর হইয়া বালি যারে লোব বিনে। ব্রী-জ্বিড হইয়া কাটে ব্রীর নাক-কানে এবং 'সর্বন্ধ লাইয়া বলি পাঠার পাডালে', সেই ক্রফের নাম লাইয়া কি হইবে। এই বলিয়া তিনি ভাবাবেশে সেই পড়ুয়াকে মারিবার জ্বন্ধ ভাহার পিছনে প্রেড়াইয়া পেলে ভক্তবৃন্ধ তাঁহাকে শান্ত করিয়া আনিলেন। কিন্তু ঐ পড়ুয়াটি পলাইয়া গিয়া অক্সান্ত পড়ুয়াকৃনকে সমন্ত বৃত্তান্ত জ্ঞাপন করিলে ভাহারা চিন্তা করিল বে কেবল নিমাই-পঞ্জিত একাই নহেন, তাহারাও সকলেই ব্রাহ্মন-সন্তান এবং সমান্ত। অ্তরাং ব্রাহ্মনকে মারিতে যাওবার নিমাই ধর্মভন্ধন্তর ইইয়াছেন বলিয়া সকলেই তাঁহার নিন্দা করিতে লাগিল এবং বলিতে লাগিল, "স্ব দেশ ব্রাই কৈল একলা

⁽৭৪) টৈ ট-ম----ঃ৮২-৮৮ ; টৈ জা. ২।২২, পৃ. ২০৯-১০ ; টৈ ট---১।১৭, পৃ. ৭১ (৭৪) ছু.
--বৌ. বি---পৃ. ১৩১ (৭৬) টি. জা.---২।২২, পৃ. ২১২

出る。

নিমাঞি।" সমবেত হইরা ভাহারা সিঙাগু করিল বে নিমাই-পঞ্জিত পুনরার এইরপ আচরণ করিলে ভাহারা একজোটে চলিয়া যাইবে। এদিকে নিমাইও চিম্বা করিলেন—

করিল পিমলিখন কক নিবাহিতে।

উলটিরা আয়ো কক বাঢ়িল দেহেন্ডে ঃ-----

আমারে বেধিয়া কোণা পাটব বন্ধ-বাশ ৷

এক ৩৭ বন্ধ আরো কৈলা কোটি পাশ ৪

তিনি নিভানন্দকে ডাকিয়া শীর সিভান্ধ জানাইলেন¹⁴ বে শিধাস্ত্র মৃণ্ডন করিয়া তিনি সর্রাস-গ্রহণ করিবেন, ভারা চইলে আর কেহই তাঁহার সহিত বিরোধ করিতে আসিবে না, এবং তথন তিনি ভিক্তকবেশে গৃহে গৃহে ফিরিয়া সকলের চরণে ধরিয়া তাঁহাদিগকে উদ্বার করিতে পারিবেন।

গৌরাখের সন্নাসগ্রহণ সম্বন্ধে লোচনদাস একটি কাহিনীর বর্ণনা দিরাছেন^{৭৮} চৈতক্সচরিতামুডে^{১৪৭৯} সেই ঘটনার সমর্থন আছে। তদপ্রবারী জানা বার যে একবার এক বিপ্রা কীতান শুনিতে আসিরা বার্থ হন। গৌরাম্ব তথন বার ক্ষম করিয়া কীতান করিতে-ছিলেন। পরে একদিন সেই বিপ্রা গদার বাটে গৌরাম্বকে দেখিরা

গৈতা হি ডিয়া শাংশ এচও ছুমুগ। সংসার হুথ তোসার হউক বিনাশ।

বলা বাহল্য শাপ গুনিরা গোরাক পরম আনন্দ লাভ করিরাছিলেন।

১০১০ খ্রীষ্টাব্দের মাধী-শুরুপক্ষে সংক্রমণ-উত্তরারণ দিবসে^{৮0} গৌরহরি সন্নাস গ্রহণ করেন। তিনি বে সন্নাস গ্রহণ করিবেন একথা তিনি নিজে ভক্তবৃন্ধকে পূর্ব হইতে জানাইরা রাপিরাছিলেন।^{৮১} ইতিপুর্বে একবার কেশব-ভারতী নবধীপে আগমন করিলে^{৮২} গৌরাজ তাঁহার প্রতি ভক্তিমান হইরা পড়েন। কিন্তু বিশ্বরপের গৃহত্যাগ-কাল হইতেই কোন সন্ন্যাসীর উপস্থিতি বটিলে শ্রীমাভার ক্লম্ব নিপীড়িত হইয়া উঠিত। জ্বানন্দ জানাইরাছেন বে সেইজক্সই তিনি একবার নিত্যানন্দের অবধৃত বেশ দেখিরা সন্ন্যাসাপ্রমের ভীবণভার কণা স্বরণ হওরার তাঁহাকে বিজস্ক ধরিয়া, বিবাহ করিবার জন্ম নির্দেশ দিরাছিলেন।^{৮৩} এক্ষণে কেশব-ভারতীর সহিত গৌরাজের মিলন বটার তাঁহার ক্লম্ব বাতনারিষ্ট হইল।^{৮৪} তিনি ভগ্নিনী^{৮৫} আচার্যরম্ম পানীর সহিত মিলিত হইরা বিশ্বস্তরকে এভংসম্পর্কে জিঞ্চাসা করিলে বিশ্বর স্ক্রেশিলে

⁽११) फू.—रेंड. ज., गृ. ७१ (१४) टेंड. व.—गृ. ১७১-७२ (१৯) ১।১१, गृ. १२ (४४) टेंड. का.—२।२७. गृ. २४० (४১) छ.—वात्रभाज-शास्त्रिक (४२) छ.—रकमव कांत्रकी (४७) टेंड. व. (क.)—न. इ., गृ. १७-१९ (४४) टेंड. वा.—१।১-२ ; फू—र्जा. ग.—गृ. ७-१० (४४) द्या.वि.—२१म. वि., गृ. २४२

ব্যাপারটিকে চাপা ছিলেন। 'চৈতক্সচন্দ্রোদরনটেকে', উক্ত ইইয়াছে, তখন শচীমাতা কিছুটা প্রকৃতিত্ব হইয়া পুত্রকে জানাইলেন হে^{৮৬} ইতিপুর্বে বিশ্বরপ বিশ্বরপে নিমিন্ত একধানি পূথি মাতার হবে অর্পন করিরাছিলেন, কিন্তু বিশ্বরপ সন্ন্যাসী হইয়া গেলে ঐ পূথিটি বিশ্বন্তর সমন্ত শুনিরা তুইণিত হইলেন। কিন্তু ব্যাপারটি আগাড়েভ চুকিয়া কেলিয়াছেন। বিশ্বন্তর সমন্ত শুনিরা তুইণিত হইলেন। কিন্তু ব্যাপারটি আগাড়েভ চুকিয়া গেলেও অন্ধকালের মধ্যেই বিশ্বন্তরের সন্মাস-গ্রহণের সিদ্ধান্তের কথা ছড়াইয়া পড়িল। তখন শচীমাতা পুত্রকে নানাভাবে বুঝাইডে লাগিলেন^{৮৭} এবং বিষ্ণুপ্রিয়ান্তেরীর নরনা-শুড়ে বিশ্বন্তরের চরপর্যাল অভিবিক্ত হইয়া গোল। ^{৮৮} কিন্তু একদিন ভিনি কাহাকেও কিছু না বলিয়া তাঁছার ছই ভিন জন অভাক্ত বনিষ্ঠ সন্ধী-সহ^{৮৯} কাটোয়ায় পৌছাইলেন। তথার নাপিড^{৯০} আসিয়া তাঁছার মন্তক মুগুন করিয়া ছিলে ভিনি কেশব-ভারতীয় নিকট সন্মাস্বর্ধ গ্রহণ করিলেন। তাঁছার সন্ধাসাপ্রমের নাম হইল শ্রীকৃষ্ণচৈতক্য।

বটনাটি সংক্ষিপ্ত। কিন্তু নববীপের জগরাধ-মিশ্রের পরিবারটি ছিন্ন-ভিন্ন হইয়া গেল।
মিশ্র-পরিবারের কুল-প্রাদীপ চিরভরে নিভিন্না গেল। চিরত্বিনী লটাদেবীর পক্ষে
জীবন-ধারণ বিভ্ননামাত্র হইল। সেই কোন্ বাল্যকালে ভাঁহাকে বে জনভূমি পরিভ্যাগ করিয়া বহু দ্ব দেশে চলিয়া আসিভে হইয়াছিল, ভরবিধি ভাঁহার আর ক্ষেত্তাগের
দীমা নাই। পর পর সাভ আটটি নবজাভ সন্তানের মৃত্যু, ভাহার পর বহুবাছিত্ত
ধ্য-সন্তান জন্মশাভ করিনা মান্না-মমভান ও আশা-আকাক্ষার পিতৃ-মাতৃ হলমকে ভরিনা
ত্লিলেন, যৌবনের প্রারম্ভেই ভাঁহার আচন্বিতে গৃহভ্যাগ, একটি শিশুপুরকে এক
অসহারা নারীর ক্রোড়ে তুলিনা দিনা স্থামীর পরলোকগমন, সন্তোবিবাহিতা প্রাণপ্রিরভ্যা প্রবেধ্র অকালমৃত্য-এই মর্মান্তিক বটনাগুলি আঘাতের পর আঘাত হানিরা
ভাঁহার বন্ধ বিদীপ করিনা দিভেছিল। তব্ও তিনি সকল বাতনা সঞ্জ করিনা শেষ সন্তানের
মূপপানে তাকাইয়া আশান্ত বুক বাঁধিনা কোন রক্ষে বেন জীবন-ধারণ করিভেছিলেন।
কিন্তু আজা ভাঁহার সেই পুত্রই ধ্বন ভাঁহাকে শেব আ্থাভ দিন্না দ্বে চলিনা
গেলেন, তবন ভাঁহার পক্ষে মরণ-বাঁচন সমান হইনা গেল।

⁽৮৬) চৈ. না,—৪।৪ (৮৭) চৈ. য, (লা;)—য, ব., পূ.১৪৬; চৈ. য. (জ), বৈ. ব. পৃ. ৬৬; চৈ.না,—৪।০-৬. চৈ. কোঁ,—৪বি. অন্ত, পৃ. ৯৬ (৮৮) চৈ. য. (লা-) —পৃ.১৪৯; চৈ. য. (ল)—পৃ. ৭২, ৮১, ছ—লোঁ,স.—পৃ. ২২-৬৫; সী. ফ.—পৃ. ৫২-৫৩, ৬৬ (৮৯) ব্র.—হারপাল-গোবিক্ষ (৯৫) এই নাগিতের নাম বিভিন্ন প্রছে বিভিন্নলগঃ কলাবর—চৈ. ম.(জ) স. ব., পৃ. ৮৯; হরিদাস—চৈ. ম. (লা-), ম. ব.—পৃ. ১৫৯; লেবা—গো-ক..—পৃ. ১১; মনু—গোঁ, স.,—, পৃ. ৫২; চৈ. ভা. ও ভ. ব্--তে নামবিকীন নাগিতের উল্লেখ আছে।

আর সভী-সাধী বিশ্বপ্রিরাদেবীর মর্মবেশনার গভীরতা তো অপরিমের। বিবাহের নাম যে স্বামিসন্ধবিরোধী নিঠুর বৈরাগ্য, এই স্বাইছাড়া অভিক্রতা বোধকরি স্বপতের ইতিহাসে এক নাতা-বিশ্বপ্রিরা ছাড়া আর কাহাকেও লাভ করিতে হর নাই, এমন কি গোপাদেবী বা সারদাদেবীকেও নহে। বিবাহের অবাবহিত পরবর্তীকাল হইতেই উাহার দদরে যে দহন দান করা হইরাছিল, তাহাই ক্রমাগত গোরান্দের বৈরাগ্য-বীজনে বৃদ্ধিপ্রাপ্ত হইতে হইতে তাহার গৃহত্যাগের দিবসে একেবারে দাউ দাউ করিয়া অলিরা উঠিল। পরিদর্শন-সৌভাগাটুকু হইতেও তিনি চিরবঞ্চিতা হইলেন। ১১

গৌরাঙ্গের সন্নাদ-গ্রহণের করেক দিবস পরে শচীদেবী চক্রশেষরের সহিত শান্তিপূরে অবৈড-গৃতে গিরা পূত্রের সহিত সাক্ষাৎ করিলে । চৈতন্ত অনুতাপের সূর্বে
আনাইশেন দে তাঁহার পক্ষে মাড়খণ অশোধা, বাহা হইবার তাহা তো হইয়া গিরাছে,
এক্ষণে আর তিনি তাঁহার প্রতি উদাসীন হইয়া তাঁহার মৃত্যুযক্ষণার কারণ হইবেন না, তাঁহার
সন্ন্যাসাত্র্যে তিনি মাতৃনিধারিত স্থানেই বাস করিবেন। শচীদেবীর ইচ্ছাসুষায়ী তিনি
তাহার নিকট ভিক্ষা-গ্রহণও করিয়া মাতার ঐকান্তিক বাসনাকে চরিভার্থ করিবেন। তাহার
পর তাহার চলিয়া যাইবার দিন প্রত্যাসয় হইলে ভক্তবৃন্ধ ধবন তাঁহার ভবিয়্বতের অবস্থানক্ষেত্র সম্প্রতে শচাদেবীর আজ্ঞা প্রার্থনা করিবেন তথন শচীদেবী বে হৈর্ব ও
বৃত্তিমন্তার পরিচয় প্রদান করিয়াছিলেন তাহা বাস্তবিকই অভাবিতপূর্ব। তিনি বলিলেন ।

গল লোক নিন্ধা করিবেক বিষয়নে । নিজ ক্থ লাগি ভার নিন্ধা করাইব । থেবের এ রীভ নহে কেমনে কহিব ।

স্ভরাং তিনি সংবতিতে জানাইলেন, "নীলাচলেন্ড রহে বদি ঘুই কার্থ হর," ভাহাতে লোকম্থে তাঁহার সংবাদও পাওরা বাইবে এবং চৈতক্তের পক্ষেও মধ্যে মধ্যে গলালানার্থ নববীপ-সরিধানে আসিরা দশনদান করা স্ভব হইবে। 'চৈতক্তভাগবত' ও 'ৈ, ক্যুমক্ল'(লোচনের)-মতে নীলাচলে থাকিবার সিগ্ধান্ত স্বরং মহাপ্রভুরই। কিন্তু (৯১) বৈ দি.—(পৃ. ৫৮-৮৯)-মতে নহারভু বুলাবন গমনোক্ষেক্ত গৌড়প্রদেশে আসিলে কুনিরা হইতে একবার পিতৃস্হ দশন করিতে আসিলেন, গৃহনারে দেবী বিক্সিরা প্রভুর চরণে ল্টাইয়া পড়িলেন। প্রভু তাহাকে নিজ কার্ডপাছকা বান করিতা উহার বারা ভাহার বিরহ খাঙি করিতে আদেশ দিলেন।—এইলপ বর্ণনা অন্ত কোবাও নাই। (৯২) চে.চ.র.—১১।৬২-৬৬; চে.চ.ম-২০৬, পৃ.৯৮; ক্য.—বিজ্ঞানন্দ; বাহুবেব-বোব (বা.প —বাল্যলীনা, পৃ.১৯-২০) বলেন বে শটাকেরী নিজ্যানন্দের বিজ্ঞট সংবাদ গুনিরা ভাহারই সহিত শাজিপুরে বান। চে. কৌ.-তে (৫ম অক, পৃ.১৬৯) লিবিভ ইইনাছে বে আবৈতপ্রভূই নববীপে সংবাদ দিয়া জীবাসাধিসহ শটাকেরীকে পাজিপুরে আবরন করেন। (৯৩) চৈ.কো.—৬৪. অক, পৃ.১৪৮ (৯৪) চি. মা.—৯০৮১২; চে.চ.—২০৬, পৃ.৯০; আ.বা.—১০৭. অ. পৃ.১৪৪

তাহা হইলে এই প্রসম্বে কবিকর্ণপুর ও কবিরাজ-গোরামী প্রভৃতি^{৯৫} কর্তৃক শচী-দেবীর নামোরেণ করার প্রয়োজন হইও না। বাহাহউক, মান্ত-আজ্ঞা শিরোধার্ব করিয়া হৈওক্ত নীলাচলাভিম্বে গমন করিলেন। কিছু সেই আজ্ঞা-লালনের ফলবন্ধপই বে তাঁহার পক্ষে জগরাখদেবকে চিরারাগ্য প্রাণপতিরূপে প্রাণ্ড হইরা বীয় 'রাধাভাবত্যতি স্বলিড'-বর্মপকে সর্বতোভাবে সার্থক করিয়া তুলা সম্ভবপর হইরাছিল, ভাহাতে সন্দেহ নাই।

মহাপ্রান্তর গর্ভধারিণী হিসাবে শচীদেবীকে ভরুবুন্দ 'আই' বলিরা স্থাধন করিতেন।
মহাপ্রান্ত দক্ষিণ-শ্রমণান্তে নীলাচল প্রভাবেতন করিলে গৌড়ীর ভরুবুন্দ আইর নিকট '
আজা প্রার্থনা করিয়া নীলাচল-গমনে উভোগী হইলেন। সেই সমর পরমানন্দ-পুরীও
নবদীপে পৌছান। কেশব-ভারতী, দক্ষিণ-, মাধবেন্দ্র- ও শ্রীরন্দ-পুরী প্রভৃতি সন্ন্যাসীবৃদ্দের সহিত ভিক্ষা-ব্যবহারের ভাষা দরা সন্নাসী-সম্প্রদার সন্তমে শচীদেবীর একটা
মোটাম্টি ধারণা হইরা গিরাছিল। এখন ভিনি পরম বাৎস্লাসহকারে পরমানন্দপুরীর ভিক্ষা-নিবাহ করাইরা ভাঁহাকেও নীলাচল-গমনে আজা দান করিলেন।

চাতৃর্মাক্রান্তে নীলাচল হইতে গোড়ীর ভন্তবৃদ্ধর বংশন প্রভ্যাবর্তনকালে মহাপ্রভূ
তাঁহাদিগের হতে মাভার নিমিন্ত মহাপ্রসাদ ও একটি বল্প অর্পন করিরা পুনঃ পুনঃ
অহতাপ করিতে লাগিলেন বে মাতৃত্বহরে বাতনা হিল্লা সন্ন্যাস-গ্রহণ করার ভিনি
'নিজ ধর্মনাশ' করিরাছেন। সন্ন্যাসগ্রহণকালে তাঁহার 'ছর হইল মন' বলিরা ভিনি
নিজেকে ধিকার হিল্লা নিঃসংকোচে জানাইলেন বে ভিনি মাভার মনে শেল বিশ্ব
করিরাছেন, কিন্তু মাভা বেন তাঁহার বাতৃল পুত্রকে ক্ষমা করেন। ভন্তনুন্দ প্রভ্যাবর্তন
করিলেন। নিভ্যানন্দও সেই বৎসর নববীপে আসিয়া শচীমাভার সহিত সাক্ষাৎ
করিলে শচীদেবী তাঁহাকে নদীয়ার থাকিয়া মধ্যে মধ্যে হর্মন হিল্লা বাইবার জন্ম
উপদেশ দিলেন।

পর বংসর বুন্দাবন গমনোদেশ্রে চৈতজ্ঞয়াপ্রত্ নধীরার আসেন। পানিহাটি-কুমারহট্টকুসিরা ইইরা রামকেলির পথে তিনি শান্তিপুরে পৌছান। মুরারি-গুপ্ত, বুন্দাবনদাস ও
জয়ানন্দ জানাইতেছেন যে তিনি রামকেলি ও কানাইর-নাটনালা ইইতে কিরিবার পথেই
শান্তিপুরে আসিরাছিলেন। রামকেলির পথে তিনি শান্তিপুরে পৌছান কিনা, সে কথা
ইহারা উল্লেখ করেন নাই। কুঞ্চলাস-কবিরাজ্ঞও মধ্যলীলার ক্রমধ্যে অক্সর্প করিন
দিরাছেন। কিন্তু মধ্যলীলার বোড়শ পরিজেদে তিনি স্পাইই জানাইতেছেন ধে
মহাপ্রত্ব গমন ও প্রত্যাবর্তন উত্তর কালেই শান্তিপুরে গমন করেন। মুরারি-গুপ্তাদির

^{(&}gt;e) क. धाः (>e) ज:--केस्स-शृतों, वाक्यतस्य-शृती

পঞ্চল শতকের १ ম.-৮ম. হলকের দিকে হরিদাস অবৈতপ্রতুর সহিত বসবাস করিবার কালে তাঁহারা আরও নিবিড়ভাবে যুক হন। ভৎকালীন দেশ ও সমাজের কবছা এক ভরাবহ আকার ধারণ করিবাছিল। বুন্দাবনহাস তাঁহার 'চৈতপ্রভাগবতে' ভাহার বিশ্বই বিবরণ হিরাছেন। দেশের অর্থ নৈতিক এবং বিশেষ করিয়া ভাহার ধর্মনৈতিক ও সমাজনৈতিক অবস্থা বীভৎস হইয়ছিল। আচার-অস্ক্রানের ব্যভিচার সমাজকে পলু করিয়া হিডেছিল এবং যুক্তি বা ভক্তি বেন সমগ্র দেশ হইডেই নির্বাসিত হইয়ছিল। এইয়প ভরাবহ অবস্থার মধ্যেই অবৈত্ত ও হরিদাস নাম-মহিমা প্রচারের মাধ্যমে মিলিত অভিবান চালাইয়া মাস্কবের উবর মনোমকতে ভক্তির বীক্ষ বপন করিছে লাগিলেন। আবাভও তাঁহাদের কম সহা করিতে হয় নাই। 'পাবতী-গণ' তাঁহাদের জীবনকে ম্বিবহ করিয়াছিল। কিছু সকল বাধা সহা করিছা হরিদাস অবৈতপ্রভুর সহিত মক্ত্রমির বন্ধ চিরিয়া গুঁজিতে

⁽১৯) চৈ ভা-—১।১১, গৃ. ৮৬-৮৭ (২০) চৈ চ.; চৈ চন্ত্ৰ; যেন বি. (২৫গ-বি.); জ্ব এন। পোৰাজ এছে বলা হইবাহে বে এইবাছ জুলীৰ প্ৰাজ্ঞানাৰ অধৈতকে পৰিজ্ঞান কৰিলে ইবিধান একবিৰ স্থানী-বেশে ভাহাবিদের এক বিশেষ অনুষ্ঠানে অংশ গ্ৰহণ কৰিব। ভাহাদের হারা বন্ধিত হল এবং ভাহাদের সহিত একতে ভোজন কৰেব, প্রাজ্ঞানর ভাহাদের চিনিভেও পারেন নাই। এই বন্ধি বিশ্বাস্য নাহে, ইবিধানের মত ব্যক্তির পাক্ষে এইবাধা কৰেব। সক্ষম বনিয়া বনে হয় বাং

শাপিশেন কোখাৰ একবিন্দু বারি। অবঞ্চ বারিধারা চুরাইরা আসিল। মরুভূমির বঞ্চাবর্ত্ত ভেক করিবা বন্ধতোরা কর্মধারা প্রবাহিত হইরা আসিল কৌরাক্সপে।

গৌরাদের ব্যাবৃদ্ধির সালে সালে হরিদাসের দারিগুভার বেন লাখন হইরা আসিল।
ক্রমে গৌরাদ বৌধনে পদার্পণ করিলে জনগ্রাহী ভক্তবৃন্দ মধুমত্ত ভূকবং তংগ্রতি আরুই:
হইরাছিলেন। হরিদাসও ঠাহার নিকট আনাগোনা করিতে লাগিলেন। নিত্যানন্দ আসিলে
তিনি গৌরাদ্যাহ নন্দন-আচার্বের গৃহে পিরা ঠাহার সহিতও পরিচিত হইলেন। তারপর:
অকহিন করং গৌরাদ্যান্ত হরিদাসের মাহাত্মান্ত প্রেষ্ঠিত হোষণা করিরা বলিলেন:

এই বোর বেহু হৈছে ছুবি হোর বড়। ভোষার থে কাতি, সেই কাভি বোর বঢ়। ২১

বৈক্ব-সমাজে আজ্ব-কারস্থ-বৈজ্ঞের মধ্যেই ববন বা শুরের জনস্বীকার্য স্থানটিও স্থানিটিট ইইয়া পেল। চৈতত্ত্বের জীবদ্ধশার হরিলাসকে কেই ববন বলিয়া মনেও করিতে পারিতেন। না। বৈক্বসমাজে তিনি 'ঠাকুর হবিলাস' নামে জন্মাত হইয়াছিলেন।

হরিদাস গৌরাক্ষের সহিত অক্ষেত্রত্বতে আবদ্ধ হইলেন। একদিন তিনি সৌরাক্ষ-আহেশে নিভানেশ্বসহ কুক্ষনামের উপছেশ হিডে হিডে নগর-পরিভ্রমণকাশে জগাই-মাধাই কতু ক উত্তাক্ত হইয়াছিলেন। অন্তদিন কাজীধলনার্ব গৌরাঙ্গের নগর-পরিভ্রমণকালে ভিনি ভক্তবৃদ্দসং পথে পথে নাম প্রচার করিয়া বেড়াইলেন। আর একদিন অবৈচ-সৃহে (শান্তিপুরে ?) গৌরান্তের নুভ্যাবসানে এক আত্মণ পুনঃ পুনঃ ভাঁহার চরণধূলি লইডে-থাকাম সৌরামপ্রাকু বেচনা-বিগলিড চিত্তে পকাবকে বাঁপ দিলে হরিচাস নিভাানম্বসহ সম্ভাৱৰ করিয়া ভাষাকে বাঁচাইলেন।^{২২} এইভাবে তিনি নবছীগ-লীলার প্রত্যেকটি উল্লেখযোগ্য ঘটনার সহিত বুক হইলেন এবং গৌরাকপ্রভুকেই দেবতাঞান করিয়া দাক্ত-ভাবের^{২৩} মধ্য দিরাই ভক্তিযার্গের উচ্চতর ভূমিতে আরোহণ করিলেন। তথন তিনি গৌরাখ-চরণে সকল ভার অর্পণ করিয়া হারমুক্ত হইরাছিলেন এবং একজন লীলাসদী ও দীন সেবক্ষণে আপনার উপর প্রস্ত কর্মচুকুই সম্পন্ন করিতে চাহিয়াছিলেন। আরু পৌরাক্ত হয়িহাসের মধ্যে উহোর নাম-মাহাম্ম্য প্রচারের বোগ্যভ্য সহায়ককে দেখিতে পাইছা প্রথম হইডেই^{২৯} গ্রাহাকে নব্দীপ-দীলার এক সম্ভব্ন সংগী-হিসাবে গ্রহণ করিছা লন। চন্দ্রশেধর-আচাধের গুড়ে বে-কছজন একাম্ভ অঞ্চরক ভক্তকে লইছা তিনি বৃহং নাটকান্তিনৰে অবভীৰ্ণ হইয়াছিলেন, ভাঁহাদের মধ্যে এই হরিদাস ছিলেন অক্তড্য। কবিকর্ণপূর বলিয়াছেন বে ভাঁহাকেই নাটকের শ্রেধারের কার্য করিছে

⁽২১) হৈ ভা---২।১০, পৃ. ১৫০ (২২) চৈ. হ:--১।১৭, পৃ. ৭৭; টৈ. ভা---২।১৭, পৃ. ১৮৬ (২৬) হৈ, হ:--১।৬, পৃ. ৬৮(২০)গোঁ. লী:---পৃ. ২১, ৬৭, ৪৪

ছবাছিল। ^{২৫} কুনাবনহাস বলিয়াছেন বে ভিনি 'কডোরালে'র ভূমিকার অবতীর্ণ হন। ^{২৩} গোচনহাসও জানাইভেছেন বে ভিনি বখন হও হত্তে রক্ষমঞ্চ আসিরা দাঁড়াইলেন ভখন ভাঁহার অভিনর হর্দন করিয়া বৈক্ষয়কুল চমংকৃত হইরাছিলেন। ^{২৭} কিছ বর্প-রামানন্দ-রূপ-সনাভন ও হরিহাগের মধ্যে চৈড্কুমহাপ্রভু বেন ভাঁহার বরপ শক্তিকে বিভক্ত করিরা হিয়াছিলেন। বেমন ভিনি সনাভন হারা 'রুশের ভক্তি সিহার' ও প্রীরূপের হারা 'রুশের রস প্রেমনীলা' প্রকাশ করিতে চাহিরাছিলেন, ঠিক সেইরপ ভিনি হরিহাস হারা নাম-মাহাস্যা প্রকাশ^{২৮} করিয়াছিলেন। হরিহাসও ভাঁহার উপর অলিভ এই কর্মভারটিকে সানন্দে নির্বাহ করিয়াছিলেন।

সন্ধাস-গ্রহণের পর মহাপ্রকৃত্বে অবৈত-সূহে আনা হইলে অবৈত ও মৃকুন্দের সহিত হরিদাস ওঁছার প্রসাধ-পের ভোজন করিয়া নিজে পরিভৃত্য ঘইয়াছিলেন এবং নিত্যানন্দসহ নৃত্যগান করিয়া মহাপ্রভৃত্তেও পরিভৃত্য করিয়াছিলেন। কিছু মহাপ্রভৃত্ব নালাচল-প্রমানের জন্ত প্রস্তুত্ত হইলে তিনি কিছুতেই ছির থাকিতে পারেন নাই। মহাপ্রভৃত্ব সহিত বিজেনে সহায়সহলহীনভাবে তাহায় জীবন বে ব্যর্থতার পর্ববস্থিত ঘইবে, সেই কথা স্বর্ম করিয়া তিনি ক্রন্দন করিছে লাগিলেন। মহাপ্রভৃত্ব আখাস বিশেন বে পরে তিনি জাহাকেও নীলাচলে লইয়া বাইবেন।

মহাপ্রভূব দক্ষিণ-প্রমণের পর হরিদাস নীলাচলে গিয়া হাজির হন। ২০ ওজবুল মহাপ্রভূব সহিত সাক্ষাৎ করিতে গেলে তিনি রাজপথপ্রান্তে দওবং হলয়া পড়িয়া রহিলেন। মহাপ্রভূব আহেশে তাঁহাকে আনিবার জন্ম লোক পাঠান হইলে তিনি বিদিয়া পাঠাইলেন, তাঁহার নীচ কুলে জন্ম, পথপ্রান্তই তাঁহার উপযুক্ত বান। "নিভূতে টোটা মধ্যে বহি স্থান থানিক'টা পান তো সেই নির্জন স্থানে থাকিয়া তিনি অফ্রেশে নাম জপ করিতে পারিবেন। মহাপ্রভূ তথ্য কাশী-মিপ্রের নিকট বীয় ধাসন্থানের সরিকটন্থ পুলোছানের একথানি কুত্র গৃহ ডিকা করিয়া লইলেন এবং হরিদাসের সহিত আসিয়া মিলত হইলেন। হরিদাস বার বার বলিতে লাগিলেন, "প্রভূ না ছুঁইহ মোরে। মুজিন নীচ অপুশ্র পর্য পামরে।" কিছু মহাপ্রভূ তাঁহার প্রেচ্ছের কথা হোবপা করিয়া তাঁহাকে আশিক্ষন হান করিলেন এবং তাঁহাকে পুর্যোক্ত উদ্যানে লইয়া গিয়া সেই স্থানের নিভূত

20)

⁽২৫) চৈ হা,—০।১১ (২০) চৈ জা,—২।১৮, গৃ. ১৮৮; জু.—গোঁ, জ.—গৃ. ২৭৭ (২৭) চৈ জ.—হার, গৃ. ১৫৭ (২৮) চৈ ড.—০।৫, গৃ. ০১২ (২৯) চৈ জ.—২।১-, গৃ. ১৫৭, ১৫০; টৈ, লা.—৮।৪৮; চৈ, জা,—০।৯, গৃ. ০২৬; একমানে জহাকৰ আনাইজেহেন (বি. গ., গৃ. ১৫০) বে হরিদান কর্মন ক্রিয়ার বাস করিবেহিলেন। অংকাচার্থ নীলাচন হইছে ক্রিয়া জাহাকে ক্রাঞ্জুর ইচ্ছাপুবারী। বীলাচনে বাইছে বলিনে ভিনি নীলাচনে বাক করেন।

গৃহধানিতে স্থারিভাবে বসবাস ও নাম-সংকীর্তন করিবার নির্দেশ দিলেন। তারপর তিনি হরিদাসের কর প্রত্যন্ত প্রসাদার প্রেরদের ব্যবস্থাও করিবা দিশেন এবং তদববি তিনি প্রত্যন্ত তথার গিবা তান্থার সহিত মিলিও হইতেন। বিশিষ্ট ভক্তবৃন্ধও প্রত্যন্ত তথার বাতারাত করিতেন। হরিদাস পরমানন্দে তান্থার আশীবনের সাধনার নিজেকে সম্পূর্ণভাবে নিরোজিত করিশেন।

হরিহাস কিছু কোনহিন 'মর্যাহা' লক্ষ্মন করেন নাই। মন্দির-সন্নিধানে গমন করা তো
দূরের কথা, মহাপ্রভুর কাছাকাছি থাকিরা তিনি তাঁহার প্রতি দৃষ্টি রাখিতেন বটে, কিছা
কথনও তিনি নিক্ষের কথা ভূলিয়া গিয়া তংসন্নিকটবর্তী হইয়া আপনার উপর প্রান্তর শক্তির
স্থাোগ গ্রহণ করেন নাই। ৩০ কিছু মহাপ্রভু প্রতাহ উপল-ভোগ হর্দনের পর হরিহাসের
স্টারে উপছিত হইয়া তাঁহার সহিত মিলিত হইতেন। সেইছানে রূপ কিংবা সনাতন
থাকিলেও তিনি তৎসহ মিলিত হইতেন। ইয়া বেন তাঁহার একটি অবশ্র-পালনীর
নিরম হইয়া গিয়াছিল। ৩০ আবার বিলেম কার্যোগলকেও তিনি হরিদাসকে কোনছিন
বিশ্বত হন নাই। প্রথম রথবাত্তা-উপলক্ষে তৎপ্রবর্তিত সম্প্রহার কীর্তনের মধ্যে একটি
সম্প্রহারের প্রধান নর্তক হিসাবে তাঁহাকে বে স্থানটি কেওয়া হয়, মৃত্যবিলালী হরিয়াসের
সেই স্থানটি চিরতরে স্থানিষ্টি রহিয়াছিল। ৩৭

ষহাপ্রভাৱ গৌড়বাজাকালে হরিদাসও তাঁহার সধী-রূপে গমন করিরাছিলেন। ৩০ মহাপ্রভূ বামকেলিতে পৌহাইলে হরিদাসের সহিত রূপ-সনাতনের বনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়। ৩৪ এই সম্পর্ক চির-অক্স ছিল। স্থপ ও সনাতনের মধ্যে বিনিই বধন নীলাচলে পৌহাইতেন, হরিদাস সর্বদাই তাঁহাকে পরম আদরে আপনার নিক্ট অবস্থান করাইতেন এবং ভরুপণসহ মহাপ্রভূব শাস্তালোচনা গুনিরা নিজেকে স্কুভার্থ মনে করিতেন।

নরহরি-চক্রবর্তী বলিরাছেন বে মহাপ্রাকৃ হামোদর-পণ্ডিতের মধ্য দিয়া বেমন নিরপেক্ষত প্রকাশ করিরাছিলেন, সেইরপ তিনি 'হরিদাস থারে সহিকৃতা জানাইল'।^{৩৫} হরিদাস সহছে এই উন্তি সম্পূর্ণ তই সভা। কিছু কুক্সাস-করিরাক্ষ তাহার সজী সনাতনের মৃশে তাহার সথছে বে কথা বলাইরাছেন^{৩৬} তাহাই বোধকরি হরিদাস সহছে চরম কথা। সনাতন বলিরাছেন ঃ

অবভার কার্য প্রভূত্ব বাত্র প্রচারে। সে নিজ কার্য প্রভূত্ববের ভোষা থারে।। প্রভাত কর ভিন কক বাত্র স্টার্ড র। স্বার আধে কং সাবের হতিবা কথন ।

⁽৩০) টো চ.---২10, পৃ. ৯৭; ২1১২, পৃ. ১৬১; ২1১৩, পৃ. ১৬৫; টো চ. মা.---১৯/৫২ (৩১) টো চ.--২1১, পৃ. ৮৫ (৩২) ঐ---২1১৫, পৃ. ১৬৪ (৩৫) ঐ---২1১৫, পৃ. ১৮৮; টো মা.---৯/৫৫; টোম্---পৃ. ১৪১ (৩৪) টো চ.---২1১, পৃ. ৮৬-৮৭ (৩৫) জা ব্য---১1৬৩১ (৩৬) টো চা----৬/৪ পৃ. ৩০৬

আপৰ আচাৰে কেহু বা কৰে এচাৰ। এচাৰ কৰেন কেহু বা কৰে আচাৰ। আচাৰ এচাৰ নাবেৰ কৰহ মুই কাৰ্ব। ভূবি সৰ্বশুক ভূবি কগতেৰ আৰ্ব।

বার্ধ ক্যে হরিলাসের পক্ষে তাঁহার সেই কঠোর নিরম সর্বদা পালন করিব। চলা সম্ভব হর নাই বলিরা তাঁহার বেছনার অন্ধ ছিলনা। গোবিন্দ একদিন মহাপ্রসাদ আনিলে তিনি অত্যন্ত কৃষ্টিত হইলেন, তখনও তিন লক্ষ বার নাম গ্রহণ পূর্ণ হর নাই। অথচ মহাপ্রসাদকে উপেক্ষা করা চলেনা। কোনরকম কণামাত্র। করিবা তিনি উপবাসেই কাটাইলেন। আর একদিন তাঁহার তর স্বাস্থ্য কেধিবা মহাপ্রাকৃ তাঁহার হৈছিক স্কৃতা কামনা করিলে তিনি আনাইলেনঃ

শরীর হছ হয় বোর আহছ বৃদ্ধিনন ।। গ্রন্থ করে কোন খাবি কর্ত নির্ণয় । গ্রেছো করে সংখা! কীর্তান বা পুরুর ।।

মহাপ্রাকু তাঁহাকে আশ্বন্ধ করিলেন বে তিনি গিছাকে, তাঁহার ত' সাধনার আর কোন প্রবোজন নাই। হরিদাস তাঁহার নিকট একটি প্রার্থনা জানাইলেনঃ ধেন তিনি মহাপ্রাকুর তিরোভাবের পূর্বেই চকু মৃক্রিড করিতে পারেন। মহাপ্রাকু আপন্তি জানাইলে তিনি বলিলেনঃ

> ভোষার নীলার সহার কোট তক্ত হর।। আমা হেন বহি এক কীট মরি গেল। এই পিনীলিকা বৈল পৃথিবীর কাঁহা কভি হৈল।।

হরিদাসের পক্ষে আর প্রাণ ধারণ করা সম্ভব হইলনা। চরম মূহুর্তটি বনাইরা আসিল। প্রাভংকালে মহাপ্রভু তাঁহার কুটিরে আসিরা উপস্থিত হইলেন। নাম-সংকীর্তন চলিতে লাগিল। শেবে ঠাকুর-হরিদাস ভক্তগণের পদরেণ্ মন্তকে লইরা চৈতন্তকে সন্মুখে বসাইলেন এবং খীর নরন-ভূজ তাঁহারই পদাননে সংযুক্ত হইলে 'শ্রীকৃষ্ণচৈভন্ত' লব উচ্চারণ করিতে করিতে তিনি বিগভপ্রাণ হইলেন। মহাপ্রভু তাঁহার মৃতদেহকে সমূহ-জলে অবগাহন করাইরা সমূহতীরে প্রোধিভ করিলেন। ভস্কলণের ক্রমন ও সংকীর্তন-ধ্যনির মিলিভ ঐকভানে সাগর ও আকান ব্যথিরা উঠিল।

গকাদাস-পণ্ডিত

পৌরাজের শিকাশুর গহাহাস-পণ্ডিত সহছে 'চৈতক্সভাগবত' হইতে জানা বাহ' বে গাঁরাজ-আবিভাবের পূর্বে একবার তিনি ববন-রাজার কোপদৃষ্টিতে পড়িরা পরিজনসহ গলাপরে হইবা অক্সত্র চলিহা বান। 'গোঁরাজ-বিজয়'-মতে' বিশ্বস্তারের এই ভারর নাম ছিল প্রভাগ-চক্রবর্তী। জয়নক্ষণ গোঁরাজের 'ভারপন্তী' অ্লোচনার নামোরেশ করার ধরেণা জন্মার বে তিনি হরত প্রভাগানেরই পায়ী ছিলেন।

বিশ্বর গলালানের নিকট বিভালিকা করিতেন। বিশেষ করিরা তিনি তাঁহার নিকট ব্যাকরণ শাস্ত্র অধ্যয়ন করিরা ববেট বৃহপত্তি লাভ করেন। কিলোর-নিমাই ব্যাকরণ শাস্ত্র উঠিলেন তথন এক্যাত্র গলালাস ছাড়া নব্দীপেশ আর কেচ্ট্ ছিলেন না বিনি তাঁহার সহিত আঁটিয়া উঠিতে পারিতেন।

গৌরাশ্রাক্ গরা হইডে কিরিবার পর গলায়াসের গৃহে অধ্যাপনা আরম্ভ করিলে

একটিন পদুবাগণ গলায়াসের নিকট অভিবোগ উত্থাপন করিলেন বে নিমাই-পণ্ডিড সকল
গ্রেছের মধ্যেই কুক্-ব্যাধ্যা করিছে ব্যক্তেন। তথন

উপাধার শিরোমণি বিশ্ব প্রদাধান। ক্ষরিয়া সভার ব্যক্ত উপজিল হাব ॥ ওবা বলে করে বাহ, আসিহ সকালে। আজি আমি শিবাইব বাহারে বিকালে॥৮

কিছ নিমাইর নিকট তথ্য সমগ্র জগৎই ক্লমর। গলায়াস তাঁহাকে ভাকাইরা 'ব্যতিরিক্ত অর্থ' না করিবার উপজেশ দিলে তিনি সসংকোচে ভক্তক জানাইলেন বে তিনি ব্যাহণ ব্যাখ্যা করিতেছেন। এই প্রসংশ নিমাইর মধ্যে অসাধারণ শক্তির পরিচর পাইরা গলায়াস বিশ্বিত হইলেন।

ক্রমে ভক্তবৃদ্ধকে শইরা গোঁরাকের শীলা আরম্ভ হইল। মধ্যে মধ্যে ডিনি গলা-দাসের গৃহে গিরা^৯ নানাভাবে শীলা করিতেন। আবার গলালাও ক্থনও ক্থনও শীবালাদি ভক্তের গৃহে আসিরা গোঁরাম্পীলার যোগ দিতেন। চন্দ্রশেধর-আচার্বের গৃহে

⁽১) ২া৯, পৃ. ১৪৮ (২) পৃ. ৭০,৭৪ (৩) ব.ব.,পৃ.২৬ (৪) বজাবাস সম্বাদ্ধ বেচিয়াক-পরিপ্রক প্রাক্তির (৫) করাবন্দ কানাইরাহেন (পৃ. ১৮) বে নিবাই নববীপে বজাবাস-পরিপ্রক বৃদ্ধে করাপ ব্যাক্তির পরিকেন। (৬) কুলাবন্দানের বৈক্তবন্দ্রা ও (আয়ুনিক)বৈক্তাচারকর্ণ-এছে (পৃ. ৬৪০) ক্রোকারে ক্রান্তির বিশ্বনিক ক্রান্তির ক

অভিনয়কালে বাঁহারা বস্বয়ক অবতীর্ণ হইরাছিলেন গলাহাস তাঁহারিগের যথ্যে অন্তত্ত্ব ছিলেন। ^{১০} ইহাছাড়া, উল্লেখযোগ্য প্রায় সকল ঘটনাতেই গোঁরাক্ষের সহিও তিনি বিশেষভাবেই বুক্ত ছিলেন।

মহাপ্রত্ব হঞ্চিশ-অমণের পর প্রাহাস-পণ্ডিত ঠাহার সহিত সাক্ষাং করিতে বান এবং সেই বংসর তিনি প্রীবাসায়ির সহিত নববীপ-সম্প্রহায়ে যুক্ত হইয়া জন্মাথের সন্ধ্যে নৃত্য ও কার্তন করিরাছিলেন। ভারপর তিনি ভক্তবৃদ্ধের সহিত ক্ষিয়া আসিরা নববীপেই বাস করিতে থাকেন এবং শচীমাতার মধ্যার্থী ভক্ষাবধারকরপে থাকিয়া মহাপ্রাত্মর কর্তবাভারকেই মাথার ত্লিয়া জন। মহাপ্রাত্ম ববন কানাইর-নাটশালা হইতে প্রভ্যা-বর্তনের পর শান্তিপুরে অবৈত-গৃহে অবস্থান করিতেছিলেন, তথন গলাহাস-পণ্ডিতই শচীমাভাকে সঙ্গে লাইয়া শান্তিপুরে গমন করেন। ১১ ইহার পরেও গলাহাস মধ্যে মধ্যে নীলাচলে গিয়া হৈতক্তের হর্শনলাভ করিয়া আসিতেন। ১২

চন্দ্রবেশর আচার্বর

চন্তদেশ্বর-আচার্বরন্ধের আদি নিবাস ছিল শ্রীহট্টে। 'চৈডক্রচজ্রোর্বনাটক' ইইডে আনা বার বে লচীম্বেনীর সহিত আচার্বরন্ধ-গৃহিণীর ভাগনী-সম্বন্ধ ছিল এবং তিনি লচীম্বেনীর একজন খনিষ্ঠ সদিনী ছিলেন।' গৌরাজ-আবিভাবের পূর্বেই চন্দ্রনেশ্বর নববীপে চলিরা আসেন। ভাই স্বীকি চন্দ্রশেষের পক্ষে গৌরান্ধের জন্ম ও শৈশব-লীলা প্রভৃতির প্রভাক্ষর্ভাই হওরা সম্বন্ধ ইইরাছিল এবং বহু পূর্ব ইইডেই জিনি চৈডক্রের লাজপ্রেমে পালল ইইরা ভাহারই একজন মহাভক্ত ও একটি প্রেষ্ঠলাখার্মেশ পরিপণিত ইইছে পারিরাছিলেন।" বরসের পার্যকারণত গৌরান্ধের শৈশবকাল হইডেই হরত উভবের মধ্যে তেমন বনিষ্ঠ বোগাবোগ ঘটরা উঠে নাই। কিছু 'চৈতক্র-চরিতাম্বতমহাকাব্য' ইইডে জানা বার্ম বে গৌরান্ধ প্রাগমনকালে 'জননীভগিনী-পতিনা' সহ গমনেক্তু ইইরা ভাঁহাকে অভিভাবক হিসাবে সঙ্গে লইরা গরা বাত্রা করেন। ভাহার পর প্রবাস-গৃহে প্রাভাহিক কীত'নের সমন্ত্র ইইডে আরম্ভ করিরা গৌরান্ধের সন্ধ্যাস-গ্রহণকাল পর্যন্ধ জনাই-মাধাই উত্তার, নগর-সংকীর্তন প্রভৃতি বিলেম ঘটনাগুলির প্রান্ত প্রত্বিভিত্ব ভাহার উপস্থিতি লক্ষ্য করা বারা। ও এমনকি জ্বানন্দ ভাহাকে গৌরান্ধের গরাঘাত্রা এবং পূর্ববন্ধ প্রমণানি আরও পূর্ববর্তী ঘটনাগুলির সহিতও যুক্ত করিয়াছেন। ।*

শ্রীবাস-সৃষ্টের মত শেষর-ভবনও গৌরাজের একটি প্রধান শীলাহলে পরিবত হইরাছিল। তাই দেবা বার গৌরাজের নববীপদীলার সার্থকতম বটনাটি এই চন্দ্রশেষর-ভবনেই অন্নটিত হর। গৌরাজের নৃত্যশীলা তথা জীবনদীলার সেই শ্রেষ্ঠ অভিনরটির বর্ণনা প্রধান করিতে গিরা প্রাচীন গ্রন্থকার-গণ সকলেই বিশেষভাবে সচেতন হইরাছেন এবং গৌরাজের সেই দানশীলার অভিনরই বোধকরি বাংলাভারার

'অধ্যে বিধানে' শক্তিনীত প্রথম নাট্যাভিনর। ১০ সেই অভিনয়ে আচার্বরত্ব ও বিভানিধি প্রাণ্ড জন্তবুল পারকের কাল করিয়াছিলেন। আচার্বরত্বের গৃহিনীও বর্ণক হিসাবে উপস্থিত ছিলেন। পূব ল'কিলমকের সহিত নৃত্যাভিনয় সংবঁটিত হয়। অস্থানের কোষাও কোট ছিলনা এবং সোরাজের অনভিক্রমণীর অভিনয়-নৈপুণ্য ও অভিনেতৃধ্যের কার্বকুললভার কলে অভিনয় প্রথম ক্লমর হইয়াছিল বে জীবনই বেন ভাহার নিকট অবান্তব অভিনয়মাত্রে প্রবিধিত হইয়া বায়। এমনকি

শ্রীচন্দ্রশেষরাচার্য রহুবাট্যাং সহাঞ্ছঃ । সমত কর তরাসীভেলতব্যস্তুতন্ ।। সপ্তাহং শীতলং চন্দ্রভেলসং সমৃশং হরিন্ চঞ্চাব হাছ (?) তেকং চিন্তাহ্যাবকরং শুচিঃ ॥১২

গৌরালের সানাসগ্রহণের পূর্বে ভাষাকে ভবিবনে নিবৃত্ত করিবার অন্ত শচীকেবী সম্বত্ত একবার আচার্বরত্ব-গৃহিণীর উপছিভিতে ভাঁহারই সাহায়া গ্রহণ করিয়া পুত্রকে নানাভাবে ব্রাইবার চেষ্টা করিয়াছিলেন। ১৩ ভাঁহাকের চেষ্টা বার্থ হইলেও গৌরাল কিছু সানাস-গ্রহণের গোপনীয় ও পবিত্রতম দিবসটিতে চন্দ্রশেষরকে ভূলেন নাই। প্রধান সদী-হিসাবে ভিনি সেই বিভধা ব্যক্তিটিক কাটোরার লইয়া গিরা ভাঁহাকেই বীর জীবনের কঠোরভম কর্মসম্পাধনার প্রভিনিধি-পদে নিরোজিত করেন। মহাভক্ত চন্দ্রশেষর অবশ্র সেই ভক্ত লাগ্রিত্ব মাধার পাডিরা লন ; কিছু ভক্তবারী ভাঁহাকে অন্তরের একান্ত প্রতিকৃশাচরণ সম্বেও বধাবিধি সকল কর্ম স্থানশন্ধ করিয়া চৈতক্তমহাপ্রভূকে যেন এক অন্ধিগন্য দেবলোকে উত্তরণ করিবার সম্বত্ব বাধাবিদ্ধ দ্ব করিছে গিয়া নিজেকেই কন্টকশন্যা গ্রহণ করিছে হয়। ১৪

সন্ন্যাস-গ্ৰহণান্তে মহাপ্ৰভূব বাচ়-পরিশ্রমণকাশেও আচাইরস্ককেই নইবীপে সেই হয়র-বিহারক সংবাদটি বহন করিব। আনিতে হয়। ১৫ আবার মহাপ্রভূ শান্তিপুরে শৌছাইশেও

⁽১০) চৈ ভা—২০০, পৃ. ১৮৮ (১১) ত্রীবাসচরিত্রের এছকার-বড়ে (পৃ. ১৫৮, ২৭ শা-পরিছেন)
কুকনীলাভিনর ছুইবার হর, "বাননীলার অভিনর সভবভ অভ একবিনে সম্পন্ন বইবা পাকিবে।"
(১২) জ্রীচৈচে—২০১৭০—২ (১৩) চৈ না—০০৯—০; জু.—চৈ কৌ.—পৃ. ৯০ (১০) চৈ ভা.—২০২৬,
পৃ. ৭০০, ২০২–০০; জ্রীচৈ চ.—০০১০, তাংগাল; চৈ ম. (ম.)—বৈ. ব., পৃ. ৮০; চৈ, ম. (মে).
—ন, ব., পৃ. ১৫৫, ১৫৮; চৈ বা.—০০৬–৫০, চৈ চ.—১০২, পৃ. ৭৭; ২০০, পৃ. ৯৫ (১৫) উপরোজ প্রস্কালির পরবর্তী অংশভালি ক্রইবা; চৈ কৌ.—পৃ. ১১২; জং জা.—১৫শ জ, পৃ. ৬৬; বৌ
ক্যা—পু. ১৪৪

প্রভাৱে আচার্বয়ন্থ লোলার চড়াইর। । ভক্তগণ-সংক্র আইলা শচীথাত। লৈরা ॥ ১৬

'চৈডক্লচন্নিভান্তমহাকাবা' হইতে জানা বাব^{>৭} যে মহাপ্রস্তু দক্ষিণ-প্রমণে চলিয়া গোলে পরমানক-পুরী নথবাপে আসিরা শচীমাভা এবং জাচাধ্যন্ত উভয়ের নিকটই ভিন্ধা-নির্বাহ করিরাছিলেন। কিন্তু চন্দ্রশেশরের ভংকালীন কর্ম-পৃষ্ঠি সহতে গ্রহকার কিছুই লিপিবছ করেন নাই। মহাপ্রভুর নববাপ-ভ্যাগের পর তিনি কখনও একাকী, আবার কখনও বা বীয় পত্নীকে সঙ্গে লইয়া ভক্তবুন্দের সহিত গিয়া মহাপ্রভুকে দর্শন করিতেন এবং তাঁহার নীলাচস-লীলাভেও অংশ-গ্রহণ করিতেন^{১৮} সভা, কিংবা মহাপ্রভু গোঁড়ে পৌছাইলে তিনি তাহার সহিত সাক্ষাৎ করিরাছিলেন^{১৯} সভা, কিন্তু কথনও তাহাকে আর বড় বেলি একটা সক্রির অবস্থার দেশ্যা বাশ্ব নাই। আজ্মপ্রচারের কোন বাসনাই তাহার ছিলনা।

চৈতন্ত-তিরোজ্যবের পর বৃদ্ধ আচার্বরত্বের সহছে আর কিছুই জানা বারনা। 'ভিকিন্দ্রাকরে'র বর্ণনার গলাধরলাসপ্রভুর তিরোধানতিথি-উৎসবে সমাগত ব্যক্তিদিগের মধ্যে একজন চন্দ্রশেবকে দেখা বার। ^{২০} কিছু তিনি নিশ্চর আর কোনও চন্দ্রশেধর হইবেন। নরোজ্য-লাখা মধ্যেও একজন চন্দ্রশেধরকে পাওরা বার। 'প্রেমবিলাস'-বণিত এই নরোজ্য-লিন্টের পক্ষেই উক্ত উৎসবে যোগদান করা অধিকতর সন্ধব মনে হয়। আবার বর্মজের একটি পদে বলা হইরাছে বে 'আচার্বরত্ব' গোবিল্লখাস-কবিরাজের পদাবলী আখাদন করিরাছিলেন।^{২০} 'আচার্বরত্ব' উলাধি-বিলিষ্ট জন্তু নাম না পাওয়া গেলেও চন্দ্রশেধর-আচার্বরত্বই যে দীর্ঘকাল জীবিত বাকিরা লতাধিক বর্ষ বরক্তমক্যণেও গোবিল্লখাসের পদাবাদন করিরাছিলেন, তাহা মনে হয় না। 'গৌরপদতবৃদ্ধিনী' ও 'পদকর্যতক্ষ'তে চন্দ্রশের-ভণিতার তিনটি পদ পাওরা বার। সুণালকান্ধি ঘোর মহালয় জানাইতেছেন,^{২২} শুরু তিনটিই 'হাগ্র ভূর গীগাবিবরক এবং প্রত্যক্ষণনৈ করিয়া রচিত বলিয়া মনে হয় এইগুলি আচার্বরত্বর পদ বলিয়া জনেকের বিশাস।'' তৎপূর্বে সতীলচক্ত রায় মহালয়ও এইরপ অভিমত প্রস্থাল করিয়াছেন।^{২৩} ভা. স্কুমার সেনের যতে^{২০} এই বিবরে

নরহরি-ঠাকুরের শিক্ত চন্ত্রশেধরের কর্তৃত্বও সমধিক। কিন্তু নরহরি-শিক্ত চন্ত্রশেধর চৈতক্ত-পরবর্তিকালের কবি ছিলেন।

'চৈডপ্রভাগবতে'র নিজানন্দ-শিক্ত তালিকার মধ্যে^২ একজন নিজানন্দ-শিক্ত 'মহান্ত আচার্বচন্দ্রে'র নাম আছে। জন্ধানন্দের 'চৈডপ্রমঙ্গল' এবং বেশকীনন্দনের 'বৈক্ষবন্দনা'ৰ একবার করিরা তাঁহার উল্লেখ^{২৬} ছাড়া আচার্বচন্দ্রকে আর কোখাও পাওরা বারনা। ভা. সুকুমার লেন তাঁহার নিজানন্দ-শ্রেশন্তিমূলক একটি মিশ্র ব্রহ্মবৃলি পদের সন্ধান বিরা^{২ ব} বলিভেছেন বে ভিনি চক্রনেখর-আচার্বরত্ব হইয়া থাকিলে আচার্বরত্বেরও কবিভা রচনার নির্দেশ মিলিভেছে। কিন্তু আচার্বরত্বকে নিজ্যানন্দ-শিক্ত ধরিয়া লাইবার কারণ নাই। আচার্বচন্দ্র সন্ধবত পৃথক ব্যক্তি।

मूब्राबि-स्ड

মুরারি-ভধ্যের আদি নিবাস শ্রীহট্টে এবং তিনি জাতিতে বৈদ্য ছিলেন। শ্রীহট্টের বৈক্ষববৃদ্ধ নববীপের সহিত সংবোপ রক্ষা করিতেন। সেই প্রের সম্ভবত ধৌবনারভেই মুরারি নববীপে চলিরা আসেন। নববীপে তাঁহার চিকিৎসা-ব্যবসার চলিত এবং তিনি স্টিকিৎসক ছিলেন। আবার এদিকে তিনি ছিলেন সক্ষন ব্যক্তি। 'প্রতিগ্রহ নাহি করে না লর কারো ধন।' কেবলমাত্র আত্মবৃত্তির ছারাই তিনি স্বোপার্জিত অর্থে আত্মীরকুটুখাদি পালন করিতেন। এই সমন্ত কারণে এবং বিশ্বাস্থরাপ ও চরিত্র-মাধুর্বাদির ছারা। পরম প্রধীরস্থতাব এই ব্যক্তিটি অর্কালমধ্যে নববীপবাসীর বিশেষ শ্রমার পাত্র হইরাছিলেন। তাঁহার এই নববীপ-বাসকালেই গৌরাজ-আবির্ভাব হটে; তাই মুরারির পক্ষে তাঁহার সমন্ত কীলা প্রত্যক্ষ করা বা তাঁহার সহিত বৃক্ত হওরা সম্ভব হইরাছিল। ৪

অবক্ত ম্বারি-গুল্প বিশ্বস্তরের শৈশবের ক্রীড়াসন্ধী ছিলেন না; তাঁহাদের মধ্যে বরসের বাধের পার্থকা ছিল। কিন্তু উভরতে উভরতে বেশ ভাল করিরাই চিনিতেন। তুর্দান্তপনার বিশ্বস্তর তথন লক্ষপ্রতিষ্ঠ হইরাছেন। আর ম্বারি তথন জ্ঞানধাপ অধ্যয়নে নিবিইচিত্ত হইতেছেন। একদিন ভিনি সঙ্গীদিগের সহিত জ্ঞানবিবরক ব্যাখ্যার হত্তমন্তকাদি চালনা করিঙে করিতে চলিতেছিলেন। ক্রীড়ারত বিশ্বস্তর হঠাৎ ম্বারিকে দেখিয়া পশ্চাতে চলিলেন। স্বারি তাঁহাকে কটাক্ষে দেখিয়া অগ্রসর হইলে বিশ্বস্তরও ম্বারির অন্তর্বনে অল্বস্তরী করিতে করিতে ঘোগব্যাখ্যার প্রবৃত্ত হইলেন। কিছুক্ষণ পরে অসহ হওরার ম্বারি বলিয়া উঠিলেন :

এচ্ছারে কে বোলে ভাল দেখিল ভ ছাওয়াল নিত্র পুরুষর হত এই।

বিশ্বন্ধর শুকৃটি করিরা বলিলেন বে মুরারিকে উপবৃক্ত কল পাইতে হইবে। মুরারি চলিরা গেলেন এবং অরক্ষণ পরেই সমন্ত ভূলিয়া গেলেন। কিন্ধ বিশ্বন্ধর বধাসময়ে মুরারির গৃহে হাজির হইলেন। মুরারি তখন ভোজনে বসিরাছেন। অর্থেক ভোজন হইরাছে। এমন সমর বিশ্বন্ধর তাঁহার থালার মূত্র-ত্যাগ করিরা গৌড় দিলেন। মুরারির জারের মত শিক্ষা হইরা গেল।

⁽³⁾ 次 明-->13, 質. 3+ (2) 次 5. 5.—>13+, 質. c+ (4) 清-->14, 質. a+; 惟. 東.—
3+13>44 (6) 次 年 (四人)--安. 中. 安. 自 (c) 次 年. (四人)--明. 年. 質. c+ (4)者;
東. 東. 3+13544, 43 c>

আৰু এবটু অধিক বছলে গলালালের নিকট পাঠশিকাকালেই বিবছর ব্যারির সহিত বনিষ্ঠলাবে বৃক্ত হন। কমপাকান্ত কুকানক প্রভৃতিও তথন গলালালের ছাত্র। বিবছর এই সমস্ত পজুরাকে শালের কাকি জিজালা করিবা বেড়াইডেন। শিশু বলিবা ম্রারিরা প্রথমে তাঁহার দিকে নজর না দিলেও পরে তাঁহাকে উপেকা করা সন্তব হয় নাই। তিনি নিকেই যেন ডেন প্রকারের একে একে স্কলকে ধরিবা ব্যতিবাদ্ধ করিছেন। শান্তবভাব ম্রারি আপনার কাল লইবাই বাকিডেন। কিছু ভেবাপিত প্রভৃতারে চালেন সদার'। একদিন ভিনি ছঠাৎ ম্রারিকে বলিবা বলিলেন:

ক্ষে ভূষি ইহা কেৰে পঢ়।

সভাপাতা বিঞা গিয়া রোগী কর বঢ়।

ব্যাকরণ শাস্ত এই বিষয়ের অববি।

কক পিত অন্তর্ম ব্যবহা বাহি ইবি।

শুভরাং গৃহে গিলা বোগী দেখাখনা করিলে মুরারি লাভবান হইকেন। মুরারি
শীরভাবে উত্তর দিলেন বে বিশক্তর কবে কোন প্রশ্নের উত্তর পান নাই যে ঐকল শুনাইভেছেন। বিশক্তর ভক্তেই সেইদিনকার অধীত বিবর সইলা তর্জ আরম্ভ করিলেন, কিন্তু মুরারির পাণ্ডিভা দর্শনে আনন্দিভ হইলেন। মুরারিও বিশক্তরের প্রভিতার পরিচর পাইয়া বিশ্বিভ হইলেন। ক্রমেক্তমে ভিনি সেই অসামান্ত প্রভিতার নিকট নিক্তেকে বিক্রীভ করিতে লাগিলেন।

পাবিতোর ছেলেখেলা লাক হইলে গরা হইতে প্রত্যাবর্তনের পর কীর্তনারকের লক্ষে সঙ্গেই বিশ্বস্তর কো নববীপবাসীর সকলের ব্রণররাজ্যের একছের অধীখর হইরা বঙ্গেন। সই সমরে প্রায়ই তাঁহার ভাবাবেশ হইত এবং তিনি প্রির স্থীকিগের নিকট নিজেকে উন্মুক্ত করিতেন। মুরারি-ওথাও ছিলেন তাঁহার এইরপ প্রকল্পন বনিষ্ঠ সন্থী। তাঁহার গৃহে প্রারশ্বই বিশ্বস্তরের বাভারাত চলিত। জগরাখ-মিপ্রের গৃহের নিকটবর্তী 'মুরারিওথের পাড়া' নামক একটি পরীও ছিল। বিশ্বস্তরেক অনেক সমর সেধানে কো বাইত। একখিন তিনি বরাহ-আবেশে মুরার্রির গৃহে গিরা বরাহবং আচরণ করিতে বাকিশেট ভাতি-বিহনল মুরারি প্রভাবান হইরা তাঁহাকে এক অলোকিক শক্তি-সম্পন্ন বহামানৰ মনে করিরা তাঁহার তব করিতে থাকেন। তহ্ববি উভয়ের মধ্যে ভাবসন্থ বনিষ্ঠতর হয়।

কিন্তু বাষ্ট্রক মুবারি বশিষ্ঠকত বোলশার অধ্যয়ন করিব। অধ্যাধ্যচর্চার সনোমিকেন করিবাছিলেন। এইরপ অধ্যাধ্যচর্চা প্রকৃত ভক্তিবারীর নিকট বাহল্য বলিরা লৌরাক্রাভু

একদিন অধৈতকে স্পাইই জানাইলেন বে ম্রারি শ্রীবাস-গৃহে কীর্তনে বোগদান করিতেছেন, কিছ তাঁচার অভ্যকরণে ভক্তিভাব প্রতিষ্ঠিত হয় নাই। লম্মনের মুর্গছবং অভিকৃতির অধ্যাত্ম-ভাবনাতে তাঁহার মন দোবমুই রহিয়াছে। ম্রারি তখন সভবে সর্বসমক্ষে তাঁহার নিকট কমা প্রার্থনা করিলেন। আঘাত ও কঠোরভার মধ্য দিয়া তাঁহার মন গৌরনিবিট হইল।

মধ্যে মধ্যে ম্রারি-গৃহহও পৌরাজের নৃত্য কীর্তন চলিত। ১০ ততুপলকে তাঁহার বিনিষ্ঠ সংস্পর্ণে আসার রামচক্রের উক্তেশ্তে ম্রারির মন তব লাক্তভাবে পরিপ্রিত হইল। এই কবা বৃথিতে পারির। একদিন গৌরাস ম্রারির নিকট রব্নাথের প্রশতি তানিতে চাহিলেন। ম্রারিও তৎক্ষণাৎ পরমাগ্রহে স্ব-কৃত রব্বীরাইক পাঠ করিরা তানাইলে। গৌরাস্প্রস্কৃ তাঁহার কপালে 'রামদাস' কবাটি লিখিরা দিলেন। ১১ কিন্তু রামচক্রের প্রতি অমুরাগের ক্ষন্ত গৌরাস্থ বে এইরপ পরিত্র হইবেন তাহা ম্রারির কর্নাতীত ছিল। তাহার মনে হইতে লাগিল, তাহা হইলে গৌরাস্থ হয়ত তাঁহার ইইদেব রব্নন্দন। ১২

সুরারির সর্বপ্রকার বাতরা তবন লোপ পাইতে বসিরাছে। তাই গৌরাল তাঁচাকে ককচিন্তার আদেশ দান করিলে আজ্ঞাবাহী ভূতোর স্তার তিনি গৌরাল-আদেশকে শিরোধার্ম করিলেন। কিন্তু বিনিজ্ঞ-রজনীতে তিনি কেবলই চিন্তা করিতে লাগিলেন^{১৩}:

কেবনে হাড়িব রবুনাবের চরণ। আৰু বাতে বাব বোর করাক বরণ।।

প্রভাতে আসিরা তিনি গৌরাখের নিকট অকপটে সমস্তই বলিরা কেলিলেন :

জীববুনাৰ চৰণ হাড়াৰ বা বার।
তোৰার আজা কৰ হয় কি করেঁ। উপায়।
তবে বোরে এই কুপা কর বরাবর।
তোৰার আসে যুড়া হউক বাউক সংবর।

পৌরাক তাঁহাকে পুনংপুনঃ আরত্ত করিয়া বলিলেন :

নাকাং হ্যনাৰ ভূবি জীৱাৰ্কিছৰ। ভূবি কেব হাড়িবে জীৱ চলা কৰল।

এবার মুরারি গৌরাক-চরণে সর্বব বিলাইরা কতুর হইলেন।

⁽का.) कि. मा.—) १० ; कि. म. (का.)—म. च., पृ. २०० (२०) कि. मा.—२।२०,२० (२२) कि. मा. (का.)—म. च., पृ. २२३ ; मैकि. इ.—२।१ ; के. इ.—२।३१, पृ. ५२ ; क. इ.—२२।२००० ; कि. का.—मत्क (०)०, पृ. २०२) अहे पर्टेना पर्टेडांचिन नहांवाकृत नहांनाक्राणंड शह, भाकिपूद जॉक्क-व्यातार्थंड कृत्य । (२२) कि. का.—वत्क (२।३०, पृ. २०२) श्रोडांक म्हांडिएक वर्षाच-क्रभ वर्गन क्यांडेडांडिएकन १ व्या.—स. इ., ३२।२०२० (२०) के.स.—२।३०, पृ. २४२

প্রতিপদ্ধরকেও ভক্তের লাস হইতে হইল। তাই ম্রারি বধন তাঁহার 'মহা-পতি-বতা পদ্ধী'র প্নংপুনঃ পরিবেশিত স্থতমিশ্রিত অর লইরা বারবারই কুক্সেবা ও গোরাল-খ্যানে বিভার হইরাছিলেন তথন অস্ত্রের বিভ্রনা সম্বেও ম্রারি-নিবেশিত অম্রাগার গ্রহণ না করিরা তিনি নিজেও কোনপ্রকারে শান্তিলাভ করিতে পারেন নাই। ১৪ আবার অসীর্ণ রোগাক্রান্ত হইলে বৈশ্ব ম্রারি-গুপ্তের নিকট আসিরাই তাঁহাকে প্রেম-মহোবিধি পান করিয়া আরোগ্যলাভ করিতে হইরাছিল। অস্তর্গিকে ম্রারিও বাহ্যান-পুষ্টে হইরা লাভভাবের চূড়ান্ত প্রকর্ণন করিলেন। একদিন বিশ্বন্তর শ্রীবাস-গৃহে 'পরুড়ে গাঙ্গুড়' বলিরা ভিৎকার করিতে থাকিলে তিনি গরুড়ভাবে গ্রহণ হাজির হইলেন থবং বিশ্বন্তর তাঁহার হত্তে চড়িরা সমন্ত অস্থনে নাচিয়া বেড়াইলেন। পর্মাভক্তির প্রভাবে সেবক্-সেব্যের বাহ্যান-বিলুপ্তি খটিল।

কিছ ম্রারির অবহা ক্রমাগত অপ্রকৃতিছ হইতে লাগিল। রাম বা ক্রমের অবতার-কালে হয়ং সীভাদেবীর দেহত্যাগ ও হাছবগণের ধ্বংসের দ্বংসমর পরিণতির কথা চিশ্বা করিয়া তিনি একদিন সিভান্ত করিলেন বে গৌরাছ-অবভারেও দেহত্যাগ বিধের। তিনি এক গরশান অন্ত লইয়া গৃহের মধ্যে পুকাইয়া রাখিলেন। ১৬ কিছ প্রভৃতিশক্তর তাহা অবগত হইয়া ম্রারির নিকট আসিয়া জানিতে চাহিলেন, ম্রারির দেহের উপর তাহার অধিকার আতে কিনা। কিছুই না ব্রিয়া ম্রারি জানাইলেন, 'প্রভৃ! মোর শরীর ডোমার।' বিশ্বার পুভারিত অন্তথানি আনিবার জন্ত ম্রারিকে আজাদান করিলেন। ম্রারি আপত্তি জানাইলেও শেব পর্যন্ত ভাহাকে দেহত্যাগের সংকল্প তাাগ করিতে হইল। ম্রারির দেহমন সমন্তই গৌরাজ-চরণে বিক্রীত হইল।

নগর-সংকীর্তন প্রভৃতি^{১৭} নবদীপ-শীলার প্রতিটি উল্লেখযোগ্য ঘটনাতেই ম্রারি
অংশ গ্রহণ করিরাছিলেন।^{১৮} এমনকি, লেখর-গৃহে গৌরাম্বের অভিনরকালেও তিনি
সক্রিয় অংশ গ্রহণ করেন।^{১৯} তাঁহার প্রীও ঘর্শকরণে তথার উপদ্বিত ছিলেন।^{২০}

সন্নাস-গ্রহণান্তে মহাপ্রস্থ শান্তিপুরে পৌচাইলে শচীমাতার সহিত মুরারিও সেইস্থানে গিরা চৈড্রের সহিত নৃত্য-কীর্তন করিয়াছিলেন এবং মহাপ্রস্থ সেই সময়ে তাঁহাকে বিশেবভাবে অনুগৃহীত করেন। ২১ আবার প্রধ্যবার গৌড়ীয় ভক্তরুম্বের সহিত নীলাচলে

পৌছাইলেও^{২২} যুৱারি বনেট সন্মান প্রাপ্ত হইয়াছিলেন। কালী-মিল্লের পূচের নিকটে গিয়া তিনি গৃহের বহিতাগেই^{২৩} কতবং হইয়া পড়িয়া রহিলেন। কিন্তু মহাপ্রাপ্ত তাঁহাকে ভাকাইয়া আনিয়া মিলিভ হইভে গেলে যুৱারি শশবাতে পশ্চাতে সরিয়া আনাইলেন বে তাঁহার পালপূর্ণ কলেবর চৈত্রের প্তশার্শের যোগ্য নহে। মুরারির দৈশ্য শেখিয়া মহাপ্রাপ্তর হলর বিদীর্ণ হইল। তিনি তাঁহাকে প্রেমালিখন দান করিয়া নিকটে বসাইলেন থবং বহুতে সেবা করিয়া তাঁহাকে কুতার্থ করিলেন।

নীলাচলে ম্রারি চৈডন্ত-প্রতিত সন্তাধার-কীর্তনাদি ঘটনার সহিত বিশেষভাবে বৃক্ত হইরাছিলেন এবং চাতুর্যান্ডান্তে বিধারকালে মহাপ্রকৃ প্নংপুনা ধ্রারির মহিলা কীর্তন বিধারকালে মহাপ্রকৃ প্নংপুনা ধ্রারির মহিলা কীর্তন করিয়াছিলেন। ২৪ পরবর্তী বংলরগুলিভেও তাঁহার সেই সন্মান অন্ধ ছিল। ২৫ তিনি নববীপে অবস্থান করিভেন বটে, কিছ চিরকাল মহাপ্রকৃর সহিত বোগরকা করিয়া চলিভেন। মহাপ্রকৃ গোড়ে আসিলেও তিনি তাঁহার সহিত বুন্ধারনাভিম্বে ধারিও হইরাছিলেন। কিছু সেইবার মহাপ্রকৃত্বে কানাইর-নাটশালা হইতে প্রত্যাবর্তন করিতে হইরাছিল।

মহাপ্রভুর দেশত্যাগের সঙ্গে সংকাই নবারীপের চাঁদের-হাট ভাতিরা গিরাছিল।
সন্তবত সেই বিচ্ছেন বেদনার হোধানলে বন্ধ হওরার নরহরি-বাহ্নদেব-মুরারি প্রভৃতির
শ্বন্ধ হইতে কাঝ্যানুতের উত্তব হইরাছিল। মুরারি-শুপ্তের বাংলা কবিতা রচনার
শবেই পরিচর পাওরা বার ।২৬ এবং তিনি তুইটি প্রশ্বন্দি পদও রচনা করিরাছিলেন।
ভা. স্কুমার সেন মনে করেন বে 'মুরারি-শুপ্তেন', 'মুরারি-', 'শুপ্ত-' ও 'শুপ্তাদাস'ভবিতাবিশিট্ট পদগুলি এই মুরারি-শুপ্তেরই রচিত।২৭ আবার-ভংকালের নিরমামুবারী
সংস্কৃত ভাষাকে অবলম্বন করিয়া চৈত্তভাবিনস্থান্ত লাইয়া তিনিই সর্বপ্রথম বে
কড়চা বা কাঝা রচনা করিয়া ছলেন ভাহাই বোড়ল শতালীতে বাংলাভাষার লিখিত
প্রার সকল চরিত্রভাব্যের আদর্শরণে পরিগণিত হইয়াছিল। খামোদর-পতিত তথন
নবারীপেই থাকিতেন। প্রীরাসের আক্রাক্রমে হামোদরের প্রশ্লোকর হান করিতে গিয়াই
মুরারির 'প্রীপ্রীচৈতত্যচরি ভাত্তং' কাঝা বা সমধিক প্রসিদ্ধ 'মুরারি শুপ্তের কড়চা'
রচিত হব। গ্রন্থটির রচনাকাল সম্বন্ধে মতভেদ দৃষ্ট হয়। মুন্তিত গ্রন্থের প্রথম সংক্রপের
পুশিকা প্রোকান্থয়ারী গ্রন্থ-সমাপ্তির ভারিষ 'চতুর্দ'ল শতালাক্তে পঞ্চবিংশতি

বংসাৰে।" প্ৰতক্তি বাৰ ৰাহাত্ৰ দীনেশচন্দ্ৰ সেন, বি. খ., ভি.লিট. মহাশহ ভাহাত্ৰ Chaitanya and His Ago-নামক গ্ৰন্থে গ্ৰন্থরচনার কালকে ১৪০৫ শক অর্থাৎ ১৫০৩ 🖣. নিমেশিত করিরাছিলেন। কিছু মুণালকান্তি ঘোষের সংশ্বরণ হইতে জানা বার বে পূর্ববর্তী পূলিকা-শ্লোকের 'পঞ্চবিংশতি বংসর' হলে 'পঞ্চত্রিংশতি বংসর'-পাঠই ওর। তদুখারী গ্রহ-সমাপ্তির কালকে ১৫১৩ ঞী. ধরিতে হয়। গ্রহমধ্যে তাহারও বহু পরবর্তিকাশের ঘটনাসমূহ বিবৃত ছওহার অনেকে উহার রচনাসমাগ্রিকাশকে পিছাইরা দিতে চাহেন। ডা. সুকুমার সেন বলেন, ^{২৮} "সম্ভবত ইহা ১৫২০ ঐটাব্যের কাছাকাছি সময়ে লেখা হইয়াছিল।" ডা. বিমানবিহারী বলেন, "মুশারির গ্রন্থ ১৫৩৩ ছইভে ১৫৪২ ঐটোবের মধ্যে লিখিও হইরাছিল।" এবং "গ্রন্থের শেষকালে বাদক লোকটি পরবর্তীকালে কেছ বসাইরা দিরাছেন।" এই সকল কারণে ডা. সুশীলকুমার দে মহাশছও জানাইডেছেন^{২৯} বে গ্রাবের পরবর্তী অংশের বিবরণগুলি গুরুতরভাবেই সন্দেহজনক। তবে তিনি বলেন বে গ্রন্থটি চৈতল্পের জীবদ-শাতেই দিখিত হইয়াছিল, কিন্ধু সম্বৰত তাঁহার তিরোভাবের পরেই প্রচারিত হইয়াছিল। কিছু ১৯৪৬ খ্রীষ্টাব্দের Indian Historical Quaterly-ৰ 'The Date of Chaitanya Charitamirta of Murari Gupta-'নামক প্রবিশ্বে বিশব্ধন ভাতৃড়ী, এম. এ কতকণ্ডলি কারণ (চতুর্থ কারণটি দৃচ্ভিত্তি নহে) প্রদর্শন করিয়া জানাইয়াছেন বে তৃতীয় প্রক্রমের কতকগুলি শ্লোকসহ সমগ্র চতুর্ব প্রক্রমটি অক্তব্যক্তির লিখিত বলিয়া মনে করিবার এবং বধার্বভাবে মুরারি কর্তৃক লিখিত অংশটুকুর উপরেও ছিডীয় ব্যক্তির হয়-ক্ষেপ আছে বলিয়া ধরিয়া লইবার মধেষ্ট কারণ থাকিলেও ইহা বলা সম্পূর্ণ অযৌক্তিক বে চৈতক্স-ভিরোডাব প্রসন্ধ-সংবলিভ স্লোকটি কাব্যসমাপ্তিকারক বিতীয় ব্যক্তির বারাই রচিত হইরাছে। তিনি আরও বশেন যে রচনার তারিধযুক্ত শ্লোকটির সহজে সন্দেহ করিবার কারণ নাই। সম্ভবত ইহা তৃতীয় প্রক্রমের সপ্তদশ সর্গের পূধ্বতী কোনও অংশে অহপ্রবিষ্ট ছিল, কিন্তু পরবর্তী অংশগুলি হোজনার পরেও ইহা থাকিয়া গিয়াছে।

তৎকাশেই মুরারি-গুপ্তর গ্রন্থানি প্রসিদ্ধি লাভ করিয়াছিল। লোচনদালাদি কবি তো দ্রের কথা, স্বয়ং কবিকর্ণপূর্ট 'চৈতক্রচরিতামুডমহাকাবাে'র শেব সর্গে মুরারির নিকট অলোধা ধণ বীকার করিয়াছেন। শ্রীবাস-পঞ্চিতাদি সকলেই মুরারিক্বত গ্রন্থের প্রোভা ছিলেন। পুরসম্ভবত চৈতক্রের জীবন-সায়াহে শ্রীবাস, গদাধরদাস, পদাদাস, দাযোদর-পত্তিত প্রভৃতি তাঁহার বালালীলার এই সলী-সমূহ নববীগ ও তৎসংলর স্থানে একবিত হইয়া জতীত দিনের স্থতিকে কোনরক্ষে জালাইয়া রাখিতেছিলেন। কিছু সভদুর

⁽²⁴⁾ 年。 年, 年, (2年年) (24) 平元, p. 28, 22

মনে হর, চৈতপ্রস্থাবে শেবরশিট্র অপসত হইরা গেলে তৎস্ট ভাবমন্দাকিনীর লোভ
দিক পরিবর্তন করে। অধৈত-আচার্য তথন অভিবৃদ্ধ। নিজানন্দের হতেই চৈতপ্রের
উত্তরাধিকার আসিরা পড়ে। মুবারি পূর্ব হইতেই নিজানন্দের পদা অহসরণ করিয়া^{৩০}
তাহার ধার। প্রভাবিত হইরাছিলেন। কিন্তু তথন ভিনিও শীবন-সারাহে উপনীত
হইরাছেন। চৈডপ্র-প্রেমশৃতিকে সদল করিয়া তাহার দিনগুলি কোনবক্ষে অভিবাহিত
হইতে থাকে। 'ভক্তিরহাকর' হইতে জানা বার বে শ্রীনিবাস-আচার্য প্রথমবারে
নববীপে আসিরা মুরারির কুপাশাভ করিরাছিলেন। তি কিন্তু ভাহারপর আরু কোণাও
ভাহার উল্লেখ নাই।

⁽७०) कि.इ.--११६. मृ. ७३७ (७३) छ. यु.--११४ ; यू. वि.-वर्ष्ण (मृ. १५०) वरनी-श्रीक संय-इस बीमाञ्च रहेर७ विविध यूरूप मुताबि अङ्कित महिक कुम्क्ष्मनारम स्वाद विद्यादिस्मक ।

मूक्ष-एउ

'চৈতক্রচরিভাযুতে' লিখিত হইরাছে > :

সাম্পেশে কবিলা ঠাকুর নিভাবিশ । পলাধান পণ্ডিভ গুপ্ত মুগারি মুকুশ ।

ইহা হইতে মৃকুলকে বাদদেশী মনে হইতে পারে। কিন্তু কুঞ্চাস-করিরাজ সন্তবত এখানে কেবল নিত্যানন্দ সক্ষেই রাচ দেশের উল্লেখ করিরাছেন এবং প্রসক্ষেমে গলাচাস মুরারি ও মৃকুলের নাম আসিরাছে। কারণ, চট্টগ্রামবাসী পুগুরীক-বিগ্রানিধির কথা বলিতে পিয়া বুলাবনদাস জানাইরাছেন :

এমূক্ষ-বেজ ওখা ভার তক্ত জাবে। একগলে মূক্ষেরও জন চইগ্রামে।

ইহা হইতে স্পাইই জানা বার বে মৃক্ন-দক্ত ছিলেন চটুগ্রামেরত লোক এবং চটুগ্রামেই তিনি ভূমিষ্ঠ হইরাছিলেন। ইহা ছাড়াও, চৈতক্ত-ভক্তব্দের জরাহানের উরোধ করিছে গির' বৃন্ধাবনদাস উক্ত পুগুরীক-বিগ্রানিধির সহিত বাস্থ্যবের নামও উরোধ করিরাছেন। ই এই বাস্থ্যবে ছিলেন মৃক্ন-দত্তের জ্যেষ্ঠ প্রাতা। প্রাত্তর বে অষষ্ঠ-কৃশজাত ছিলেন, তাহা দেবকীনন্দনের বৈক্ষবন্দনা হইতে জানা বার। প্র

'চৈডয়ভাগবতে' অন্ত একখন মৃক্লের উরেধ আছে। ইনি সঞ্চরের সহিত বৃক্ত। প্রার সর্বরই সঞ্চরের পূর্বে মৃক্লের নাম এরপভাবে ব্যবহৃত বে উভয়কে এক ব্যক্তিবিরা প্রতীতি খারে। নরহরি-চক্রবর্তীও বচছলে এই মৃক্ল ও সঞ্চরের নামকে একজ বৃক্ত করিরাছেন। বিভেল্লচরিতায়তে'ও বেধা বার বে মহাপ্রকৃর সন্থাসপ্রহণের পর আরৈত-গৃহে তিনি বে-ভক্তবৃল্লের সহিত মিলিভ হইতেছেন, তাঁহালের মধ্যে বাস্থাকে লামোধর মৃক্ল সঞ্জর উপস্থিত ছিলেন। খ্ব সম্ভবত, এই সমস্ত ধেধিরাই ৪১৩ প্রোরাজের 'বিফ্লিরা পত্রিকারে 'মৃক্ল' নামক প্রব্রুটিতে চক্রকান্ত চক্রবর্তী মহালর মৃক্ল সঞ্জরের ওকই ব্যক্তি সিন্ধান্ত করিরা লিধিরাছিলেন, "মৃক্ল সঞ্জর। নিবাস নববীপ, ইনি পুরুবোত্তম সঞ্চরের পূত্র।"

বাহাহউক, এই মুকুক্সক্স ছিলেন গোরাক্প্রস্থার বিশেষ ভক্ত। নবদীগে ই হার বা ই হারের বাড়ীতে বেশ একটি বড় চন্ডীমন্তপ ছিল। বাল্যকালে নিমাই এই চন্ডীমন্তপে

⁽३) ३१३७, पृ. ६० (२) दिः छो.—२१९, पृ. ३७० (०) शः—सोद्यस्य स्व (६) दिः छो.—३१३, पृ. ३० (६) दिः स. (स.)—शृ. ६९ (६) पृ.—३५ (१) छ.स—३२१३७७७, २२३७१ स. वि.—२सः वि.—१. ३७

গিরা পড়ুরাগণকে কাঁকি ভিজাসা করিতেন এবং তাঁহারিগকে বিভাশিকা দিতেন। স্কুক্ত-সঞ্জয়ও নিমাইর গৃহে আসা বাওরা করিতেন এবং চক্রদেশর বা শ্রীবাসের গৃহে কীর্তনকালেও উপস্থিত বাকিতেন। নিমাইর নববীপলীলার অক্তান্ত স্থলেও মৃকুত্ত-সঞ্জরের সাক্ষাৎ পাওরা বাব। গোরাকের বিতারবার বিবাহকালে বৃদ্ধিনত-পানের সহিত মৃকুত্ত-সঞ্জর বিবাহে বিশেষ অংশ গ্রহণ করিহাছিলেন।

कुमायन मान निश्वाद्य >0:

মৃত্যুক্ত-সঞ্জয় বড় সহাভাগাৰান। বাহার সন্দিরে বিভা-বিলাসের ছান । ভাহার পুরেন্ধে শুভু জাগনে পঢ়ারে। ভাহারও তাহার শুভি ভক্তি সর্বধারে।

এই পুরের নাম পুরুবোত্তম বাস ১১১

প্ৰেক সংয়ৰ কৃত্য মুক্স-সঞ্জ।
পুৰুবোদ্ধন দাস হেন বাংগত ভনঃ।
প্ৰতিধিন সেই ভাগ্যবন্তেৰ আলয়।
পড়াইতে সৌৰচক্ত কৰেন বিজয়।

আবার কুক্লাস-কবিরাজ বলিরাছেন ১২ :

প্ৰভূৱ পড়্যা ছুই পুৰবোত্তৰ সঞ্চ। ব্যাকরণে খুবা লিভা ছুই মহালয়।।

কুদাবনদাস ও কবিরাজ-গোরামী উভরে পুক্রোজমের সহিত সর্বত্র সঞ্চরের উল্লেখ করিয়াছেন। ব্রারি-গুপ্তও 'পুক্রোজমোসঞ্জরত' করাটি লিবিয়াছিলেন। পুক্রোজম শ্রীবাসসূহে কীর্তনকালে উপস্থিত বাকিতেন। মহাপ্রভূর দক্ষিণ-ল্রমণের পর বখন গোড়ীর ভক্তবৃত্ধ প্রথমবার নীলাচলে সিয়াছিলেন, তখন পুক্রোজম এবং সঞ্জরও তাঁহাদের সহিত সিয়া প্রক্রের উপনীত হন। ১৩ ইহার পরেও তাঁহারা মধ্যে নীলাচলে গিয়া মহাপ্রভূর সহিত সাক্ষাৎ করিতেন। ১৪ মহাপ্রভূর তিরোজাবের পরে প্রীনিবাস-আচার্বের প্রেম্বর্মার নববীপ আগমনকালেও সঞ্জয় নববীপে উপস্থিত ছিলেন এবং উভরের সাক্ষাৎ বটিরাছিল। ১৫ গদাধরদাসপ্রভূর তিরোধানতিথি-উৎস্বের সময় পুর্বরোজম ও সঞ্জয় রক্নত্বনপ্রভূর সহিত কাটোয়। য়ায়া করিয়াছিলেন। ১৩ সঞ্জয় ভাল বোল বাজাইতে লারিতেন। ১৭

^{·(}৮) হৈ জা—১।৮. শৃ ৫৬ (১) জ. র —১২।১৬-৬ (১০) হৈ জা,—১!৭, শৃ. ৪৮ (১১) ই—১।১৭, শ্বে ৭৬ ,(১২) হৈ হ,—১।৯৭, শৃ. ৫২ (১৬) ই—২।১১, শৃ. ১৫৬ ; জীয়ে হ—৫।১৭।৭ (১৪) হৈ জা,— বাহা, শৃ. ৬২৭ (১৫) জ. র.—৪।৫৭ (১৬) জ.র.— ১।৬৯৫ (১৭) প্রেট্ন জ.—শৃ. ২১৭

ক্ষি তৈতক্তাগৰতে সম্বের নাম একটি ক্ষেত্র ছাড়া সর্বত্রই মৃত্যের নামের অব্যবাহত পরেই সংবৃক্ত থাকার মৃত্যু ও সম্ভব এক ব্যক্তি ছিলেন কিনা সম্পেহ থাকিরা হার।
ক্ষানন্দের প্রন্থে মৃত্যু-সম্ভব নামের ব্যবহার আছে। ১৮ কিছা তিনি প্রস্থানের অক্তর সম্ভবের পরেও মৃত্যু নামের উল্লেখন করার মৃত্যু এবং সম্ভবেক পূর্বক ব্যক্তি ধরিরা সইতে বাধা থাকেনা। ভাছাড়া, 'চৈডক্সচরিভামৃতে' বলা হইরাছে যে প্রবোভ্য এবং সম্ভব ছইজন পূর্বক ব্যক্তি এবং ছইজনেই মহাপ্রভুর পড়্যা ও ব্যাকরণের মৃথা শিল্প।
ক্ষেত্রাং ছইজনকে প্রায় সম্বর্ধী ধরিতে হয়; অক্তরণকে, ছইজনের মধ্যে বে পিভা পুরের সম্ভ ছিলনা ভাহা বলা চলে। ক্ষুব্যং কুলাবন বে বলিরাছেন,

অনেক লকের ভূত্য সূক্র-সঞ্জ । পূক্রবাত্তৰ দান হেব বাহার ভবদ ।।

এখানে তিনি নিশ্ব প্ৰবোজনক মৃত্দেরই প্রস্তুপে উরেব করিবা থাকিবেন।
এই সকল হইতে মৃত্দের প্রস্তুর বে নিশ্বই পৃথক ব্যক্তি ছিলেন, এইরপ সিদ্ধান্ত সংগত
হয়। 'খনপ্রাম'-ভণিতার একটি পদে^{২০} পুরুষোক্তমবিহীন কেবলমান্ত বিজ্ঞানামধারী
অন্ত এক ব্যক্তির সহিত সম্বরের উরেব এবং 'নরহরি'-ভণিতার অন্ত একটি পদে^{২০} সম্প্রত্তমিন অবচ উক্ত বিজ্ঞারের সহিত পুরুষোক্তমের নামোরের একই সিদ্ধান্তের সমর্থন করে।
ভবে অধিকাংশ ক্ষেত্রেই বে তাহাদের একত্র উরেধ, ইহার কারণ মনে হয়, তাহাদের
ধনিষ্ঠ সংশার্ক। সম্ভবত সম্প্রান্ত প্রত্তমের কনিষ্ঠ প্রান্তা ছিলেন, কিন্তু তাহাদের মধ্যে বর্ষের
বিশেষ পার্থক্য থাকার তিনি প্রাত্তমন্ত পুরুষোক্তমের প্রান্ত সমব্দসী সমী-হিসাবে গৃহীত
হইবাছেন।

আর একটি বিষয় লক্ষণীয়। বেই সকল বলে উক্ত মৃক্ষের উল্লেখ করা হইরাছে, সেই সব বলে প্রায় কোবাও মৃক্ষা-হত্তের নামোলের নাই। 'চৈতক্তভাগবতে' বাজিল ভক্তবৃষ্দের নীলাচল-প্রমন বর্ণনার বাস্থ্যেক্ষত্ত ও মৃক্ষা-হত্তের ও নাম একরে এবং প্রবান্তম ও সক্ষরের নাম একরে উল্লেখিত হইরাছে। 'চৈতক্তবিভায়তে'ও বেধা বাইতেছে বে গোড়ীয় ভক্তবৃষ্দের প্রথমবার নীলাচলে আগমনকালে জাহাছের ফ্রেয় প্রথমবান্তম ও সঞ্জর উপস্থিত রহিয়াছেন, লেখানেও মৃক্ষের উল্লেখ নাই। ২৪ মৃক্ষা-হত্ত পূর্ব হইতে নীলাচলে উপস্থিত ছিলেন। ২৪ স্কৃত্তরাং মনে হয় বে সঞ্জয়-সংশ্লিষ্ট মৃক্ষা ও মৃক্ষা-হত্ত

⁽३৮) मृ. २० (३৯) मृ. ०१ (१०) यो. छ.—मृ. २३९ (२३) वे—मृ. ३४९ (२२) अ०, मृ. ७२७-६९ (२७) अङ्ग्रस्थल, मृत्य-गासद नाम कृत कतिया केटबर कर्ता वरेताच्य । वात्रभाव-व्याविद्यस सीवनीत व्याव्याव्याक्रमान अर्थेता । (२०) २।३३, मृ. ३४० (२०) वात्रभाव-व्याविद्यस वीवनीय व्याद्याव्या-व्याव्याद्या ।

বৃদ্ধি পৃথক ব্যক্তি হইতেন তাহা হইলে পুক্ষোদ্ধয় ও সঞ্জবের সহিত প্রথমোক্ত মুক্ষের নাম নিকরই উল্লেখিত হইত। আবার 'চৈতন্তমঙ্গলেও' দেখা বার বে চৈতন্ত-ভক্তাবভার বর্ণনাপ্রসাদে লোচনদাস মুক্ষ (বন্ত) ও সম্পরের নাম পৃথকভাবে উল্লেখ করিয়াছেন, ২৬ কিছ কোনস্থলেই ছইজন মুক্ষের একত্র উল্লেখ করেন নাই। এই সমন্ত হইতে ছই মুক্ষাকে এক ও অভিন্ন বলিয়া ধারণা জালো।

কিন্ত 'চৈতন্ত্ৰভাগৰতে'র একটি উল্লেখ বিশেষভাবেই প্ৰাণিধানবোগ্য। কুদাবনদাস । লিখিভেছেন^{২ ব} যে জগাই-মাধাই উদ্ধানের পর গোরান্তের গলার জলকেলিকালে

> কণে কেলি হরিবাস ক্রীবাস সূত্রে । জ্রীগর্ভ স্বালিৰ স্থারি জ্রীবান । পুরুষোত্তৰ সূত্রক সঞ্চন বৃদ্ধিবস্তথার ।

একলে স্পান্তই বৃদ্ধিতে পারা বাব বে এই বিতীয় মৃকুন্দ হাইতেছেন সম্ভৱ-প্রাতা পৃক্ষ ব্যান্তম-জনক ও বৃদ্ধিয়ত্ত-স্কাৰ, মৃকুন্দ এবং প্রথম মৃকুন্দ বাবং মান্ত হাইলেও পালাপালি বানিত এই উল্লেখ এতই স্পান্ত বৈ ইহার ইন্দিতকে স্বাহীকার করা চলেনা। স্বতরাং উপরোক্ত আলোচিত সম্ভব-সংশ্লিষ্ট মৃকুন্দ হাইতে মৃকুন্দ হাতকে পৃথক বালিয়া ধরিয়া লাইতে হয়।

মুক্ল-দত্ত ছিলেন মহাপ্রভুর আলৈশন সন্ধী এবং ভক্তি-মার্গীর জন্ত চৈতন্ত-উদ্বাবিত নিশ্চিতপদ্ধা বে নাম-সংকীর্তন, তাহারই উপস্কুল সাধক। "মহাপ্রভুর পূর্বে বাকলার কীর্তন ছিল, তবে তার তেমন প্রচার ছিল না, তা প্রণালীবছ ছিল না। এই প্রণালীবছ কীর্তনের প্রবর্তক বয়ং··· চৈতন্তাহেব। ২৮৮ এবং "চৈতন্তার প্রেমধর্ম কীর্তনকে বেরুণ ভক্ষন সাধনের অব করিব। তুলিল, এরুণ আর কোনও ধর্মে আছে কিনা সন্দেহ"। ২৯ মুক্ল-দত্ত সহছে সর্বাপেকা উল্লেখযোগ্য কথা এই বে এই কীর্তনই ছিল ভাহার 'ভক্ষন-সাধনে'র সর্বশ্রেষ্ঠ অব।

নববীপে আগমন করিবার পূর্বেই মৃত্যু পুগুরীকের তর সম্বন্ধ আত হইয়াছিলেন।
স্তরাং নববাপ-আগমনকালে তাঁহার প্রথম বাল্যাবন্ধা অভিক্রান্ধ হইয়াছে ধরা বার।
তথনত গোরাক্ষের আবিভাব ঘটে নাই। তাহাছাড়া, এই পুগুরীক ছিলেন গদাধরপতিত্বের পিতৃবন্ধু ও দীক্ষাক্তর এবং গদাধর গোরাক্ষের প্রার সমবরসী; স্ত্রাং মৃত্যুক্ষেও গৌরান্ধ অপেক্ষা ব্যবে অনেক বড় ছিলেন। তে বিন্ধ তিনি ছিলেন গোরাক্ষের

⁽२०) कि. व. (ला.)—गृ. ३१, ३३० (२१) २।३७, गृ. ३१० (२४) व्यर्गासवी—वीर्धन वामक, भावतीयां व्यानव्याचान, ३७८० ; कू.—कि. वा., ४।६२ (२०) कीर्ज व (व्याप्तक, ३७८२)—गृ. २० (७०)कू.—कि. व्यान्तकार ; के. व. (व्य.)—व. व., गृ. २० ; कि. इ.—२।३३, गृ. ३९८ ; क.—वाद्यवय-वद्य

'সমাধ্যারী' বন্ধু।৩১ সেই কারণে পরস্পরের মধ্যে একটি প্রীতি-সম্বন্ধ পড়িয়া উঠিয়াছিল এবং তাই বোধকরি প্রাথ- ও কাকি-জিঞ্জাসা বিষয়ে মৃকুন্দের উপর তাঁহার বিশেষ দৃষ্টি পড়িভ। সেই সময় মৃকুন্দ তাঁহার সংগীত-নৈপুণ্যে সকলকেই আক্টু করিয়াছিলেন। অপরাছে ভাগবতগণ আসিয়া অবৈড-সভার মিলিত হইতেন এবং যুকুন্দ কুকনাম-সংগ্রীত গাহিয়া সকলকেই মুগ্ধ করিতেন। কলে সকলেই তাঁহাকে ভালবাসিতেন এবং তাঁহার পাত্তিভা-খ্যাতিও ছড়াইরাছিল। এইসব স্বার্থে নিমাই মৃকুন্দকে বিলেবভাবে ক্ষম করিবার চেটা করিভেন। পথে বাটে বে ছানেই ছউক, দেশা হইলে ডিনি তাঁহাকে ধরিডেন। একস্ত স্কুন্দকে স্বলা সম্বন্ধ থাকিছে হইড। তিনি হয়ত সরলমনে গলালানে চলিলাছেন, হঠাৎ পৰিমধ্যে নিমাইচয়ের আবিষ্ঠাব। অমনি মুকুন্দ গা-ঢাকা দিশেন। কিন্ধ দৈবে একদিন ধরা পড়িয়া গেলে নিমাই বলেন বে কাঁকি দিয়া বা সুকাইয়া থাকা আর কভদিন চলে। প্রশ্নোদ্ধর আরম্ভ হয়। মৃকুন্দ-পণ্ডিতও মনে করেন, ৰাশ্ববিক এভাবে এড়াইয়া কিছু লাভ নাই; আৰু যাহা হউক একটা রকা করিতে হইবে, এমন প্রশ্ন উত্থাপন করিতে হইবে বাহাতে নিমাইটার আর কোনদিন তাঁহার কাছেও না আসিতে পারেন। নিমাই ছিলেন ব্যাকরণের পণ্ডিও। মৃত্যু তাঁহাকে অলংকার সম্ভীয় প্রাপ্ত জিজাসা করিলেন। কিছু শেষ পর্যন্ত নিজেই পরাভূত হইলে তিনি বালকের ধী ও স্বতিশক্তি প্রত্যক্ষ করিয়া বিষ্যু হইলেন। এমন পান্তিত্য বে মাহুবের মধ্যে সম্ভব, ইহা তাঁহার কল্পনাতীত ছিল। মহুশ্ব-সন্তান সক্ষে তাঁহার ভিন্ন জান উপজাত হইল।

মুক্ত কেবল প্রগারক ছিলেন না। তিনি ছিলেন বর্ণার্থ মর্মী ও ভাবুক। কোন্
সমর কোপার কী ভাবের সমাবেশ হইয়ছে, তিনি ভাহার মর্ম সহজেই উপলব্ধি করিয়া
সংগীত আরম্ভ করিভেন। ঈশর-প্রী ব্যন ন্যনীপে আসিয়া পৌরাজের প্রতি বিশেষভাবে
আরুই হন, তথ্ন

বৃৰিয়া মুক্ত এক কুকের চরিত্র।
গাইছে লাগিলা অভি কোনের সহিত্ত
থেই যাত্র ভানিলেন মুক্তের গাঁতে।।
গঢ়িলা ইবরপুরী চলি পৃথিবীতে।।৩২

মাবার প্রার-বিভানিধি নব্দীপে আসিলে মুকুক ববন সহাধর-প্রিভকে ভাঁচার নিকট শইয়া বান, তথন বিভানিধির বিশাসব্যসন দেখিয়া গ্রাধর সন্দেহাকুল চ্ইলে

^{(45) \$5.5. --&}gt;1>+, 7.42 (44) \$5.81,-->14, 7. 42

বৃধি থবাৰর চিত কীমুশোনৰ।
বিভানিবি প্রকাশিতে করিলা আরত ।

মুকুক হবর বড় কুকের বারন।
গড়িলেন রোক-ভব্তি সহিবার্থন ।

তদিলেন বাবে ভব্তিবোগের কবে।
বিভানিধি লাগিলেন করিতে ককন।

এবং

পরে ডিনি প্রকৃতিত্ব হইলে মৃকুন্দ গদাধরের সমাক পরিচর দিরা গদাধরের ইচ্ছাস্থারী বিভানিধির নিকট ভাঁহার মন্ত্রীক্ষার সক্ষতি গ্রহণ করিয়াছিলেন।

কিন্ত মৃকুন্দ প্রথম জীবনে ভগবানের চতুতু জ মৃতির উপাসক ছিলেন। ৩৩ অবচ ।
গৌরাল ছিলেন বিভূল কুক্মৃতির উপাসক। একদিন গৌরালপ্রভু অবৈড-শ্রীবাসাদি
ভক্তের দোবগুণ ইত্যাদি বিবরের আলোচনা করিয়া তাঁহাদের মনোবালা পূর্ণ
করিতেছিলেন। কিন্তু সেই সভার ম্রারি-শুপ্ত ও মুকুন্দ-হত্তের প্রবেশাধিকার না
থাকার তাঁহারা বিবর-ও লোকার্ড-চিত্তে বাহিরে অপেক্ষা করিতেছিলেন। অবৈডশ্রীবাসাদি ভক্তগণ মৃকুন্দ সম্বন্ধ গৌরাজপ্রভূকে বিজ্ঞাসা করিয়া আনিলেন যে ভক্তি সম্বন্ধ
মৃকুন্দের মন ভখনও পর্যন্ত সংশ্বদোত্ত থাকার সেই কপ্টভার জন্ম ভিনি অসম্বন্ধ
ইইশাছেন। ভিনি বলিলেন^{৩৪}:

वड़ नव कांग्रे का भूद ता श्रामिना । भारे (वड़ें) तारे रह, त्करहा का किनिना ॥ भरत करत कृत नव, भरत कांग्रे नारद । श्र वक्त-कांग्रेश (वड़ें) ना त्ववित तारद ॥

শর্থাৎ মৃত্নুন্দ লক্ষে তৃণ ধারণ করিয়া সমূবে ভক্তিভাব প্রাংশন করিলেও অন্তক্র বা অঞ্জ সম্প্রদায়ের মধ্যে গিয়া তিনি যে অন্তর্নপ ব্যবহার করিতে থাকেন, ইহা ক্ষমণীর নহে। কিন্তু মৃত্নুন্দ একান্ত ব্যাকৃলভাবে ঘর্ননাকান্তনী হইলে তিনি জানাইলেন যে কোটি ক্ষমের পরে মৃত্নুন্দ তাঁহার দর্শন লাভ করিতে পারিবেন। বাহির হইতে ইহা শুনিয়া মৃত্নুন্দ আনন্দে আত্মহারা হইলেন এবং "পাইব পাইব' বলি করে মহানুত্য।" কোটি ক্ষমের পরেও তিনি গোরাক্ষের সহিত মিলিভ হইতে পারিবেন—এই ক্রনাতেই ভিনি আনন্দবিভার হইলেন, গোরাক্ষের এই 'অব্যর্থ' বাক্যের উপর অসীম বিশ্বাসে নিনি জীবনকে সার্থক মনে করিলেন। গোরাক্ষ বৃদ্ধিলেন ভক্তের ক্ষম-ত্নার খুলিয়া গিয়াছে। তিনি সেই মৃত্তে মৃত্নুন্দকে নিকটে আনাইয়া আলিক্সন-পালে বন্ধ করিলেন। মৃত্নুন্দকর সেইবিন ইইতে ভৎকর্ত্ ক তাঁহার গায়নক্ষপে শুপ্রতিটিত হইলেন। বিবাস বা চন্দ্রশব্যের গৃহে যে সংকীর্তন ও নৃত্য চলিত ভাষাতে একরকম মৃকুন্দই ছিলেন মৃথ্য পারন। আর ছিলেন গোবিন্দ-বোর। ইংরার বিভিন্ন সম্প্রদারে বিভক্ত হইরা নত'ন-কীত ন করিতেন। ইংরারের কীত'ন-সংগীতে গৃহের অণ্-পর্যাণ্টি পর্যন্ত এক ভাব্যর চেতনরপ বারণ করিত। প্রভূগোরহরি ইংরাদিগের বারা যেন সমগ্র বৈক্ষর-সমাজকেই প্রেয়ভক্তির উচ্চতম মার্গে টানিয়া পাইরা বাইতেন। পর-হিতের অন্ত ইংরাদের জীবন এইভাবেই সার্থক-প্রবৃক্ত হইরাছিল এবং গোরাজের একজন মৃণ-গারন হিসাবে মৃকুন্দের এইয়ান চির-অন্তর ছিল। গোরচক্ত ভক্তবৃদ্ধকে লইরা বেইবার নাট্য-মঞ্চে অবতীর্থ হন, সেই স্বরণীর বটনা উপলক্ষেও 'কীত্যের ভভারম্ভ করিল মৃকুন্দ। পতি এবং 'হিরিদাসং প্রেধারো মৃকুন্দং পারিপার্দ্দিকং'। তি গোরাকের নগর-কীর্তনাধি অন্তান্ত ঘটনাক্ষেত্রেও মৃকুন্দের উপস্থিতি অনবীকার্য।

গৌরালের জীবনের এমন কোনও উরেধবোগ্য ঘটনা নাই, বাহার সহিত মুকুল বুক্ত হন নাই। সংকীর্তনের ঘারা নাম-মহাত্মা প্রচারের মধ্য দিয়াই গৌরাল-জীবনের কার্য-কারিতা ত্মলাই; আর একরকম জীবনের প্রারম্ভ হইতেই তাহার সংকীর্তন-সঙ্গী ছিলেন মুকুল-কন্ত। তিনি ত্মকণ্ঠ ও ত্মগাঠক ছিলেন। তিনি ত্মগালিত কঠে 'ভতিবোগ-সম্মুভ প্রোক'গুলি পাঠ করিলে কিংবা সংকীর্তন আরম্ভ করিলে গৌরালপ্রভূরও ক্ষমন্ত্রার খুলিয়া বাইত ও প্রবং এইভাবে তিনি গৌরাদের আনন্দ-লোকে বিচরণ করিবার লগগুলি উন্মুক্ত করিয়া দিতেন। গৌরালপ্রভূর সম্মান-গ্রহণ দিনেও মুকুল উপত্রিত থাকিয়াওদ তাহার 'সর্বকার্য' সমাধা করিয়াছিলেন, এবং তাহার দীক্ষা-গ্রহণের পূর্বে সংকীর্তন করিয়াছিলেন। সেইছিনভ মহাপ্রভূ নিশাকালেও 'মুকুল্বেরে আফ্রা কৈল করিছে কীত্রন'। উও প্রবং মুকুল সংকীর্তন আরম্ভ করিয়াছিলেন। সেইছিনভ মংকীর্তন আরম্ভ করিলে তিনিও ভাবাবেশে নুভ্য করিয়াছিলেন।

পর্দিন চৈত্তর ভাবাবেশে অগ্রসর হইলে ভক্তবৃদ্ধ পশ্চাতে ছুটিলেন। কিছু মুকুদ্ধের দারিত্ব ছিল কঠোর, তাঁহাকে সঙ্গে বাকিরা অবিরত কীত্র গাহিতে হইরাছিল। ১৯ মহাপ্রত্ত অবৈত-গৃহে পৌছাইলেও রাত্রিতে মুকুদ্ধ-কত তাঁহার প্রসাদশের গ্রহণ করিবার পর ভালমতে প্রত্তর অভর ব্রিয়া ভাবের সদৃশ পদ লাগিলা গাইতে। তারপর

⁽७४) वे.—२।>৮, गृ. २৮৯ (७५) कि. मा.—७।>১ (०१) के. चा.—२।२, गृ. २১० (०৮) वात्रमान-गाविरमत बीवनीत चारताध्याकात्र उद्देश । (०৯) के. चा.—२।>०, गृ. २८० (००) वे—०।>, गृ. २८७ ; के. म. (च.)—गृ. ৮৯ (०১) चू.—च. नि.—२६. च., गृ. ७० ; बतावस निविद्यादम व मूक्त्म बहाबाकूद मणाम-अश्राम मश्याद नदेश वववीरम निरादिरमम (देन. च., गृ. ००)। विश्व कृत्रमाम-कविद्याक्ष चामाहेडारहस व मश्याद नहेश निरादिरमम चामाविद्य (के. इ. —२।०, गृ. ७००)। वहे बामाव्य निर्णाक्य-वीदमी अहेगा।

করেক্থিনের মধ্যেই অবৈভপ্রত্ব নির্দেশে নিভাবেক্থাণি সহ মৃক্ক্ষণত প্নরাধ মহাপ্রকৃষ নীলাচল-বাত্রার সদী ইইলেন। ^{৪২} কিন্তু এইবারেও পবিমধ্যে উহাকে সর্বাই মহাপ্রকৃষ কান্তে থাকিছে হইল। তিনি কীত্র ধারা মহাপ্রকৃষ ভাবকে সংহত করেন, আর ক্ষন্ত কোন কারণে উহার মন অভিমানকৃষ হইলে মৃকৃক্ষ উহাকে একানী অগ্রসর করিয়া বেন এবং পরে একর মিলিভ হইষা নামকীত্র ধারা উহাকে বিয়োহিত করেন দেবকীনক্ষন মৃকৃষ্ণ সহত্বে বলিয়াছেন্^{৪৩} "গন্ধর্ব জিনিঞা বার গানের মহন্ব।" প্রকৃত্বই ছত্ত্রেলাগ জলেশর^{৪৪} প্রভৃতি শ্বানে ব্যন্ত বেণানে পিয়া পৌহান না কেন, তিনি গন্ধর্বাম সংগীত আরম্ভ করিলে প্রাম্বাসীরাও ধলে বলে আনিরা ভাহাকের মৃত্তান সংগীতে মোহিত হইরা বাইতেন।

মহাপ্রভুর স্কীদিগের মধ্যে মৃকুন্দই ছিলেন সর্বপ্রাচীন এবং সন্তব্ভ ব্যোজােচ, তাহার সহিত বিশারহ-জামাতা নীলাচলবাদী লােপীনাথ-জাচার্বের বিন্দেব পরিচর ছিল। তাই নীলাচলে পৌছাইবার পর এই পােপীনাথের সহিত সাক্ষাৎ বটিলে মৃকুন্দই স্কী-দিগের সহিত তাহার পরিচর ঘটাইয়া দিলেন এবং লােপীনাথের উপর চৈতক্ত্রসহ সকলের ভারার্পন করিবা মহাপ্রভুর একজন দীন সেবকরপে নীলাচলে অবস্থান করিতে লাগিলেন সন্তব্ভ এই সমরেই^{৪৪} একদিন সার্বভৌষ-ভট্টাচার্থ মহাপ্রভুর বন্ধনামূলক তুইটি রাৌক রচনা করিবা পাঠাইলে মহাপ্রভু তাহা ধরু বন্ধ করিবা ছিভিয়া কেলেন। কিছু তথপুর্বে মৃকুন্দ সেই তুইটি রাৌক প্রাচীর-সাত্রে বিধিয়া রাখার তথক্ত ক একটি মহামূলা বস্তর্ম উত্তারসাধন সন্তব্ধ হব।

'চৈতদ্বচন্দ্রেরনাটক' এবং 'চৈতদ্বচরিভারত' গ্রহরে প্রথমবার নীলাচলাগত পৌড়ীর ভরত্বের বে বিবরণ লিপিবছ হইরাছে, তাহাতে মৃহন্দের নাম নাই। প্রতরাং মহাপ্রভুর প্রাক্তিনাভ্য-সমলকালে 'মৃত্যুল বে নালাচলেই অবস্থান করিতেছিলেন ভাহাতে সন্দেহ বাবেনা। বাহা হউক, মহাপ্রভুর প্রভাবর্তনের পর তিনি সেই বংসর রথবাত্রা উপলক্ষের্বারে বে বেড়াকীর্তন প্রবর্তন করেন ভাহাতে মৃত্যুলও একজন প্রেট গারনরপে একটি সম্প্রদারের নেতৃত্ব গ্রহণ করেন। ৪৩ ভাহারপর উত্তর নৃত্যের সময়ও মহাপ্রভু গ্রহার প্রির গারন মৃত্যুক্তে সংগ্রহণ করিয়াছিলেন। ৪৭ ইহাই ছিল মৃত্যুক্তর জীবনের প্রেট গৌরব। ডিনি ব্যার্থ পণ্ডিত বা ভত্বজ্ঞানী ছিলেন কিনা ভাহা আমরা জানিনা, কিন্তু কীর্তন-গানই বিধি গৌরচন্দ্রের উত্তাসক্রণে ভক্তিপ্রগতের পিক্ষিপক্ত প্রাবিভ করিয়া থাকে, ভাহা হইলে

⁽৪২) স্বারণাল-বোধিক-জীবনীয় আলোচনাভাগ এইবা । (৪৩) বৈ- ব.—১১ (৪৪) হৈ জ্যা---লাব (৪৫) হ্রা---সার্বভৌষ (৪৬) হৈ- হ.—১।১৩, পু- ১৬৫ (৪৭) ঐ—পু- ১৬৫

বিশিতেই হইবে বে মৃত্যু-হত্ত ছিলেন সেই ভক্তি-গগন-সমৃত্যুত একটি উচ্চাল নক্ষা। সংকীর্তন-গানই ছিল ক্ষেন তাঁহার জীবনের ব্রডঃ আর সেই ক্রড উদ্বাপনের বস্তা ও বিষয় ছিল সেবা-ডক্তি ও প্রোম। সংগীত সাধনার মধ্য দিরাই মৃকুন্দের সেবা-ডক্তির সাধনা। ৪৮

মহাপ্রভূব গৌড়ধাত্রাকালে মৃকুন্ধ আবার সেই পুরাতন পথে প্রভ্যাবৃত্ত হইরাছিলেন এবং মিনি লক্ষ্ণ লক্ষ্ণ মাস্কবের পথনির্দেশ করিরাছিলেন ভিনি বেন ভাহারই পথ-প্রহর্শক হইরা চলিলেন। উড়িয়ার প্রাক্তদেশে ববনরান্ধ আসিরা মহাপ্রভূব সহিত সাক্ষাৎ করিলে মৃকুন্ধ আনাইলেন^{৪৯} বে রাজা বদি হরাপুর্বক মহাপ্রভূব গলাতীর-গমনপথের স্ব্যবস্থা করিবা মেন, ভাহা হইলে ভাহারা পরম উপকৃত হইবেন। মৃকুন্দের হতকেপে সকল বিবরের ব্যবস্থা হইলে ভাহারা পুনরার বাত্রা আরক্ষ করিলেন।

পৌড়ে আসিয়া মহাপ্রস্কু বখন রামকেশিতে রুণ-সনাতনের সহিত মিশিত হন, সেই স্পেও আমরা মৃকুন্দের উপস্থিতি প্রত্যক্ষ করিরা থাকি।^{৫০} ইহার পর আর আমরা মুকুন্দের বড় বেশি একটা সাক্ষাৎ পাইনা। তিনি এবারেও মহাপ্রভুর সহিত নীলাচলে কিরিয়াছিলেন কিনা, ভাছা বলা জুংলাধা। মহাপ্রকৃত্ব অস্তর্ক ভক্তরণে পর্পদামোদ্য আসিরা পড়ার মুকুন্দ-ছত্ত বা গোবিন্দ-বোবের ততটা প্ররোজন হয়ত আর ছিল না। কিছ ভদবধি গৌড়ে অবস্থান করিভে থাকিলেও তিনি মধ্যে মধ্যে নীলাচলে গমন করিয়া সেইস্থানে ধীর্ষকাল কাটাইয়া আসিতেন। কবিরাজ-গোস্বামী তাঁহার সমস্কে লিখিয়াছেন,^{৫১} "প্রতি বর্বে আইনে সঙ্গে রহে চারিমান।" 'চৈতন্তভাসবতে'ও ইহার সমর্থন আছে। 🕫 ২ 'চৈতক্সচরিতামৃতে' আর এক বংসর ভাছার নীলাচল-গমনের উল্লেখ দুট হর^{৫৩} এবং এই ব্ৰছের বর্ণনাত্রবালী আরও ভূই একবার ভবার মৃকুন্দের সাক্ষাৎলাভ করা বায়। ছোট-হরিদাসের মৃত্যুর কিছুকাল পরে মহাপ্রান্ত কেইদিন সৈকতভূমি হইতে স্থমধুর সংগীত প্রাথ করেন, সেইদিন ভক্তপুন্দের মধ্যে এই মুকুন্দকেও দেবিতে পাই। ^{৫৪} ই হাদের মধ্যে কি**ছ** সংগাগোড়াগত কোনও ভক্ক ছিলেন না। তাহাতেই সিদ্ধান্ত করিতে হয় যে সেই সমন্ত সম্ভবত মৃকুন-কম্ভ নীলাচলে বাস করিতেভিলেন। ইহা গোড়ীর ভস্কবুন্দের রখ্যাত্রা উপদক্ষে চারিয়াস নীলাচল-বাসকালীন ঘটনা হইলে এইস্থলে ভাঁহাদের নামও উল্লেখিড হইও। আবার রখুনাবদাস বেইদিন প্রথম নীশাচলে উপস্থিত হন, সেই দিনও যুকুনাই সর্বপ্রথম মহাপ্রভুর নিকট রতুনাধের আগমন-বার্তা নিবেখন করেন।^{৫৫} তখনও কিছু

স্বধ্যাত্রা-কর্নার্থী গোড়ীর বৈক্ষবকৃষ্ণ নীলাচলে পৌছান নাই। স্থতরাং মুকুন্দের নীলাচল-গ্রম ও নীলাচলাবস্থান বে তাঁহালের সহিত সম্পর্কিত ছিলনা ইহা বলা চলে।

মৃত্দের শেষজীবন বা তিরোভাব সমস্থে গ্রহকর্ত্ পণ নীরব রহিরাছেন। ^{৫৩} ভক্ত মৃত্দ্রও নিজের সমস্থে চিরকালই নীরব বাকিরাছেন। আপনার হৃংধ-বেদনা সম্পর্কে ক্ধনও ভাঁহার মূখে ক্থাট পর্মন্ত বাহির হয় নাই। মহাপ্রাকু ব্যিরাছেন^{৫৭}ঃ

> चवरत इत्था मुकूल कथा शाहि कूछ । देशन कुछ अधि स्तात विश्वन एत इत्था ॥

⁽००) मृ. वि.--अद्याक (पृ. २००) जांस्याद रक्षकपूत्र जांमध्य गीलाध्य स्टेड वर्गीत्य कितिश इंद्रपतित गरिक विभिन्न स्टेडास्टिमम । य. वि.-अद्ध (पृ. ४०) विभिन्न स्टेडाइड "क्रीस्ट्रम एक वर्ण अद्ग्रमम । जांकारेटाइड विंह काविमा नक्य ॥" (०१) देह. इ.—२१०, पृ. ३०० "

वात्रुरम्ब-स्थाव

'চৈতক্সচরিভায়তে' বলা হইরাছেই ঃ

গোৰিক মাধৰ বাক্ৰেৰ ভিৰভাই। বাঁ সৰাৰ কীৰ্ডনে মাচে চৈতত নিভাই।

গোবিন্দ-ঘোষ, মাধ্ব-ঘোষ এবং বাস্ক্ষেব-ঘোষ এই তিন ভাই' গোঁৱাকের শীলারছের সমর হইতে নববীপে থাকিরা তাঁহার কুপালাভ করিরাছিলেন। তাঁহার 'মৃথ্য কীর্তনীরা' বা প্রধান গারনক্রপেও তাঁহারা তাঁহার লীলাসন্ধী হইতে পারিরাছিলেন। কডকণ্ডলি পর হইতে জানা বার বে 'রাধিকাজনমচরিভা'দি পাহিরা তাঁহারা গোঁরাকপ্রস্কুকে আনন্দ দান করিতেন।

কিন্ধ বোৰ-আতৃত্ৰৱের জীবনবৃত্তান্ত সম্বন্ধ বিশেষ কিছু জানা বার না। 'পাটপর্বটনে' তাঁহাদের সম্বন্ধ শিবিভ ইইয়াছে, "অগ্রন্থীণে তিন বোষ লভিলা জনম।" 'পাটনির্শরে' ইয়ারই সমর্থন পাওয়া বার।" গোরাকসকী-হিসাবে ভংকালে তাঁহাদের মধ্যে গোবিক্ষ-বোষই সর্বাপেক্ষা প্রাধান্ত লাভ করিয়াছিলেন।

গৌড়ীৰ ভক্তবৃদ্ধের প্রথমবার নীলাচল-গমনকালে বাস্থাবে প্রভৃতি তাঁহাদের সহিত গিয়া মহাপ্রভৃত্ব সহিত মিলিড হন এবং সম্প্রদার-কীর্তনাদ্বিতেও বাগদান করেন। মাধব এবং গোবিন্দ মহাপ্রভৃত্ব সহিত তাঁহার 'উদ্বও নৃত্যে'ও বোগদান করিরাছিলেন। তারপর চাত্র্যান্তান্তে তিন ল্রাভা গোড়ে প্রভাবর্তন করিরা পাণিহাট্টতে নিভ্যানন্দ প্রভৃত্ব অভিবেক অমুষ্ঠানে বোগদান করিরাছিলেন। এই অভিবেকের কিছুকাল পরে নিভ্যানন্দ একবার গদাধর-দাসের গৃহে পৌহাইলে 'গারন মাধবানন্দ-বোর' 'দানধন্ত' গান করিরা ভক্তবৃন্ধকে পরমানন্দ দান করেন। পর বংসর আবার তাঁহারা তিন ভাই নীলাচলে গিরাছিলেন। বিদ্ধান্ত গোক্তিক-বোরকে নিকটে রাবিরা মাধব আর বাস্থ্যবেকে নিভ্যানন্দের সহিত গোড়ে পাঠাইরা কেন। প

(২) ১১২০, পৃ. ৫০ (২) এই সকলে বারপাল-বোবিদের জীবনীতে গোধিল-বোবের প্রসন্তুত্বও ব্রইবা। (৩) ববেপ্রনাথ নিজ ববের (প. খা.---এব. বত, ভূমিকা) বে ই হারের গৈজিক নিয়ার হিল ক্যারহট্ট প্রায়ে।' ভা- ক্তুরার সেব ববের (HBL--p. 88) বে ভারারা শীহটের দুর্গা অবধা ব্রামী (Burns or Burnsgi in Sylhet, which were probably the piace of their mothers people) নামক ছাবে বন্ধ প্রহণ করের এবং ভারবের পিছা কুয়ারহটে বাল হাপের করিরাহিলেন কিছ আছুন্তুর নবরীপে উটিয়া আসেব। (৩) টে. হ----২১১১, পৃ. ১৫০; ২১১৫, পৃ. ১৫০-৬৫ (৫) টে. ভা---আর, পৃ. ৬০৫ (৬) জী---১১২৫, পৃ. ১৮৬ (৬) জী---১১২৫, পৃ. ১৮৬; ১১১১, পৃ. ৫৫

ইহার পর আর মাধব ও বাস্থাবে সমতে কিছুই জানা বার না। তবে ওাঁহারা পরবর্তী-কালে গৌরাল-বিবরক পদাকি রচনা করিয়াছিলেন। মাধবের কীর্তন ও বাস্থ-বোবের পীত সমতে ক্রফাস-কবিরাজ বথেট তারিক্ করিয়াছেন। ১০ খেডরির উৎসবাস্থ- ঠানওলিও 'প্রথমেই বাস্থ-বোবের গৌরলীলা গান' দিরা আরম্ভ করা হইত। ১১ বাস্থ-বোব গৌরাক্ষের বাল্যলীলা- বা গোঠলীলা-বিবরক পদে নিজ্ঞানন্দ সহ রামাই, স্থন্দরানন্দ, গৌরীদাসাদির বে লীলা-বর্ণনা করিয়াছেন, সম্ভবত তাহা হইতেই 'বাদশ গোপালো'র ধারণার উত্তব হইরা থাকিবে। ১২ বাস্থ্যেব-বোবের রচিত অসংখ্যা কবিতার মধ্যে করেবটি রক্ষরলি পদও রহিয়াছে।

মাধব-বোষও একজন পদকর্তা ছিলেন। 'চৈতক্সভাগবত'-কার মাধবকে 'বৃন্ধাবনের পারন' বলিয়াছেন। ^{১৩} উক্তিটির মধ্যে কোনও তথাগত সভা আছে বলিয়া মনে হর না। 'একমাত্র 'ম্রনীবিলাগ'-গ্রবে লিখিত হইরাছে ^{১৪} বে নিভ্যানন্দ-ভক্ত মীনকেতন এবং কারস্থ মাধব-দাস একবার অলধান হইতে কানাই ও বলাই নামক তুইটি বিগ্রহ আনিয়া বালাপাড়ার রামাই-ঠাকুরের হতে তাহা অর্পন করিরাছিলেন। কারস্থ লোছেব মাধবের নাম দেখিরা মাধব-বোষের নামই মনে পড়ে। মাধব-বোষের পক্ষে কুল্বাবন-দর্শনার্থী হইরা একবার তথার গমন করাও অসম্ভব না হইতে পারে। কিন্তু বালাপাড়ার উক্ত বটনা বহু পরবর্তী-কালের, মাধব-বোষ ওতদিন জীবিত থাকিয়া শক্তসমর্থ ছিলেন বলিয়া মনে করা বার না।

বলা হইয়াছে। কবিরাজ-গোস্বামী-বর্ণিত মূলয়ন্ধ নাগাতে শ্রীনাখ-পণ্ডিত এক শ্রীনাখ-মিশ্র নামক আরও ছুই ব্যক্তির নাম পাওরা বার। ইহাদের মধ্যে শ্রীনাখ-পণ্ডিত যে কাশীনাপ-পতিতের সহিত সম্পর্কযুক্ত তাহা কাশীনাবের জীবনী আলোচনা করিলে বুঝিতে পারা যায়। তবে শ্রীনাগ-মিশ্রের পক্ষে উপরোক্ত শ্রীনাখ হওয়া সম্ভবণর হইতেও পারে। শ্রীনাথ-চক্রবর্তী নামধের এক ব্যক্তি তথার গলাধর-শাখাভূক্তরণে বর্ণিত হইরাছেন। °চৈভক্তরিতামুক্তে একই ব্যক্তির বিভিন্ন শাখার মধ্যে উল্লেখিত হইবার দৃ**টাস্ক** আছে। ^{৩৮} অবৈত-গ্রাণয়ের মধ্যে এইরূপ ঘটনা স্বাভাবিকও ছিল। এদিকে কর্ণপুরের শুরু শ্রীনাধের সহিত মহাপ্রভুর সংযোগও বনিষ্ঠ হইরাছিল। স্থতগ্রাং তাঁহার পক্ষে মিশ্র ও চক্রবর্তী উভর উপাধিতেই ভূবিত হওরা অসম্ভব নাও হইতে পারে। 'প্রেমবিলাসে'র চতুর্বিংশ-বিলাস মতে কৰ্ণপুর-শুক জীনাণ-আচাৰ্য বা জীনাখ-চক্রবর্তী অধৈতপ্রস্তুর নিকট ভাগবত পাঠান্তে তাঁহার মঙ্গশিষা হন এবং সেই শ্রীনাথ-আচার্বই শ্রীচৈডক্তশাখাকুক ছিলেন। 🗪 এই বর্ণনাও আপাত-দৃষ্টিভে উপয়োক্ত বিবরণকে সমর্থন করিভেছে: 'অবৈভমলগ'-মভে শ্ৰীনাথ-আচাৰ্য নামক এক দাক্ষিণাস্থাবাদী ব্ৰাহ্মণ সম্ভবত স্নাতন-গোৰামীৰ পিতা কুমার দেবের সময় হইতেই তাঁহাদের পুরোহিত ছিলেন এবং ডিনিও অবৈত-শিশ্ব হুইয়াছিলেন। বিষরণের মধ্যে ঐতিহাসিক সভা থাকিতেও পারে। কি**ন্ত থাকিলেও** সেই শ্ৰীনাণ যে আলোচ্যমান শ্ৰীনাথ-মাচাৰ্য বা শ্ৰীনাথ-চক্ৰবৰ্তী হইতে ভিন্ন ব্যক্তি ভাহাতে সম্পেহ নাই। এবে উপরোক্ত চতুর্বিংশবিলাগ-কার সম্ভবত 'অবৈতম্বল'-কারের বর্ণনাকে ঠিক মত অমুধাবন করিতে না পারিয়া বিষয়টিকে জটিশ করিয়া তুলিয়াছেন। 'চৈভক্লচরিভামতে'র অছৈত-শাখা-বর্ণন পরিচ্চেমে কিন্তু কোথাও শ্রীনাথের নাম উল্লেখিভ रुष्ट्र भारे।

যাহাই ইউক, একদিন শিবানন্দ ভস্কবৃন্দকে ঘাঁটিতে রাখিরা কার্ববাপদেশে একাকী দ্রে গমন করিলে সকলে গ্রামের মধ্যে বৃক্ষজলে বিশ্রাম করিছেছিলেন। কারণ, 'শিবানন্দ বিনা বাসন্থান নাহি মিলে'। এদিকে নিত্যানন্দ 'ভোকে ব্যাকুল হইয়া শিবানন্দের ভিন পুত্রের নামে অভিনাপ দিতে থাকিলে শিবানন্দ-গৃহিণা ক্রন্দন করিছে থাকেন। শিবানন্দ ফিরিয়া আসিয়া সমস্ত গুনিলেন। কিন্তু ভিনি ইতিপূর্বে নিত্যানন্দকে গৌরাকের অগ্রন্দ বিশ্বরূপের শক্তি-রূপে করনা করিয়া তাঁহার ভক্ত হইয়াছিলেন, ৪০ এবং তাঁহাকে গৌড়ে চৈভক্ত-গ্রেরিভ মঙ্গলদ্ভ বিশ্বরা গরিয়া লইয়াছিলেন। ভাই পদ্বীকে উন্দেশ করিয়া

তি হো কৰে ৰাউলী কেব সনিস কাশিয়া। সক্তৰ আমায় তিব পুঞ্জায় বালাই লইয়া।

এই বলিয়া তিনি নিত্যানন্দের নিকট সমন করিলে নিত্যানন্দ তাঁহাকে পদাঘাত করিলেন। কিন্তু শিবানন্দ উক্ত আচরণকে 'শান্তি ছলে ক্লপা' মনে করিয়া ক্লতার্থ বোধ করিলেন এবং সেই মুহুর্তে নিত্যানন্দের আহার ও বাসস্থানের ব্যবস্থা করিয়া দিলে তৎকর্তৃক আলিকন-বন্ধ হুইলেন।

'তৈতক্তের পারিবদ' শিবানদের প্রতি নিতানিদের এই প্রকার ব্যবহারে শিবানশের ভাগিনা শ্রীকান্ত অত্যন্ত কুম হইয়া একাকী সর্বারে নীলাচলে চলিয়া বান এবং তথার মহাপ্রভুর সন্মুখে গিরা একেবারে 'পেটান্দি গার করে দণ্ডবং নমন্বার'। ভূতা গোবিদ্দ শ্রীকান্তকে 'পেটান্দি' খুলিয়া প্রণাম করার নির্দেশ দিলে মহাপ্রভু বলিলেন:

> ক্ৰিকাৰ আসিলাছে পাঙা খৰোছঃৰ। কিছুনা বলিহ কক্ষক বাজে ইহার হুব।।

মহাপ্রদুর এইরণ অমৃত-নিক্রনী বাক্যে প্রীকান্তের সমস্ত অভিযান কোধার ভাসিরা গেল তিনি মহাপ্রদুর নিকট বৈশ্ববদের নানাবিধ সমাচার জ্ঞাপন করিলেন। প্রীনাধ বে শিবানন্দের সহিত না আসিরা অহৈতপ্রভুর সন্ধ দাইবাছেন, তাহাও বলিলেন; কিছ উপরোক্ত ঘটনাটির উরেখ্যাক্র করিলেন না। এদিকে শিবানন্দ নীলাচলে পৌহাইরা তাহার তিনটি পুত্রকেই মহাপ্রভুর নিকট লইরা গেলেন। মহাপ্রভু পূর্বেই চুইজনকে দেখিরাছিলেন, কিছু কনিষ্ঠটিকে এই সর্বপ্রধন দেখিরা তাহার সম্বন্ধ কোতৃহলী হইলেন এবং কোতৃক করিয়া পুরীশ্বকে বলিলেন ''লামিন্ তব দাসং।''ই এই সময়ে শিক্ত-পুরীদাস মহাপ্রভুর চরণাস্ট মূবে পুরিয়া তাহার প্রতি আজন্ম-অম্ব্রাগের পরিচর প্রদান করেন। ইই পরে মহাপ্রভু গোকিক্তের বলিরা দিলেন:

শিৰাদশ্যের প্রকৃতি পুত্র বাবং হেখার। আমার অবশেষ পাত্র ভারা বেন পার।।

এইবারে শ্রীনাথের সহিত্ত মহাপ্রভুর ঘনিষ্ঠ সংযোগ সাধিত হয়। ৪০ অথৈত প্রভু শ্রীনাথকে দিয়াই চৈতক্ত-পূজার উপকরণ বহাইরা শইয়া গেলে:

> শ্ৰীৰাথঃ স ভগা প্ৰভোগ্ৰ পৰিবেঃ সন্দৰ্শন-পূৰ্ণন-প্ৰেৰালাপকৃপাকটাক্ষলয়া পুৰিৱেগাংলায়ত।।

এবং মহাপ্রভুর নিকট হইতে জ্রীনাধের এই কুপালাভই সম্ভবত মহাপ্রভুর অশেষ কুপা প্রাপ্ত শিশু-পুরীদাসের শুরুত্ব-পদের ভূমিকা-বর্তন হইরা গেল।

আরও একবার শিবানন্দ তাঁহার পত্নীকে সঙ্গে লইরা-চৈতন্ত-দর্শনে গিয়াছিলেন, সংক

⁽৪১) চৈ. মা.—১০।১৮-১৯ (৪২) চৈ. চ.—০৷১২, পৃ. ৩৪২ ; চৈ. কৌ.— পৃ. ৪০০ ; গৌ. ভ.— পু. ৩১৪ (৪৩) চৈ. মা.—১০।১৮, ৪৫

পুরীদাসও ছিলেন। তথন তিনি সপ্তবর্ষবন্ধ । ৪৪ নিবাননা পুত্রকে দিয়া মহাপ্রভুর চরণ-বন্দনা করাইলে মহাপ্রভু তাঁহাকে পুনঃ পুনঃ কুফনাম উচ্চারণ করিতে বলিলেও বালক নীরব থাকিলেন। কিন্তু আর একদিন মহাপ্রভু পুরীদাসকে পড়িতে বলিলে সপ্তবর্ষবন্ধ বালক কুফন্ততিমুক্ত এক অপূর্ব প্লোক গ্রাধিত করিয়া সকলকে স্কন্তিত করিয়া দেন। ৪৫

সম্ভবত ইতিমধ্যে শ্রীনাথের নিকট পুরীদাসের পাঠ আরম্ভ হইরাছিল। শ্রীনাথ ছিলেন পতিত ব্যক্তি। তিনি ভাগবত-সংহিতার ব্যাখা ^{৪৬} রচনা করিয়াছিলেন। তাঁহাছই অধ্যাপনায় পুরীদাস স্থানিকত হইরাছিলেন। পুরীদাসের পক্ষে শ্রীনাথের সাহচর্য-লাভেও কিছু অস্থবিধা ছিল না। কারণ, শ্রীনাথ কুমারহট্টেই বাস করিতেন এবং সেইস্থানে তিনি কৃষ্ণদেব-বিগ্রহ স্থাপন করিয়াছিলেন। ^{৪৭} পরে সম্ভবত সেই বিগ্রহই কৃষ্ণরার নাম প্রাপ্ত হইরা কবিকর্ণপুর কর্তৃক সেবিত হইতে থাকে। ^{৪৮}

শিবানন্দের শেব-জীবনের সংবাদ কোষাও বড় একটা পাওরা হার না। 'ভব্তিরত্বাকর' ইন্দ্র গণিব পিছত বিদ্যালয় করে কটি পদে 'শিবানন্দর্যাদ-', 'শিবানন্দ' - বা 'শিবাই'-ভনিতা দেখিতে পাওয়া যায়। পদগুলি হে কোন্ শিবানন্দের ভাষা নিশ্চিতভাবে বলা হার না। ভবে 'গৌরপদভর্ষিনী'-শ্বত পূর্বোক্ত পদটি ত যে শিবানন্দ -সেনের ভাষা একরকম ধরিয়া লাইতে পারা হার।

কিছ শিবানদের পূত্র কবিকর্নপুরের কবি-কৃতি ছিল স্থাসিছ। বাংলা ও ব্রহ্নবুলি উভয় ভাষাতেই তিনি কবিতা রচনা করিয়াছিলেন। ৫০ উদ্ধবদাস একটি পদে ৫২ আনাইতেছেন যে কবিকর্নপুর 'শ্রীচৈতস্তচন্দ্রাদয় গুবাবলী গ্রন্থচন্দ্র' রচনা করিয়াছিলেন। আবার চৈতস্ত-তিরোভাবের পরে কবিকর্নপুর উড়িয়াধিপতি প্রতাপক্ষের আজাতেই তাঁছার স্থবিধ্যাত 'চৈডস্কচন্দ্রোদয়নাটক' রচনা করেন। ৫৩ গ্রন্থের সমাপ্তি-স্চক শ্লোকটি

⁽৪৫) চৈ. চ.—১)১৬, পৃ. ৩৫৯ ; সৌ. জ.—গৃ. ৩১৪ ; চৈ. কৌ.—গৃ. ৪০১ (৪৫) চৈ. চ.—১)১৬, পৃ. ৩৫৮-৫৯ ; গৌ-জ.—গৃ. ৩১৪ ; অ.ধ্য.-মজে (১৯শ. অ., পৃ. ৮২)

অভিবাল্যে সর্ব শাল্পে হইন ক্রণে।। কবিকর্ণপুর নামে হৈলা ডিহো থাডি।

⁽৪৬) পৌ. দী.—২১১; গ্রে- বি.-বতে (২০শ-বি-, ২০০) : চৈতঞ্চ-সত-সঞ্বা ভাগবতের চীকা কৈল সেহ। (৪৭) পৌ. দী.—২১১; গ্রে- বি.—২০শ- বি., পৃ. ২০০; বৈ. দ-বতে (পৃ. ৩০৮-৪৯) ডিনি কুক্রার-বিগ্রহ প্রতিষ্ঠা করিরা শিবানককে সবর্গণ করিয়াছিলেন। (৪৮) চৈ. কৌ. পৃ. ২৭২ (৪৯) ১২।০০৪৯ (৪০) পৃ. ২০৯ (৫১) প. ক. '(প.)—পৃ. ১৪৭ (৫২) গৌ. ড.—পৃ. ৬১৪(৫৩) চৈ. লা-

হইতে জানা যায় বে ১৪০৪ শকে বা ১৫৭২ এ.-এ এই নাটকের রচনা সমাপ্ত হয়। ৫৪ ১০২৮ সালের বিংগবাণী প্রকার হৈছ-সংখ্যার দীনেশচন্দ্র সেন মহাশর লিখিরাছিলেন, "ক্বিকর্ণপুর ১৫৭২ এ.-এ সংশ্বত ভাবার 'চৈডক্রচন্দ্রোহরনাটক' ও 'চৈডক্রচরিতায়ত-মহাকাবা' এই তুই পুত্তকই সমাধা করেন; এই তুই পুত্তক প্রকাশের এক বংসর পর কৃষ্ণবাস-ক্বিরাজের 'চৈডক্রচরিতায়ত' প্রকাশিত হয়।" এই শেবোক্ত তথ্য তুইটি কিন্তু সভা-সম্প্রহীন। কিন্তু ১৩৪২ সালের বংগীর সাহিত্য পরিবং-পত্রিকা'র 'প্রিচৈডক্রচন্দ্রোদয়ন নাটকের রচনাকাল' নামক প্রবছে ভা. বিমানবিহারী মকুমদার প্রমাণ করিবার চেটা করিরাছেন বে ১৫৪০ এ.-এর পূর্বেই নাটকটি রচিত হইরাছিল। আবার বিমানবাব্র আভ্যন্তরীণ প্রমাণাবলীর উল্লেখ করিয়াও ভা. স্থাপ্তবৃমার দে মহাশর জানাইডেছেন, ৫৫ 'There is nothing to throw doubt on the genuineness of this colophon verse.'

এই গ্রন্থ বচনার পর কবিকর্ণপুর করেকজন বিশিষ্ট ব্যক্তির বারংবার অন্থরে।ধক্রমে 'গৌরগবোদ্দেশদীপিক' রচনা করেন। বিশ্ব ১৪০৮ শক বা ১৫৭৬ ব্রী.-এ এই গ্রন্থ সমাপ্ত হয়। বিশ্ব কোন কোন পুথি অন্থবারী ইহার রচনাকাল ১৫৪৫ ব্রী.। ভা. সুকুমার সেন এই ভারিগটকেই 'সক্ষভ' মনে করেন। বিশ্ব ইহা ছাড়াও কর্পপুর 'আর্হালতক' 'আনন্দ-কুলাবনচন্দ্র' 'অলংকার কোরুভ' ও 'ব্রিটেডক্রচরিভায়তমহাকাবা' 'কুফাহ্নিককৌম্দী' প্রভৃতি গ্রন্থ রচনা করেন। উ 'টেডক্রচরিভায়তমহাকাবাটির সমাপ্তি-স্টেক প্লোক হইতে জানা বার বে গ্রন্থটি ১৫৪২ ব্রী.-এ সমাপ্ত হইরাছিল। ভা. বিমানবিহারী মন্ধ্যনার ও ভা. সুকুমার সেন বলেন, ''এই ভারিগ সন্দেহ করিবার কারণ নাই।'' একই কালে কুলাবনে রপ-সনাতনাদির মন্ডই গৌড়-বংগে কবিকর্ণপুরের ভকত্বপূর্ণ গ্রন্থাদি রচনার অসাধারণ কৃতিত্বের কথা স্বরণ করিবা ভা. মন্ধ্যদার তৎকালীন বৈক্ষবসমান্তে কর্ণপুরের হান সন্ধন্ধে বিশ্বর প্রকাশ করিবা আহ্মান করিতেছেন্ত্র বিশ্ব তংকালীন 'সর্ববান্ধিসম্বত' প্রীকৃক্ষকে পুরোভাগে না ধরিবা 'বাটি গৌড়বানীরা নিবিল ভার তের আপেক্ষা না রাধিরা টেভক্তের উপাসনা প্রবর্তন করেন' বিল্বাই 'কবিকর্ণপুর ছব গোস্থামী বা সাভ গোস্থামীর মধ্যে স্থান পারেন নাই'।

শিবানন্দের মত কবিকর্শপুরের শেব জীবন সহজ্ঞেও বিশেষ কিছুই জানিতে পারা বার

⁽৫০) ঐ—১০ম. আ, পৃ. ৬৮৫; চৈ. কো.—পৃ. ৪০২ (৫৫) VFM—p. 86 (fin.) (৫৬) ৫ (৫৭) গৌ. মী.—২১৫ (৫৮) বা. ই. (২ম. সং.)—পৃ. ২৩৯ (৫৯) চৈ. চ.—০)১৬, পৃ. ৩৫৮ (৬০)-চৈ. কো.—পৃ. ৪০১ (৬১) গৌ. মী.—পৃ. ১৬ (৬২) চৈ. উ.—পৃ. ১০৪

না ।৩৩ 'ভক্তিরতাকর' হইতে জানা হার যে গণাধবদাস প্রভূর তিরোধান-তিথি মচামচোৎস্বকালে ভিনি তাঁহার জোঠ-শ্রাতা চৈতক্তমাসের সহিত কাটোয়াতে গিরাছিলেন।৬৪ সম্ভবত তাঁহার মধ্যম-শ্রাতাও এই উপলক্ষে উপস্থিত হইরাছিলেন।৬৫ 'প্রেমবিলাস'-কার বলেন যে 'কর্ণপূর' খেতুরী-উৎস্বে যোগদান করিরাছিলেন।৬৬

⁽৬০) জ. প্র.-মতে অবৈত-ভিরোভাবকালে ভিলি শান্তিপুরে আসমন করিয়াছিলেন ৷ ' স. খু.-মতে (পৃ.১০) ভিলি একবার সুলাবদেও বান ৷ (৬৪) ১০০৬ (৬৫) ঐ— ১৪০১ (৬৬) ১৯খ. বি., পৃ.৬০৮ ;

ৱাঘৰ-পণ্ডিত

রাবব-পণ্ডিতের নিবাস ছিল পাণিহাটিতে। 'চৈড স্তচরিতামূতে'র মূলস্কন্ধ-শাধারু তাঁহাকে চৈত দ্রের 'আন্ত অস্কচর' বলা হইলেও গোরান্ধের নববীপ-শীলার মধ্যে তাঁহার নাম দৃষ্ট হর না। একমাত্র অর্থানন্দের 'চৈত স্তমকলে'র একটি সন্দেহজনক বিরাট তালিকার মধ্যে তাঁহার নাম পাওবা বার। তাহাও আবার চৈতক্তের সন্মাস-গ্রহণকালে। তৎপূর্বে তিনি মহাপ্রভূব সহিত কোনও প্রকারে সম্পর্কিত হইলেও তাহা বিশেষ উল্লেখযোগ্য নহে। রাধ্বের ভগিনী দমরন্ধী দেবীও একজন ভক্তিমতী মহিলা ছিলেন।

দেশ-দেশান্তর হইতে রাষ্ব বহু অর্থ-বারে দিব্য-সামগ্রী আনিরা রুক্ষ-পূজার আরোজন করিতেন। বাড়ীতে নারিকেল আদি কলকর বৃক্ষের অভাব ছিল না। কিন্তু বহুগুণ মূল্য দিরা দশ কোশ দ্ব হইতেও তিনি নারিকেল প্রভৃতি সংগ্রহ করিয়া আনিয়া তাহার রুক্ষপূজার উপচারকে শ্রম-মাহাত্ম্যে মধুর করিয়া ভূলিতেন। পূজার মধ্যে বিস্থাত্র ফাক থাকিলেও চলিত না। একদিন পূজা-গৃহের দরজার অপেক্ষমান কলপাত্রহত্ত-সেবক খারের উপরে ভিত্তে হাত লাগাইয়া পুনরার সেই হত্তে কল স্পর্ণ করিলে রাষ্ব সেই সমন্ত কলকে প্রাচীর-পারে নিক্ষেপ করিয়া পুনরার পের পবিত্র ভোগে'র ব্যবহা করিয়াছিলেন। এই রক্ম নিষ্ঠানহকারেই তাহার সেবা-পূজা চলিত। 'কলা, আগ্র, নারজ, কাঠাল' প্রভৃতি ফল, শাকাদি নানাবিধ ব্যক্ষন, 'চিড়া, হড়্ম, সন্দেশ,' 'পিঠা, পানা স্বীর,' 'কাসলাদি আচার,' 'গঙ্কব্য অলংকার' সমন্ত কিছুই নিবেছন করিয়া তিনি পূজা-বিধি পালন করিতেন।

রাষ্ব-ভগিনী দমন্তী দেবীও মহা'প্রভুর প্রির্দাসী' ছিলেন এবং তাঁহারও নিষ্ঠা ছিল অপূর্ব। বারমাস বাবং তিনি চৈডক্ত-সেবার আবোজন করিবার জক্ত বাত্ত বাকিতেন। আমা বাল প্রভৃতির কাসন্দী, লেবু, আদা ও আমের বছবিধ আচার, মহাপ্রভুর আমাশরের জক্ত নানাবিধ ক্ষেনা, ধনিয়া মোরী প্রভৃতি দিয়া বিভিন্ন সমরের জক্ত বিভিন্ন প্রকারের আহার্ব, নানা-রকমের নাজু ও মিটার, কর্প্র-মরিচ-লবক-এলাচমুক্ত বছবিধ বাত্ত-সামগ্রী, লালিধাক্রের বই-এর ত্বভপত্ত কর্প্রমৃক্ত উবড়া,—কোন কিছুই বাদ বাইত না। বাহাতে মহাপ্রভু সংবংসর বাবং বিজ্মাত্র অস্বিধার না পড়েন, তজ্জ্ব তাঁহার উৎকর্চার সীমাধ্যক্ত না। এমন কি গলাজল ও বল্পে-ছাঁকা সন্মান্তিকা প্রভৃতি মহাপ্রভূর নিড্য-

⁽³⁾ दिन. च., मृ. १६ (२) दे5. 5.—२।34, मृ. ३१৯ (७) वे—३।३०, मृ. ४৯ ; ४।३०, मृ.

ব্যবহার্থ পুঁটিনাটি প্রয়োজনীর সামগ্রীর সকল কিছুই সংগ্রহ করা হইত। এই সকল প্রব্য পরিপাটি সহকারে গুছাইরা সাজাইরা ঝালি ভর্তি করিরা নীলাচলাভিমুধী বীর প্রাভার সহিত পাঠাইরা দিরা তবে ভিনি নিলিত হইতে পারিতেন। কিছু ঐগুলি গিরা পৌছাইতেই জাবার ভাঁহার কার্য জারন্ত হইরা বাইত। এইরপ আরাধনা ও ভর্মরভার মধ্য দিরা ভাঁহার জাবন অভিবাহিত হইত। ভক্তি ও সেবা-মাধুর্যের অনন অনিব্যনীর প্রকাশ জগতে বিরল। আজিও রাধ্বের ঝালি'র নাম নীলাচলে অবিশ্বরণীর হইরা আছে।

মহাপ্রভূব রাক্ষিণাত্য-শ্রমণের পর নীলাচলাগত ভক্তক্ষর মধ্যে রাষ্টের প্রথম সাক্ষাৎ পাওরা যায় এবং তথার তাঁহাকে মহাপ্রভূ-প্রবর্ভিত সম্প্রদার-কীর্তন, জলকেলি প্রভৃতি বিশিষ্ট অনুষ্ঠানগুলিতেও অংশ-গ্রহণ করিতে দেখা যার। তারপর ভক্তবিদারকালে মহাপ্রভূ পঞ্চম্থে রাষ্ট্রের প্রশংসা করিয়া সর্বসমক্ষে তাঁহার ব্রক্ষভক্তি ও সেবাবিধির কথা হোরণা করিয়া তাঁহাকে প্রেমালিশন দান করেন।

রাষ্য নীলাচল হইতে পাণিহাটীতে কিরিলে নিত্যানন্দগ্রন্থও স্বীর ভক্তবৃন্দগ্র 'সর্বাছ্যো তাঁহার গৃহে আসিয়া উঠিয়াছিলেন। তৎকালে মকর্মমন্ত-করওও তথার উপস্থিত ছিলেন। অস্তান্ত ভক্তের মত রাষ্য নিত্যানন্দের আক্রাক্রমে স্থভাবন্ধ কুণলতার সহিত সমস্ত উপকরণ যোগাড় করিয়া হিলে নিত্যানন্দের অভিযেক সম্পন্ন হইয়াছিল। এই অনুষ্ঠানে স্বরং রাষ্যই ছত্র-ধারণ করিয়া নিত্যানন্দের পার্থে দুগায়মান হইয়াছিলেন এবং রাষ্যের পরম অভিধেষতার মধ্যেই নিত্যানন্দের লীলা আরম্ভ হয়। দীর্ঘ তিন-মাস্যাক্র নিত্যানন্দ রাষ্য্য রাষ্য্য রাষ্য্য অবস্থান করিয়ার পর অন্তন্ত গমন করেন।

পর-বংসরেও রাঘব নীলাচলে গমন করিয়াছিলেন এবং তাহার পর মহাপ্রভূও গোড়ে আসিরা প্রথমে রাঘবের গৃহে ভিক্ষা-গ্রহণ করেন। সরমকেলি হইতে প্রত্যাবর্তন-পথে তিনি পুনরার রাঘবের গৃহে ও একদিন অভিবাহিত করিয়াছিলেন। পাণিহাটীর গখাতীরে অতি মনোরম পরিবেশের মধ্যে রাঘবের বসত-বাটি। রাঘবালরে উপস্থিত হইবামাত্র মহাপ্রস্থর প্রাণমন জুড়াইরা গেল। রাঘবদাস-ঠাকুর ১১ সেই সময় মহাপ্রভূর

⁽৪) চৈ. মা.; চৈ. চ. (৫) চৈ. চ.—২০০, পৃ. ১০০; ২০০; ৭০০ (৬) কুদাবনদামের (१)

'চৈচজগণোদেশ' নামক একটি প্থিতে মকরধার-করের সহিত একজন মকরধার-সেনেরও উরোধ
আছে। (৭) চৈ. জা.—০০০,পৃ. ৩০০; শ্রীচৈ.চ.—০০২ (৮) চৈ. চ.—২০০, পৃ. ১৮৬ (৯) ঐ—
২০০, পৃ. ১৯০; চৈ. মা.—১০২—৬০ (১০) চৈ. জা.—০০০, পৃ. ২৯৯; চৈ. ম. (জ.)—পৃ. ১০২–১০৬
(১১) পা. মি.—পৃ. ২; জু.—'ঠাকুর পথিত'—পৌ. জ., পৃ. ২৭২

অভিকৃতি-অনুবারী নানাবিধ শাকাদি রন্ধন করিয়া তাঁহাকে থাওরাইলে মহাপ্রভূ তাঁহার ভূরণী প্রশংসা করেন। তারপর গদাধরদাস, প্রশংর-পণ্ডিত, পরমেধরদাস, রঘুনাধ-বৈশু প্রভৃতি ভক্তের আগমনে রাধ্ব-ভবন আনন্দময় হইয়া উঠে। মকরধক্ত-কর্প আসিয়া উপস্থিত হন। ১২ মহাপ্রভূ মকরধ্যক্তে 'রাধ্বপদ্দশ্ব'-সেবার নিদেশি দান করিয়া বরাহনগর-পথে চির-জীবনের মত জীয় জন্মভূমি পরিত্যাগ করেন। কিন্ধ রাধ্বাদি ভক্তের গৃহে তাঁহার মানস-বাত্রা কোন্ড দিন বন্ধ হইয়া বাহ্য নাই।

রাহব-পণ্ডিতের জাতি সহছে কোথাও কোনও উরেখ দৃষ্ট হয় না। কিছু ১৩২২ সালের 'বংগীর সাহিত্য পরিবং পত্রিকা'র 'শ্রীমং রাঘব পণ্ডিত ও শ্রীপাট পাণিহাটী মাহাস্যু' নামক একটি প্রবছে পাণিহাটী-নিবাসী বৈক্ষব-পণ্ডিত অমৃল্যধন স্বায়ভট্ট মহাশর লিখিরাছেন, "রাঘব রাহ্মণ কুলোরব ছিলেন, কেন না, শ্রীপোরাহ্মেবকে রাহ্মণ ভিন্ন অন্ত কোন জাতি ভিন্না বা অন্ত গ্রহণ করাইতে সাহস করিতেন না। তিনিও ভাহা কখনও অধীকার করিতেন না। পণ্ডিত উপাধি, শ্রীবিগ্রহসেবা এবং প্রভুর ইহার হত্তে ভোজন ঘারা উক্ত প্রমাণ দৃটীকত হইয়াছে।" রায়ভট্ট মহাশরের সিদ্ধান্ত বে প্রান্ত নহে 'চৈতন্তভাগবত' ১৩ পাঠেও ভাহা উপলব্ধ হয়।

নিত্যানন্দপ্রভূ মধ্যে মধ্যে পাণিহাটীতে আসিরা রাষ্বের আতিথ্য-গ্রহণ করিতেন।
মহাপ্রভূ বুন্দাবন হইতে কিরিলে রঘুনাধদাস একদিন চৈত্যাচরণ-প্রাপ্তির আনার
পাণিহাটীতে নিত্যানন্দ সমীপে উপস্থিত হন। নিত্যানন্দ রঘুনাধকে চিড়া-দধি-ভক্ষণ
করাইবার কথা বলিলে পুলিন-ভোজনের ব্যবস্থা হইল। এদিকে রাঘ্য গৃহে যায়তীর
আর-বাঞ্জনাদি প্রস্তুত করিরা গলাতীরে আসিরা এই ব্যাপার দেখিলেন এবং ভোজন-শেষে
সমবেত ভক্তবৃন্দকে বাগৃহে লইরা গিরা জাক্জমকের সহিত নৃত্য-কীর্তন আরম্ভ করিলেন।
রাষ্বের অমুরোধে সকলকেই তাঁহার গৃহে ভোজন করিতে হইল। চৈত্যুসন্থ-লাভেচ্ছার
জন্ম রঘুনাথের দল তথন উৎকর্ষার পূর্ণ হইরাছিল। দর্মী রাঘ্য তাহা বৃফ্তিত
পারিয়াছিলেন এবং তাঁহার ব্যবস্থাতেই রঘুনাথ চৈত্যু-নিত্যানন্দার্থ নিবেদিত প্রসাদার
প্রাপ্ত হইরা পরিতৃপ্ত হইলেন। শেষে তাঁহারই মধ্যস্থতার নিত্যানন্দ রঘুনাধের মনোবাসনার কথা আত হইরা তাঁহাকে অভীই সিন্ধির সম্বন্ধে নির্দেশ দান করেন।

ভক্তর্কের নীলাচলে গমনকালে রাষবের ঝালি-বহন তাঁহাদের শুভ-ধাত্রার একটি অপরিহার্থ অম হইরা দাঁড়াইরাছিল। রাষ্য প্রতি-বংসরই নীলাচলে গিরা মহাপ্রভুর

⁽১২) চৈ জা,—ভাং, পৃ. ৩০০ ; চৈ স. (জ-)—পৃ. ১০০ ; বৈশবাচারদর্শন (পৃ. ৩০০)-মতে সক্তরধানের নিবাস হিল বড়গাছি প্রাবে (১৩) ভাং, পৃ. ২৯৯

অমৃত্তিত বিভিন্ন কর্মে অংশ গ্রহণ করিতেন। ১৪ কোন কোন বংসর মক্রধ্বজ্ঞ-কন্ধও স্কে
চলিতেন। ১৫ তিনি রাশ্বের নিকট শিল্পর গ্রহণ করিরাছিলেন ১৬ এবং নিত্যানন্দের
অমুরক্ত ভক্ত ইইরাছিলেন; একবার নিত্যানন্দ তাঁহার গৃহে গিরা কিছুদিন অবস্থানও
করিরাছিলেন। ১৭ নীলাচল-যাত্রাকালে মকর্থকে রাম্ব-দ্মরকীর স্নেহ্মিন্তিত বিপুল
ক্র্যা-সন্তার সঙ্গে লইরা চলিতেন। ১৮ মহাপ্রভূকে কৃষ্ণ-গুল-গুল গুলাইরা তাঁহার 'গারন'গ্যাতিও হইরা গিরাছিল। ১৯

মহাপ্রভুর অস্থ্যলীলার লেব দিকেও রাঘবকে ঝালি-বহন করিয়া নীলাচলে ধাইতে দেখা যার !^{২০} কিন্ধ তারপর আরু কোবাও তাঁহার সাক্ষাৎ পাওরা যার না।

⁽১৪) টে.চ.—০।৭, পৃ. ৩২৪ (১৫) টৈ. মা.—১০।১৯ (১৬) টৈ.চ.—১।১০, পৃ. ৫১; টৈ জা.—
৩।৫, পৃ. ৬০০ (১৭) টৈ. ম. (জ.)—বি. ধ., পৃ. ১৪৫ (১৮).টৈ.চ.—৪)১০, পৃ. ৬৯৫, বৈ. ব. (জে.)—পৃ. ৪
(১৯) টৈন ব.—পৃ. ১০; টৈ. মী.—পৃ. ১০; জু.—সৌ. মী.—১৪১ (২০) টৈ.চ.—৪)১২, পৃ. ৬৪১

পুরব্দর-পণ্ডিত

'চৈতক্তচিবিতামতে'র মৃশস্কশাধা-কর্মান প্রনার-আচার্বের এবং নিত্যানন্দ-শাধা-বর্ণনার প্রনার-পণ্ডিতের নাম দৃষ্ট হর। কিন্তু 'চৈতক্তভাগবতে'র শেব-পণ্ডের পঞ্চম অধ্যায় হইতে ব্বিতে পারা যার বে তাঁহারা এক এবং অভিন্ন ব্যক্তি। প্রনার-আচার্য গোরান্ধ-পার্যন্ হইলেও তাঁহাকে নববীপ-লীলাতে অংশ-গ্রহণ করিতে ধেশা হায় না। একমাত্র অয়ানন্দের গ্রন্থেই' তাঁহাকে শিবানন্দ-বাছবাদির মত নববীপ-লীলার শেবভাগে দেখিতে পাওয়া যার। কিন্তু জয়ানন্দের বিরাট তালিকাভলি স্বদা নির্ভর্যোগা নহে। জয়ানন্দের প্রন্থের অন্ত একস্থলে লিখিত হইরাছে':

> পূৰ্বে কিন্তু পুৰুত্বৰ আচাৰ্য পুৰুত্বে। কুকুড়া হইয়াহে সৰ্ভ করিবারে।

গোঁরাখ-পত্নী লন্ধীদেবীর পিতার নাম বে প্রন্থর-আচার্ব ছিল, ভাহাও অন্ত কোনও এছের ছারা সমর্থিত হয় না।

পুরন্দরের নিবাস ছিল সম্ভবত বড়দহে। এই অঞ্চলের ভক্তবৃদ্দের সহিত গৌরাবের বোপসম্বর্ধ কোন্ স্থকে স্থাপিত হইরাছিল, বলা কঠিন। সম্ভবত গদাধরদাসের সহিত পরিচর-স্বরে ঘটিয়া উঠিতে পারে। কিন্তু বরং গদাধরই বে গৌরাবের নববীপলীলা-সঙ্গী ছিলেন, এইরপ কবা প্রাচীনতম গ্রম্থুলির ঘারা সমর্থিত হরনা। তবে গৌরাম্ব বে পুরন্দরকে পিতৃ-সম্বোধন করিতেন, তাহা কিন্তু প্রাচীন গ্রম্থুলি হইতে জানিতে পারা বার। তাহাতে মনে হর বে পুরন্দর গৌরাহ্ব অপেক্ষা বর্ষে ম্বেই বড় ছিলেন এবং তিনি ছিলেন বাৎসল্য-ভাবেরই ভাবৃক, একজন বিশেষ শ্রম্বার্থ ব্যক্তি।

পুরন্ধর প্রথমবারে ভক্তরুম্বের সহিত নীলাচলে গিয়া মহাপ্রভুর সাক্ষাংলাভ করিয়াছিলেন। তারপর চাতুর্যান্ডাভে মহাপ্রভুর আজ্ঞার নিত্যানন্দসহ বাংলাদেশে প্রত্যাবর্তনকালে তিনি পথিমধ্যে ভাবাবেশে অক্স-বভাব প্রাপ্ত হইয়া তথং আচরণ করিতে
থাকেন। নিত্যানন্দ বাংলাদেশে ফিরিবার করেক মাস পরে পড়সহে পুরন্ধর পতিতের
ক্রোলর স্থানে নৃত্য-কীর্তন করিয়াছিলেন। পরে মহাপ্রভু রামকেলি হইতে ফিরিলে

\$10

⁽২) বৈ. ব., পৃ. ২২; ব. ব., পৃ. ৮৮; এই প্রসঙ্গে প্রকার-পাতিক ও রাধ্ব-পাতিকের জীবনী এটবা।
(২) ব. ব., পৃ. ৪১ (৩) পা. বি.; বৈ. বি—পৃ. ৩১১ (৪) চৈ. চ.—১।১٠, পৃ. ৫১; চৈ. ভা.—এ।৯,
পৃ. ৬২৭; আ. বি.—পৃ. ১ (৫) চৈ. চ.—২।১১, পৃ. ১৫৬, ১৫৫; চৈ. কো.—পৃ. ২৫৮ (৬) চৈ. ভা.
→লাব, পৃ. ৬৮৬; চৈ. ব. (আ.)—উ.ব., পৃ. ১৪৮ (৭) চৈ. ভা.—৹।৫, পৃ. ৬৮৮; ঐচি. চ.—৪।২২।১৬

পুরন্ধর-পশ্রিত কুমারহট্টে গিরা প্রীধাসালরে এবং পাদিহাটীতে গিয়া রাহব-মন্দিরে তাঁহার সহিত সাক্ষাৎ করেন। তাহার পর পুরন্ধর সহতে আর কিছুই জানা বার না। তবে খুব সম্ভবত তিনি মধ্যে মধ্যে নালাচলে পিরা মহাপ্রভুর ফর্শনলাভ করিতেন। কবল ভিক্তিরত্বাকর'-মতে তিনি গদাধর্দাসের তিরোধান-তিথি-উৎসব উপলক্ষে কাটোরার বাত্রা করিরাছিলেন। কিছ পুরন্ধর-আচর্বের পক্ষে ততকাল বাঁচিরা থাকা সম্ভব বলিরা মনে হর না। তবে উক্ত প্রস্থাতে বিক্ষাস নন্দন প্রভৃতিও একত্রে গিরাছিলেন। এই নন্দন বদি গোরাজ-লীলাসনী নন্দন-আচার্ব হন, তাহা হইলে অবশ্র ভিক্তিরত্বাক্রের বিবরণ প্রশিধান বোগ্য হইরা উঠে।

পুরন্দর গৌরান্স-বিগ্রহ প্রকাশ করিয়াছিলেন।>>

⁽৮) হৈ ভা.—০।ঃ, পৃ. ২৯৭, ২৯৯; হৈ স. (জ.)—বি. ব., পৃ. ১৪২-৪৬ (৯) জু.—হৈ ভা.—০।৯, পৃ. ৬২৭; বীহৈ চ.—০।১৭।১১ (১০) ৯:০০৫ (১১) হৈ ভা.—০।৪, পৃ. ২৯৯; বৈ ব. (পৃ. ৩০৯-৪০)—
সতে প্রস্বের সমস্থি বড়বহে, কিন্তু তিনি পৌরাজার স্বাহ্নীর পশ্চিম কুনে পাহাড়পুরে নিভাই-গৌর
বিএই স্থানন করেন এবং সাহনীয় পূর্বতীয়ন্ত্র নিভাই-জাহনা-বহুবা ও গৌর-বিভূম্মিরা-সন্দ্রীর বিএহভানির
নেবার ভার সভ্যের উপর স্বর্গন করেন।

পুরুষোত্তম-পণ্ডিত

বৃন্ধাবনদ্যসের 'বৈষ্ণববন্ধনা'র যে পুরুষোত্তম-ব্রন্ধচারীর নাম দৃষ্ট হয়, ৈ তিনি অঞ্চাত-কুলশীল। কিন্তু 'চৈডম্যুচরিভামুডে'র অন্তৈড-শাখা বর্ণনায় দেখা যায় :

> পুরুষোত্তৰ অভারী আর কুম্পাস। পুরুষোত্তৰ পতিত আর বগুনাব।

উক্ত পুরুষোত্তম-রন্ধচারীর উরেধ মন্তব নাই। কিন্তু জনানন্দ এক অভৈতপার্যন্দ্র্বিষ্ট পুরুষোত্তম-পঞ্জিই। কারণ, অভৈত-পুরুষোত্তমের কথা বলিরাছেন। তিনি পুরুষগুরুত পুরুষোত্তম-পঞ্জিই। কারণ, অভৈত-শিক্ত হিসাবে পুরুষোত্তম-পঞ্জিতই খ্যাতিমান হইরাছিলেন। কেবলীনন্দন তাহার 'বৈক্তব-বন্দনা'র জানাইরাছেন⁸:

> ত্ৰীপুৰবোত্তৰ পণ্ডিত ৰন্দো বিনাসি হজান। প্ৰস্কু বাবে দিলা আচাৰ্য লোসাঞির স্থান।

আবার 'অদৈতমদলে'র বর্ণনাতেও° পুরুষোত্তম-পণ্ডিত অদ্বৈতপ্রকৃর বড়শাখা ছিলেন এবং কামদেব ছিলেন দিতীয় শাখা। গ্রন্থকার লিখিয়াছেনঃ

> এই ছই পিছ প্ৰভূৱ দীলাচলে। ছই বাছ ছইজন গ্ৰন্থ ভাৱে বলে।

এবং মহাপ্রকু নীলাচলে তাঁহাদিগকে শিক্ষাদান করিবাছিলেন। তাহার পর তাঁহারা চৈতন্ত-আজ্ঞার গৌড়-বংগে পৌছাইলে অধৈতপ্রকৃ তাঁহাদিগকে তাঁহার ছুইটি হস্ত স্বরূপে গ্রহণ করিবা লন। এইমূলে গ্রহকার পুরুষোত্তমের মাহাদ্যা সম্বন্ধে বলিবাছেন:

পুরুষোত্তম পণিত বন্দ সধা প্রবীণ। শীক্ষতে চৈতক্ত এক করিল বে স্কল।

মহাপ্রত্ব-প্রেরিত কামদেব⁹ ও পুরুষোত্তমের মধ্যে কামদেব পরে ভিন্ন পদা অবলঘন করিবাছিলেন ; কিন্তু পুরুষোত্তম-পত্তিত সম্ভবত তাঁহার জীবনের শেষদিন পর্যন্ত আইতপ্রসূত্র প্রকৃত অহুরাগী ভক্ত-তিসাবে স্বীন্ন যোগ্যতা ও নিষ্ঠান পরিচন্ন দিরা গিরাছেন। "প্রেমবিলাস"-মতে অন্যান্ত অবৈত-শিশ্র সহ পুরুষোত্তম খেতুরির মহামহোৎসবে বোগদান করিবাছিলেন।

⁽২) বৈ. ব. (বৃ.)—গৃ. ৫ (২) একমাত্র আধুনিক বৈশ্বাচারদর্গণে (পৃ. ৩৫৯) তাঁহার সম্বাদ্ধে বলঃ হইরাছে, "অধৈতের পাখা জরনগর বাঁর পুরী।" (৩) চৈন্দ (জ.)—গৃ. ২ (৪) বৈন্দ —(জ.) পৃ. ৪ (৫) পৃ. ৩৮ (৬) এ—পৃ. ৫৩-৫৪ (৭) ত্র.—সীতাদেবী (৮) সী. চ. (পৃ. ৬) ও সী. ক. (পৃ. ৬৯) তাহ্মার বারেকের জন্ত একজন পুরুষোন্তরত অচ্যান্তরের বাহ্যান্তরত ক্ষিত-গৃহহ বাস করিছে দেখা বার । মহাত্রতর নীলাচল-গ্রনের পূর্বে বে প্রান্ধবান্তর অধৈতের সহিত মুক্ত হল নাই, তাহা আের করিয়া বলা বায় লা। গ্রাহ্মারের বর্ণনার (সী. চ.—পৃ. ১৮ ; সী. ক.—পৃ. ৯২, ৯৫-৯৬ ; ত্র-—সীতাদেবী) আরও দেখা বার বে সীতাদেবীর মুর্গলা-ক্ষরিত জাবন-সারাক্ষেও পুরুষোন্তর অস্থাত ভূতোর ভার তাহার পার্মের ক্ষরিয়ার বিহলন। সভবত, অকৈত-সীতা ও অচ্যতানজের কীবনের ভিনিই ছিলেন বীর্যত্রকালের নিষ্ঠাবান সঙ্গী বা ভূতা। (৯) ১৯প. বি.—পৃ ৩০>

नाभवल-खामार्थ

'তৈতল্যচরিভায়তে'র মৃশ-রন্ধ-শাখা এবং অবৈত- ও গরাধর-শাখার একজন করিরা মোট তিনজন ভাগবতাচার্বের নাম পাওরা বার। তর্মধ্যে মৃশ-শাখার ভাগবতাচার্ব সংক্ষে 'তৈতল্পভাগবতে' বর্ণিত হইরাছে বি মহাপ্রভু পৌড়মণ্ডল হইতে বিতীরবার নীল্চিল-গমন-পথে বরাহনগরে 'মহাভাগাবন্ধ এক রাজ্পের ঘরে' গিরা উঠিরাছিলেন। তিনি ভাগবত-পাঠে 'ক্ষিক্ষিত' ছিলেন এবং তাহার ভাগবত-পাঠে মহাপ্রভু এতই মৃশ্ধ হন বে তাহার পাঠকালে তিনি ভাবাবেশে 'বাহু পালবিরা' নৃত্য আরম্ভ করেন এবং

প্রত্ বোলে ভাগৰত এবত পঢ়িছে।
কঠু বাহি গুনি আৰু কাহার ক্ৰেতে।
এতেকে ভোষার নাম ভাগৰতাচার্থ।
ইহা বই আরু কোম মা করিহ কার্থ।

শ্বানন্দও এই ঘটনার উরেধ করিরাছেন। ক্ষেকটি পৃথিতে ভাগবত-আচার্ব এবং তথপত্নী উভরকেই এই সময়ে মহাপ্রভুর সহিত ঘনিষ্ঠভাবে মৃক্ত করা হইরাছে। 'পাটপর্যটন-' পাটনির্ণর-' এবং বৃন্ধাবনের 'বৈষ্ণববন্ধনা'-মধ্যে বরাহনগরেই ভাগবভাচার্বের পাট লিখিত হইরাছে। কবিকর্পপুর শানাইরাছেন' বে 'শ্রীমন্তাগবভাচার্ব' ক্ষপ্রেমভরন্ধিনী' নামক গ্রন্থ রচনা করিরাছিলেন। ডা. স্কুষার সেন দেখাইরাছেন বে গ্রন্থটির মধ্যে একটি মিশ্র-ব্রজ্বুলি ভাষার পদ রহিরাছে। '

'কৃষ্যপ্রমতরন্থিনী'-গ্রহণানি কোন ভাগবভাচাবের রাটত সে লইবা মতবিরোধ আছে।
১০৪৪ সালে হরিদাস বোষাল মহালর ওাঁহার 'শ্রীন্তাগবভ আচার্বের লীলা প্রসর্গ নামক
প্রবন্ধগুলিতে জানাইরাছেন যে গ্রহণানি বরাহনগরের রব্নাব-আচার্ব কর্তৃকই রুচিত
হইরাছিল। পাটবাড়ী-গ্রহাগারে প্রবন্ধগুলি রুক্ষিত হইরাছে। কিন্তু হরিদাসবার্ ওাঁহার
উপরোক্ত সিদ্ধান্ত সম্বন্ধ কোনও কার্ব প্রদর্শন করেন নাই। অপর পক্ষে, রাধেশচন্দ্র শেঠ
মহালর 'ভাগবভাচার্ব-প্রশ্নীত বালালা শ্রীমন্তাগবভের হন্তালিবিত পূর্ণি' একবানি প্রাপ্ত হইরা
১৩০৩ সালের 'সাহিত্য'-পত্রিকার আবাচ্-সংখ্যার নানারণ যুক্তি প্রদর্শন করিবা জানাইরা-

ছিলেন যে 'তৈওক্তরিভামুডে'র তৈওক্ত-শাখাভূক ভাগবভাচাব 'প্রেমভক্তিভর্কিনী'র রচনিতা নহেন, উক্ত গ্রন্থের গদাধর-শাখাভূক ভাগবভাচাবই আলোচ্যমান গ্রন্থের রচনিতা। প্রবন্ধকার কেন্সকল উদ্ধৃতি দিরাছেন, ভারতে অবক্ত গদাধরকেই নিঃসন্দেহে গ্রন্থকারের শুক্ত বিশ্বাছন, ভারতে অবক্ত গদাধরকেই নিঃসন্দেহে গ্রন্থকারের শুক্ত বিশ্বাছন লাবাছন কিন্তু সেক্তেরে 'গৌরগণোক্তেশদীপিকা'-গ্রন্থে তৈওক্ত-শাখাভূক্ত ব্রাহনগরবাসী ভাগবভ-পাঠকের নামের অস্ক্রেখের কারণ পূঁ জিয়া পাওরা বাম না। তবে বরাহনগরবাসী ভাগবভাচার্বের পক্তে বে গদাধর-শিক্ত হওরা সন্তব্ধ নয়, ভারতে জার করিয়া বলা বাম না। 'তৈভক্তচিরভামুড'-গ্রন্থে এক ব্যক্তিকে গুইটি শাখার অস্তত্ত্ব ক্ত-ছিসাবে বিবৃত্ত করিবার আরও করেকটি দৃষ্টাক্ত আছে। গদাধর-শাখার মধ্যে বে-ভাগবভাচার্বের নাম পাওরা বাম, ভিনি গদাধরদাসের ভিরোধান-ভিন্তি-মহামহোৎস্বে এবং থে ভূরির মহামহোৎস্বে বোগদান করিয়াছিলেন। গদাধর-শিক্তর্বনের সহিত ভালার উল্লেখ হইতেই ভালা ব্রিটে পারা বাম।

⁽⁹⁾ জ. ম.—৯is -৬; ১০is১e; ম. বি —১iš. বি., পূ. ৮৪; ৮ম. বি. পূ. ১০৭

প্রায়

বৃন্ধাবন

जवाळव-(श्राष्ट्राधी

প্রকাশন কর্ণাট দেশে এক সর্বশুনসম্পন্ন নূপতি বাস করিতেন। তাহার নাম ছিল বিসর্বন্ধ। বাজা ছিলেন বজুর্বেদী ভরবাজ-গোত্রীর আন্ধন। তাহার পুত্র অনিক্রমদেশ ছই পত্নীর পর্তে কাভ করেন। তরাধ্যে কনির্চ্চ হরিংর পত্র-বিভাব পারদর্শী হইরা, বিভাস্থরাগী ও শাপ্তক ব্যোক্ত-প্রতিভা রুপেশরকে ভাগার রাজ্যাধিকার হইতে বঞ্চিত করিলে তিনি সত্রীক পোরস্তাদেশে আগমন করিয়া সধা শিবরেশরের সহিত সুধে কাল্যাপন করিতে থাকেন। তাহার এক পুত্র-সন্ধান জরে। তাহার নাম রাখা হর পদ্মনাভ। তিনি বস্থুজমর্পনদেবের জাবদ্দশাতেই সুরপুনাতট-বাসাভিজাবী হইরা শিবর-ভূমি পরিত্যাল পূর্বক নবহট্টে (নৈহাটা) আসিয়া বাস স্থাপন করেন এবং য়াগমজ্ঞ ও উৎস্বাদি সহকারে পুক্রবাত্তম-বিগ্রহের পূজা অর্চনা করিতে থাকেন। তাহার অন্তাদশ কন্তা ও পঞ্চপুত্র জন্মে। উপাক্ত দেবভার নামানুষায়ী তিনি পুত্রদিগের নাম রাধিরাছিলেন—পুক্রবাত্তম, জগরাধ, নারায়ণ, মুরারি ও মৃকুজ্ব। কনিষ্ঠ মৃকুজ্বদেবের পুত্র কুমার জ্ঞাতিশক্ষদিগের দারা বাত্তিবাত্ত হইর। বংগদেশক আবাস-স্থানে চলিয়া যানণ এবং বাক্লা-চক্রমীপ গ্রামে বাস করিতে থাকেন। 'গভারাত হেতু' বনোহরের ক্তেরাবাদ রামেও

⁽২) সং. বৈ. তো. —১১-তৰ অধান, পৃ. ব্বৰ-ব্ৰু; ত. ব্ৰ.—১)ব্ৰু৯ বিবাৰির বেষ্ডাপে স্নাভনের কাজি সহতে আলোচনা স্তইন্ত । (৩) দাবেশ্চল্ল সেন উল্লেখ Vaisnava Literature-প্রে (পৃ. ২৭) লিখিলাছেন, "Gagatguru, a Maratha Brahmin, became the king of Karnata, in the Occam in 1881 A. D. and reigned till 1616 A. D. Jagatguru's son was Aniruddha"—এই ভ্ৰান্ডলি কোৰা হইকে সংস্কৃতি হইবাহে লেখন ভাহার উল্লেখ করেন নাই । (৪) অচ্যুত্তরণ চৌধুরী বলেন ই হার নাম মহেল্রনিংক (ক্রিক্রণ সনাজন—১ন. অধান) এবং 'পল্লাভ শিখনভূমির রাজপ্তিত বহুনীবে তর্ম প্রান্তনের কন্তার পানিগ্রহণ করেন।' তিনি শাঙ্টার উল্লেখিকারী হইরা বাক্ষার বাস করেন। উল্লেভ বন, পূত্র মুকুলপেবের পূত্র হুনার 'সৌড্নগরের অনভিদ্বে নাধাইপুরে হরিলালারণ বিশারদের রেবতী নারী কন্তার পানিগ্রহণ করিয়া নোরগ্রাহ মাধাইপুরে বাইরা বাস করেব।' (৫) ত.ব.—১ালচ্চ-তের লাজিবাজারাসী হিলেন; সনাভন-গোলাকির স্কৃত্ব নামত পূথিতে একই কথা ব্রিভ হইরাছে। কিছু সেই হলে স্বাভনকে কুমারনেরের মধ্যস্তুত্ব বলা হইরাছে।

তিনি বাসস্থান নির্মাণ করিয়াছিলেন। তাহার বহু পুত্রের মধ্যে বিলেব করিয়া তিনজনই বৈশ্ববৃশ ধক্ত করিয়াছিলেন। তর্মধ্যে ভূতীয় ব্যক্তি হইতেছেন বৈশ্ববৃশতিলক-শ্রীকীব-গোস্থামীর পিতা অহুপদ্দবন্ধত, এবং অন্ত ভূইজন হইলেন অবিশ্বরণীয় ধলোলাভাধিকারী বৈশ্ববশ্রেষ্ঠ সনাতন ও রূপ-গোস্থামী।

'পাট নির্ণাণ পুথিতে লিখিত হইয়াছে বে বাক্লাতেই সনাতন ও ব্লপ ভূমিষ্ঠ হন। কিছু অন্ত কোথাও ইহার সমর্থন নাই। সনাতন তাঁহার 'দশমটিশ্বনী'তে লিখিয়াছেন,

> ভট্টাচাইং সাইভৌক বিভাষাতপতীন্ ওরন্। বন্দে বিভাতৃৰক সৌড়বেশবিভূষান্। ৩০১।

শুভরাং বিস্তাবাচম্পতি প্রস্তৃতির নিকট শিক্ষাপ্রাপ্ত হওয়ার তাঁহারা বিস্তান্থরাগী ও ভক্তিমান হইরাছিলেন। ৺ এই সমর ১৪ ২০ এই. অ হোসেন-শাহ্ গোড়-সিংহাসনে আরোহণ করেন। সনাভন ও রূপ সম্ভবত তথন গোড় সন্নিকটে রামকেলিতেই বাস করিতেছিলেন এবং ওাঁহারা গোড়-রাম্ম কর্তৃকি নিষ্ক্র হইরা রাজ্মনবারে বথাক্রমে 'সাকরমন্লিক' ও 'দবীরখাস' পদ অলংকৃত ২০ করিরা রাজ্মনার্থ পরিচালনা করিছে লাগিলেন। কিন্তু রাজ্মনারী হইবার পরেও শাল্লাধারন ও শাল্লচর্চা ভাহাদের অবশ্র-কর্তব্য কর্ম ছিল। সেইজক্স ভাঁহাদের নামও চতুর্দিকে পরিব্যাপ্ত হইরাছিল। স্থান্তর কর্ণাট-দেশ চইতে রাজ্মণগণ আসিরা রূপ-সনাতন সকালে উপস্থিত হইতেন এবং

সনাতন রূপ নিজ খেশছ ব্রাক্ষণে। বাসছান দিলা সবে সলা-সরিবাদে ॥

এইভাবে 'ভট্টগোঞ্জী-বাসে ভট্টবাটী নামে গ্রাম' স্ট হইরা বার। নববীপ হইতেও বিখ্যাত বিখ্যাত পণ্ডিত ও অধ্যাপকগণ রামকেলি-গ্রামে আসিতে লাগিলেন। > > সনাতন-ব্রপের অন্তর্কুলতার বোড়শ শতান্দীর প্রথম দিকেই রামকেলি বাংলা-দেশের এক সাংস্কৃতিক কেন্দ্রে পরিবভ হইল।

কিন্ত আতৃক্ষের অন্তরে শান্তি ছিল না। তাহারা লোকম্থে নদীয়ার পোরাল সমছে শুনিয়া তাঁহার সহিত মিলিত হইবার জন্ত অগ্নির হইলেন। কিন্তু ব্যনরাজের মন্ত্রী

(৩) সনাভন সোসাঞির সূচক নামক পৃথিতে জীবের পিতাকে 'ব্রহমত' বলা হইয়াছে। (१) পা.
নি.—পৃ. ২; পাটপর্টনে বলা হইয়াছে (পৃ. ১১১), "নেহাটাতে রপ সনাভন আছিল। নির্বাসঃ"
(৮) 'বাংলার হৈকব ধর্ম'-গ্রেছর লেখক জানাইতেছেন বে উচ্চারা 'হাল্যকালেই রীতিসত পারসী অধ্যবন করিয়াছিলেন।' গ্রহ্মার কোন সূত্রে ইহা পাইছাছেন, তাহা জানান নাই। ভূ.—য়. ক. সূত্র, পৃ. ১ (১০) টৈ. ভা.—০)১০; ২।১ (পৃ. ৮৬); ভ. বা.—পৃ. ১১; গৌ. ভ.— উপক্রে:; ভারতবর্ষ (মাবণ, ১৬৬১), স্থা সনাভবের জাজি—বস্কুরার চটোপাধ্যার এব. এ.। সনাভবেক আবার কোনও কোনও পৃথিতে (ম. স. উ.—পৃ. ১; স. সূত্র-পৃ. ১) বাল্যাহের উলীর' বলা হইয়াছে। (১১) ভ. স—২০০০

হিসাবে সর্বদা ধবনদিগের সহিত কাটাইয়া নিজ্ঞদিগকে তাঁহাদের ক্লেচ্ছ-সম বা তদপেকাও হীন মনে হইতে থাকে। কিন্তু একদিন সভাসভাই স্কুবোগ মিলিয়া গেল।

১৫১৪ জ্রী.-এর শেষদিকে নীলাচলাগত। বুন্দাবন-গমনাভিলাধী মহাপ্রভু অসংখ্য সঙ্গীসহ বামকেলিতে আসিরা উপস্থিত হইলে হোদেন লাহ্ তাহা তনিয়া বীর অমাতা কেলবকে^{১২} সেই বিপুল জন-সমাগমের কারণ জিজ্ঞাসা করিলেন। কেশব ছিলেন প্রকৃত ভক্ত। ৰূপ-গোসামী টাহার 'পছাবলী'-গ্ৰন্থে কেশব-ছত্ৰীর একটি শ্লোকও উদ্ধৃত করিয়াছেন। সেই কেশৰ সুকৌশলে জানাইলেন যে চৈডক্ত একজন দেশান্তরী কুকডলবাসী ডিস্কুক সন্মাসী বই নর। এই বলিরা ভিনি মহাপ্রভুর নিকট গোপনে এক দৃত পাঠাইরা তাঁহাকে সেই স্থান ত্যাগ করিতে অমুরোধ জানাইলেন। এদিকে রাজা কিছ রূপকে ডাকিয়া সাঠিক খবর জিজ্ঞাসা করিলে তিনিও স্থকোশলে এড়াইয়া গেলেন এবং বাড়ীতে আসিয়া দুইভাই যুক্তিপূর্বক অর্ধরাত্রে উঠিয়া গিয়া চৈতন্তের সহিত মিলিত হইলেন । 'প্রেমবিলাস'-মতে গৌড়ের নিকটবর্তী চতুরপুর নামক স্থানে পিরা^{১৩} তাঁহারা চৈতঞ্চ-দর্শন করেন। ষাহাহউক, চৈতক্ত সকাশে ভাঁহার। গলবন্ধ ও দম্ভতুন হইর। স্বীন্ধ বিবন্ধ-নিষ্ঠা ও ধবন-সম্ব ব্দনিত দৈল্পের কণা অতিশর কুঠার সহিত প্রকাশ করিলে মহাপ্রকৃ তাঁহাদিগকে আশস্ত করিলেন যে পত্রীমধো^{১৪} ভাঁহাদের মর্মবেদনার আভাস পাইরা ভাঁহাদিসের সহিত মিলিত হইবার অক্টই তিনি রামকেলিতে **ছুটিরা আসিরাছেন।** তিনি তখন তাঁহামের নৃতন করিয়া নামকরণ করিলে উহোরা ভদবধি 'সনাজন' ও 'হ্নপ' নামে আখ্যাত হইলেন।^{১৫} তারপর সনাতন চৈতন্তকে জানাইলেন যে হোসেন-শাহ তাঁহাকে ভক্তি করিলেও গৌড়রান্সকে বিশ্বাস করা সমীচীন হইবেনা। তাহা ছাড়া তীর্থ বাত্রার এত সংবট্ট ভাল নহে রীতি।' চৈতক্ত ভখন আর কিছুদ্র অগ্রসর হইবার পর সনাতনের কথা বিশেষভাবে বিবেচনা করিয়া^{১৬} নীলাচলে প্রভ্যাবর্তন করিলেন।

আরকাল পরেই রূপ বাজৈশর্য পরিত্যাগ করিয়া পথে নামিয়া পড়িলেন এবং স্নাতন নামেমাত্র রাজ-কর্মচারী থাকিয়া বিষয়-বিমৃথ ও সর্বকর্মে উদাসীন হইলেন। হোসেন-শাহ্ শুনিলেন যে স্নাতন রাজকার্য ছাড়িয়া শাস্ত্রালোচনায় ও ধর্মামুশীলনে দিনাতিপাত

⁽১২) কেশৰ হ্বী---তৈ চ., ২।১ পৃ. ৮৬; জ. র.---১।৬৬৭ [বিজ্ঞানক বংশবারার (বি. ব.-পৃ.৬৮) বিবিত হইরাছে বে বীরচজ্রের পূর্ব বংগ ও 'উত্তরবংগ-পরিজ্ঞানকালে 'রামকেলি হইছে কেশৰ
হ্বীর নন্দন' তুল ভ-হবী আসিরা উাহাকে নিবপ্রণ করিয়া লইরা বাব।]; কেশব-বান--তৈ,ভা--৬।৪, পৃ. ২৮৪; কেশব-বহু---তৈ,না---->ব., পৃ. ৫৬৯; কেশব স্ববৃদ্ধি-রারের রাজা হিলেব (?) --হ্বুদ্ধি-রার। (১৬) ৮ব. বি., পৃ. ৮৯ (১৬) জু.--র. ক. হু.---পৃ.১ (১৫) তৈ ভা---১।১; তৈ.চ.--২।১,
পৃ. ২৭; তৈ, ব. (ব.)---পৃ. ১৬৬ (১৬) নীতৈ, চ.---।১৮।১৪-১৫

করিতেছেন। সনাতনের নিকট লোক পাঠাইলে তিনি জানাইলেন যে তিনি রোগপ্রস্ত হইরাছেন। হোসেন-শাহ্ রাজ-বৈদ্যের ব্যবস্থা করিলেন; কিন্ধ বৈদ্য আসিয়া বলিলেন সনাতন সম্পূর্ণরূপেই নীরোগ রহিরাছেন। শেবে শ্বরং রাজাই সনাতনের নিকট আসিয়া জিজাসা করিলেন যে তাঁহার ছোট-ভাই কবীর হইরা চলিরা গিরাছেন, বড়-ভাই পশুপক্ষী যারিয়া চাক্লার সর্বনাশ করিতেছেন, এরপ অবস্থার শ্বরং তিনিই বা কিরপে অবহেলা বশত সমূহ রাজকার্যের ক্ষতি করিতে পারেন। সনাতন স্পাইই জানাইয়া দিলেন যে তাঁহার বারা আর রাজকার্য পরিচালনা সন্তবপর নহে, বাদশাহ্ যেন অন্ত লোকের ব্যবস্থা করেন। বাদশাহ্ তাঁহাকে নজরকনী রাখিয়া অন্তর চলিয়া গোলেন। স্নাতন সম্ভবত কতেপুর গ্রামবাসী 'শেক হনু'র 'হাওরালে' বন্দী রহিলেন। > ৭

সনাতন রূপের নিকট হইতে পত্র পাইশ্বাছিলেন যে তিনি অমুপকে লইরা ফুলাবনে থাইতেছেন, মৃদির নিকট হল সহত্র মূলা রাখিরা আসিরাছেন; সনাতন যেন সেই অর্থ সাহায়ে নিজেকে মৃক্ত করিয়া চলিয়া আসেন। ১৮ বন্দী-শালার এই পত্র পাইরা সনাতন তাঁহাকে ছাড়িরা দিবার জন্ত 'ববনরক্ষকে'র নিকট মিনতি জানাইলেন। প্রচুর অর্থ দিয়া তিনি তাহাকে অরণ করাইরা দিলেন যে রাজমন্ত্রী হিসাবে পূর্বে তিনি তাঁহার বিশেষ উপকার সাধন করিয়াছেন, এখন তাঁহার বিপদের দিনে তাঁহাকে ছাড়িরা দিলে তাহার প্ণ্যলাভ ও অর্থলাভ ছুইই হইবে। কিন্তু তাহাতেও ববনের মন উঠিল না। বিচক্ষণ রাজমন্ত্রী শেষে পাঁচ সহত্র মূলা' দিরা ১০ মৃতিক্লাভ করিলেন।

গলা পার হইরা এবং রাজিদিন অধিপ্রান্ত চলিরা সনাতন পাত্ডার পৌছাইলে সেই স্থানের ভূঁরা বা 'ভূমিক' তাঁহাকে সাদর অভ্যর্থনা জানান। কিছু আভিগ্যের আভিগরো সন্দেহগ্রন্ত হইরা সনাতন বীর ভূতা জলানকে জিল্লাসা করিরা বৃক্তিলেন বে সে করেকটি মোহর সঙ্গে আনিয়াছে। একটি মাত্র মোহর জলানের নিকট রাধিরা সনাতন বাকি

⁽১৭) র.স. উ.'-পৃথিতে হর নাম থাকিলেও এই পৃথিত সহিত বজিত ১১৬৯ সালের সিথিত পৃথিত রক্ষকের নাম 'সেক হব্' বলা হইয়াছে। এলিয়াটক সোসাইটি প্রভৃতিতে রক্ষিত অভাত করেকটি পৃথি হইতেও 'হব্' নামই সমর্থিত হয়। (১৮) প্রেমবিলাসের ব্রেমবিংশ বিলাস (পৃ. ২২০)-মতে, জীরূপ প্রথমে নিরোক্ত করেকটি কথা প্রেমধ্যে স্বাত্তনকে লিথিয়াছিলেন: হয়ী, য়লা, ইয়ং, য়য়। স্বাত্তন এইয়পে ইয়ার মর্মোদ্ধার করিলেন: "বয়প্রতঃ ক্সতা মধ্যাপুরী, য়য়্পতেঃ ক্সতোভয় কোলা।। ইতি বিচিত্তা মনং কুল বছিয়ং, নস্থিতঃ ক্সভিজ্যবধারর।।" প্রে পাঠে স্মাত্তনের বিষয়পুরা বৃরীভূত হইয়া বার এবং ভ্রমথি তিনি ভাগবর্বিচারে দিন বাপন করিতে থাকিলে কারাক্ষ হন। তারপর তিনি সম্ভ কথা প্রীয়ারে জীরুপতে আনাইলে—'য়প ব্লার উল্লেখ বিজ্ঞাপিল।' (১৯) টৈ.চ.লেং।১০, পৃ. ২১৬

সমন্ত্রপার হতে সমর্পণ করিলেন। ভূঁরা তাঁহাদিগকে হত্যা করিরা উক্ত অর্থ সংগ্রহ করিবার সংকল্প করিরাছিল। কিন্তু সমাতনের এই অত্যান্তর ব্যবহারে তাহার মনের পরিবর্তন ঘটল। সন্দে চারিজন পাইক দিরা সে সমাতনকে পাতভা পর্বত পার করাইরা দিল। সমাতন তাঁহার শেব সদী দশানকেও বিদার দিরা মাত্র করোয়া-কাঁথা সম্বল করিয়া একাকী অগ্রসর হইলেন।

সন্ধার দিকে সনাভন হাজিপুরে পৌছাইরা এক উন্থানে আশ্রহ গ্রহণ করিসেন।
সেই সমর তাঁহার ভগিনীপতি শ্রীকান্ত বারণাহের অন্ব-ক্ররার্থ হাজিপুরে অব্দান
করিভেছিলেন। সনাভনের মুখে নিরন্তর কুক্ষনাম শুনিয়া তিনি টুসীর উপর বসিয়া
সনাভনকে দেখিতে পাইলেন এবং তৎক্ষণাৎ তাঁহাকে গুরু আনিবার চেটা করিলেন।
কিন্ত ভাহাতে বার্থ হইয়া তিনি তাঁহার শীভ নিবারণের জন্ত একটি দামী শাল আনিয়া
দিলেন। সনাভন ভাহাও কিছুভেই গ্রহণ করিলেন না। তথন শ্রীকান্ত একটি বনাও
আনিয়া দিলে সনাভন ভাহাও প্রভাগোন করিলেন। শেবে একটি ভোট কম্বল আনিয়া
দিলে সনাভন আর ভাহা প্রভাগোন করিভে পারিলেন না। শ্রীকান্ত তাঁহাকে গলাপার
করিয়া দিলে ভিনি কৃক্ষনাম জপ করিভে করিভে পশ্চিমের পথে পুনরার বাত্রা আরম্ভ
করিলেন।

ক্রমে তিনি কাশীতে পৌছাইলেন। মহাপ্রভু তথন বুন্দাবন হইতে কিরিয়া কাশীতে চক্রশেশর-বৈছের গৃহে অবস্থান করিতেছিলেন। সনাতন সেই স্থানে উপস্থিত হইলে মহাপ্রভু সংবাদ পাইলেন যে বাহিরে একজন 'কাঙাল' (বা 'দরবেশ'^{২০}) বসিয়া আছে। তাহার ইচ্ছায় সনাতনকে গৃহাভাজরে আনা হইল। কিছু তিনি সনাতনকে আশিদন করিতে চাহিলে সনাতন 'কদর্য বিষয় ভোগ' ও 'নীচ সঙ্গ' জনিত দৈনোর কথা শ্বরণ করিয়া নিজেকে ধিকৃত করিলেন। ^{২১} কিছু মহাপ্রভু ক্রজেল মাত্র না করিয়া তাঁহাকে আশিদন দান করিলেন।

জ্বের সনাতন চক্রশেবর-বৈদ্ধ ও তপন-মিশ্রের সহিত মিলিভ হইলেন এবং মহাপ্রভূর নিকট শুনিশেন বে ইভিপূর্বে রূপ এবং অন্থপম প্রয়াগ হইভে বৃন্ধাবনের পথে যাত্রা করিয়াছেন। ভারপর চক্রশেবরের সাহায্যে তাহার ক্ষৌরকর্ম ও গলালানাদি হইয়া গেলে চক্রশেবর তাহাকে নৃতন বন্ধ পরিধান করিতে বলিশেন। কিন্তু সনাতন ভাহা গ্রহণ করিলেন না। তপন-মিশ্রের গৃহে মহাপ্রভূর সহিত ভিক্ষা-নির্বাহ করিতে গেলে সেই

⁽২০) "সনাজনের এই ককির বেশ পরবর্তীকালে আউন, সাঁই, বাড়া, দরবেশ, চরণগানী, কুলালচানী ইত্যাদি কুল কুল সাঞ্চলারিকগণের লাড়ি, সোঁপ রাধার প্রবাণ বরূপ হইরা উট্টরাছে।"— ভশ্তরিতামুড, পু. ৫০ (২১) সৌ. ড.—পু. ৩০৮

হানেও তিনি মিশ্র-প্রান্ত নব-বন্ধবানি ক্ষিরাইয়া দিয়া কেবল তাঁহার সন্মান-রক্ষার্থ একধানি পুরাতন বন্ধ লইয়া তাহাকেই কোপিন ও বহিবালে পরিণত করিলেন। তথবি কাশীবাসকালে সনাতন মাধুকরী করিতেন; এক মহারাষ্ট্রী-বিপ্র সেই করেক দিবস তাঁহাকে আপনার গৃহে ভিক্কা-নির্বাহ করিবার ক্ষক্ত অন্ধ্রোধ জানাইলে তিনি ভাহাতেও সন্মত হইতে পারেন নাই। কতকগুলি পুথিতে বলা হইরাছে^{২২} বে এই সমন্ন একদিন মহাপ্রস্থ তাঁহার ভোট-কংলের দিকে বার বার গৃষ্টিপাত করার তিনি সলাতীরে নিরা অন্ত এক ব্যক্তির ছিন্ন কছার সহিত তাহা বিনিমন্ন করিয়া লন। মহাপ্রস্থ এইভাবে সনাতনের বিষয়-রোগকে সমূলে উৎপাটিত করিয়া তাঁহাকে আপনার মহৎ-কর্মের ক্ষম্ত প্রস্তুত করিয়া ত্লোন।

ভারপর ভব-কথা আরম্ভ হইল। দিনের পর দিন আলোচনা চলিল। সনাভন প্রশ্ন করিয়া বান, মহাপ্রাকু উত্তর দেন। রান্ধ-রামানন্দের সহিত কণোপকথনে মচাপ্রাকৃ ছিলেন প্রশ্নকর্তা এবং রামানন্দ উত্তর-দাতা। এক্ষেত্রে, মহাপ্রাকৃই উত্তর-দান করিয়া সনাভনের সকল সন্দেহের নিরসন করিলেন। কুলাবন-নির্মিভিতে এই সনাভন (ও রূপ-গোলামী) বাহাতে মহাপ্রাকৃর সকল চিন্তা ও আন্ধর্শের ধারক এবং বাহক হইয়া ভাঁহার কর্মাকে বাস্তবে রূপান্তিত করিতে পারেন ক্রক্রস্ত তিনি ভাঁহাকে ভক্তিত্ব ও সাধ্য-সাধনার সকল রহজ্যের সন্ধান জানাইয়া স্থানক্রিত করিয়া তুলিলেন এবং ভাঁহাকে কুলাবন-সমনের আদেশ দিয়া নীলাচলের দিকে ধাবিত হইলেন। মধ্বা, কুলাবন দর্শন করিবার পর একবার ভাহাকে নীলাচলের দিকে ধাবিত হইলেন। মধ্বা, কুলাবন দর্শন

প্রবাগ হইরা সনাতন 'রাজসরান' পথে মধ্রার হাজির হইলেন। সেধানে তিনি স্বৃদ্ধি-রারের নিকট সংবাদ-প্রাপ্ত হইলেন বে রূপ ও অসুপম পুনরার মহাপ্রভূর দর্শন-লাসার বৃন্ধাবন হইতে ফিরিয়া গলাতীর-পথে প্রয়াগাভিম্থে যাত্রা করিয়াছেন। সনাতন তথন এক ভক্তের সাহাযো^{২8} বাদদ-কানন পরিক্রমা করিয়া কুদাবনের বনে বনে শ্রমণ করিতে লাগিলেন। বৃক্ষতলই তাহার শ্যা হইল। এবং তিনি

বণুরাবাহান্যশার সংগ্রহ করিয়া। লুক্কটার্ব জকট কৈল বনেতে করিয়া।।

প্রার বংসর-কাল যাবং এইভাবে কাটাইয়া তিনি নীলাচলের অভিমুখে যাত্রা করিলেন।
বারিষণ্ডের পবে চলিতে চলিতে জলের দোষ ও উপবাসবদত তাঁহার 'গাত্রকণু হৈল রসা
খাজুরা হৈতে'। অনেক যাতনা সহা করিয়া শেবে তিনি নীলাচলে শৌছাইলেন এবং
হরিষাসের গুহে আশ্রেষ গ্রহণ করিলেন। এইখানেই মহাপ্রভুর সহিত তাঁহার পুনর্মিলন

⁽২২) জু.—ট ; হ. ছ.—গৃ. ১ ; স. হ.—গৃ. ১ ; হ.—গৃ. ৬ (২৬) ঐচৈ.'চ.—৪।১৬।১৯(২৪) স. হ. (গৃ. ১)–মঙে মাধৰেল্ল-পুৰীয় শিশ্ব কুম্পান বিধেয় নাহাকে ; হ.-মঙে (গৃ.২) হবৃদ্ধির নাহাকেই।

ঘটিল। বারাণসীর মত এধানেও তাঁহার নিজবংশ ও কুলকর্ম সন্থন্ধে ঐকান্তিক দৈক্রোক্তি এবং পাত্র-কণ্ডুজনিত সসংকোচ উক্তি সন্থেও মহাপ্রস্কু তাঁহাকে আলিজনদান করিলেন। মহাপ্রস্কুর জীবনে ভক্তিও প্রেমকে প্রভাক্ষভাবে উপলব্ধি করিয়া সনাতনের জীবন সার্থক ও স্বশক্তি-পরিপুরিও ইইন। মহাপ্রস্কু আর একদিন আসিয়া বলিয়া গেলেন:

> ভক্তি বিনা কৃষ্ণে কড়ু নহে প্রেয়োলা। থেম বিনা কৃষ্ণপ্রাপ্তি অস্ত হৈতে নয়।।

জানের উরত-শিশরে আরোহণ করিলে মান্নবের এক-এক সময় কর্মের প্রতি অনাহা আলে। তথন তাহার ব্যক্তিগত মোক্ষটাই বত হইয়া উঠে, ইহ-জীবনের প্রতি তাহার আর তথন অকর্বণ থাকে না। জানের সন্ধান পাইয়া সনাতনের মনে এইয়প একটি অনাশক্তির ভাব দেশা দিল। মহাপ্রভু বৃধিলেন যে জান ও কর্মের সময়য় সাধন করিতে না পারিলে জীবনের কোন সার্থকতাই থাকে না। সনাতনের জীবনে সেই সময়য় সাধিত না হইলে জীবনের বে মৃথ্য উদ্দেশ্য বিশ্বকল্যাণ, হাহাই ব্যাহত হইয়া ভাহার সকল আশা আকাক্ষাকে ধৃশিসাৎ করিয়া দিবে। কেবলমাত্র ভাক্তি বা প্রেমই সেই সময়য় সাধনে সমর্থ। ভক্তিকে তত্ত্বপ্রে প্রহণ করিয়া দেবে। কেবলমাত্র ভাক্তি বা প্রেমই সেই সময়য় সাধনে সমর্থ। ভক্তিকে তত্ত্বপ্রে প্রহণ করিয়া সে সম্বন্ধ সকল কথাই তিনি সনাতনকে ইতিপূর্বে জানাইয়া-ছেন। এখন সনাতনের বাত্তব-জীবনে কার্বকারিভার মধ্যে তদক্ষভূতির একান্ত প্রয়োজন উপলব্ধি করিয়া ভাহার নিজের প্রতিই সনাতনের প্রেম-ভক্তিকে উলোধিত করিলেন। তিনি একদিন বলিয়া দিলেন যে চৈতন্তগত্ত-প্রাণ সনাতনের দেহ আর সনাতনের নহে, চৈতক্রেরই; ভদ্মারা তিনি কর্বিধ ক্য-শিক্ষাদ্বনের আকাক্ষা পোষণ করেন।

ভক্তজি কৃষ্প্ৰেষ তদ্বের নির্ধার। বৈশ্ববের কৃত্য আর বৈশ্বর আচার।। কৃষ্ণভক্তি কৃষ্ণগোর সেবা প্রবর্তন। লুক্ত তীর্থ-উদ্ধার আর বৈরাগ্য শিক্ষণ।।

তিনি আজা-প্রদান করিশেন :

তুমিহ করিহ ভক্তি শারের এচার। মধুয়া সুপ্রভীর্ধের করিহ উদ্ধার।।

এবং তারপর তিনি—

छक देवद्यात्रा क्यान जब निरम्भित ॥२०

সনাতন ব্বিশেন বে বৃন্ধাবন-মধ্রাতে প্রত্যাবর্তন করিয়া এ সমস্ত কর্মই ভাঁহাকে করিছে ছইবে। 'প্রেমপরিপ্রভান্তর' সনাতনের দেহত্যাগ বাসনা ছুটিয়া গেল। ভাঁহার প্রেম ভাঁহার ভবিক্তৎ কর্মের মধ্যে জ্ঞান-রূপায়ণের যে সম্ভাবনাকে মন্ত্রিভ করিয়া ভূলিল, ভিনি তৎসম্বন্ধ অবহিভ হইলেন।

এতংসম্বেও মহাপ্রভূ সনাতনকে নানাভাবে পরীক্ষা করিয়া স্ট্রেন। স্মৈট্যাসের এক মধ্যাহ্নে তিনি ধমেশ্বর-টোটা হইতে। সনাতনকে ভাকিয়া পাঠাইলেন। হরিহাস-আশ্রম হইতে টোটা যাইবার মাত্র ছুইটি পৰ। হয় সমূত্রপথে, নতুবা সিংহ্বারের পাশ দিয়া যাইভে হইবে। কিন্তু গৌড়-দরবারে সর্বদা ব্যবনদের সহিত বনিষ্ঠভাবে মিশিয়া নীচ-জাতির সেবা ও নীচ-কাতির সহিত ব্যবহার করিতে হইত বলিয়া স্মাতনের কুণ্ঠার অবধি ছিল মা। সিংহছার পথে গমন করিলে পাছে সেই স্থানের কর্মবান্ত আছ্প-সেবক্ষিগের অছ-স্পর্শ করিয়। মহাপাডকে পতিত হন, *ডক্ষয়* ডিনি সেই পৰে না পিরা সমূত্র-পথ ধরিলেন। জৈচির প্রচণ্ড উত্তাপে জনন্ত অসার তুল্য বালুকণার উপর চলিতে চলিতে তাহার পারে কোস্কা পড়িয়া গেল। তাঁহার সেই বিপুল 'মর্বাধা'-বোধ ও অসীম সহমণীলতা দেখিয়া মহাপ্রভু বিশ্বিত হইলেন। এইভাবে তিনি সৰ্বপ্ৰকার কঠোর পরীক্ষার মধ্য দিয়া উত্তীর্ণ হইলে মহাপ্রভু তাঁহাকে যে সন্থান প্রথশন করিলেন ভাহা একপ্রকার তুলনা-রহিত। কিন্ধ মহাপ্রস্থারত এই সন্মান সনাতনকে আরও কৃষ্টিত করিল। ভাঁহার গাত্রকণ্ডসন্থেও মহাপ্রভু যে তাঁহাকে বারবার এইরপ নিবিড়ভাবে আলিকনাবদ্ধ করেন, তাহা তাঁহাকে পীড়িভ করিল। চৈতক্ত-সর্শনে কুতার্থ হইতে আসিয়া তাঁহার ফেন হিতে বিপরীত হইল। এক্সিন তিনি কিংকর্তব্যবিমৃচ হইরা জগদানন্দ-পত্তিতকে এই শহন্ধে বলিলে তিনি মহাপ্রভুর পূর্ব-নিধেশ অহুষারী সনাতনকে কুমাবনে চলিয়া বাইবার কথা বলিলেন এবং সনাতনও বৃরিলেন নে তাহাই ভাল, বুন্দাকাই তাঁহার 'প্রভুদর'-দেশ। কিছ এই কথা কানে গেলে মহাপ্রভু অগদানন্দের প্রতি অত্যন্ত ক্রেছ হইরা জানাইলেন বে পারমার্থিক জ্ঞানে সনাতন জগদানন্দ হইতে বহু উধের অবস্থিত। এমন কি বরং মহাপ্রাকৃকেও উপদেশ বা নির্দেশ দিবার শক্তি সনাতনের আছে। স্তরাং অপদানন্দের উক্ত প্রকার উক্তি অত্যন্ত গহিত হইয়াছে। প্রাক্ এক বংসরকাল সনাতনকে নীলাচলে রাখিয়া শেষে তিনি তাঁহাকে বিদার দিলেন। মহাপ্রান্থ বে পথে কুন্দাবন-পমন করিয়াছিলেন, সনাতনও সেই পথে ধাত্রা করিলেন।

মহাপ্রভুর বারা প্রেরিভ হইরা সর্বপ্রথম কুনাবনে আসিয়াছিলেন শোকনাণ, তাহার সবে ছিলেন ভূগর্ভ। তাহার পর আসেন সূবৃদ্ধি-রার। তারপর রূপ-সনাভনাদি একে একে আসিরা পৌছান। সনাভনের নীলাচল হইতে প্রভাবর্তনের পর তাহার কূপ-পুরোহিত রামণ্ড সর্বন্ধ ত্যাপ করিরা ভাহার শিক্ষম গ্রহণ করিলেন। ওও 'ভক্তিরম্বাকর'-উল্লেখিত এই কৃপপুরোহিতের প্রকৃত নাম স্থানিতে পারা বার না; কিন্ধ হরিচরণমাসের 'অবৈত-

মঙ্গলে'র বর্ণনা অমুধারী^{২ ব} শ্রীনাধ-আচাব নামে এক দান্দিণাত্য-বাসী বিপ্র সনাতনের পিতার আমল হইতেই তাঁহাদের পুরোহিত ছিলেন, এবং সনাতন ও রপের বালাকালে তিনি তাঁহাদিগকে নানাবিধ শান্ত, অলংকার ও বেদান্ত-ভাগবতাহি শিক্ষা দিয়া গদাতীরে তাঁহাদিগকে রক্ষমন্ত দান করেন। পরে তিনি অকৈত-শাধাত্মক হন এবং অকৈত-শিল্প রুক্ষণাস-বিপ্রের নিকট অকৈত-সম্বন্ধীয় নানা-বিবরণ-সংবলিত একধানি কড়চা-গ্রন্থ করিরা হরিচরণদাসকে তাহা প্রদান করেন এবং নিক্ষেও তাঁহাকে এতংশ-সম্বন্ধীয় নানাবিধ তথা বলিয়া শুনান। এই বিবরণ সতা হইদেও উপরোক্ত কুল পুরোহিত যে অতিবৃদ্ধ শ্রীনাথ-আচার্থ হইতে পারেন না, তাহা সহজ্বেই অমুমিত হয়। তবে তিনি শ্রীনাথের পুরু হইতেও পারেন। 'ভক্তিরম্বাকর' অমুধারী সনাতনের পুরোহিত-পুত্র গোপাল-মিশ্রও সনাতনের শিব্যন্ধ গ্রহণ করিয়াছিলেন এবং সনাতনের মৃত্যুর পরে তিনি নন্দীর্বরে সনাতনের কুটীর-সন্ধিধানেই বাস করিতে থাকেন এবং তাঁহাদের বংল থাড়গ্রামে বাস করিতেছিল। শ্রীনিবাস, নরোক্তম, স্থামানন্দ কুলাবনে আসিলে নন্দীর্বরে আসিয়া গোপালাদি ভক্তের সহিত একত্রে রান্ধি বাপন্থ করিরা যান।

নীশাচণ হইতে ফিরিরা সনাতন চিরতরে বৃন্ধাবনের মধ্যে আশ্রের গ্রহণ করিলেন।
আবশ্র বৃন্ধাবন তথন কবলাকীর্ণ ছিল। প্রথম প্রথম ভক্তবৃন্ধকে বনে বনে ব্রিরা কাটাইতে
ইইরাছে। রূপ-সনাতনেরও এইভাবে দিন কাটিত। প্রতিদিন এক একটি বৃন্ধতলে শরন
এবং বিপ্র-পূচে মাধুকরীর বারা ওছ-কটি চানা চিবাইরা ক্রির্ত্তি করিতে হর। ২০ ভোগের
কোন সামগ্রীই তাহাদের ছিল না। 'করোরা মাত্র হাতে কাঁথা ছিঁড়া বহিবাস।' এই
ক্রছ্মুসাধনের মধ্য দিরাই তাহাদের বিরাট কর্মের আরম্ভ হইরা গেল। ইহার মধ্যেই তাহাদের
ক্রমু-কর্যা ও কৃষ্ণ-নাম চলিত এবং বে-'ভক্তিরস্পাত্র' প্রণরন ও প্রচারের মধ্যে তাহাদের
আর্দর্শের মৃশ নিহিত ছিল, এই জ্বামরের মধ্যেও সেই লাম্র সংগ্রহ ও সংরচনের স্বরপাত
হইরা গেল। আবার মধুরা-মাহান্য্য-লাল্ল সংগ্রহের সন্ধে সন্ধে লুপ্ত-তীর্বোদ্ধারের জন্ত
সনাতন বনে বনে ব্রেরা বেড়াইতে লাগিলেন। মহাপ্রভু তাহার 'কাঁথা কর্বিরা কার্ডাল
ভক্তপাণকৈ পালন করিবার জন্ত তাহাকে নির্দেশ দিয়াছিলেন। স্বতরাং ভক্তবৃন্দের
অন্তর্গনা এবং অবস্থানাদি-সম্পর্কেও সনাতন সতর্ক হইলেন। ক্রমে ক্রমে গ্রেড্রা ক্রানাচন
হইতে ভক্তবৃন্দ আসিয়া পৌচাইতে লাগিলেন। বার্ডার্লা-ভক্তবৃন্দের চেটার বৃন্দাবনে
বন একটি উপনিবেশ গড়িরা উরিল।

মহাপ্রস্থৃ তাঁহার জীবদ্দাতে গোরামিল্রাভুক্তরে সমন্ত সংবাদ রাখিতেন। 'প্রেম-

⁽২৭) পু. ৩৯-৪১, ২৭ (২৮) ভ. হ.—ej১৩৩০-৩৫ (২৯) গৌ. ভ.—পু. ৩০৮

বিলাস'কার-জানাইরাছেন ^{৩০} যে স্নাতন নীলাচলে সোপাল-ভট্টের বৃন্ধাবনা-সমন সংবাদ প্রেরণ করিলে মহাপ্রান্ধ কহন্তে ভাষার প্রভাবে লিখিরা পাঠান এবং ভিনি স্নাতন ও রূপের হন্তে গোলালাহির সমূহভার অর্পন করিরা নিশ্চিম্ন ছিলেন। উাহাদের কর্তবানিষ্ঠা ভাষার প্রদা ও গোরবের বিবর ছিল। বস্তুত, নীলাচলে কর্মল-রামানন্দ এবং কুন্ধাবনে রূপ-স্নাতন মহাপ্রস্কুর সকল ভম্ব, চিম্বা ও আন্ধর্শের ধারক- এবং বাহক-রূপে অবস্থান করিতেন। ভাষাদের সমূহে মহাপ্রস্কু সংশয়-রহিত ছিলেন।

মহাপ্রভু জগদানন্দ-পণ্ডিত মারকত বলিরা পাঠাইয়াছিলেন, সনাতন বেন বুন্দাবনে উহার জন্ত একটি দ্বান নির্দেশ করিয়া রাখেন। জগদানন্দ চলিয়া গেলে সনাতন কালীয় হুদের পার্শন্তিত ছাদ্রণাদিত্য-লিলায় একটি মঠ পাইরা ভাহাকেই মহাপ্রভুর উপবৃক্ত দান বিচার করিয়া ভাহা সংস্কার করিয়া রাখিলেন এবং ব্রজ্ঞবাসী-গণ সেই মঠের সন্মুধে একটি চালা নির্মাণ করিয়া দিলে তিনি সেইস্থানে বসতি দ্বাপন করিলেন। ৩১ ভাহার পর তিনি সম্ভবত মহাবনে, ৩১ কিংবা মধুরার দানোদর-চৌবের নিক্ট ৩০ মদনগোপাল-বিগ্রহ প্রাপ্ত হইয়া সেই যম্না-পূলিনেই ৩৪ এক পর্ব-কূটীর নির্মাণ করিয়া ভাহার সেবাওই আরম্ভ করিলেন। কিছু সেবা-পূজার আর্যোজনের দৈল্প তাহারে পীড়া দিতে লাগিল। সৌভাগাবশত এই সময় এক ধনবান ব্যক্তির সহিত তাহার সাক্ষাৎ বটে। তাহার নিবাস মূলভান দেশে, নাম কুফলাস-ক্ষপুর এবং তিনি ছিলেন জ্বাভিতে ক্ষব্রির। যম্নার স্লোভে নৌকা বাহিয়া চলিতেছিলেন। ৩৬ উপকৃলে স্নাতন বসিয়াছিলেন, কুক্লাস নৌকা ভিড়াইয়া সনাতনের চরণে আ্মসুস্থান করিলে তিনি কুফলাসকে মদনমোহনের চরণে সমর্পন করেন। তাহার

⁽৩০) ১ম. বি., পৃ. ১২ (৩১) চৈ. চ.—০।১৩; তে. ব.—০।২০২৫; ম্রলীবিলাসেও (পৃ. ২৭৩) সনাতনের এই বাদলাদিত্য-ভীর্থবাসের উল্লেখ আছে (৩২) ত. ব.—২।১৫৫-৩০ (৩৩) তে. বি-এর ২৪শ. বি. (পৃ. ২৭৩)-রতে বামেদর চৌবে আছৈল অতুর নিকট হইতে বে বিএই লইয়া যান, সনাতন তাহাই ভিকা করিয়া আনেন। আ. এ. (১৪. আ., পৃ. ১৬)-রতে অবৈত ঐ বিএইটি 'চৌবে' নামক ব্যক্তিকে অর্পন করিয়াছিলের। বৈ. বি.-কার বলের (পৃ.৭৮) সনাতন মহাবনবাসী পরত্যাক-চৌবে নামক ব্যক্তিকে অর্পন করিয়াছিলের। বৈ. বি.-কার বলের (পৃ.৭৮) সনাতন মহাবনবাসী পরত্যাক-চৌবে নামক ব্যক্তিকে করিয়াছিলের ভাবি প্রথম করে। বেথক পরত্যাকের নাম কোখার পাইলেন কানা যার নাই। মৃ. বি. (পৃ. ২৯৯)-রতে সনাতন ভিকার্থ অবশ্বাকে বর্ণরার এক বিপ্রসূত্তে গোপালের দর্শন পান। (৩৪) ত. র—২।৪৫৬; ব্রুলাতীরে আছিল্য-টিনার—বৈ. বি., পৃ. ৭৮ (০৫) উন্তক্ত্বনাস-রক্ষায়ী পূলারী নিম্কত্বের। এই প্রস্থমতে সনাতন নক্ষানে চারিটি বিপ্রত্ প্রতিষ্ঠা করিয়া হরিদাস নামক ভক্তকে পূলারী নিম্কত্বরের। (৩৬) ত. র.—২।৪৬৪; প্রে. বি.-এ (১৩শ. বি.) বিরিক্ত ক্রিয়াহ বে বংগলনের নৌকা চড়ার ঠেকিছা গেলে তিনি সনাত্যদের নিকট প্রার্থনা ফানান এবং নৌকা চলিয়া বার। মহাক্রম পৃথ-প্রতিক্রতি অনুবারী সেবারকার বাণিজ্যের সমত্ত্ব আর্থ বান ক্রের। গোবিল, গোপীনাথ, রাণালানোথর, বাণাবিলের, রাধারনের এবং জানক্রমর বানির নিম্বাণ ও সেবার ব্যবহা হয়।

পরেই মন্দিরের কার্য আরম্ভ হইরা গোল, কুক্সাস-কপুর নানাবিধ বেশ-ভূবার বিগ্রহকে সক্ষিত করির। সাড়ম্বর-সেবাপূজার ব্যবহা করির। দিলেন। ৩৭ সনাতন বধন কুমাবন হইতে আসিরা নন্দীম্বরে পাবন-সরোবরে বাস করিতেছিলেন, তথনই ব্রজবাসী-গণ তাঁহার জন্ত একটি কুটির নির্মাণ করিরা দিলে তিনি ভদবিধ তাহাতেই বাস করিতে থাকেন। মধ্যে মধ্যে রূপ-গোহামী আসিরা তাঁহার সহিত অবহান করিরা বাইতেন। ৩৮ পরবর্তিকালে অবলা সনাতন গোবর্ধনে গিরা চক্রতীর্ধে বাস-স্থাপন করেন। সেধান হইতে তিনি প্রভাহ গোবর্ধন পরিক্রমা করিরা আসিতেন। বার্ধ কা পর্যন্ত এইস্থানে থাকিরাই তাহার জীবন অভিবাহিত হয়। ৩৯

কিন্তু মহাপ্রাকু-আঞ্চাক্ষিত লুগু-তীর্ধের উদ্ধার ও বিগ্রহ-প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে ভত্তিশাস্ত্র প্রণরনও চলিতে থাকে। জীব-গোস্বামী জানাইরাছেন⁸⁰ বে প্রথমে স্নাতন-গোস্বামী টীকাসহ 'শ্ৰীভাগবতামৃত' গ্ৰন্থটি (বৃহদ্ভাগবতামৃত—ছুই খণ্ডে) প্ৰণৰন করেন। জাহার পর 'শ্রীল সনাতন-গোস্বামী-প্রভূপাদকতা দিক্ষর্শনী টীকা'র^{৪১} সহিত গোপাল-ভট্ট-গোস্বামীর 'হরিভঞিবিলাস' প্রকাশিত হয়। 'প্রেমবিলাস'-কার^{5২} বলেন বে সনাতনের আছেন ও নির্দেশাহ্যায়ী এই পুত্তক্যানি গোপাল-ডট্রের সাহায্যে রচিত হইবার পর সংশোধনার্থ ডং-কর্তৃক সনাতনের হত্তে প্রাহন্ত হইলে তিনি ভাহাকে নিম্ম পুস্তক বলিয়াই গ্রহণ করেন। কিছ সম্ভবত সনাতনের ইচ্ছাত্র্যারী তাহঃ গোপাল-ভট্টের নামে প্রচলিত হয়।^{৪৩} পরবর্তী গ্রন্থ সম্ভবত 'দীশান্তৰ বা দশমচরিত।'^{৪৪} ভাহার পর একেবারে শেবে ভিনি 'বৈঞ্বভোষনী' (১৫৫৪ খু.)-গ্রন্থ রচনা করেন। ভাগবত (মশমস্বন্ধ)-পাঠ করিবা তিনি যেরূপে তাহার রসস্থাদন করিয়াছিলেন, তদুস্থারী এই গ্রন্থানি লিখিত হয়।^{৪৫} কিন্তু এই গ্রন্থানি রচিত হইবার পর তিনি জীবের উপর তাহার সংশোধনের ভার-অর্পুণ করেন। প্রথম রচনার ২৮ বংসর পরে জীব ঐ গ্রন্থটিকে 'লঘুতোষণী' নাম দিয়া প্রকাশ করেন। স্নাতন মূল পুৰিখানি লিবিয়াছিলেন ১৪৭৬ লকাকে বা ১৫৫৪বৃ.-এ।^{৪৬} ইহাই ভদ্ৰচিত শেষ গ্রন্থ।^{৪৭} ইহা ছাড়া 'পভাবণী' নামক সংগ্রহ-গ্রন্থেও ত্রপ-গোস্বামী সনাতনের একটি শ্লোক উদ্ধৃত করিয়াছেন। কিন্তু সংস্কৃত ভাষার মহাপণ্ডিত সনাতন সংস্কৃত ভাষার শিথিত

⁽०१) छ. इ.—२।३१३ (०৮) वे.—१।३७३ (०৯) वे.—१।१२৮ (००) वे—১।৮००-৮०३ (३३) इ. वि. (३२) ३৮ म..वि., शृ. २१३ (३०) इ. वि. (७. इ.—२)३१३) (३०) अष्ट्वित क्ष क्रिया नवासन काराव, त्य विवास दित निषास गृरीण रव नारे । ज.—७. हे.—गृ. २००-०१ (०१) छ. इ.—३।१७१ (०५) अ१. दि. (छा,—जवासि-एठक वाका (०९) जीव-शावामी 'जीर्द्रतमावाम् वाक्तर्थ' वित्रा अक्षानि अह अन्दर करत्व । हिकाका रहत्वक-कार्य जानारेख्य व्यवस्य व जीव-शावामी नवास्त्य 'अपूर्दिभागाम् व गाक्तर्य'हैंक प्रशासक कदिता ने अह अन्दर करत्व ।

চারিখানি গ্রন্থে তাঁহার রচনা শেব করিলেও তাঁহার বারা চৈতক্ত-করিত ভক্তিশার প্রবর্তনের যে প্রেপাত হইরা গেল, তাঁহার প্রযোগ্য উত্তরাধিকারী রপ-জীব প্রভৃতি গোস্বামী-বৃন্দের প্রচেষ্টার তাহাই ক্রমে বৃন্দাবন-প্রদেশকে পরিপ্লাবিত করিরা সমগ্র ভারতভূমিতে ছড়াইরা পড়িয়াছিল। বৈশ্বব ধর্ম, বৈশ্বব ধর্মনি বা বৈশ্ববসাধনার আচার প্রণালী সম্বন্ধে চৈতক্ত স্বর্থ কোন লাম্ভ রচনা করিরা বান নাই। কিন্তু সনাতন-রূপ ও জীবগোস্থামী ভরির্দেশিত যে বিবরণ লিপিবন্ধ করেন, তাহাই চিরকাল চৈতক্তলিখিত শান্তেরে স্থান পূরণ করিরা আসিতেছে।

বুন্দাবন-নির্মিতির প্রথম-পধিকুৎ হিসাবে সেই বিরাট কর্মের সমূহ-দারিত্ব বাহাদিগকে মাথায় পাতিয়া লইতে হইয়াছিল, সমাতন ছিলেন তাঁহাছেরও শুক্র-স্থানীয়। সেহে, ভালবাসার সকলের চিত্তই তাঁহাকে ভরিয়া দিতে হইয়াছিল। লোকনাথ-কাশীখর-রুক্ষাসকে তিনি বথেষ্ট ভালবাসিতেন এবং শ্রদ্ধাও করিতেন। ভূগর্জ-গোপাল-রগুনাধাদির প্রতি তাঁহার ছেহ ছিল অপার। জগদানন্দের বুন্দাবন-পরিক্রমার তাঁহাকে সর্বক্রগের স্কী হইতে ১ইয়াছিল। বিগওলাহ রঘুনাধদাল-গোখামীকে স্থাপদ-সংকূল অরণ্যন্থ বৃক্ষতল-শ্বয়া হইভে আনরন করিরা ভাঁহাকেই কুটির-বাসী করিয়া দিভে হইরাছিল। এদিকে মহাপ্রভুর সহিতও তিনি যোগাযোগ বক্ষা ক্রিয়া চলিতেন। গোপাল-ভট্ট বুন্দাবনে আসিয়া পৌছাইলে তিনি অবিশব্দে মহাপ্রভুর নিকট সেই সংবাদ প্রেরণ করিতে ভূলিয়া যান নাই। এডটা কর্তব্য- ও দাবিস্থবোধ-সম্পন্ন এবং সর্বগুণের অধিকারী হইয়াও তিনি ছিলেন নিবভিযান। তিনি কিংবা তাঁহার অহজ রূপ বিপুল জানভান্তারের অধিকারী হইরাও বে এক পণ্ডিডনায় ও অহংকারী ব্যক্তিকে^{৪৮} বিনা শান্তবিচারেই অম্বপত্র শিখিয়া দিতে পারিরাছিলেন, ইহা ভাঁহাদের বিপুল মহন্ত ও নিরভিযান অন্তরেরই সমাকু পরিচর।^{৪৯} সনাতনের এই প্রেম ও কর্মকুশলতা তাঁহাকে সারা কুদাবন ও সংলয় অঞ্চলে জনপ্রিয় করিরাছিল।^{৫০} ভাঁহার ব্রজ্বপরিক্রমাকালে বৃন্দাবন-বাসীদিগের গৃহে গৃহে সাড়া পড়িরা ষাইড এবং ডিনি যখাসাধ্য সকলেরই মনস্বামনা পূর্ণ করিয়া দিতেন। স্কুত্র কানাই, কানাইর মাও তাঁহার শ্বেহদৃষ্টি হইতে বঞ্চিত হন নাই। সনাতনের রূপার এই কানাই পরম বৈষ্ণব হইয়াছিলেন। জীনিবাসাদি কুমাবন হইতে বিদারের পূর্বে ভাঁহার (কানাই-এর) আশীবাদ গ্রহণ করিরাছিলেন। সম্ভবত জাহুবা-ঠাকুরাণীর প্রথমবার বুন্দাবন আগমনকালে সনাতন-গোস্বামী জীবিত ছিলেন।

⁽০৮) জ-জীব-গোলামী (০৯) প্রে. বি.—১৯শ- বি., পৃ. ৬২৫-২৬; জ. মা.—পৃ. ১৮; জ্ব.—
জ. লী.—পৃ. ১২৮ (৫০) প্রে. বি.—১৬শ- বি., পৃ. ২৬২; মৃ. বি.—পৃ. ২৭০-৬৫০; বি. বি.—
গৃ.৩০; মুনলীবিলাস-বড়ে বেইবার আহ্বা-ঠাকুরামী কুলাবনে আসিয়া বেহ রকা করেব, সেইবার
ভীহার ব্যক্তপুর রামাইও ভাঁহার সহিত্য আসিয়া স্বাত্তন ও রূপকর্তু ক অনুসূহীত হইয়াছিলেন।

কিছ শ্রীনিবাসের বৃশ্বাবনাগমনকালে সনাতন ইহজগৎ পরিত্যাপ করিবাছেন। তাঁহার আবিষ্ঠাব ও তিরোভাব কাল সৰছে আধুনিক গ্রন্থকভূপণের অনেকেই নানাবিধ অমুমান করিরাছেন।^{৫১} কি**ছ সেই সমন্ত অমুমান মূলক উক্তি স্না**ভন-গোলামীর তিরোধান-কালের উপর কোনও আলোকপাত করিতে পারে নাই। ১২০০ সালের 'সাহিত্য'-পত্রিকার আখিন-সংখ্যার কীরোর চন্দ্র রার মহাশর নানাভাবে অমুসন্ধান করির৷ বৈক্ষব ভক্তবৃন্দের আবির্ভাব- ও ডিরোডাব-কাল সমস্কে যে দিয়াস্কে উপনীত হইরাছিলেন, ভাহাডে ভিনি সনাতন সহত্তে কেবল এইটুকু বলিভে \সক্ষম হইয়াছিলেন বে ১৫১৫ জী.-এ সনাতনের বৃন্ধাবন গমন ঘটে। প্রকৃতপক্ষে, তাঁহার সম্বন্ধে এতমতিরিক্ত কিছু বলাও প্রায় অসম্ভব হইয়া পড়িয়াছে। তবে এতংসমূদ্ধে কেবল এইটুকু বলা বাইডে পারে যে ১৫৫৪ এ.-এ বদি 'বৈষ্ণবডোবণী'-গ্রন্থানি লিখিত হইয়া থাকে, তাহা হইলে তিনি বে তদবধি বাঁচিয়া ছিলেন তাহাতে সন্দেহ থাকেনা। কিন্তু সম্ভবত তিনি আরও কিছুকাল বাঁচিরাছিলেন। নাডালী বলেন যে 'আরুরুর পাংশা' সনাতনের সহিত সাক্ষাৎ করেন। ১৫৫৬ এ.-এ যাত্র ১২।১৩ বংসর ব্যুসে আক্ষর বাদশাহ্ সিংহাসনের অধিকারী হইলেও, বৈরাম থাঁই তথন নাবালক-রাজার অভিভাবক হিসাবে রাশ্য-পরিচালনার সমূহ কার্য-নির্বাহ করিতেন। ঠিক-ঠিকভাবে আক্বরের হত্তে রাজ্য অসিয়া পৌছে ১৫৩২ ঞ্জী.-এ. (Advanced History of India p.p. 445, 448)। তখন হইতেই তিনি প্রকৃত বাহশাহ্। স্তরাং নাডাজীর উক্তি সভা হইলে ধরিয়া লওয়া যায় যে অক্কভ ঐ সময় পর্যন্ত সনাতন জীবিত ছিলেন। 'প্রেমবিলাস'-অমুষায়ী জীনিবালের প্রথমবার বুন্দাবন-সমনের চারি মাস পূর্বে সনাতনের দেহান্তর বটে।

^{&#}x27; (e) ১৪৮৮-১৪৪৮—কোর বাব বস্ত (সজন ভোষনী—১৮৮৪), রজনীকান্ত বস্ত ('চ অগ্র-পৌৰ, ১৬০৮); প্রায় ১৪০০ শকাজ—অবোর চটোপাধ্যার (অক্ত চরিক্তাবৃত্ত—পৃ. ১৪৪); ১৪৮৮-১৪৪৮—কানীকান্ত বিশান (বীরভূমি, জৈঠ, ১৬২১), একবসুবারী রূপ—১৪৪৯-১৪৭৬

'চৈতক্তচরিভায়তে' দেখা যার যে সনাতন ও রূপ নিজ্ঞদিগকে 'নীচ' ও 'মেচ্ছ' বলিয়া অভিহিত করিয়াছেন। বারাণসীতে মহাপ্রভুর সহিত মিশিত হইবার পূর্বে সনাতনকে দরবেশ বলা হইরাছে।^{৫২} 'প্রমবিলাসে' এবং রাধামোহন ছাসের একটি পছেও লিখিভ আছে^{৫৩} যে সনাতন 'হরবেশ-বেশে' চন্দ্রশেধর-গৃহে উপনীত হন। 'ভক্তমা**ল'-**মতে সনাতন-রূপ বাদশাহের উব্দীর ছিলেন, উাহাদের খেতাব ছিল 'সাকর্মল্লিক' ও 'ধ্বীর্থাস' এবং স্নাতন নিজেই দরবেশ হইয়া যাইবার ইচ্ছা পোষণ করিতেছেন। 'চৈত্রচরিতামৃত', 'চৈতস্তভাগৰত', 'ভক্তমাল' প্রভৃতি গ্রন্থে একখাও বলা হইয়াছে যে দ্বল' ও 'স্নাতন' এই নাম গুইটিই তাহাদের আসল নাম নহে। এইগুলি মহাপ্রভূ-প্রদন্ত নাম। কোধাও কোধাও দেখা যায় যে স্নাতন ও রূপের পূর্বনাম ছিল ষ্ণাক্রমে অমর ও স্ক্রোষ। আবার 'চৈত্যুচরিতামূতে' দেশা যাম যে নীলাচশে আসিয়া সনাতন ধবন হরিদাসের নিকটেই আশ্রন্থ হল করিয়াছিলেন এবং নিজেকে নীচ-বংশোমুত বলিয়া আখ্যাত করিয়াছিলেন। এমনকি, অধর্ম ও কুকর্মই যে ভাহার কুলকর্ম, ভাহার উল্লেখ করিয়। ভিনি বলিরাছেন যে মহাপ্রভূ সেইরপ কলেকেও খুবানা করিয়া তাহার মঞ্চ সাধন করিয়াছেন। ভাহা ছাড়া আরও দেখা যায়^{৫৪} যে স্নাড্ন জগরাধ-মন্দিরে, বা এমন কি সিংহ্ছারেও বাইডেন না। কারণ, সেখানে ঠাকুরের সেবকদল স্বদাই ঘুরাফিরা করিভেছে, ভাহাদিগকে স্পর্শ ক্রিরা ফেলিলে ভাহার স্ব্নাশ ঘটবে। আবার রপ-গোস্বামীর মুখে কোণাও কোণাও অমুরূপ দৈক্যোক্তি শ্রুত হয়। প্রবাগে বল্লভ-ভট্ট যথন রূপ ও অমুপমকে আলিকন করিতে অগ্রসর হন, তথন টাহারা নিজদিগকে 'অন্সুত্র' ও 'পামর' বলিয়া দূরে সরিয়া গিয়াছিলেন ৷ ভট্ট ভাহাতে অভ্যন্ত বিশ্বিত হওয়ার মহাপ্রভু তাঁহাদের সকল বিবরণ জানাইয়া বলিলেন যে ভট্ট হইভেছেন 'বৈদিক যাজিক' এবং 'কুলীন প্রবীণ'; স্মৃতরাং তাঁহাদিগকে তাঁহার পর্শ করা উচিত নহে। ^{৫৫} এই সমস্ত প্রমাণের বলে রূপ-সনাতনকে ববন বা অ-হিন্দু বশিয়াই প্রতীর্মান হব। কিছু অন্তত তুইশত বংসরের প্রাচীন দ্বপ-গোস্বামীর স্চক'-নামক একটি পুথিতে^{৫৬} লিখিত আছে যে রূপ-সনাতনের পিতা কুমারদেব 'বিজকুলে পুণাধান' ছিলেন, এবং রূপ-স্নাতনও ব্রাহ্মণ ছিলেন। আবার জীব-গোস্বামীর 'লঘুতোহণী' গ্রন্থের প্রমাণ উপস্থাপিত করিয়া 'ভক্তিরত্বাকর'-প্রণেতা স্থানাই-

⁽৫২) ২।১ (৫৬) ৫ম. বি., পৃ. ৫৪, ; গৌ. ভ.—পৃ. ৬০৭ (৫৪) চৈ. চ.—০াচ (৫৫) আ থা.-প্রছেও রূপ-স্বাভনের অনুরূপ আচরণ বৃষ্ট হয়। (৫৬) পৃ. ১

তেছেন^{৫৭} বে সনাতন-রপাদি ব্রাদ্ধা-বংশোভূত ছিলেন; তাহাদের পিতা পিতামই ববন দেখিলে প্রারশ্ভিত করিতেন, অবচ তাহাদিগকে সেই ববন-সঙ্গ গ্রহণ করিয়া নিষ্ণতই ববনদিগের সহিত বাবহার করিতে হইতেছে বলিয়া 'এই হেতু নীচ আত্যাদিক উক্তি তার ।' কথাগুলির মধ্যে বিন্দুমাত্র সভা না বাকিলে স্বয়ং জীব-গোশ্বামী বা নরহরি, কাহারও পক্ষে সচেতনভাবে সবিত্তারে এতবড় মিখ্যা বর্ণনা দেওরা সম্ভবপর হইত না। 'চৈতন্ত্র-চরিতায়ত' হইতেই জানা ব্যর যে মুরারি-গুপ্তও প্রথমবারে নীলাচলে গিয়া মহাপ্রভূর লহিত সাক্ষাং না করিয়া বাহিরে পড়িয়াছিলেন। মহাপ্রভূ মুরারিকে ভাকাইয়া তাহার বৃহিত মিলিত হইতে গেলে মুরারি সবিদ্বা গিয়া বলিলেন:

কোৰে মা ছুঁ ইহ দূজি অধন পানর। তোমার পাশ বোগা নহে পাপ কলেবর।।

প্রকৃতপক্ষে, এই সমস্থই বৈঞ্চৰ-দৈক্যোক্তি। ডা. বিষানবিহারী মন্ত্র্মদার দেখাইরাছেন (চৈ. উ.—পৃ. ১২৪-২৫) যে সনাজন-গোলামীও তাহার 'বৃহৎভাগবভাষ্তে' এবং রূপ-গোলামী তাহার 'সনাজনাইকে' তাহাদের পূর্ব-পুক্ষদিগকে ব্রান্থর বশিয়া বর্ণনা করিরাছেন।

লয়ানন্দ তাহার 'চৈত্রসমন্দল' লিখিয়াছেন, ৫৮ শপুর্বে তারা ব্রহ্মার মানসপুত্র ছিল। লাপম্রই ছই ভাই পৃথিবী-শ্বনিল। " এইরূপ উক্তি হইতে অবশ্র কোন সিমান্ত গ্রহণ সম্ভবপর হয় না, কিন্ধ উক্ত 'ভক্তমাল'-গ্রন্থে বাহাই থাকুক না কেন, সেই গ্রন্থের কোথাও সনাভনকে ক্রেন্থ প্রতিপন্ন করা হয় নাই। সনাতন নিক্ষেই যে 'হরবেল' হইয়া খাইতে চাহিয়াছেন, তাহার কারণ তিনি ববন-রক্ষকের রাশ্বভীতিকে অমূলক প্রমাণ করিতে চাহেন, এবং তিনি বে সভা সভাই দরবেশের পোবাকে শ্বনী পর্যন্ত আসিয়াছিলেন, তাহা সম্ভবত কেবল 'পাৎশাহে'র দৃষ্টিকে এড়াইবার শ্বন্থই। এইভাবেই বে তিনি বাদশাহের দৃষ্টিকে ফাঁকি দিতে চাহেন, তাহা তিনি নিক্ষেই বলিয়াছেন। 'ভক্তমাল'-গ্রন্থে দেখা বায় বে কাশীতে তিনি দরবেশের বেশে আসেন নাই; সেখানে তাঁহাকে কেবল 'কাঙাল' বলিয়া অভিহিত করা হইয়াছে। ভাছাড়া 'ভক্তমালে' ইহাও দেখা বায় বে সনাতনের চিকিৎসার শ্বন্ধ বাহাকে প্রেরণ করা হইয়াছিল, তিনি রাশ্বনৈত, কিন্ধ হকিম নহেন।

সনাতন তাঁহার 'দশ্মটিয়নী'-গ্রছে বিভাবাচম্পতি প্রভৃতিকে শুক বলিরা বন্দনা করিরাছেন। তাঁহারা ববন হইলে তাঁহাছের বাল্যকালেই প্রসিদ্ধ ব্রাহ্মণ-পণ্ডিতের নিকট শিক্ষা-গ্রহণ করিবার কোন কারণ থাকিও না। তাছাড়া, 'সনাতন', 'রূপ' বা 'অমূপম' এই নামগুলি মহাপ্রস্থ কর্তৃকি প্রদন্ত হইরাছিল সত্যা, কিন্তু বল্লভ ও জীবের নাম হইতে তাঁহাছের ধবন-জাতিছের প্রমাণ হয় না। 'ভক্তিরত্বাক্রে' জীবকে 'বিপ্রকৃত্বাক্রিণ' বলা

⁽en) 31636 (er) 7. 306 (es) 5. 5.--- 2120

হইরাছে। ^{৩০} আবার সনাতনের গৌড়-হরবার তাগে করিবার সময় যে প্তাট সঙ্গে গিরাছিল তাহার নামও ছিল ঈশান। ইহা হিন্দু নাম। সনাতন যকে হইলে সম্ভবত হিন্দুভাগ সঙ্গে লাইতেন না। সনাতনের ভগিনীপতিরও নাম ছিল শ্রীকাম্ভ। তিনিও রাজ-হরবারে চাকরী করিতেন। সনাতন-রূপ-শ্রীকাম্ভ ছাড়াও অক্যান্ত রাহ্মণ এবং হিন্দু-কর্মচারী যবন-রাজাধীনে নিযুক্ত ছিলেন। 'তক্তিরত্বাকর' হইতে জানা হার্ভ থ যে নিতানন্দের শক্তর প্রধাস

গৌড়রাক ব্যবের কার্থে সুসর্থ। সর্থেল গাভি উপার্কিল বছ কর্থ ।

অপচ আশ্চর্যের বিষয় তাঁহার ব্রাহ্মণন্ত সমস্থে সন্দেহ ত' দ্বের কথা, তাহার শ্রেষ্ঠন্থই সবিলেব বােষিত হইরাছে। রাশ্ব-দর্বারে ব্রাহ্মণেতর জাতির মধ্যে সম্ভবত কার্ম্থের প্রাধান্তই ছিল স্বাধিক। 'চৈত্যুচরিতায়ত'-কার জানাইতেছেন্ডই যে স্নাতন রাজকার্য ছাড়িয়া দিলে সেই 'লােডী কার্ম্থণণে রাজকার্য করে'। রাজকর্মচারী-হিসাবে কেশব-বস্থর নামও বিশাত ছিল। তাছাড়া চিরঞ্জীব-সেন্ডই ও মৃকুল্য-সরকার প্রভৃতি বৈশ্বও যবনরাজন্মবারে স্মানিত কর্মচারী-হিসাবে কাষ ক্রিতেন।

সনাতন নীলাচলে নিজের সহজে যাহা বলিয়াছেন, কাশীতেও তদকুরপ বলিয়াছেন। এই সকল তাঁহার দৈয়োক্তি হইতেও পারে। আর কুল-কর্মের কথা বলিবার সময় সম্ভবত নিজ জ্যেষ্ঠ-প্রাতার কথাই তাঁহার বিশেষভাবে মনে পাঁড়রাছিল। কারণ, 'চৈতস্তচরিতামুতে' উরোধিত হইরাছে যে সনাতনকে হোসেন-শাহ্ বলিয়াছিলেন, "ভোমার বড় ভাই করে লত্যা বাবহার। জীব পদ্ধ মারি কৈল চাকলা সব নাশ ॥" আর মহাপ্রভু বে সনাতনের বংশের মদল সাধন করিয়াছেন, সনাতন এইরপ কথা বলিয়াছেন সভ্যা, কিন্তু ভাহার প্রসান্ধই ভিন্ন। সনাতন সেই শ্বানে তাঁহার সহোধর বলতের বাল্যকালাব্যি রঘুনাধ-ধ্যান ও তাহার পর তাহার ক্ষান্থরাগের কথাই উরোধ করিয়াছেন। স্বতরাং বংশের মদল বলিতে জাতির উন্ধার বলিয়া মনে হয় না। তিনি যে সিংহছারে বাইতেন না, তাহাও তাঁহার নিজেকে এইরপ নীচ বলিয়া মনে করারই কল।

একটি বিষয় লক্ষ্য করিতে পারা যায় যে সনাতন যখন প্রথমবার কাশীতে আগমন করেন, তখন তিনি বৈশু-চন্ত্রশেধরের গৃহে অবস্থান করিলেও তাঁহার গৃহে অর-গ্রহণ করেন নাই। তপন-মিশ্রের গৃহেই তাঁহার ভিক্ষা-নির্বাহ হইত। তাহার পরে তিনি যাধুকরী করিতে থাকেন। কিছু যে মহারাষ্ট্রীর গৃহে তিনি ডিক্ষা-নির্বাহের জন্ত অহকেছ হইয়াছিলেন, তিনিও ছিলেন জাতিতে রাজ্ব। ৬৪ রূপও বধন অহুপম সহ প্রয়াগে আসিয়া মহাপ্রাত্ত্ব

^{(**) &}gt;19+8 (*) >2|0>92-96 (*2) 2|>> (*0) \$. \$.-->|29+ (*8) \$. \$.---2|2+

সহিত মিশিত হন, তথনও ভট্টাচার্য 'তুই ভাই কৈল নিমন্তা।' আর বে একদিন তাঁহাদের জিকা-গ্রহণের কথা উল্লেখিত হইবাছে, ভাহাও বল্লড-ভট্টের গৃহে। আবার সনাতনের নীলাচল-বাসকালে তিনি হরিদাসের নিকট অবস্থান করিলেও মহাপ্রভূ প্রভাহ তাঁহার জন্ম গোবিন্দের ধারা প্রসাদ পাঠাইরা দিতেন। একদিন মহাপ্রভূ বমেশ্বর-টোটার গিরাছিলেন। গেদিন প্রচণ্ড উত্তপ্ত বালুকার উপর দিয়া হাঁটিয়া গিরা সনাতন সেখানেই মহাপ্রভূর প্রসাদ-গ্রহণ করিরাছিলেন। প্রকৃতপক্ষে, হরিদাস ও সনাতন একত্রে থাকিতেন খাল্ল। কিছু মহাপ্রভূ

গোবিন্দ ৰারায় দৌহে প্রসাদ পাঠাইলা ।

এই यस गनास्त्र तरह अञ्चारन।

এবং মহাপ্রাকু দিবংঅসাদ পাইরা নিচা ভগরাব মনিরে।

ভারা আনি নিজ্ঞা অবগু দেন লোঁহা করে।

কুষ্ঠৈতভ খণ কথা সরিপাস সংগ চ

কিছ উক্ত গোবিন্দ আতিতে শৃক্ত হইলেও ঈশর-পুরী বা মহাপ্রতুর দৃষ্টিতে তিনি শৃক্ত ছিলেন না। মহাপ্রকৃ তাঁহার সকছে বলিয়াছেন^{ও৫} :

ৰৰ্বাদা হইছে কোট হৰ হেছ আচরণে।

ইহা চৈতক্তমহাপ্রত্বর কথার-কথা মাত্র ছিল না। সনৌডিরা বিপ্রগৃহে সর্রাসীর ভিকা-গ্রহণ অবিধের হইলেও মধ্রার মহাপ্রত্ব বে সনৌডিরা-আর্লকে প্রণাম করিতে গিরাছিলেন এবং তাঁহার গৃহে ডিক্লা-গ্রহণ করিরাছিলেন, তাহার একমাত্র কারণ এই বে ঐ বিপ্র ছিলেন মাধবেজ্র-পুরীরত্ত শিক্ত।

'চৈতক্সচরিতামৃতে'ই দেখা বার^{৬৭} যে সনাতন-রূপ বৃন্দাবনে গমন করিয়াও বিপ্রের গুমেই ডিক্সা-নির্বাহ করিতেন।

> বিজ্ঞের পূরে ছুল কিন্ধা কাহা থাবুকরী। ওক সাট চালা চিবার জোগ পরিহরি।।

'ভক্তিরত্বাকরে' লিখিও হইয়াছে বে বৃন্ধাবনে রূপ-সনাতন মধ্যে মধ্যে বে কানাইর-মাতার গৃছে ভিন্ধা-নির্বাহ করিতেন, সেই ব্রন্ধাসী কানাইও জাতিতে ব্রাহ্মণ ছিলেন। 'মুরলী-বিলাস'^{৬৮} গ্রন্থেও বলা হইয়াছে বে সনাতন বৃন্ধাবনে 'ব্রাহ্মণসমনে' বাস করিতেন।

বাহা হউক, সমাতন প্রভৃতি যে যবন বা প্রাহ্মণেডর কোন জাতির গৃহে কখনও অর-গ্রহণ করিরাছিলেন, এরপ দৃষ্টান্ত দেখা বার না। জগদানক বধন মধ্যার আগমন করেন, ওখন তিনি মহাপ্রত্নর নির্দেশ-অস্থায়ী সনাতনেরই নিকট সর্বক্ষণ অবস্থান করিয়া দেবাস্থ্রে পাক করিয়া খাইতেন, এবং

> সৰাতৰ তিকা করে বাই সহাবৰে। কড়ু দেবালয়ে কড়ু আঞ্চা সংবে॥৬৯

প্রবাগে রূপ-অন্থপনও ভট্টাচার্বের বারাই নিমন্ত্রিও চ্ইতেন এবং বৃদ্ধাবন চ্ইতে কাশী কিরিয়া তাঁহারা চক্রশেধরের গৃহে বাস করিলেন বটে, কিন্তু সেইস্থানে তাঁহাদের ভিক্ষা-নির্বাহের ব্যবহা হব নাই; মহাপ্রভুর অন্থপশ্বিভিতেও তাঁহাদের তপন-মিপ্রের গৃহেই ভিক্ষা-নির্বাহ করিতে চ্ইয়াছিল। বিশেব উল্লেখবোগ্য বিবর এই বে প্রবাগে বলভ-ভট্টের গৃহে মহাপ্রভুর আহারাস্থে

ভটাচাৰ্য শ্ৰিয়ণে দেওৱাইলা অবশেষ। ভবে সেই প্ৰসাধ কুম্বান পাইল শেষ ৪৭০

এই রুঞ্চদাস ছিলেন জাতিতে রাজপুত।

'ভক্তিরম্বাকর'-রচয়িতা 'চৈতক্রচরিতামৃতে'র উক্তিগুলি সহজে সম্পূর্ণভাবেই সচেতন ' ই ছিলেন। এমতাবস্থার সনাতনাদির ব্রাহ্মণত্ব সহজে কিছুমাত্র সন্দেহের অবকাশ থাকিলে তিনি সে সহজে অধিকতর আলোচনার পথ উন্মৃক্ত করিতেন। কিন্তু তিনি সে সহজে নিঃসংশয়।

বৃন্দাবনদাস তাঁহার 'চৈভক্সভাগবতে' বলিয়াছেন^{৭২} বে চৈভক্স রূপ-সমাতনকে 'ব্যুয়াথ শ্রীমুখ' দেখিয়া মধুরার বাইতে বলিয়াছিলেন।

> करशानिक क्षत्राथ-क्षेत्र्थ स्विता। जरव हुरे कारे बबूबाब बाक जिल्ला।

উজিটির মধ্যে ঐতিহাসিক সত্য নাও থাকিতে পারে। কিংবা, বৃদ্দাবনের পক্ষে
বুঁটিনাটি তথ্যের ষথায়থ বিবরণ নাও দেওরা সম্ভব হইতে পারে। কিছু ইহার মধ্যে একটি
বিশেষ সত্য নিহিত আছে বে সনাতন বা রূপের পক্ষে মন্দিরে পিরা অগলাধ-বর্ণন থে
অসমীচীন, এরপ কথা কুম্বাবনধাসের মনেই ছান পার নাই। তাহার গ্রন্থের অন্ত কোথাও
রূপ-সনাতনের অহিনুত্ব সহছে কোনও উল্লেখই নাই।

প্রবাগে বর্গজ-ভট্ট আলিজন করিতে গেলে রপ-অন্থপম বে দ্রে সরিরা গিরাছিলেন, তাহাতে বর্গজ অভান্ধ বিশ্বিত হইরাছিলেন। তাহারা অগ্রাহ্মণ হইলে বর্গজেরও এইরূপ বিশ্বরে ভাব জন্মাইত না। মহাপ্রাকু রূপ-অহুপমের সকল 'বিবর্গ' বিবৃত করিলে বর্গজের বিশ্বর কাটিরা বার বটে, কিছ সেই 'বিবরণ' বে কি তাহা 'চৈতজ্যচরিতাম্বর্ত'-কার নিজে বিবৃত করেন নাই। তাহারা আলো ব্যন্ন বা ধর্মান্তরিত-ব্যুন হইলে তাহার কারণও

'চৈতস্তচনিতামূতে' এই প্রসঙ্গে নিশ্চরই বর্ণিত হইত। সুতরাং সনাতন নিজেই যে ফ্রেছ-সেবা, ফ্রেছ-সন্ধ, ফ্রেছ-ব্যবহারকে তাঁহার এতানূল আচরণের কারণ বলিয়া নির্দেশ করিবাছেন, ভাহাই গ্রহীতব্য হইবা উঠে। কবিরাজ-গোলামী নিজের কথা বলিতে সিয়া কোথাও কোলাও যেতাবে অলাতাবিক বিনয়ের ভাব প্রকাশ করিবাছেন, ^{৭৩} তাহা দেখিয়া মনে হর, বিনয়াবতার সনাতন বা রপ-গোলামী যে একান্ত দৈন্ত ও বিনয়বশত তাহাদের পূর্বোক্ত প্রকার ফুর্তাগ্যের কন্ত এইরপ সসংকোচ-উক্তি বা -আচরণ করিবেন তাহা অলাভাবিক বা অসংগত হইলেও অবিশ্বাস্ত নহে। মহাপ্রত্বর দৃষ্টিতে তাহাই সংগত ছিল। কারণ, সনাতন ত্রাহ্মণ হইলেও যবন-সলের কলে লোকচক্তে তিনি পতিত। এমতাবদ্বার লোকাচার বা লোক-মতকে মর্বালা সোর্বভৌমের প্রস্থোকরে কলর-পূরীর মহিমা-বর্ণনা প্রসঙ্গে মহাপ্রাভু 'মর্বালা' দাব্দের এইবলই ব্যাখ্যা করিরাছেন : জ্ব.—হৈ. চ.—২৮১০; প্রে. বি.—পৃ. ১১৫, ২৬০, 'প্রেমবিলাসে'র সর্বছই এই মধাদার কীর্তন আছে)-লান করিবার জন্ত ব্যর্গত নির্দোষ থাকিরাও উক্ত মতান্তর্বপ বাঞ্চ ব্যবহারের অন্তথ্যবন করা যে একমাত্র সনাতনের মত মহাসম্ভ ব্যক্তির পাক্ষর প্রকাশ করিরা মহাপ্রত্ব সনাতনকে বলিরাছেন :

স্থাদা সজাৰে লোক করে উপহাস।

ইহলোক পরলোক ছুই হর সাশ।

স্থাদা রাখিলে ডুই হর মোর মন।

তুমি বা ইচে করিলে করে কোন কন।

অর্থাৎ সনাতন ইচ্ছা করিলে ঐরণ আচরণ নাও করিতে পারিতেন; কিছু উহাই ছিল মহাপ্রান্থর যুক্তি, অভিমত বা নির্দেশ; এবং সনাতন মন্দিরে যাইবার অধিকারী হইয়াও বে যাইতেছেন না (রূপ-হরিদাসও মন্দিরে যাইতেন না), ভাহাতেই তাঁহার শ্রেষ্ঠত্ব স্থিতি ইইতেছে—ইহাই মহাপ্রাত্তর কথার প্রতীর্যান হয়। সনাতন-রূপের একপ্রকার অত্তুত উক্তিও আচরণ এবং তাহাতে মহাপ্রাত্তর সমর্থন—ইহা ছাড়া অক্ত কাহারও কথার বা আচরণে সনাতনের নীচ-আতিত্ব প্রমাণিত হয় নাই। বরং বিরুদ্ধ-প্রমাণই সর্বত্র পরিক্ষিত হয়। সনাতনের আচরণের কারণ সনাতন নিজেই বলিয়াছেন—'ক্লেছসেবা'ও 'ক্লেছসেলাদি,' 'গ্লো-আন্ধণজোহী সঙ্গে আমার সন্ধ্য'ণত ; মহাপ্রত্তর সমর্থনের কারণও মহাপ্রতু বলিয়াছেন—'র্ম্বান্থণজোহী সংক্ষ আমার সন্ধ্য'ণত 'চেতক্সচরিতামুতে' বর্ণিত হইয়াছে।

'তৈভক্তরিভামতে' মহাপ্রভূর আর একটি উক্তি সম্বন্ধেও বলা হইরাছে। ** তাহা হইতেও নিঃসন্দেই হইতে পারা যায়। মহাপ্রভূ সনাতনকে বলিতেছেন:

> উত্তৰ হঞা হীৰ কৰি বাৰ আগবাৰে। অচিয়ে কৰিবে কুক ছুঁ হাবে উত্তাৰে।

(40) O. E .- 7. 44 (46) C. S. -- 215 (40) 2154

ত্ৰণ-গোষামী

চৈতক্ত-পরিকল্পিত নববুন্দাবন-নির্মিতির সর্বশ্রেষ্ঠ স্থপতি রূপ-গোস্বামী। পঞ্চল পতাবীর শেবে ও বাড়েশ শতাবীর প্রথমভাগে তিনি বখন গোড়ের নবাব হোসেন-শাহের ধবীরখাস-রূপে জ্যেষ্ঠ-প্রাভা সনাতনের সহিত অপূর্ব দক্ষতা ও বিচক্ষণতার সহিত রাজকার্য পরিচালনা করিতেছিলেন, সেই সমন্ন একদিন চৈতক্তমহাপ্রত্ রামকেলিতে পৌছাইরা প্রাভ্রমের সহিত মিলিত হন এবং উভর প্রাভাকেই চিরতরে উদ্প্রান্ত করিরা চলিয়া বান।

ভাতৃধ্বের মধ্যে স্নাতন ছিলেন বেন কিছুটা বাস্তব-বিম্প এবং উদাসী প্রকৃতির। কিছু রূপ ছিলেন অধিকতর তৎপর ও কর্মকুলা। তিনি অচিরাং প্রভৃত ধনসম্পদসহ নৌকাযোগে গৃহে পৌছাইলেন এবং অর্ধেক সম্পদ রান্ধন-বৈষ্ণবৃদ্ধিকে বিভরণ করিয়া এক চতুর্থাংশ কুটুছ-বন্ধু-বাছবের হিভার্থে বার করিলেন। ই অবশিষ্ট অর্থের অংশবিশের লইয়া তিনি 'পশুবদ্ধণাগি' উত্তম বিপ্রাহিগের হন্তে অর্পণ করিয়া স্নাতনের বার-নির্বাহার্থ দশসহত্র-মূলা গৌড়ে মুদি-বরে গাছিত রাধিলেন এবং এইভাবে অর্থ-ব্যবন্ধা হইয়া গোলে তিনি নীলাচলে লোক পাঠাইরা মহাপ্রভুর বৃন্ধাবন-বাত্রার সংবাদ প্রাপ্ত হওয়া মাত্রেই কনিষ্ঠ ল্রাভা অন্ধপমকে সঙ্গে লইয়া ভবিয়তের অজ্ঞের পথে নামিয়া পড়িলেনই; স্নাতনের নিকট গুপ্তার পাঠাইয়া পূর্বাক্ত মূল্রার সাহায্যে নিজেকে মূক্ত করিয়া বৃন্ধাবন-পথে অগ্রসর হইবার জক্ত তাহাকে নির্দেশ দিতেও ভূলিয়া গেলেন না। অন্ধপ্রের পূত্র জীব গৌড়েই গ্রহিয়া গেলেন।

প্রবাগে পৌছাইলেই বৃন্দাবন-প্রত্যাগত মহাপ্রভূব সহিত তাঁহাদের সাক্ষাং ও মিলন ঘটে। ই মহাপ্রভূ তখন প্রবাগে তাঁহার পরিচিত এক দাক্ষিণাত্য-বিপ্রের গৃহে বাস

⁽১) রূপ-গোপামীর জীবনী সম্বন্ধে সনাতন-গোপামীর জীবনীও ড্রন্টব্য, বিশেষ করিয়া প্রথমাংশ।

করিতেছিলেন। রূপ এবং অমূপ্যের ক্ষন্ত ত্রিবেণীর উপর বাসাধ্র দ্বির হইল, এবং ক্ষুটাচার্বের ছারা তাঁহারা নিমন্ত্রিত হইলেন। তাহারপর আউলি-গ্রাম হইতে ব্রন্ত-ভট্ট আসিরা মহাপ্রভুকে নিমন্ত্রপ লানাইলে উাহারা সকলেই একদিন নোকারোগে ভটুগুইে গিরা জিলানিবাহ করিরা আসিলেন। তারপর রূপকে লইরা নির্দ্ধনে মহাপ্রভুর ভক্তিশিক্ষাহান চলিতে লাগিল। রার-রামানন্দের নিকট তিনি রসতত্ত্বের বে সিদ্ধান্ত শ্রবণ করিরাছিলেন তাহার সকলই তিনি রূপকে জানাইরা দিলেন এবং 'দিনদেশ' প্ররাগে অবস্থান করিরা আকাজ্যিত সকল তর শিক্ষা দিরাই তিনি রূপকে ভাহার ভবিরুৎ কর্মের ক্ষন্ত বোর্গ্য ও মেশিকত করিরা ত্লিলেন। ভারপর বারাণসী-বারার প্রান্তালে মহাপ্রভু তাঁহাকে বুন্দাবন-দর্শনান্তে গৌড্লেশ হইরা নীলাচলে হাইবার ক্ষন্ত আলেশ হান করিরা গেলে রূপ এবং অমূপ্য তুই-ভাই বুন্দাবনের পথে ধাবিত হইলেন।

মধ্বার পৌছাইলে স্বৃদ্ধি-রার তাঁহাদিগকে লইরা বাদশবন পরিভ্রমণ করিলেন। কিছ
"মাসমার' বৃন্ধাবন-পরিক্রমার পর তাঁহারা মহাপ্রভূব প্রভাবর্তন-পথ ধরিরা গলাতীর-পথে
পুনরার প্ররাগ-অভিমুখে বাত্রা করিলেন। সনাতন তথন রাজপণ ধরিরা বারাণসী হইতে
বৃন্ধাবনে আসিভেছিলেন। তাঁহার সহিত আর তাঁহাদের সাক্ষাৎ ঘটিল না। তাঁহারা
বারাণসী আসিরা মহারাষ্ট্রীর-বিজ, চক্রলেখর-বৈদ্ধ এবং তপন-মিশ্রের সহিত মিলিভ
হইলেন। চক্রলেখরের গৃহে বাসা এবং তপনের গৃহে তাঁহাদের জিকা-নির্বাহের ব্যবস্থা
হইল। করেকদিন পরে মহাপ্রভূব পূর্বাদেশাস্থারী আবার তাঁহারা গৌড়ের পথে যাত্রা
করিলেন।

পূর্ব নাম ছিল বন্ধও। আবাল্য রয্নাগ-ভন্ধ ও রামারণপাঠ-পিরাসী বন্ধত লক্ষণের মতই সনাতন ও রপের চিরাহ্রগামী ছিলেন। একবার তাঁহারা তাঁহাকে রক্ষের প্রতি আরুই করিলে তিনি তাঁহাদিগের নিকট দীক্ষা-মন্ত গ্রহণেক্ত ইরাও রাত্রিকালে সবিশেব চিন্তার পর প্রভাতে উঠিয়া কাঁদিতে গাকেন। রয়নাগের পাদপদ্ধে বিক্রীত ইইয়া আছেন বিশ্বয় তাঁহা হইতে বিক্রেদের কথা অরণ করিয়া তাঁহার বুক কাটিয়া মাইতেছিল। এমনি ভক্তক্ষপম ভক্তক্রপের সহিত পথ অভিক্রম করিতেছেন। রপ কুলাবনেই বে 'কুক্লীলানাটকে'র স্ক্রপাত করিয়া সেইখানেই তাহার মঙ্গলাচরণ ও নান্দী-মোক রচনা করিয়া-ছিলেন, এখন তিনি সেই নাটকোপবোলী ঘটনার ক্ষা চিন্তা করিতে করিছে চলিতেছেন এবং মধ্যে মধ্যে কড়চার আকারে কিছু কিছু তথ্য বলিয়া বাইতেছেন; আর অস্থল অস্থপম তাঁহার অভিপ্রার অনুবারী তাহা লিপিবভ করিয়া রাবিতেছেন। কিছু কে আনিও বে

⁽৬) 'অভূপন নরিক ভার নাম জীবলত !'--তৈ, ৪., ২।১৯, পু. ২০৭

তাঁহাদের এই আনন্দ-যাজার পশ্চাতে মৃত্যুর বিভীবিকাও গোপনে গোপনে অফুসরণ করির। চলিতেছে। গোড়ে আসিয়া অমূপযের গন্ধাপ্রাপ্তি ঘটিল।

গৌড়ে রূপের কিছু বিশ্ব হইরা গেল। কিন্তু তারপর একদিন তিনি নীলাচলের দিকে ধাবিত হইলেন। উড়িয়ার সভ্যভামাপুরে আসিরা রাত্রিতে বিপ্রামকালে বপ্রদর্শনের পর তিনি ছির করিলেন বে বে-প্রজপুরলীলাকে তিনি একত্র গ্রন্থিত করিয়াছেন, ভাষাকে হুইটি পৃথক বিভাগে বিভক্ত করিতে হুইবে। এইরূপ চিন্তা করিতে করিতে একদিন তিনি নীলাচলে উপনীত হুইলেন এবং ভক্ত-হরিদাসের বাসাগৃহে আসিয়া আশ্রম গ্রহণ করিলেন। ভক্তবৃন্দসহ মহাপ্রভু সেইছলে আসিয়া তাঁহার সহিত মিলিত হুইলেন।

ভক্তবৃন্দ প্রত্যন্ত রূপ ও হরিদাসের সহিত সাক্ষাৎ করেন এবং মন্দির হইতে প্রসাদ আনিয়া দিয়া যান। মহাপ্রভুক্ত প্রত্যন্ত আসিয়া তাহাদের সহিত রুফকণা কহেন এবং ফিরিয়া গিয়া গোবিন্দের হারা প্রসাদ পাঠাইয়া দেন। একদিন তিনি রূপকে বদিরা গেলেন—

কুমকে বাহির বাহি কবিহ এক হইতে। এক ছাড়ি কুম কঠু না বাব কাহাতে।

মধাকে গৃহে বসিয়া রূপ ভাবিলেন যে মহাপ্রভুর আদেশ তাহার পূবোক্ত স্থাদেশেরই ব্যাখ্যামাত্র। তিনি পৃথক পৃষক নান্দী-, প্রস্তাবনা- এবং ঘটনা- সংযোগে ছুইটি পৃথক নাটক রচনার প্রবৃত্ত হইলেন।

রথধাত্রা অসিরা পড়িল। রথধাত্রার দিন মহাপ্রকু রথাগ্রে নৃত্য ও কাঁডন করিতে করিতে একটি রোক উচ্চারণ করিলেন। স্বর্নদামোদর ভিরু সেই রোকের মর্ম সকলের নিকট অক্ষাত ছিল। রূপ কিন্তু তাহার প্রকৃত-মর্ম উপলব্ধি করিরা মহাপ্রভূত্ব অভিপ্রারা-ছ্যারী অর্থস্ক একটি রোক রচনা করিরা কেলিলেন। পরে একদিন তাল-পত্রে সেই রোকটি লিপিবছ করিরা তাহা চালে ভালিয়া দিরা তিনি সম্ত্র-মানে গিয়াছেন; দৈবাৎ মহাপ্রভূত সেই সমর আসিরা সেই প্রোক-দৃষ্টে বিহ্নল হইলেন। রূপ কিরিরা আসিলে তিনি তাহাকে দৃচভাবে আলিকন করিলেন এক স্বর্নধার নিক্তির হইলেন।

আর একদিন মহাপ্রস্থ আসিরা দেখিলেন বে রূপ তাঁহার নাটক-রচনার ব্যস্ত। মূক্তার
মত অকর দিরা তিনি পুথির পত্রগুলি ভরিরা তুলিভেছেন। তিনি একটি পত্র তুলিরা
শইলেন এবং পাঠ করিরা প্রেমাবিট হইলেন। তারপর অক্ত একদিন তিনি ভক্তমূদকে
শইরা হরিশানের বাসার হাজির হইলেন। রামানক-বর্ষপ-সার্বভৌম, তিনজনেই ছিলেন—

⁽¹⁾ di-01), 17. 464 (b) di

চৈতক্ত প্রবৃতিত ভক্তিথম-ব্যাখ্যার তিনটি স্কন্ত । অদ্রে রূপ হরিদাসের দৈহিত শিড়ার উপর উপবিষ্ট আছেন। মহাপ্রভু রূপকে তাহার পূব্দৃত শ্লোকটি পাঠ করিতে বশিলেন। রূপ শক্ষাম তাহা না পারার বন্ধপ তাহা পাঠ করিলে সকলেই বিন্ধিত হইলেন। তারপর মহাপ্রভু নাটকের শ্লোক পাঠ করিবার জন্ত আদেশ দান করিলে, রূপকে বাধ্য হইরাই আরম্ভ করিতে হইল। স্বরূপদানোদর জানাইয়া দিলেন বে ব্রন্ধশীলা এবং মধুপুরলীলা এক্ত গ্রথিত করিয়া রূপ ক্রন্ধশীলা-নাটক রচনা করিতেছিলেন, এক্ষণে মহাপ্রভুর আদেশে তুইটকে পূপক করিয়া 'বিদক্ষমাধন' ও 'ললিতমাধন' নাম দিয়া তুইটি সম্পূর্ণ পূথক নাটক রচনা করিতেছেন। শেবে রূপ পাঠ আরম্ভ করিলেন এবং বয়ং রায়-রামানন্দ প্রশ্ন করিয়া মাইতে লাগিলেন। নানাভাবে পরীক্ষার পর রামানন্দ মন্তব্য করিলেন:

কৰিছ না হয় এই অসুচ্ছের ধার। মাটক লক্ষ্য সৰু সিদ্ধান্তের সায়।।

চাত্র্যান্তান্তে গৌড়ার ভক্তবৃন্ধ গৌড়ে প্রভাবর্তন করিলেও রূপ কিন্ধ নীলাচলে থাকিয়া গেলেন। দোলযাত্রা লেব হইবার পর, তবে মহাপ্রভূ তাঁহাকে বৃন্ধাবন-যাত্রার আদেশ দান করিলেন। বৃন্ধাবনে গিয়া পুপ্রতীর্থ-উদ্ধার, রুফসেবা, রুসভক্তির নিরপণ ও প্রচারের জন্ত তাঁহাকে তিনি ব্যাবিধি উপদেশ দান করিয়া স্থানিকিত ও স্থাোগ্য করিয়া স্থালিলে রূপ গৌড়পথে বৃন্ধাবনের উদ্দেশ্তে যাত্রা করিলেন।

গোড়ে আসিয়া তাঁহার প্রায় এক বংসর বিশ্বর হইয়ং গেল। বিষয়-বিমৃথ চইলেও রূপ বাস্তব-বিমৃথ ছিলেন না। গোড়ের আয়ীয়-য়ড়ন এবং ধনসম্পদ সম্পর্কে তিনি আসক্ত না থাকিলেও তংগ্রতি তিনি সম্পূর্ণরূপে উদাসীন ছিলেন না। তিনি 'কুটুবের স্থিতি' অর্থ বিভাগ করিয়া বেওয়ার^{২০} পর, গোড়ে যে অবশিষ্ট আর্থ ছিল তাহা আনাইয়া কুটুম, ব্রাহ্মণ ও দেবালরের উদ্দেশ্তে সমগ্রই বন্টন করিয়া দিলেন। আর আর বাহা অভিলাব ছিল তিনি সমন্তই নির্বাহ করিলেন এবং সকল-কিছু স্থাসম্পন্ন করিবার পর সকল-প্রকার বন্ধন হইতেই নিজেকে চিরম্ক করিয়া বৃদ্ধাবনে আসিয়া শৌছাইলেন। ইতিমধ্যে সনাতনও নীলাচল হইডে মহাপ্রকুর একজন যোগ্যতম প্রতিনিধিরপে বৃদ্ধাবনে আসিয়া হাজির হইয়া দিয়াছেন।

সেই নির্বান্ধর পুরীতে সনাজন ও রূপ ছই প্রাতাকেই মহাপ্রজুর করনে-সৌধের বনিরাদ গাঁথিরা তুলিতে হইল। সনাজনের মত রূপও অশন-বসন-উদাসীন হইরা বনে বনে বুরিছা কৃষ্ণতলে আপ্রায় গ্রহণ করেন। ভাজিশান্ত-প্রথমন, সুপ্রতীর্ষোদ্ধার এবং নাম-কীর্তনই তাঁহার

⁽৯) বিলগ্ধনাথৰ (১৫৬৬ খ্রী.), ললিভনাথৰ (১৫৩৭ খ্রী.)—VFM—p. 120 (১৭) ডু.—র. ক. ব্যু-ল্যু, ২

ভখনকার একমাত্র কার্য ছিল। এইভাইে ভিনি একদিন বুন্দাবনের গোণাটিলা যোগপীঠে গোবিন্দ-বিগ্রহ প্রাপ্ত হইরা বধাবিধি অভিবেক সহকারে ভাহার প্রতিষ্ঠা করেন এবং গোবিন্দ-প্রকটমাত্রেই নীলাচলে মহাপ্রভুর নিকট সেই সংবাদ প্রেরণ করেন। মহাপ্রভু তথন কাশীখর-গোঁসাইকে বৃন্দাবনে পাঠাইয়া দিলে রূপ ভাঁছাকে গোবিন্দের প্রথম অধিকারী-রূপে বর্ণ করিয়া লন। গোবিনের দিতীয়-অধিকারী প্রীকৃষ্ণ-পণ্ডিতও রূপ-গোস্বামী কর্তৃক নিযুক্ত হন। কেহ কেহ মনে করেন যে গোবিন্দজীর প্রাচীন-মন্দিরটিও^{১১} ত্রপ-সনাতনের প্রভাবেই নির্মিত হইয়াছিল। ১৭৭১ শকান্দের 'তত্তবোধিনী'-পত্রিকার বৈশাখ-সংখ্যার 'বৈষ্ণবস্প্রালার'-নামক প্রবন্ধে লিখিত হইরাছিল, "লোবিন্দদেবের মন্দিরে ১৫১২ শকের এক শিক্স-লিপি পাওরা গিয়াছে, ভাহাতে লিখিত আছে যে পৃথুরাও কুলোম্ভব মানসিংহ ভাছা স্থাপন করেন। রূপ-গোস্বামীকুড 'বিদম্বমাখবে' সেধা আছে বে ভিনি ১৪৪৭ শকে অর্থাৎ চৈডক্টের পরলোক-প্রাপ্তির আট বৎসর পরে ঐ গ্রন্থ প্রস্তুত করেন, অভএব গোবিন্দদেবের মন্দির হয়ং সনাভনের প্রতিষ্ঠিত না হইয়া মানসিংহেরই প্রতিষ্ঠিত হইতে পারে। তবে স্মাতন কোনপ্রকারে তাহার পরস্পরা কারণ হইতে পারেন।"^{১২} বিবরণ অসভ্য না হইলে সিদ্ধান্তটিও গ্রহণবোগ্য হইবা উঠে। গোবিন্দ ছাড়াও রূপ-গোস্বামী ব্রহ্মকুও-ওট হইতে বুন্দাদেবীর বিগ্রহ প্রকট করিয়া প্রতিষ্ঠিত করেন এবং তাঁহারই হস্তক্ষেপের ফলে গোপাল-ভট্ট কর্তৃক রাধার্মণ-বিগ্রহ প্রকটিত হইরা প্রতিষ্ঠিত হয়। রাধাদাযোদর-বিগ্রহের প্রতিষ্ঠাও তাঁহারই কীতি। তিনি দীবকে এই বিগ্রহ সমর্পণ করিয়াছিলেন।

শ্বপ-স্মাতন বৃদ্ধাবনে আসিবার পরে রথুনাখ-ভট্ট, গোপাল-ভট্ট, রখুনাখনাস-গোস্বামী প্রভৃতি ভক্ত ক্রমে ক্রমে আসিরা ভাঁহাদের সহিত বৃক্ত হন। রখুনাখনাস একবার প্রপাক্ত গেলিভ্যাধন নাটক পাঠ করিরা আত্মহারা হইরা পড়েন এবং গ্রন্থখানিকে বৃক্তের উপর ধরিরা দিবানিশি ক্রেশ্বন করিতে থাকেন। ভাহা দেখিরা রূপ অবিলয়ে ভাঁহার 'দানকেলি-ক্রেম্দী'-গ্রন্থ রচনার ২০ প্রবৃদ্ধ হইলেন এবং গ্রন্থ স্থাপ্ত হইরা গেলে ভাহাই দাস-গোন্ধামীর হত্তে অর্পন করিরা পূর্বাক্ত গ্রন্থটি সংশোধন করিবার নিমিন্ত ভাঁহার নিকট হইতে চাহিরা লাইরা ভাঁহাকে থাতনামূক্ত করিলেন।

রূপ ছিলেন প্রকৃত কর্ষবীর। তাঁহার জীবনের প্রথম হইতে লেব পর্যন্ত কেবল কর্ম দিরাই ঠাসা ছিল। এই সমত্ত কর্মের ফাকে তাঁহার বছবিধ গ্রন্থ প্রণয়নের -কার্মণ চলিত। পূর্বোলেধিত গ্রন্থভিলি ছাড়াও 'হংসদৃত', 'উদ্ববসন্দেশ', 'রহৎ- ও লখু-গণোন্দেশ-দীপিকা' ও 'তবমালা', ' ' ভক্তিরসায়তসিদ্ধু' (১৫৪১ এ), ১৬ 'উল্লেশনীলমণি', 'প্রযুক্তাখ্য- চল্রিকা', 'মথ্রামহিমা', 'নাটকচল্রিকা', 'লযুভাগবতায়ত', 'অইকাললীলা', 'গোকিদ্দবিক্ষাবলী', 'চৈতক্রাইক' প্রভৃতি রচনা করিয়া তিনি আপনার নির্ল্য কর্মপ্রচেষ্টার দারা মহাপ্রভূর মহৎ উদ্দেশকে সকল করিয়া ভূলিতে সমর্থ হইয়াছিলেন। এই স্মৃত্ত গ্রেহের প্রভ্রেকটিই সংস্কৃত ভাবার লিখিত হইয়াছিল। তিনি ছিলেন সংস্কৃত ভাবার মহাপণ্ডিত। ১৭

তাঁহার রচিত কবিতাগুলিও তাঁহার কবি-প্রতিভার ও সংস্কৃত-ভাবার পাণ্ডিত্যের পরিচর বহন করিভেছে। বরচিত এবং সমসামরিক ও পূর্বর্তী ভক্তবৃন্দের রচিত শ্লোকমালা সংগ্রহ করিরা তিনি 'পদ্যাবলী' নামক বে একখানি কাব্যসংগ্রহ-গ্রন্থ প্রণয়ন করেন, তাহাও তাঁহার স্কৃতিক্ষকে অমর করিয়া রাখিরাছে।

এ সকল ছাড়াও তাঁচার আরও বহবিধ কার্য ছিল। বিগ্রহাদি প্রতিষ্ঠিত হইলে তাহাদের বধাবব পূলা-বাবছা, ভক্তবৃন্দ আসিরা পৌছাইলে তাঁহাদিগের রক্ষণাবেক্ষণের বন্দোবত এবং বৃন্দাবনত্ব ভক্তবৃন্দকে মহাপ্রভুর ইচ্ছাত্মধায়ী একই আদর্শের দিকে অভিমূখী করিয়া তুলা—এ সমস্ত লারিছের ওকভার তিনি যাধার তুলিয়া লইরাছিলেন। বৃন্দাবনত্ব এই সমস্ত কার্বের তিনিই তথন ছিলেন একমাত্র হোগ্যতম নির্বাহক। তাঁহার নির্দেশ সকসেই সস্থানে শিরোধার্ব করিয়া লইতেন। পরবর্তিকালেও তাঁহারই লিপিবছ বিধি-নির্দেগদি এবং ভক্তিভবাদির ব্যাখ্যা বৈক্ষব-সমান্দকে চিরকালই পথ দেখাইয়া আসিয়াছে। খেতুরিতে বড়বিগ্রহ প্রতিষ্ঠার সমরেও প্রীরপ গোলামীকৃত গ্রহাদি বিধানে' সমস্ত জিরাই নির্বাহিত হইরাছিল।

কিন্ধ তাই বলিয়া রূপ-গোস্থামী কখনও নিজেকে সর্বেসর্থা করিয়া তুলিতে চাছেন নাই। মহাপ্রতুর জীবদ্দশার তিনি সর্বাদাই তাঁহার সহিত বোগাবোগ রক্ষা করিয়া চলিতেন এবং তাঁহার নির্দেশ গ্রহণ করিতেন। মহাপ্রতুর আক্রাতেই অমুপ্রাণিত হইরা তিনি ভিক্তি-

⁽১৪) বৃহৎ রাধাকৃষ্ণগোদেশদীপিকা (১৪৫০) এ.—VPM—p 191 (১৫) ইহা জীব-লোখানী কর্তুক আহত একটি সংগ্রহ-গ্রহ। ইহার নথাছিত ছেলোইটালকন্', উৎকলিকাবরী' (১৫৪২-৫০ এ.), 'গোবিশ্ববিশ্ববিশী' ও 'গ্রেকেনুসাগরাদি তব' জীরপ-গোলানী-রচিত। ন্ন.—'ঠে. উ.—পৃ. ১৬৯-৪০ (১৬) VPM—p 180 (১৭) ডা. ক্ষীন কুষার বে ব্লেন্ (History of Saus. Lit.—p.664)—Rupa Gosvami was a prolific writer in Sanskrit. He wrote no less than 88 works among which there are many stutras.

রসায়ওসিদ্ধা নামক বৈক্ষব-সাধন-সম্ভীয় বে-গ্রন্থটি প্রণয়ন করেন, তাহা একটি প্রামাণিক গ্রন্থ হইলেও, প্রণয়নের অব্যবহিত পরেই তিনি ভাহা মহাপ্রভুর নিকট পাঠাইরা পত্র মারকতে তাঁহার মতামত আনহন করিহাছিলেন। ১৮ মহাপ্রভু সনাতনকে বেমন স্বহত্তে পত্র লিখিতেন, মুলকেও সেইরপ লিখিতেন। তথন সম্ভবত সনাতন-গোখামীই ছিলেন কুনাবনের বরোর্ছ তথা আনর্ছ বৈক্ষব-ভক্ত। স্থপ-গোখামী বেমন একদিকে তাঁহার জীবনের চির্নুদ্ধী ছিলেন, তেমনি অক্সদিকে বৃন্ধাবনের অসংখ্য কর্মের প্রকৃত পরিচালক হইয়াও বেন তিনি সনাতনেরই অহুগত কর্মী হিসাবে কার্য সম্পন্ন করিছেন। মহাপ্রভুও মুল-সনাতনের উপর বৃন্ধাবন-সম্পর্কিত সমন্ত কিছুই নির্ভর করিয়া নিশ্চিত ছিলেন। তিনি তাঁহাদের ক্শেল-সংবাদ গ্রহণ করিতেন, এবং তাঁহাদের কর্ম-প্রভির সহিত পরিচিত থাকিতেন। তিনি বিভিন্ন সমরে বিভিন্ন ভক্তকে বৃন্ধাবনে যাইয়া মুল-স্নাতনের নিকট আগ্রন-গ্রহণ করিবার জন্ম উপরেশ দিয়া প্রেরণ করিতেন। প্রকৃত্তপক্ষে, এই গোখামী-আতৃহত্বকেই তিনি বেন বৃন্ধাবনের পুন্রক্ষীবিত সংস্কৃতির 'স্বাধ্যক্ষ'-প্রে বরণ করিয়া লইয়াছিলেন।

রূপ-স্নাতনও মহাপ্রস্থারিত ভক্তবৃদ্ধকে লইয়া একটি সম্বৃদ্ধিয়ান্ ভক্ত-গোটী গড়িয়া তুলিতে সমর্থ ইইয়াছিলেন। মহাপ্রভু রযুনাথ-ভটুকে কুদ্ধাবনে পাঠাইয়া দিলে মহাপ্রভুর ইচ্ছাছ্যায়ী রূপ ভাঁহাকে ভাগবত-পাঠে নিযুক্ত করিয়া কুপ্রভিত্তিত করেন। আবার রযুনাথ-দাস-লোষানীকে তিনি বীর 'অবিভীয়দেহ' বলিয়াই মনে করিতেন। লোকনাথের সহিত ভাঁহার প্রগাচ সখ্য ছিল এবং কাশীন্বর-, ভূগঠ-, যালবাচাধ-গোগাঁই প্রভৃতি সকলেই ভাঁহার বিশেব সদী ছিলেন। বিশেব করিয়া ভাহারই সাহচ্থে প্রাভূত্ত্ব জীব-গোন্থানী বৈক্তব-ধর্মের একজন প্রেষ্ঠ ব্যাখ্যাভ্রপে পরিগণিত হইতে পারিয়াছিলেন।

মহাপ্রস্থ 'সনাজন বারা এক্ষের ভক্তিসিদ্ধান্ত-বিলাস', এবং 'শ্রীরূপের বারা এক্ষের রসপ্রেমলীলা' প্রকাশ করিরাছিলেন। মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কবি কৃষ্ণদাস-কবিরাজ-গোস্বামী বলিরাছেন:

> স্বাতৰ কুণার পাইসু ভক্তির সিদ্ধান্ত। আক্ল-কুণার পাইসু ভক্তিরস্থান্ত।

ভক্তম বর্ণনার তিনি তাঁহার নিতাসকী ভক্ত-রবুনাথের পরেই রূপকে সর্বোচ্চ স্থান দিরাছেন।

বৃন্ধাবন ও তৎসংলয় প্রদেশের অধিবাসী-বৃন্দের মধ্যেও রূপের একটি বিশেষ স্থান ছিল। সনাতন সহ তিনিও তাঁহাদের সহিত প্রত্যক্ষভাবে বৃক্ত হইবা তাঁহাদিসকে আনন্দ দান করিতেন। 'ভক্তমাল'-মতে মীরাবাই ক্রপের সাক্ষাৎলাভ করিবা তাঁহার সহিত

⁽১৮) **গো**. বি.—১১শ. বি.—পূ. ১২৭-২৮

ক্বঞালোচনার প্রবৃত্ত হইরাছিলেন। জাহ্নবাদেবীর প্রথমবার বৃন্ধাবনাগমন-কালে ক্রপ-গোস্বামী জীবিত ছিলেন। ১৯ কিছ শ্রীনিবাসাদির প্রথমবার বৃন্ধাবনে আসিরা পৌছাইবার পূর্বেই ডিনি দেহরক্ষা করিয়াছেন। 'প্রেমবিলাস' ও 'ডক্তির্ত্তাকর' হইতে জানা যায় বে সনাতনের তিরোভাবের অল্লকাল পরেই রূপ-গোস্বামী তিরোহিত হন ১০ বাখাদামোদরের নিকট তাহার সমাধি সংরক্ষিত হইরাছিল। ১১

⁽১৯) উ—১৬প. বি., পৃ. ২২৫ ; বি. বি.—পৃ. ৬৬ (২০) জ.—সনাজৰ (২১) জ, স্ব.—৪।ই১৯,.. ম. বি.—পৃ. ২৯

त्र**म्**वाथ-माम-(श्राष्ट्राधी

বড়গোস্বামীর মধ্যে রঘুনাথ-দাস-গোস্বামীই সর্বপ্রথম মহাপ্রভুর সাক্ষাৎ প্রাপ্ত হন। সেই সাক্ষাৎ ঘটে ১৫১০ জী.-এর প্রথম দিকে।

হগলী জেলার অন্তর্গত সপ্তগ্রাম-অঞ্জের চন্দনপূর বা চান্দপূর গ্রামেই হিরণ্য দাস ও গোবর্ধন দাস নামে তুই প্রাতা বাস করিতেন। তাঁহারা কারস্বই ছিলেন। অবৈতপ্রভূর ও গোরাক্-জনক প্রন্দর-মিপ্রের সহিত তাঁহাদের যোগাযোগ ছিল বলিয়া মহাপ্রভূও তাঁহাদের জানিতেন। তাঁহাদের মধ্যে কনিষ্ঠ গোবর্ধনই হইতেছেন রঘুনার দাসের পিতা। রঘুনারের একজন জ্ঞাতি-পূড়ার নাম কালিদাস। তিনি পরম-বৈঞ্চব ছিলেন। কেহ কেই জন্মান করেন ১৪২০ শক্রেরই দিকে রঘুনারের জন্ম হয়। কিন্তু এ সমগ্রই জন্মানমার।

সন্ধাস-গ্রহণের অব্যবহিত পরেই চৈতক্ত শান্তিপুরে উপনীত হইলে রুলুনাথ আসিরা তাঁহার পদপ্রান্তে পতিত হন এবং অবৈতপ্রভুর কুপাতে চৈতক্তের প্রসাদশের প্রাপ্ত হন। কিন্তু রুখুনাথ বাল্যাবিধি বিষয়-বিরাণ্টি ছিলেন। মহাপ্রভু নীলাচলবাত্রা করিলে তাঁহাকে আর গৃহে ধরিয়া রাধা হুকর হইল। ধনীর তুলালকে বাঁধিয়া রাখিবার ক্ষন্ত প্রয়োকনীয় সমন্ত ব্যবস্থা অবশহন করা হইল, চতুর্দিকে প্রহরীও নিযুক্ত হইল।

রঘুনাথের সহিত বধন মহাপ্রভুর প্রথম সাক্ষাৎ ঘটে, তথন সম্ভবত রঘুনাথের বাল্যকাল অতিকান্ত হইরাছে। তাহার বহু-পূর্বে হরিদাস-ঠাকুর আসিয়া একবার তাঁহাদের গৃহ-পূর্বোহিত বলরাম-আচার্বের আতিথ্য গ্রহণ করিয়া বসবাস করিতে থাকেন। সেই সমর রঘুনাথ অধ্যরন করিতেন। একদিন তিনি হরিদাস-ঠাকুরকে দেখিতে যান। এই হরিদাস-দর্শন তাঁহার বালক-মনে গভীরভাবে রেখাপাত করে। হরিদাস তখন তাঁহার নামামুত-বর্ধণে অনেকের উপর, বিশেষ করিয়া হিরণ্য-গোবর্ধনের উপর বেভাবে প্রভাব বিদ্যার করিতে সমর্থ হইয়াছিলেন তাহাতে বালক রঘুনাথের মন সেইদিকে আকৃষ্ট হওয়াই যাভাবিক ছিল। কলে তিনি হরিদাসের নিকট শিক্ষাপাত করিয়া সাধনভক্ষন-মার্গে বিচরণ করিয়ার প্রথম প্রেরণা লাভ করিয়াছিলেন। এখন তাই মহাপ্রভুর সাক্ষাৎলাভের পর তিনি বাহিরের দিক হইতে বদ্ধ রহিলেন বটে, কিন্তু কোন বন্ধনই তাঁহার মনকে বাঁধিয়া রাখিতে পারিল না। কলে ইহার প্রায় পাচ বংসর পরে মহাপ্রভুর রামকেলি হইতে

⁽১) জ.—হৈচ. হ.—লভ, পৃ. ভন্ত; সৌ. জ.—পৃ. ৬১১; পা. বি. (২) হৈচ. চ.—লভ, পৃ. ৬১৫ (৩) শ্রীমং বসুমাধদান গোলানীর জীবন চরিজ—পৃ. ২;প্রাণকুক হস্ত বনে করেন (বৈরাদী রসুনাবদান পৃ. ৪.), ১৪১৭ হা ১৮ পক।

শান্তিপুরে পৌছাইলে রধুনাথ তাঁহার সহিত সাক্ষাৎ করিবার অন্ত অত্যন্ত বার্ত্রতা প্রকাশ করার গোবর্ধন তাঁহাকে শান্তিপুরে প্রেরণ করিতে বাধ্য হন। রঘুনাথ সেই সমরে করেকদিন ধরিরাই নিজের নীলাচল-সমনের বাধা সহজে অভিবাস তুলিতে থাকার শেষে
মহাপ্রভুকেও রুরুভাবে বলিতে হইরাছিল, "মর্কট বৈরাগ্য না করিহ লোক দেখাইরা।
ম্থাযোগ্য বিষয় ভ্তম অনাসক্ত হৈপ্রা।" কিন্ধ শেষে তিনি তাঁহার প্রতি করুণা প্রকাশ করিরা একখাও বলিরা গেলেন বে নিশ্রই কৃষ্ণ-রুপার রঘুনাথের পক্ষে নীলাচল-সমনের পথ
স্কুলম হইবে। রঘুনাথ গৃহে কিরিলেন এবং মহাপ্রভুর নির্দেশাস্থায়ী সর্বপ্রকার বহিবৈরাগ্য পরিত্যাপ করিরা সংসার-কর্মে মনোনিবেশ করিবেন। এতদ্বাই তাঁহার পিডামাতাও সন্তই হইরা তাঁহার বহিব্দন শিবিল করিরা দিলেন। কিন্ধ নিপুণ শিক্ষকের বেশিক্ষাপন্থতির কলে ভবিশ্বতে গোপাল- রঘুনাথ-ভট্টও পিত্যাভ্-সেবাদির বারা নিজ্ঞানকে
বরোবৃদ্ধির সঙ্গে উপযুক্ত করিরা তুলিরাছিলেন, সেই শিক্ষার বারাই সর্বপ্রথম রঘুনাথলাস পিত্যাভ্-সেবা ও বিষরভাগের মধ্য দিয়া 'জনাসক্ত' হইরা মহাপ্রভুর আরম্ভ-কর্মকে
সঞ্চল করিরা তুলিবার জন্ম নিজেকে প্রস্তুত করিতে লাগিলেন।

বংসর ঘ্রিয়া গেল। মহাপ্রভূ মধ্রা হইতে নীলাচলে কিরিলেন। সংবাদ
ভূনিয়া রঘুনাথ আর দ্বির বাকিতে পারিলেন না। কিন্ত ঠিক এই সমলে ম্লুকের এক
ক্রেছ-অধিকারীর সহিত বিবাদের কলে হিরণ্যকে গৃহ হইতে পলায়ন করিয়া
লোপনে লুকাইয়া রহিতে হইল। রঘুনাথ বন্ধ হইয়া আনীত হইলে তিনি তাহার
স্বিনয়-কথাবার্তার হারা সেই শত্রকেও আপন করিয়া লইলেন। ফুই-পক্ষের মধ্যে
মিটমাট হইয়া গেল। কিন্তু তাহারপর রঘুনাথ নিজেই পলাইয়া বাইবার জন্ত উদ্যোগ
করিতে লাগিলেন।

একদিন রাত্রিকালে উঠিয়া রঘুনাখ নীরবে বাত্রা আরম্ভ করিলেন। কিছ তাঁহার পিতা তাঁহাকে ধরিয়া আনিলেন। পুত্রকে বাতৃশ মনে করিয়া মাতা তাঁহাকে বাঁধিয়া রাখিতে চাহিলেন। কিছ পিতা বুরিলেন 'ইন্দ্রসম ঐশর্ধ' ও 'অব্দরাসম স্ত্রী' বাঁহাকে বাঁধিয়া রাখিতে পারিল না, অন্ত কোনও বছনে তাঁহাকে বাঁধিয়া রাখা বাইকেনা। সেই সমঙ্কে নিত্যানন্দ পণিহাটীতে অবস্থান করিতেছিলেন। একদিন রঘুনাথ পণাতীরে নিত্যানন্দ সমীপে উপস্থিত হইলেন। সঙ্গে অবস্থা সেককও আসিল।

নিত্যানক ৰ্থিচিড়া-ভোকনের প্রতাব করার রঘুনার তক্তে একটি বিহাট-ভোক্ষের

⁽a) ভক্তবাল-সভে উহোকে বাঁথিয়া রাখা হয়। পরে শিষ্ট লোকের উপরেশে হাড়িয়া বেওয়া হয়। —ভ. মা., পৃ. ১০

আরোজন করিলেন। 'পুলিন-ভোজন' সমাধ্য হইলে বিনীত রখুনাথ রাধব-পণ্ডিতের বারার নিত্যানন্দ সমীপে তাঁহার চৈতক্ত-চরণ-প্রাপ্তির জন্ত আবেদন জানাইলেন। নিত্যানন্দ আলীবাদ করিলেন বে চৈতক্ত অবক্তই তাঁহার প্রতি কুপাবান হইবেন। তাহারপর তিনি নিত্যানন্দের জন্ত নিভ্তে তাঁহার ভাতারীর হত্তে প্রচুর অর্থ প্রদান করিয়া রাধব-পণ্ডিতের সহিত তাঁহার গৃহে আসিয়া ঠাকুর-দর্শন করিলেন এবং প্রভুর 'ভৃত্যান্তিত জন'কে বখা-যোগাভাবে পুরস্কৃত করিবার জন্ত রাধবের হত্তে প্রভৃত অর্থ সমর্পণ করিয়া গৃহে প্রভাবর্তন করিলেন।

গৃহে কিবিরা রঘুনাথ বাড়ীর বাহিরে ছুর্গামগুলে আপ্রান্থ গ্রহণ করিলেন। ধেবীমগুলেই লরন করেন, রক্ষকগণ পাহারা দিতে থাকে। কিন্ধু শেবে একদিন সুযোগ মিলিরা
গেল। বত্নন্দন-ভট্টাচার্থ ছিলেন রঘুনাথের শুরুর্গ ও ভূল-পুরোহিত। একদিন শেবরাজিতে
উঠিয়া রঘুনাথ দেখিতে পাইলেন বে শুরু বতুনন্দন তাঁহাদের প্রান্ধণে হালির হইরাছেন।
রঘুনাথ তাঁহাকে প্রণাম করার তিনি জানাইলেন বে তাঁহার এক শিক্ত তাঁহার পৃহদেবতার
সেবক নিযুক্ত ছিল। লে হঠাৎ সেবা-পূজা ছাড়িয়। দিয়াছে; রঘুনাথের হত্তক্ষেপ
হরত তাহার মতের পরিবর্তন হইতে পারে। স্বভরাং রঘুনাথকে তাঁহার সঙ্গে গিয়া সেই
শিব্যটিকে অন্ধরোধ জানাইতে হয়। রঘুনাথ বিনারিধার শুরুদ্বের সহিত বাহির হইলেন।
রক্ষকগণ তথন নিপ্রাচ্ছর হইরা পড়িয়াছে।

কিছুদ্র অগ্রসর হইবা রঘুনাথ জানাইলেন থে ওদদেবের আর কট করিরা গিরা লাভ নাই; তিনি নিশ্চিন্ত হইরা বাইতে পারেন বে রঘুনাথ সেই ব্রাহ্ণ-পূজারীকে পাঠাইরা দিবেন। যারুনদান চলিরা গেলে রঘুনাথ এদিকে ওদিক দেখিরা পূর্বমূথে জারুসর হইলেন। তারপর পূর্ব ছাড়িরা দক্ষিণের উপপথ ধরিয়া ছুটিলেন। একদিনে তিনি পনর ক্রোশ পথ অতিক্রম করিরা এক গোপের বাধানে গিয়া রাজি-বাপন করিলেন। তারপর ছাড়ালা ও ক্রাম দিরা মাত্র জিলালা। আরগ্রহণ করিরাত বারদিনের মধ্যেই পুরুষোন্তমে উপন্থিত হইলেন। ব্রাহ্মের জীবনের বিতীর পর্যার আরক্ষ হইল।

মহাপ্রত্ন এবার আর রঘুনাথকে তিরস্কৃত করিলেন না, বহং দেহালিশন হান করিয়া তাঁহার রক্ষপ্রীতির অন্ত তাঁহাকে পুরস্কৃত করিলেন। রঘুনাথ কিছু স্পষ্টই জানাইলেন যে তিনি রক্ষপ্রীতির কথা কিছুই জানেন না, মহাপ্রস্কুর কুপাই তাঁহাকে এতদূর আনিতে পারিয়াছে। মহাপ্রত্ন রঘুনাথকে বর্পহামোহরের হত্তে সমর্পণ করিয়া বলিলেন যে

⁽৫) হৈ. হ.—০)৬, পৃ. ০১৮; হৈ. লা.—১০)১০; বে. বি.—১৮শ. বি., পৃ. ২৭০ (৬) পৃ.—পৃ. ৬; যে. (খ. লা. প.)—পৃ. ১০৬; গৌ. জ.—পৃ. ৩১০ (৭) জ.—হিৰণ বাল (৮) হৈ. হ.—০)৬, পৃ. ৩১৯; বে. বি.—১৮শ. বি., পৃ. ২৭১

সেধানকার তিন রঘুনাধের মধ্যে 'স্বরূপের রঘু আজি হৈতে ইহার নামে'।' তারপর তিনি গোবিশকে অনাহারী-রঘুনাধের ভোজন-ব্যবস্থা করিয়া দিতে আদেশ দান করিশে রঘুনাধ সম্প্রয়ান ও জগরাধ-দর্শনাস্তে মহাপ্রত্বর অবশিষ্ট-পাত্তে ভোজন করিশেন। পাচ-দিন ঐরপ ভোজন করিবার পর তিনি সিংহছারে দাড়াইছা ভিকালর অন্নের দারা উদর-পৃতি করিতে লাগিলেন। মহাপ্রভুভ এই বৃঝিরা সন্ধট হইলেন বে রঘুনাধ ভাল কৈল বৈরাগীর ধর্ম আচরিলা'।

রযুনাথ মহাপ্রসুর সন্থান হইয়া কোন কথা বলিতে পারেন না। তাই একদিন তিনি বরপের মারকত মহাপ্রসুর নিকট জানিতে চাহিলেন, কেন তিনি তাহাকে এইরপ হরছাড়া করিয়া আনিয়াছেন, তাঁহার উদ্দেশ্ত কি! মহাপ্রসু তাঁহাকে স্বরূপের নিকটে সাধাসাধন-তন্ধ শিক্ষাগ্রহণ করিতে নির্দেশ দিয়া 'গ্রামা কথাবার্তা' না বলিতে, ভাল থাওরা পরা না করিতে, 'অমানী মানহ রুক্ষনাম' লইতে ও ব্রক্তে 'রাধারুক্ত সেবা'র মানস করিতে উপদেশ প্রদান করিলেন। সেই হইতে স্বরূপের সহিত তাঁহার 'সম্ভরক্ত-সেবা' আরম্ভ হইয়া গেল।

ইহার পর গৌড়ীর ভক্তকৃন্ধ নীলাচলে পৌছাইলে রঘুনাথ শিবানন্দের নিকট তাহার পিতামাতার সংবাদ প্রাপ্ত ইইরা⁵⁰ রথবাত্রাদি দর্শন করিলেন। পর-বংসর তাহার পিতা ছইন্ধন লোক ও চারি শত মুলা পাঠাইরা দিলেন। রঘুনাথ তথন অনেক চেষ্টা করিয়া মহাপ্রভুকে তাঁহার বাসার মাসে ছইদিন করিয়া ভিন্ধানির্বাহ করিবার মত করাইলেন। কিন্ধ বিবরীর অরগ্রন্থে মহাপ্রভু কথনও প্রাপ্ত হাতি পারেন না বৃর্বিরা ছই কংসর পরে তিনি নিশ্বেই সেই নিমন্ত্রণ বন্ধ করিয়া দিলেন। অন্থসন্ধানে মহাপ্রভু সমগ্ত বিবর বৃত্তিতে পারিয়া রঘুনাথের প্রভি সন্ধর্ট হইলেন। তারপর 'নিছিন্ধন ভক্ত' রঘুনাথ সিংহলারের ভিন্ধাও ছাড়িরা দিলেন এবং 'ছত্রে বাই মাপি খাইতে আরম্ভ করিল'। 'বেশ্রার আচার'-ভূল্য 'সিংহলারে ভিন্কার্ত্তি' ছাড়িরা দেওরার মহাপ্রভু ঐকান্তিক ভৃত্তিলাভ করিয়া রঘুনাথকে পোবর্ধনের শিলা ও ভগ্নামালা উপহার দিলেন। ১০ এই শিলা ও ভগ্নামালা শংকরানন্দ-সরস্বতী তাহাকে কুন্ধানন ইইতে আনিরা দিরাছিলেন এবং ভদবিধ এই তিন-বংসর তিনি কৃন্ধজানে নিরম্ভর ইহার ভন্ধনা করিরাছেন। মহাপ্রভুর বহত্তক্ষেত্ত এইপ্রকার শিলা ও মালা লাভ করিয়া রঘুনাথ বেন আত্মহারা ছইলেন এবং জলভ্যুণারী দিয়া ইহার সান্ত্রিক পূক্ষা আরম্ভ করিয়া দিলেন। সেই পূক্ষাবিধি ছিল

⁽১) अरे धकात किकानक चत्रत्ररापत गष्टकि नवस्य 'त्रव्याथ वान लाचानीत कीरन हतिछ' कोरा—पृ. ১৬ (১০) क.—हित्रशासाम (১১) है. ह.; ह्या. वि.—১৮न. वि., पृ. २५১; ली. फ.—पृ. ७১०

অভ্য**ন্ত কঠোর।** ভাহার কোখাও এতটুকু ডিন্স পর্যন্ত ছিলনা। 'রঘুনাথের নিরম বেন পাধাণের রেখা।'^{১২}

কিন্ধ রখুনাথের তপস্তা কেবল পৃঞ্চাবিধি পালনে নহে। মহাপ্রস্কুর নির্দেশ তিনি অক্সরে-অক্সরে পালন করিরাছিলেন। 'ছিগুা কানি কাখা বিনা' তাঁহার আর কিছুই পরিধের ছিলনা। তারপর ছত্ত্বে নিরা বেক্সপে অরগ্রহণ করিতেন তাহাও তিনি উঠাইরা দিলেন। পসারিগণ অবিক্রীত প্রসাদার তুই তিন দিন পূহে রাধিবার পর কেলিয়া দিলে গাঙীগণও ব্যন তাহাতে তুর্গদ্ধে মুখ দিতে পারিত না, তখন রখুনাথ তাহা তুলিয়া আনিয়া ধূইরা খাইতে লাগিলেন। এই কথা ভনিতে পাইরা একদিন মহাপ্রস্কু শ্বং তাঁহার নিকট সেই অর চাহিরা খাইরা ভাহাকে সম্মানিত করিলেন।

জীবন-সারাহ্নে বধন চৈতন্ত্র-মহাপ্রভুর বিরহোন্মাণ-ভাব ক্রমাগত বাড়িরা চলিতে ধাকে, তথন তাঁহার দেই ভাব-বিবরণকে লিপিবন্ধ করিবার মত কোন কড়চা-লেধক পালে ছিলেন না। তাঁহার তখনকার নিত্যসন্ধী শরুপ-রয়ুনাখই এই কার্য করিয়াছিলেন। 'পরুপ প্রকর্তা রঘুনাথ বুড়িকার!' চৈতন্ত্র বে একছিন রঘুনাথকে শরুপের সন্ধু গ্রহণ করিতে উপদেশ দিয়াছিলেন, রঘুনাথ এইরপে চৈতন্ত্র ও শরুপ উভরেরই সেবার আত্মনিরোগ করিয়া তাঁহার সেই আদেশকে বর্ণে বর্ণে গালন করিলেন।

চৈতন্তের আর একটি উপদেশ ছিল ব্রক্তে রাধারুক্ত-সেবা। কিন্তু বরং তিনিই বে রব্নাবের নিকট কুজাপেকা প্রির ছিলেন, ইহা শর্প করিয়াই বোধকরি তাঁহার জীবদ্দশাতে তিনি রঘুনাথকে বুলাবনে বাইবার নির্দেশ দান করেন নাই। কিন্তু বরুপের সহিত বোড়ল বর্ব বাবৎ 'প্রভেব গুপু সেবা' ও 'অন্তরন্ধ সেবন' করিয়া শেবে ১০০০-০৪ ব্রী.-এর দিকে তিনি মহাপ্রভুর ও তাহার পর 'বরুপের অন্তর্ধানে আইলা কুলাবন।'' ও 'ভক্তিরত্মাকর' মতে ১৪ ব্রীনিবাস-আচার্ব নীলাচলে গিরা তাহার সাক্ষাংশাভ করিতে পারেন নাই। 'প্রেমবিলাস'-কার নিত্যানন্দদাস কিন্তু জানাইতেছেন এব বে রূপনারারণ (রূপচন্দ্র লাহিড়া) বৃন্দাবনক্ত রঘুনাধদাসাদি গোস্বামী-বৃন্দের আলিবাদ লইয়া নীলাচলে গিরা মহাপ্রভুর অন্তর্ধান-বার্তা শ্রবণ করিয়াছিলেন এবং ভাহারপর বর্মপদামোদরের সহিত সাক্ষাং করিয়াছিলেন। কিন্তুনানন্দদাস সম্ভবত ভূল করিয়াই প্রস্থলে কূলাবনক্ত গোস্বামী-বৃন্দের মধ্যে রত্নাধদাসের নাম উরেধ করিয়া বাকিবেন। 'চৈতক্রচরিতাক্ত্তে'র বিশেষ উরেধ গ্রবং 'ভক্তিরত্বাকরে'র উরেধ হইতেও উক্তপ্রকার উক্তি সমর্থিত হয় না। যাহা হউক, কুলাবনে আসিয়া রত্নাথের জীবনের তৃতীর পর্বার আরম্ভ হইল।

⁽১২) ব্রে. বি.—১৬শ. বি.; পৃ. ২২৬; কর্ণ.—৪র্থ. বি., পৃ. ৭৭ (১৩) চৈ. চ.—১।১৮, পৃ. ৫৬; ড়. য়.—৩।২৬৮ (১৪) ৩।২৬৭ (১৫) ব্রে. বি.—১৯শ. বি., পৃ. ৩২৯

বৃন্ধবনে রূপ-স্মাজনের পাদপল্পর্শন ও গোবর্ধনে দেহরকা করিবার সংকল্প নুইয়া সমুনাধ বৃন্দাবনে আসিরাছিশেন। কিন্তু সনাভন ও রূপ ছুই ভাই তাহাকে ভূতীয় আতা-রূপে বরণ করিশেন।১৬ রঘুনাগ ও রূপ-সনাতনের সৌহার্দ্য ও সম্প্রীভির কথা বিখ্যাত হইরা আছে। কবিরাজ-গোস্বামী 'বন্ধণ-রূপ-সনাতন-রঘুনাথের চরণ' একত্রে ধ্যান করিয়াছেন। 'হরিভক্তিবিলালে'র দিতীয় শ্লোকে গোপাল-ভট্ট-গোরামী 'রখুনাখদাসং সম্ভোষ্যন্ রূপ-সনাতনো 6' গ্রন্থ সংকলন করিরাছেন। ১৭ এমন কি বয়ং জীব-গ্রোস্থামীও তাঁহার 'লঘুভোবণী'-এছে রূপ-সনাভনের উল্লেখ করিয়া বলিয়াছেন, "ধ্রিক্রং রুধুনাগ্যাস **ই**তি বিখ্যাতঃ ক্লিভৌ^{*১৮} এবং সেই রঘুনাথ "অনরোভ্রাজভোল্বলান্তব্পদং মডল্লিভ্বনে সাদ্দর্থমার্থেন্ডমেঃ 🖫 " ১৯ এই স্কুপ-সমাভনের ক্লেছে বিগলিত হইরা রঘুনাথ মরণ-ফরণের **সংকল্প** ত্যাগ করিবা 'শ্রীরপ-সনাতন আ**জা** লইবা শিরে। বসতি করিলা যি হো রাধাকুগুতীরে 🗗 ২০ গোবর্ধ ন স্থীপে রাধাকুণ্ডে গিরা পুনরার ভিনি তাঁহার সেই কঠোর নিষ্ম আরম্ভ করিলেন। **অরজন একপ্রকার বন্ধ চইল, বৃক্ষপ**ত্রই *বস্*নের অভাব দূর করিল। প্রত্যহ শত-শত বৈঞ্চবকে প্রণাম করিয়াও লক্ষবার হরিনাম করিয়া তিনি 'রাত্রিদিন রাধারুক্ষের মানসে সেবন' করিতে লাগিলেন। তাহাছাড়া, 'তিন সন্ধাা রাধাকুত্তে অপতিত দান', সাড়ে-সাড-প্রহর ভক্তি-সাধন। ও প্রারই বিনিত্ররজনী-যাপন তাঁহার অভ্যন্ত হইরা গিরাছিল।

রঘুনাথ প্রথমে সেই খাপদসংকৃশ বনমধো শ্রামকৃণ্ডের এক পুরাক্তন বৃক্ষজনেই বাস আরম্ভ করেন। কিন্তু পরে সনাতন-গোলামীর হস্তক্ষেপে তিনি বৃক্ষজন ত্যাগ করিয়া কৃতিরে বাস করিছে লাগিলেন। ২০ তথন রাধাকৃণ্ড বলিয়াও কিছু ছিল না। সমস্তই পুশ্ত হইয়া থান্ত-ক্ষেত্রে পরিণত হইয়াছিল। মহাপ্রভৃ তাঁহার বৃন্ধাবন-শ্রমণের সময় উক্ষ থান্তক্ষেত্রে কৃত্তরের প্রাগবন্ধান নির্দিষ্ট করিয়াছিলেন। রঘুনাথ একণে কোন এক ধনী-মহাক্তনকে দিয়া সেই কৃত্তরের প্রোধার কার্য সম্পন্ন করিলেন।

রাধাকুতে রঘুনাথের সন্ধী ছিলেন ক্রফরাস-কবিরাজ। ২২ তিনি রঘুনাথের প্রতি স্থীর আহুগত্যের উল্লেখ করিয়া তাঁহাকেই 'সারগুরু' বলিয়াছেন। ২৩ আবার জীব-গোস্বামীও রঘুনাথকে যথেষ্ট মাস্ত করিতেন। কিন্তু রঘুনাথ নিজেও বৃন্ধাবন-নির্মিতিতে কম সাহায্য

⁽১৬) (त्री. छ.—गृ. ७১० (১१) इ. वि.—১।२ (১৮) छ. इ.—गृ. ১० (১৯) ঐ—गृ. ०० (२०) कर्ष.— ७६. वि., शृ. १९ (६১) छ. इ.—गृ. ১०० (२२) त्रायय-मध्य (छ. इ.—०।७৯२) अवर लाकवाय-शायामीक (कर्ष.—गृ. ৮৮) त्रयूनारथंत्र नवी दिश्यतः। (२७) हे. इ.—०।०, गृ. ०००

করেন নাই। তাঁহার প্রচেষ্টাতেই ক্ওছরের প্রোদ্ধার^{২৪} ও তাঁহারই প্রামর্শে মাধ্বেক্সনিষ্ক গৌড়ীর বিপ্রহরের মৃত্যুর পর গাঠুলীর গোপাল-সেবার বিঠ,ঠলনাথকে নিষ্ক করা
হয়। ইহা ছাড়া 'শুবমালা' বা 'শুবাবলী'^{২৫} (চৈতস্পাইক, গৌরাস্থাবকর্তক, মনাশিক্ষা,
বিলাপকুস্মান্ধশি, রাধারকোজ্মলকুস্মকেলি, বিশাখানসন্তোত্ত, ব্রন্ধবিলাসন্তব),^{২৬} 'শুনামচরিত' ও 'মৃক্রাচরিত' নামে তিন্ধানি গ্রন্থ তিনি রচনা করিয়াছিলেন।^{২৭} র্ঘুনাথের
আর একখানি গ্রন্থের নাম 'দানকেলিচিন্তামণি'। আবার পুর্বেই বলা হইয়াছে যে য়খুনাথ
বর্ষপাক্ত কড়চারও, 'বৃত্তিকার' ছিলেন।^{২৮} এতধাতীত তাহার দুই তিনটি পদ্^{২৯}
পাওয়া যায়। পদগুলির মধ্যে একটি ব্রন্ধভাধার ও একটি ব্রন্ধবৃলি-ভাষার রচিত। তি
পভাবলীতেও রঘুনাথের তিনটি প্লোক গৃহীত হইয়াছে।

শ্রীনিবাস-নরোজ্য-শ্রামানন্দ বুন্দাবনে আসিলে রঘুনাথ তাহাদিগকে অনুগৃহীত করিবাছিলেন। কিছু তথন ঠাহার শরীর কীণ ও চুর্বল হইরা পড়িরাছে, তবুও বছাপিহ শুক্তবেহ বাতালে হালর। তথাপি নির্বছ ক্রিয়া সব সমাধর॥ শ্রীনিবাস-আচার্ব ছিতীয়বার কুন্দাবনে আসার পর রামচন্দ্র-কবিরাজও কুন্দাবনে আসিয়া রঘুনাবের প্রসাদ-শাভ করিবাছিলেন। কিছু জাহুবাদেবী বধন ছিতীয়বার কুন্দাবনে আগমন করেন, তথন রঘুনাথ অতিশব বৃদ্ধ হইরাছেন। তাহার আর চলিবার সাধা নাই। ত তথন তিনি 'শ্রতিশয় কীণতত্ব' এবং শিধিলেক্রিরপ্রার। তথ্ জাহ্বাদেবী রাধাকুতে গিরা তাহার সহিত সাক্ষাৎ করেন। তথ বীরচন্দ্রপ্রকু আসিয়া আর তাহাকে দেখিতে পান নাই। তি

⁽২০) 'সজন ভোব**ণী**'-পত্ৰিকার (চৈভক্তায় ০০০, ২ব. থণ্ড) লিখিত ক্ইরাছে বে প্রোদ্ধারের পূর্বে বদরিকাতান হইতে বারারণ-থেরিভ একজন লোকের বারকত রবুনাথ বারারণ-থাণ্ড কতিপয় বর্ণমূলাপ্রাপ্ত হওবার তাহার পক্ষোদ্ধার-মানস সিদ্ধ হয়। (২৫) "শ্রীমত্রণ সোবামীরও ব্রবমানা নামে একখানি এর আছে ; এইজকু দাস-সোকাষীর এছ (ত্তর্যালা) 'ত্তবাবলী' নাবে আখ্যাত হইল ।"---তীমৎ রধুনাথ বাস গোখানীর জীবনচরিত, অচ্যুত্তরণ চৌধুরী, পৃ. ৫১ (২৬) VPM—p.91 (২৭) ভ. র.— ১৮১০; বৈক্যদিগ্ৰুশনী প্ৰস্থ (পৃ. ৩০)-মতে "ব্ৰুনাৰ বালো যে রাবানোহন সেবা করিতেন, ভাহা মুসলবাৰণণ ৰ্বীভে কেলিয়া দিলে বৰুনাৰ সংবাদ পাইয়া কুখাৰণ ক্ইভে কুক্কিশোর সামক উহিছে ক্ষ্যিক একবাসী শিশ্বকে ঐ বিগ্রহের উদ্ধার ও সেবা করিবার করু সপ্তপ্রাবে থেরণ করেন। ইহার শিক্তপাধা বভাষান দেবক ।" (২৮) চৈ. ৪-—০।১৪, পৃ. ০৪৮ (২৯) 'পদ্ধরতল'-মৃত রবুনাথ-ভণিতার ভিন্টিপদ সৰুৰে ১৩০২ সালের 'ভারতবর্ণ-পত্রিকার আঘাড়-সংখ্যার হরেকুক মুখোপাখ্যার সাহিত্যরন্থ মহাশর লিখিরাছেন, "অপর রখুনাথ ছুইজনা বে পদ রচনা করিরাছিলেন ভাহার কোন আমাণ নাই। পকান্তৰে বৈক্ৰসবাধ্যে ঐ পৰ ভিনটি হাস-বহুনাথের নামেই চলিরা আসিভেছে।" (৩০) HBL--p. 42 (৩১) খ. মৃ.—১১।১৫+ (৩২) ঐ—১১।১৬৪-৬৭ (৩৬) প্রে. বি.—১৬শ. বি., পৃ. ২২৭ (৩৪) **অচ্যভচর**ণ চৌধুরী উচ্চার 'ত্রীবং রজুবাথ ভাসবোখানীর জীবনচরিড' নামক এছে (পূ. ৬১) বলিয়াছেন, "ভাস গোখাৰী চতুৰ বৃতি বৰ্ষকাল এই ধরাধাৰে ছিলেন: তিনি ১৫১৪পকে আছিনের ভল্লা বাদনী ভিৰিত্তে বেহতাপ করেব।" কিন্ত ইতা তাতার অভুযান যাতা।

(त्रानाल-७३-(त्राष्ट्राधी

দাব্দিণাত্যের তৈলক-দেশে কাবেরী-নদীর তীরে প্রীরক্ত-ক্ষেত্র। সেই তীর্থ-সরিধানে 'তৈলক-বিপ্ররাক' ত্রিমন্নভট্টের বাস ছিল। ত্রিমন্নের ছই ভাই—বেছট ও প্রবোধানক। কেই কেই মনে করেন' কে বেছট-ভট্টের পুত্রই গোপাল-ভট্ট। কিছু বুব সন্তবত গোপাল-ভট্ট ত্রিমন-ভট্টেরই পুত্র ছিলেন। ই ইহারা ছিলেন বৈদিক-আন্দার। কিছু বৈক্ষবভাবাপার। লন্মীনারারণ ই হাবের উপাশ্ত-দেবতা। মহাপ্রান্তর প্রভাবে ইহারা রাধান্তকের উপাসক হইরা উঠেন।

দাব্দিণাতা-বাজাকাশে মহাপ্রকু বখন জিমন্ত-ভট্টের গৃহে উপস্থিত হন, তখন বর্বা আরম্ভ হইয়াছে। ভট্ট পরিবার মহাপ্রভুকে সেইস্থানে চাতুর্যাক্ত অভিবাহিত করিবার জন্ত অহুবোধ জ্ঞাপন করিলেন। ই হাদিগের বৈক্তব-ভাবে মৃগ্ধ হইরা ভিনিও তৎস্থানে থাকিরা গেলেন। জিমনের পুত্র (?) পোপালকে ভাহার পরিচর্বা ও সেবার নিযুক্ত করা হইল।ত

গোপাল-ভট্ট 'নিৰপট' হইরা মহাপ্রভুর পরিচর্বা করেন, তাহার ভাবধারার সহিত পরিচিভ হইতে থাকেন, এবং নিপ্প-সেবার বারা তাহার মন পাইবার কয় আপ্রাণ চেটা করেন। পিতৃবা প্রবোধানন্দের নিকট তিনি পূর্বেই নিক্ষাপ্রায় হইরাছিলেন এবং বাল্যকালে তিনি একবার নীলাচলে কলরাগ দর্শন করিরাও আসিরাছিলেন। এখন তাহার সেই দেবাম্বরালী নিক্ষিত মন এবং পরিবারগত নিষ্ঠা লইরা তিনি তাহার অভীট্ট সিন্ধির পথে অগ্রসর হইলেন। মহাপ্রভুও ক্রমে তুই হইরা তাহাকে একান্তে ভাকিরা নানাবিধ উপদেশ প্রদান করিলেন। 'কর্ণানন্দ'-গ্রন্থেট বলা হইরাছে বে বিধার-গ্রহণকালে তিনি গোপালকে স্বীর কৌপীন-বহির্বাপ প্রদান করিরা বলিরা গেলেন বে বধাকালে তাহার অভীট্ট সিন্ধ হইবে। 'প্রেমবিলাস'-মতেও গোপাল-ভট্ট নাকি সেই সমরে ভাগবত-পিকা করিতেছিলেন। মহাপ্রভু তাহার পিতৃব্য প্রবোধানন্দের উপর তাহার শিক্ষাভার অর্পণ করিরা তাহাকে ব্রম্বার্থনে উপদেশ দান করেন এবং বলিরা বান বে সময় আসিলে তাহাকে কুলাবনে বাইতে হইবে। প্রীক্রকের লীলাক্ষেত্র প্রাচীন কুলাবনকে বে একটি উরত শিক্ষা-সংস্কৃতি-

⁽১) The Vaisnava Literature of Mediaeval Bengal (২) ত্র-—ত্রিষয়-কট্ট; সোপাদের পিছুবা সম্বন্ধে ক্রোধানক-সম্বতীর জীবনী ত্রষ্টব্য । (৩) বৈক্ষাসিধ্বনী মতে (পৃ. ৫২) গোপাল তথন ৮। ৯ বংসবের বালক।

কেন্দ্রে রূপান্তরিত করিয়া তথা হইতে পুষোগ্য ও ধীমান ভক্তকৃদ্ধ ছারা ভক্তি-ধর্মের প্রচার তাঁহার অভিপ্রেত, এইরূপ একটি আভাসও তিনি সম্বতত গোপাল-ভট্টকে দিয়া গেলেন।

ত্রিমন-ভট্টাদির মৃত্যু ঘটলে গোপাল-ভট্ট বৃন্ধাবন-ধামে গিরা উপস্থিত হন।
কিছুকাল সেইশ্বানে বাস করিবার পর তিনি শালগ্রাম-শিলার হলে পূর্ণাবরব দেব-বিগ্রহের
পূজাভিলাবী হইলেও রূপ-গোস্বামীর হস্তক্ষেপে ভদস্তরপ বিগ্রহের পূজা প্রচলিত হয় এবং
গোপাল-ভট্টের ঐকান্তিক বাসনার কলে এক বৈলাবী-পূর্ণিমা তিথিতে রাধারমণ-বিগ্রহ
সিংহাসনে প্রতিষ্ঠিত হয়। তারপর তাঁহারই প্রচেটার মন্দির নির্মিত হইলে বথাবিধি
রাধারমণ-সেবাপূজা চলিতে থাকে এবং তিনি 'নিজ শিল্প শ্রীলভক্তদাস পূজারী'র হত্তে
পূজার ভার অর্পণ করিরা নিশ্বিস্ত হন।

গোপালের কুন্দাবন-আগমনে রূপ-সনাতন আনন্দিত হইরাছিলেন। 'প্রেমবিলাস' ও 'ওজিবন্ধাকর' হইতে জানা বার বে মহাপ্রভূবে তাঁহারা এই সংবাদ জানাইরা পত্র লিখিলে তিনিও আসন এবং ডোর-কৌপীন-বহিবাস গহ প্রত্যুত্তর পাঠাইরাছিলেন। কিন্তু গোপাল প্রথমে মহাপ্রভূব আসনে কিছুতেই বসিতে চাহেন নাই। শেবে মহাপ্রভূব আনেশ-পালনার্থে এবং সনাতন ও রূপের হত্তকেপের কলে গলার ভোর পরিবা অত্যন্ত বিধাসহকারে তিনি আসন গ্রহণ করেন। ' গোপালকে সন্ধী-হিসাবে পাওয়ার গোলামী-আত্মুক্ত ওাঁহাকে তাঁহাদের অভিন্তহন্ত আতা-রূপে গ্রহণ করিলেন এবং গোপালও গ্রহাদি রচনার প্রবৃত্ত হইলেন। 'সনাতন প্রেম পরিপ্রভান্তর' গোপাল-ভট্ট সন্তবত সনাতন-গোলামীর আদেশে ও তত্ত্বাবধানে এবং তাঁহারই প্রত্যক্ত সাহাদ্য গ্রহণ করিয়া বৈক্ষব-আচার ও বৈক্ষব- ক্রিয়মুন্তা-নির্মাদি সংবলিত 'হরিভক্তিবিলাস' নামক গ্রহণানি প্রস্তুত্ত করেন। তাহার পর তিনি তাহা সংশোধনার্থ সনাতনের হল্পে প্রদান করিলে সনাতন তাহাকে নিজ পৃত্তকরূপেই গ্রহণ করেন, কিন্তু সনাতনের ইচ্ছামুন্নারী তাহা গোপালের নামেই প্রচলিত হর। ১০ ইহা ছাড়া, সন্তবত দীলান্তকের 'কৃষ্ণকর্ণামৃতে'র টীকাধানিও গোপাল-ভট্টের নামে প্রচলিত হয়। ১০ কিন্ত ডা. স্পনীলকুমার দে প্রমাদ

⁽৩) ১ম. বি. (৫) ১৮শ. বি., পৃ. ২৭৩ (৩) "এক ধনবান কুলাবনস্থ বিএইগুলিকে বন্তালংকারাছি দান করিছে চাহিলে উক্ত শালগ্রাম হস্তপদাদিবিহীন হওরার গোপাল-ভট্ট শোকাছের হইলেন, প্রভাতে দেখা গেল বে, শালগ্রাম হল গ্রিক্তম-ভলিমা রূপ মুরলী বদন" হইরাছেন—বৈ. ব., পৃ. ৮৭ (৭) ভ. র.—১১১৯৪; প্রে. বি.—১ম. বি., পৃ. ১২ (৮) প্রে. বি.—১ম. বি., পৃ. ১৬-১৪ (৯) ঐ ১৮শ. বি., পৃ. ২৭৪; হরিভজিবিলাগের প্রতিটি বিলাসই "ইতি শ্রীগোপাল-ভট্ট-বিলিবিভে শ্রীহরিভজি বিলাসে" ইজ্যাদি রূপ বচনের বারা সমাধ্য হইরাছে ৷ (১৮) ভ. র.—১১১৫০ (১১) জ. ব.—১৯. ম., পৃ. ৫; বৈ. বি.—পৃ. ৩৬

দিরাছেন^{3 ই} যে উহার প্রণেভা গোপাল-ভট্ট স্থাবিড়-দেশীর হরিবংশ-ভট্টের পুত্র ও নৃসিংহের পোত্র। স্থভরাং গোপাল ভট্ট-গোস্বামীকে উহার রচনাকার বলিবার দূচভিত্তি নাই। তবে জীব-গোস্বামী রচিড বিখ্যাত 'ভাগবডসন্বর্ভ' গ্রন্থখানির মালমশলা প্রথমে তাহার বারাই সংগৃহীত হইয়া ক্রমভঙ্গে বিচ্ছিন্নভাবে পত্রপুত হয়। ১৩

রাধারমণ-বিগ্রহের প্রতিষ্ঠা ও সেবা এবং গ্রন্থরচনা ছাড়াও গোপাল-ভট্ট-গো্স্বামীর অক্ত কাজ ছিল। সম্ভবত ভাঁহার বৃদ্ধাবন-আগমনের কিছুকাল পরেই মহাপ্রভুর তিরোভাব ঘটে এবং ভাহার পর কা**ণ্যখ**র-গোস্বামী ও রঘুনাথ-ভট্ট পরশোকে প্ররাণ করেন। ভাহারও পরে রূপ-সনাতন শোকাস্করিও হন। রঘুনাখদাস-গোস্থামী ভখন দূরে রাধাকুওে অবস্থান করিতেছিলেন এবং জীব-গোস্বামীও নববৃন্দাবন-নির্মাণ ও গ্রন্থাদি-রচনার অভ্যস্ত বাস্ত। স্থভরাং বৈষ্ণবর্গর-প্রচারার্থ দীক্ষাদি^{১৪}-কর্ম-সম্পাদনের কিছুটা দায়িত্ব শোকনাথ ও গোপালাদির উপর আসিয়া পড়ে। পরবর্তিকালে শ্রীনিবাস-আচার্য তাঁহারই নিকট দীক্ষিত হইয়া চৈতন্তের ধর্মকে পূর্ব-ভারতে স্প্রতিষ্ঠিত করিয়া তুলিতে সমর্থ হন। প্রথমে জীব-গোখামী শ্রীনিধাস কর্তৃক নানাবিধ মংৎ-কর্ম সম্পাদনের সম্ভাবনা ব্রিরা গোপাল-ভট্টের নিকট সেই সম্বন্ধ আলোচনা করিলে ভট্ট-গোধামীও আপনার প্রতি মহাপ্রভুর ইন্সিতের কণা শারণ করিয়া সেই বিহরে আগ্রহান্বিত হন। ভদমুবায়ী তিনি রাধারমণ-বিগ্রহ সম্মুধে মহাপ্রাভূ-দত্ত আসনে উপনিষ্ট হইয়া শ্রীনিবাসকে চৈত্য্য-প্রেরিড কৌপীন ও বহিবাস পরাইর।১৫ মন্ত্রদাক্ষা১৬ দান করেন এবং জীব-গোখামীর উল্মোগে একদিন তিনি গোবিন্দ-মন্দিরে গিয়া শ্রীনিবাসকে "আচাই'-উপাধি প্রদান করেন।^{১৭} ভারপর শ্রীনিবাস নরোন্তমাদি গৌড়ে প্রভাবর্তন করিলে তিনি তাঁহাদিগকে আশীবাদ করিয়া প্রিয়-শিক্স শ্রীনিবাসকে আর একবার বৃন্দাবনে আসিবার জন্তও আজ্ঞা-প্রদান করিয়াছিলেন।

শ্রীনিবাস-আচার্য বধন বিতীরবার কুমাবনে আগমন করেন, তখন গোপাল-ভট্ট তাঁহাকে অভিনন্দিত করিরাছিলেন। তাহারও পরে আহুবাদেবীর বিতীয়বার বৃন্ধাবনাগমনকালেও গোপালভট্ট-গোস্বামী জীবিত ছিলেন। তাহার পর কোনও গ্রন্থে আর তাঁহার বিশেষ

⁽১২) VFM—pp 100, 101 (১৩) ব. স. (জ. স.)—s, e (১৪) বৈ. হ.-এছ (পৃ. ৪৫, ৮১, ১১২)— মডে হিডহ্রিবংশ গোপালতটের বছপির ছিলেন এবং জিনি "উত্তরপ্রমেশে দেববন নামক স্থানে 'গৌড় আছাণ' লোগীনাথকে দীকালান করেন। সোণীনাথ উত্তর-ভারতে ভার্মিমর্শ প্রচার করেন।" (১৫)-কর্ণ—sò. নি. (১৬) প্রে. বি.—sò. বি., পৃ. ৬৫-৬৬; আ. সী.—পৃ. ১৪৯ (১৭) আ. ব.—sa., পৃ. ৬২

উল্লেখ দেখিতে পাওয়া যায় না। কেবল 'প্রেমবিলাস'গ্রন্থে লিখিত হইয়াছে যে বীরচম্রপ্রকৃ বৃন্দাবন হইতে প্রত্যাবর্তন করিয়া শ্রীনিবাসকে গোপালের সমাচার স্থানাইয়াছিলেন।

গোপাল-ভট্ট গোস্বামীর বথেষ্ট চারিত্রিক দৃঢ়তা ছিল। শ্রীনিবাসকে তিনি রাধারমণের অধিকারী করিরাও ধখন জানিলেন বে বিবাহ-সম্পর্কিত ব্যাপারে শ্রীনিবাস ভাঁহার নিকট মিধ্যা কথা বলিরাছেন, তখন তিনি ভাঁহাকে অবিলয়ে সেই অধিকার হইতে বঞ্চিত করেন। ১৮ 'চৈতল্রচরিতামৃত'-গ্রমে কুফ্রাস-কবিরাজ-গোস্বামী যে ভাঁহাকে একটি 'সর্বোজ্য লাখা' বলিরা নির্দিষ্ট করিবার পরেও ভাঁহার অল্লান্ত প্রসন্ধ সমজে নীর্ব রহিরাছেন, নিক্তর ভাহার কোন গৃঢ় কারণ থাকিবে। নরহরি-চক্রবর্তী জানাইতেছেন ১৯ বে 'চৈতল্রচরিতামৃত'-রচনার আজ্ঞান্য-কালে গোপাল-ভট্ট-গোস্বামীই স্বরং উক্ত গ্রমে নিজ নামের উল্লেখ করিছে নিবেধ করিরাছিলেন। ২০ ইহা সভা হইলে ভিনি যে কারণেই ঐরপ নিবেধাজা প্রদান করন না কেন, ভাহা যে ভাঁহার নামলেশ-আক্রাক্ষাহীন চিত্তবৃত্তিক দৃঢ়তা ও উলার্বের পরিচারক ভাহাতে সম্বেহ থাকে না।

'পদকর ডক্ল'তে গোপাল-ভট্টের চুইটি পদ^{্ব} উদ্ধৃত হহরাছে। চুইটিই 'ব্রক্ষাথা' বা ব্রক্ষাবার লিখিত। আরও একটি পদ্^{ব্} গোপালদাস-ভণিতার লিখিত হইলেও একই ভাষার রচিত হওরার তাহা বাঙালী-পদকর্তার রচিত নহে বলিয়া ধারণা করা বাইতে পারে। এই কারণেই সতীশ চন্দ্র রার ও ডা. স্কুমার সেন উভরে মনে করেন বে তাহাও গোপাল-ভট্ট-বিরচিত। 'পদ্মাবলীতে'ও গোপাল-ভট্টের একটি সংস্কৃত-স্লোক উদ্ধৃত হইরাছে।

গোপাল-ভট্ট-গোস্বামীর তিরোভাবকাল সম্বন্ধে^{২৩} সঠিক করিয়া কিছু বলা বার না।

⁽১৮) ছ.—ইবিবাস (১৯) ম. বি.—১ম. বি. (২০) জ. ছ.—১।২২২ (২১) ১০৮৮, ২৮৬৬ (২২) ঐ—
২৯৬৬ (২০) ইম্প্লোপালতট্ট লোখানীর নীবন চরিত নামক রছে (পৃ. ৪৯) অচ্চতেরণ চৌধুরী বলেন,
"তাহার (লোপাল-ভট্ট-লোখানীর) অন্তর্গান কাল ১৫০৯।১০ নকাক অসুনান করিবার বিলেব কারণ
আহে। ভাহা হইলে ভরীর নীবনকাল ৮৭।৮৮ বংসর হর।" কিন্তু অসুনান অসুনানবারে।

इच्वाथ-छड्डे-(भाषाधी

ব্যুনাথ-ভট্ট ছিলেন বড়গোস্বামীর একজন অন্তড্য গোস্থামা। তাহার পিতা তপন-মিশ্র চৈতন্তের একজন অন্তর্জ্ঞ ভক্ত ছিলেন। নিবাস ছিল পূর্ববংগে। কিছু তিনি গৌরাস্থ-নির্দেশে কাশ্ববাসী হন।

মহাপ্রান্থ বুন্দাবন-সমন পথে কানীতে অবস্থান-কালে তপন-মিশ্রের গৃহেই ভিন্যা-নিবাহ করিতেন। দান্দিণাত্য-শ্রমণে ত্রিমন্ধ-ভট্টের গৃহে গোপাল-ভট্ট ধেরণ মহাপ্রভূব সেবার নিযুক্ত হল। তথন তিনি বালক মাত্র, কিন্তু মহাপ্রভূব 'উচ্ছিট্ট মার্জন ও পাদ-সংবাহন' করিয়া ধন্ত হইয়াছিলেন। তারপর মহাপ্রভূব খবন বুন্দাবন হইতে কানীতে প্রভাবেতন করিয়া পুনরার নীলাচল-বাজার উন্থোগ করেন, তথন রঘুনার ভাহার সহিত নীলাচলে গমন করিবার জন্ত অন্থির হইয়াপড়েন। কিন্তু ভাহার যাওয়া হয় নাই। পরে তিনি 'বড় হইলে নীলাচলে গেলা প্রভূ স্থানে।'

রষ্নাথ পথ চলিবাছেন। সন্দে একজন সেবক বালি সাজাইরা বাইতেছে। গোড়-পথেই তাঁহাকে নীলাচল গমন করিতে হইবে। পথে রামধাস-বিখাস আসিরা মিলিও হইবেন। 'বিখাস থানার কারস্থ তেঁহো রাজবিখাস', এবং সন্তবত তিনি 'সর্বশাস্ত্রে প্রবাণ কার্যপ্রকাশ-অধ্যাপক' ছিলেন।' শৃত্র হইলেও তিনি ছিলেন পর্মবৈক্ষব এবং রঘুনাথের উপাসক। তাই তিনি অইগ্রহর রামনাম ও রঘুনাথের তারকমন্ত্র জপ করিতেন। কিছ রঘুনাথ-ভট্টের সহিত সাক্ষাৎ ঘটিলে তিনি রঘুনাথের সেবা ও পাছ-সংবাহন করিতে লাগিলেন। তাঁহার পাঞ্জিতাের কথা শ্বরণ করিরা রঘুনাথ সংকৃচিত হইলেন। কিছ তিনি কোন কথা না শুনিরা রাজ্যণের সেবার তৎপর হইলেন এবং রঘুনাথের ঝালি মন্তব্রে বহন করিয়া চলিতে লাগিলেন। ক্রমে তাহারা ব্যাসময়ে নীলাচলে উপন্থিত হইলেন। নীলাচলে পৌছাইয়া রামধাস 'পট্টনায়কের গোঞ্জীকে পড়ার কাব্যপ্রকাশ', কিছ তিনি 'অন্তব্রে মৃমুক্' ও 'বিভাগর্ববান' হওয়ার মহাপ্রভূ তাহাকে বিশেষ কুপা প্রধর্ণন করেন নাই ।

শ্বানন্দ বলেন^২ যে কমলাকর-পিপিলাইকে নিভানন্দ পাণিহাটী গ্রাম হান করিয়াছিলেন; 'নিভানন্দ দিলা যারে পাণিহাটীগ্রাম'। প্রার-সমোচ্চারিভ নাম-বিশিষ্ট ফুইজন পূথক ব্যক্তিকে ভূইটি পৃথক গ্রাম-হানের অস্বাভাবিকত্বকে বাদ দিরা কেবল গ্রাম-সম্বীর ভারা-প্রির কথাটিকে শীকার করিয়া লইলেই বৃবিভে পারা হার বে 'চৈভক্তভাগবভে'র কমলা-কাম্ব ও 'চৈভক্তচরিভায়ত' বা 'চৈভক্তমন্বলে'র কমলাকর একই ব্যক্তি ছিলেন।

ক্ষলাকর সহত্তে 'চৈ ভক্তচরি ভাষ্ত'-কার কেবল এইটুকু জানাইতেছেন যে তিনি রঘুনাথদাসের দ্বিচিড়া-মহোৎসব অমুষ্ঠানে উপস্থিত ছিলেন। 'প্রেমবিলাস,' 'ভজ্তি-রছাকর' ও 'নরোত্তমবিলাস' ইইতে জানা বার্থ বে ক্ষলাকর-লিলিলাই জাহুবাদেবীর সহিত খেতুরির মহামহোৎসব-অমুষ্ঠানেও যোগদান করিরাছিলেন। ইহাছাড়া, ক্ষলাকর সহত্তে আর কিছুই জানিতে পার। বারনা। কিন্তু বিশেব উল্লেখযোগ্য বে তিনি বার্থ-গোপালের তালিকাভুক্ত। ভ আক্লা-মাহেশ গ্রামে তাঁহার পাট নির্ণীত হইয়াছে। 'পাটপর্বটনে' অভিরাম-শিশ্ব একজন ক্ষলাকরের কথা বর্ণিত হইয়াছে। গ্রহকার বলেন বে গৌরালপুরে ক্ষলাকরদাসের 'স্থিতি' ছিল। কিন্তু আলোচ্য ক্ষলাকর সহত্তে রামাই-এর 'চৈ ভক্তগণোক্ষেশ্বীপিকা'র উপরোক্ত সপ্ত-গ্রামের কথা বীকৃত ইইয়াছে। বিক্ষলাকর সহত্তে রামাই- তার আধুনিক 'বৈক্ষবিদিগ্রশনী' ও 'বৈক্ষবাচারদর্শণে' নানাবিধ তথ্য প্রেম্বত ছইয়াছে। ভ

১৩০১ সালে 'গোরবিকৃপ্রিরা'-পত্রিকার বিতীয় সংখ্যার কাশীনাথ দাস মহাশর দিখিরাছেন, "সম্প্রতি একথানি 'শ্রীজগরাখেতিবৃত্তং' নামক ক্ষুত্র সংস্কৃত গ্রন্থ প্রথি হইয়ছি, তাহা হইতে কমলাকরের বিষর বাহা পরিক্ষাত হইতে পারিরাছি, তাহাই এখানে বিবৃত

⁽১) ७।७, णृ. ७১७ (२) दि. द., णृ. ১৪৪ (०) (था. वि.—১৯म. वि., णृ.७०४; फ.स.—১०।७१८; म. वि.—७४. वि., णृ. १৯; ४म. वि., णृ. ১०१, ১১২ (०) कि. म.—णृ. ১२ (०) कि. म.—णृ. ১२; णा.म.—णृ.১०৮ (०) पृ. ১১২ (१) पृ. ८ (৮) दि. म.—णृ. ১५-১৮, ७०८; ख.—मीफ्-ं जीदमीत शाम्हीका च नीत्रका-जीवमी

করিব।" এই বলিয়া লেখক কডকশুলি তথা পরিবেষণ করিয়াছেন। তথাগুলি সৃষদ্ধে নিঃসন্দেহ হওয়া বায় না।

(৯) শ্রন্থ বিরপাত জবানক-ব্রক্তারী গ্রাধর-শাধার অর্কু ত । নানা-তার্থ পরিক্রবার পর জীক্ষেত্র কর্মনাবের তবজালে আকাশ-বাদী হর, "তুরি মহেশ-নামক আমে গ্রন্থ কর নানা-তার্থ প্রিক্রবার পর জানি বাদ ও প্রভার সহিত বাদিব।" এবানক নাহেশে আমের এবং প্ররায় বর্মনর্শন করিয়া গলাতীয়ে প্রাপ্ত তিনটি বিপ্রত্ব আনিরা শ্রতিন্তিত করেন। করে বিপ্রত্ব-সেবার ব্রক্তারীর সেত্র বার্পি পীর্ণ ইইলে প্রয়ার দর্যে বলা হয়, "বালিরান্তি নামক বিখ্যাত বল্পরে ক্ষলাকর নামক এক বার্মিক ব্যাপ্ত আবি তোমার সভার্থ (পির্লায় কুলস্কুতো পৌরতকো বর্মিত্রঃ) পির্লাক্রনাত, জীগোরাল তক্ত এবং আমার প্রিয়, ভূবি তাহাকে আনরর করিরা আবার সেবার বিবৃত্ত কর।" বালিরান্ত্রী ইইতে ক্ষলাকর-পিরাইকে আনিরা সেবার্গার্থ বিবৃত্ত করা ইইল ৷ ক্ষলাকরের পত্নীও আনিলেন এবং প্রবানক সেবার্গার বিবৃত্ত করা ইইল ৷ ক্ষলাকরের পত্নীও আনিলেন এবং প্রবানক সেবার্গার চত্ত্বীর নামক এক রাজ্যাকে পৌরোহিন্তো বর্গ করিয়। বাহেশ-প্রায়ে সংস্থাপন করিলেন ৷ "ক্ষলাকর চত্ত্বীরর নামক এক রাজ্যাকে পৌরোহিন্তো বর্গ করিয়। বাহেশ-প্রায়ে সংস্থাপন করিলেন ৷ "ক্ষলাকর ও নিবিপতির পূত্র-কল্তার নাম বর্ধান্তরে বালের প্রত্ন-কল্ভার নাম বর্ধান্তরে হিলা । ক্ষলাকর কল্ভাকরের বিবাহার্থ চিক্তিক করা । "তাহার। ক্ষলাকর কল্ভাকরের বিবাহার্থ চিক্তিক করা । "তাহার। ক্ষলাকর কল্ভাকরের বিবাহার্থ চিক্তিক করা । "তাহার। ক্ষলানার বিবাহার্থ স্বানান্ত্রনানার করিলে স্থানান্ত্রনানার হিলা করিলে স্থানান্ত্রনানার হিলা তাহার বিবাহার্থ করার বিবাহার্থ কল্ভাবের বিবাহ ক্র এবং শিপলাই-বংশ জাভিত্তে উর্লিয় বার ।

<u> शर्द्धावय-५८</u>

পরম কৃষ্ণভক্ত পর্যানন্দ-শুপ্ত নিত্যানন্দ-শিক্ত ছিলেন এবং নিত্যানন্দ তাঁহার পৃথে কিছুকাল থাসও করিছাছিলেন। স্বাধনন্দ বলেন থা পর্যানন্দ-শুপ্ত নবছীপে স্বাধান্ত করেন এবং তিনি 'গোরান্ধ বিশ্বর গীতে' রচনা করিছাছিলেন। তিনি যে কবি ছিলেন তাহাতে সন্দেহ নাই। কারণ, কবিকর্ণপূর্থ জানাইছাছেন থা তিনি দে কবি ছিলেন করিছাছিলেন। 'পর্যানন্দ্রাস্থ'-ভণিতার করেনটি ব্রন্ধবৃলি-পদ্ধ পাধ্যা যায়। পদ্ধলি কোন্ পর্যানন্দের তাহা নিক্ষর করিছা না বলা গোলেও আলোচ্য পর্যানন্দ-শুপ্ত যে একজন কবি ছিলেন, উপরোক্ত প্রমাণ-বলে তাহা ধরিছা লইতে পারা হাছ। দেবকীনন্দ্রন ও কুলাবন্দালের 'বৈক্ষববন্দ্রনান্ধ একজন 'মহাপ্রত্বর সভীর্ষ পর্যানন্দ-পঞ্জিত'কে পাধ্যা যায়। সম্বত্ত উত্তরেই এক ব্যক্তি। আধুনিক 'বৈক্ষবাচার্ছপণ'-গ্রন্থে লিখিত হইছাছেট বে পর্যানন্দ-শুপ্ত 'চৈতল্যের শাখা অধিকাতে বিলস্য।'

'চৈতক্তভাগবত'^৫ জন্মানন্দের 'চৈতক্তমন্দল'় এবং 'চৈতক্তচরিতামুডে'র নিত্যানন্দ-শাখা বর্ণনার মধ্যে একজন পরমানন্দকে পাওরা বার। তিনি পরমানন্দ-উপাধ্যার।

⁽১) হৈ জ্যা---বাৰ, পৃ. ৩১৭; হৈ ৪.--১।১১, পৃ. ৫৬ (২) বি. ব., পৃ. ১৪৪; পৃ. ৬ (৩) গৌ. বী.--১৯৯ (৪) পৃ. ৩৪৭ (৫) ভাৰ, পৃ. ৩১৭ (৬) বি. ব., পৃ. ১৪৫

চতুৰ পৰ্যায়

বৃন্ধবিদ

कीव-(भाषाधी

জীব-গোষামী ছিলেন চৈতক্ত-পরিকল্পিত নবকুলাবন-রচনার রূপ-গোষামীর যোগ্যতম উদ্ধরাধিকারী। তিনি ছিলেন রূপায়ক্ত অমুপমের পূত্র। 'তক্তিরন্ধাকর' ইইতে জানা বাছ বে রামকেলিতে বখন মহাপ্রতুর সহিত রূপ, সনাতন ও অমুপমের সাক্ষাং ঘটে, তখন 'শ্রীজীবাদ্ধি সলোপনে প্রভূরে দেখিল'।' তখন তিনি বালকমাত্র। কিন্তু তখনই তাঁহার উপর পিতা-পিতামহ ও পিতৃব্যদিগের প্রভাব পড়িরাছিল। তারপর রূপ-অমুপম এবং সনাতন বখন গোড়-পরিত্যাগ করিয়া কুলাবনে চলিয়া বান, তখন তিনি আর ছির খাকিতে পারিলেন না। তিনি আবাল্য-বৈরাগী ছিলেন।' কিন্তু বিশেষ করিয়া পিতার গলাপ্রাপ্তির পর তিনি উত্তলা হইয়া পড়িলেন। অবশেষে তিনি একদিন' নবনীপে পিয়া নিত্যানক্ষই ও শ্রীবাসাধি ভক্তকৃক্ষের আশ্বর্ধায় গ্রহণ করিয়া একাকী সুদ্র মধ্রার অভিন্থে ধাত্রা করিলেন।

মধ্রার পথে বারাণসীতে আসিরা জীব মধুস্থন-বাচস্পতির গৃহে অবস্থান করেন। ও বাচস্পতি সর্বশাস্ত্র-বিশারণ ছিলেন। তিনি জীবকে বেলাস্ক-শাস্ত্রাণি শিক্ষা দিরা অধিকতর শিক্ষিত করিরা তুলিলে জীব কুন্ধাবনে চলিয়া বান।

বুন্দাবনে জীব ছিলেন রূপের ছারা-সদৃশ। তিনি কেবল তাঁহার মর্লিক? যাত্র ছিলেন না। শিক্ষা, সংস্কৃতি সমস্ত দিক হইতেই তিনি হইয়া উঠিয়াছিলেন রূপের স্থযোগ্য

(১) ১১০০৮ (২) গৌ, ত.—পৃ. ০১১ (৩) কোন কোন এছ হইতে (এে. বি.—২৯ শ. বি., পৃ. ২২৫) জানা বার বে তিনি বাতার নিকট স্থাপ-সনাধ্যমে নুকাৰন-বাস ও ঠাইায়ের বৈরাসী-শীবন-বাপন সকলে অবগত হইরা ঠাইায়ের সমূল বেশভূমা পরিমান করিছা ভাস্তরণ আচরণ করিবার চেটাও করিছেন। অবশেবে একদিন ভিনি 'অধ্যরনজনো নবদীপ বাতা করিছেন এবং সলী-লোকজনদের বিনার দিয়া উটোলের কভোবাদ-গৃহ হইতে যাত্র একলন ক্তাকে সঙ্গে লইয়া নববীপে জীবাস-পভিতের গৃহে হাজির হইতে সেইবানে ওাহার সহিত নিত্যানক ও জীবাসাহি ভক্তব্যের সাক্ষাৎ ঘটে। (০) জীব ববুরা বাত্রার আজা চাহিলে নিত্যানক জানার বে বহাপ্রভূ ভাহার পিতৃব্যকাকে কুলাবনের অবিকার দিয়া সেই কুরিকে ভাহানের বংগগত করিরাছেন, ক্তরাং লীবেরও ভবার নিরা ভাবর্থ আজানিয়োগ কর্ত্বব্য ।—জু.—স. গৃ. পৃ. ১০; ৪. সু.—পৃ. ৩; বৈ. ব. (বে.)—পৃ. ২-৬ (৫) সৌ. জ.—পৃ. ৬১১

देव. वि-मार्क (गृ. ७१, ৮৬) कथन कीहांत्र वसन २० वध्नत्र (१) क. मा.---गृ. ३१

উন্তরাধিকারী। 'প্রেমবিলাস-কার'ণ ভাহাকে 'শ্রীরণের লব্রি' বলিরা অভিহিত করিয়াছেন। প্রকৃতপক্ষে, রপ-গোলামীর মৃত্যুর পর ভাঁহার সমস্ত কার্যভার তিনি সানন্দে মস্তকে লইরাছিলেন। কিছ তৎপূর্বে রপের জীবকশার তিনি কেবল ভাঁহার অন্থলামী ভূত্যরপেই নিজেকে পশ্চাতে রাধিরাছিলেন। তথনই তিনি প্রপাচ্ন পাণ্ডিত্যের অধিকারী হইতে পারিরাছিলেন। একমিন কোন পণ্ডিত কুন্দাবনে আসিরা রপ-সনাতনের সহিত বিভা-বিচারে প্রবৃত্ত হইরা ভাঁহাদিগকে পরাজিত করিতে চাহিলে নিরহংকার গোরামিশ্রাভূবর বিনাযুছেই ভাঁহার নিকট পরাজর বীকার করিয়া লাইরাছিলেন। 'প্রেমবিলাসে'র উনবিংশ-বিলাস হইতে জানা যাম্বন বে এই পণ্ডিতের নাম ছিল রূপচন্তা। 'শুকুমালে'র লেখক কাহারও নামোরেশ না করিরা কেবল বিলাছেন:

বিধিনতী এক সকল নিমিন। ব্ৰহে স্থপ-সমাভন পতিত জানিক।। বিচার করিতে আইন গোসাঞির স্থানে।

ইহার পরবর্তী বর্ণনা 'প্রেমবিলাসে'র বর্ণনাকেই সমর্থন করে। ২০ কিছু 'ভক্তিরক্ষাকর' ২ নিছে ই'হার নাম বর্গভ-ভট্ট। এই পার্তিভাভিমানী ব্যক্তিটি রূপ-গোলামীর নিকট আসিরা দেখিলেন বে তিনি তাঁহার 'ভক্তিরসায়ত্যিছু'-রচনার ব্যন্ত। বর্গভ-ভট্ট তথন উক্ত গ্রন্থের মনলাচরণ পাঠ করিরা ভাহা শোধন করিবার অভিপ্রোর জানাইলে জীব ব্যথিত হইরা ব্যুনা-স্থানের পথে তাঁহাকে পরাভূত করেন। সম্ভবত এই বর্গভ-ভট্টই আলোচামান দিবিজ্বী পণ্ডিত হইবেন। কারণ 'প্রেমবিলাসে'র অর্বোবিংশ বিলাসে বলা হইতেছে ২২ বে গ্রন্থকার পূর্বে বে দিবিজ্বী পণ্ডিতের কথা বলিয়াছেন তাঁহার নাম রূপনারারণ; জীবের সহিত করেকদিন তর্ক্যুক্তর পর তিনি পরাজিত হইরা হৈতক্ত-মতে দীক্ষিত হইরাছিলেন; কিছু বাঁহাকে পরাজিত করিরা ব্যং জীব রূপ-কর্তৃক পরিত্যক্ত হন, তিনি 'আর এক প্রবল পণ্ডিত'। ঐ স্থানে তাঁহার নাম করা হব নাই। কিছু উনবিংশ বিলাসের কর্না সহছে সচেতন থাকিরাও বধন লেখক এইরপ বলিতেছেন, তথন গ্রন্থের রচন্ত্রিভা সহছে সন্দেহ থাকিলেও তাঁহার মত বিচার্থ হইর; পড়ে। এক্ষেত্রে কাঁহারও বারা প্রশ্নত নামের উল্লেখ না পাওরার 'ভক্তিরন্ধাকরে'র ব্যন্ত-ভট্টকেই উক্ত পণ্ডিত বলিরা ধরিয়া লইতে হয়। বাহাইউক, উক্ত পণ্ডিত কর্তৃক পরম-জারাধ্য ভক্তর

⁽৮) ১২শ বি., পৃ. ১৩৬ (৯) পৃ. ৬২৫-২৬ ; সংবাজন-জীবনীতে ইহার সবছে বিজ্ঞ বিধরণ প্রবন্ধ হবিছাছে। (১০) বীলেশচন্দ্র নেল থোন বি.-এর বভাকেই সমর্থন করিয়াছেন—Vaisbaya Literature (pp. 66, 46, 47, 48) (১১) ৫।১৬৩০ (১২) পৃ. ২২৬

এই পরাজর জীবের নিকট অভ্যন্ত বেদনামর হইরাছিল। বস্না-রানের পথে তিনি পণ্ডিতের সহিত্ত দেবা করিয়া স্থীর পাণ্ডিত্য ও বী-শক্তির বলে ব্যাইরণ দিলেন বে অবিতীর পণ্ডিত সনাতন- ও রূপ-গোরামীকে পরাভূত করিবরে প্রচেষ্টা নির্থক। তিনি নিজেকে রূপের নগণ্য শিক্তমাত্র বলিয়া জানাইলেন বটে, কিছ তাঁহারই বিছাবস্তার বিদ্যাভিষানী পণ্ডিতকে পরাজর: বীকার করিতে হইল। কিছ জীবের এই অসহিষ্ণু যনোভাব লক্ষ্য করিয়া রূপ তাঁহাকে দ্বে চলিয়া বাইতে আদেশ দান করিলে জীব অবনত মন্তকে সেই আদেশ গ্রহণ করিয়া এক রক্ষ অনাহারে বা অর্থ হিরে বনে বনে ঘ্রিয়া বেড়াইতে লাগিলেন। ২০ সেই সমন্ধ অনাহারে অনিজ্ঞার তাঁহার দেহ লীর্ণ হইয়া পড়িল, তিনি মৃতপ্রার হইলেন। শেবে সনাতনের হন্তক্ষেপের কলে প্নরার হল ও জীবের মিলন সংঘটিত হয়।

বৃন্দাবনে জীব রাধানামােদরের নিকট অবস্থান করিতেন। এই বিগ্রহ রূপকর্তৃক প্রকটিত হয় এবং রূপ-গোলামী জীবের উপর ইহার সেবার ভারার্পণ করেন। বস্তুত্ব, সনাতন-রূপের ভিরোভাবের পর কুন্দাবনের সমস্ত কার্বভারই জীবের উপর আসিরাঃ পড়িরাছিল। ভাহা কেবল উত্তরাধিকার-স্বত্রে প্রাপ্ত নহে। ভাহার বিপুল পাঞ্জিভার অধিকার-বলেই গোলামী-রচিভ সমস্ত অম্লা-গ্রন্থের সংরক্ষণ, পরিবর্ধন ও প্রচারের ভারও ভাহারই উপর ক্সন্ত হইয়াছিল। ১৪ রূপ-গোলামীর জীবিভাবত্বা হইডেই জীবের সেই মারির স্বীকৃত হইয়াছিল।

শ্রীনিবাস-জাচার্ব প্রথমবার বৃন্ধাবনে পৌছাইলে জীব-গোলামী তাঁহার তল্বাবধানের সমূহ-ভার গ্রহণ করিরাছিলেন। শ্রীনিবাস তাঁহাকে প্রথম করিলেও তিনি শ্রীনিবাসকে বিশ্বু-সম্বোধন করিলা তাঁহার সহিত বন্ধুক্ষ আচরণ করেন। শ্রীনিবাসকে তিনি ল্বরং বিশ্বহাদি পরিদর্শন করাইরা আনেন এবং লোকনার জ্পর্তাদি গোলামী-পণের সহিত তাঁহার মিলন বটাইরা গোপাল-ভট্টের নিকট তাঁহার স্বীক্ষা-গ্রহণের বন্দোরক করিরা দেন। গোপাল-ভট্ট শ্রীনিবাসকে শ্বীক্ষালান করিরাছিলেন বটে, কিন্ধ সমন্ত পরিকল্পনা ও বাবস্থাটিই ছিল জীবের। এবং তিনিই একদিন শ্রীনিবাসের প্রতিভার পরিচর প্রাপ্ত হইরা সর্বসম্বতিক্রমে তাঁহাকে 'আচার্য'-উপাধি প্রদান করেন। তাঁ শ্রীনিবাসের বৃন্ধাবন- অক্যানকালে নরোভ্রম আসিয়া পৌছাইলে তিনি তাঁহাকেও লোকনার-গোলামীর সহিত সংযুক্ত করেন এবং গোকনার ও নরোভ্রমের মধ্যে ভক্ষ-শিক্ত সম্বর্জক করের। তাহার পর তিনি নরোভ্রমকেও সকলের সহিত পরিচিত করাইরা, ও বহুং তাঁহাকে

⁽১৬) (थ. दि.-शास (२० म. दि., पृ. २२०) अहे नवस सिनि 'नर्जनसारिमी'-अस त्रमां करतम ।ः (১৪) (थी. द. ही.--पृ. ८ ; क. मी.--पृ. ১৫० (১৫) स.--विन्यान

ভক্তি-শাপ্ত পাঠ করাইরা ক্ষিক্ষিত করিবা ত্লেন এবং তাহাকে 'ঠাকুর মহাশর'-উপাধিতে ভূবিত করিবা বথাবোগ্য ব্যক্তির মর্বাদাদান করেন। এই নরোন্তম এবং শ্রীনিবানের বৃন্ধাবন- ও মধুরা-পরিক্রমার্থ তিনিই রাহব-পোহামীকে নির্দেশ দান করিবা তাঁহার সহিত তাঁহাদিগকে পরিক্রমার পাঠাইরা দিরাভিলেন। আবার স্তামানন্দ কুনাবনে আসিলে তিনি অস্তর্বপভাবে তাঁহার প্রতিও কুপা প্রস্থান করিবা এবং তাহাকে বিশেষভাবে 'ভক্তিরসামৃত', 'উল্লেননীলমনি' প্রভৃতি ভক্তি-গ্রন্থ শিক্ষা দিরা রাধাক্ষান্তরাগী করিবাছিলেন। তারপর নরোন্তম-শ্রীনিবানের সহিত তাঁহাকে মিলিত করিবা তিনি এই তিন-জনকে বে এক প্রক্রেয় স্বে আবদ্ধ করিবা দিলেন, তাহার কল কুদ্র-প্রসারী হইরাছিল। এই সংযোগ-স্থাপনের কলেই মহাগ্রন্থ প্রবর্তিত ধর্ম গৌড়-উড়িয়াদি দেশে প্রচারিত হইরা তাঁহার আদর্শকে স্থ্য-কলে সার্থক করিবা তুলিতে পারিবাছিল।

ভাষানন্দের পূর্ব নাম ছিল কুক্দাস। কিন্তু তাঁহাকেও জীব তাঁহার রাধাকুকাছরাগের জন্ত 'শ্রামানন্দ'-উপাধিতে ভূবিত করেন। শ্রামানন্দকে তিনি স্বীয় সন্তানের স্থায়ই দেখিতেন এবং তাঁহার বুন্দাবন-বাসকালে জীবের জেহমন্ত সতর্ক-দৃষ্টি যেন তাঁহাকে সর্বপ্রবন্ধে রক্ষা করিরা চলিত। শেষে তিনি তাঁহাকে শ্রীনিবাশের হত্তে সমর্পণ করিরা নিশ্চিত্ত হন। তারণর অপরিণতবয়ত্ব সন্তানকে বিদেশে পাঠাইবার পূর্বে পিতামাতা বেষ্ণপ একান্ত আগ্রহ সংকারে তাহার সমূহ কর্তব্য নির্বাহ করিয়া দেন, শ্রীনিবাস-নরোক্তমের গৌড়-সমনকালে জীব সেইরপ বেহাভিবিক্ত আগ্রহাদিত চিত্তে তাঁহাদের গমন-ব্যবস্থার ধাবতীয় খুঁটিনাটি ব্যাপার নিখুঁতভাবে সম্পন্ন করিয়া দিলেন। কুনাবনন্থ ভক্তবুন্দের নিকট তাঁহাদের বিদার-গ্রহণ, দেবতা-মন্দিরে গিরা তাঁহাদের প্রণাম-জ্ঞাপন, পথে যাহাতে কোনরূপ অসুবিধা না-হয় ডক্ষক্ত যান-বাহনাদির বাবতীর ব্যবস্থা, এমন কি মখুরা পর্বন্ত গিরা 'রাজপত্র' আনাইকা পেওয়া^{১৬} ও অন্যান্ত সমস্ত কিছু তাঁহারই অভিভাবকত্বে নিভূ'লভাবে সম্পন্ন হয়। বি**স্ক** এত-সমস্তের মধ্যেও তিনি তাঁহার আসল কর্তবাটি ভূলিয়া যান নাই। ভক্তি-ধর্মের বছল প্রচারের জন্ত গোস্বামিক্বত অমূল্য গ্রন্থগুলিকে সেইদিন যোগ্যতম শিক্ত ও অধিকারিক্রয়ের সহিত গৌড়ে প্রেরণ করিয়া তবেই তিনি নিশ্চিম্ভ হইতে পারিবাছিলেন। মহাপ্রভূর তিরোভাবের পরবর্তী যে অপ্ল-ক্রেকটি বিশেষ দিবসকে বৈঞ্চব-ভক্তবুন্দের একান্তভাবেই শারণীর দিন বলিরা অভিহিত করা বাইতে পারে, ভাহার মধ্যে খেতৃরির উৎসব-দিনের মত এই দিনটিও বিশেষভাবে উরেদযোগ্য। কারণ, এই ছিনটিই চৈতপ্ত পরিবর্তিকালে চৈতক্ত-প্রবর্তিত ধর্মপ্রচারের সগৌরব-স্টনা করিয়া দিয়াছে। তাই এই দিনটির কথা বলিতে গিয়া, এবং এই প্রস্কে জীব-গোসামীর

⁽२७) (थ. वि.--५७ म. वि., पृ. २७०

সম্যক্ পরিচর বর্ণনা করিতে গিয়া 'প্রেমবিলাস' এবং 'ভক্তিরত্বাকর' প্রভৃতি গ্রাছের রচরিতৃগণ যেন মুখর হইরা উটিরাছেন। পরবর্তী-কালেও জীব-গোস্থামী গৌড়-মেশে ভক্তি-গ্রন্থ প্রেরণ করিরা উচ্চার মহান কর্তব্যকে সতর্কভাবেই সম্পাধিত করিরাছিলেন। ১৭

শীনিবাস-আচার্য বিতীরবার কুম্বাবনে আসিলে স্থামানম্বও ক্ষেত্র হইতে আসিয়া পৌহান। পূর্ববং শীব-গোৰামী তাহাদিগকে বাধিত করেন এবং শ্রীনিবাসকে বর্চিত 'গোপালচম্পু'-গ্রহণানি শ্রবণ করান। এই সমন্ত্র রামচন্দ্র-কবিরাজও কুমাবনে আগমন করেন। তথন তাহার কবিরাজ-খ্যাতি ছিলনা। শীব-গোরামী তৎকৃত-কাব্য-শ্রবণে মুগ্র হন এবং তাহাকে 'কবিরাজ'-উপাধি প্রধান করেন। আরও পরে, সম্ভবত শাহ্বাকেবীর বিতীরবার কুমাবন-আগমনকালে তাহার সহিত রামচন্দ্রাহ্ম গোবিন্দ আসিরা পৌহাইলে তিনি কুমাবন-আগমনকালে তাহার সহিত রামচন্দ্রাহম গোবিন্দ আসিরা পৌহাইলে তিনি কুমাবন-গোরামীদিগের প্রতিক্তৃ-বন্ধণে তাহাদিগকে অভিনন্দিত করেন এবং গোবিন্দের গীতামুভে মুগ্র হইন্বা রামচন্দ্রেরই মত তাহাকেও 'কবিরাজ'-উপাধি প্রধান করিন্না বংগাচিতভাবে পূর্কত ও সন্মানিত করেন। এইবারে তিনি তাহার বৃহৎ-ভাগবভামুভান্দি পাঠ করিন্না জাহ্বা-ক্রম্বরীকেও বংবইভাবে প্রীত ও সন্তই করেন। তারপর তাহাকের বিনাহ-কালে তিনি শ্রীনিবাসাদির উদ্দেশে আশীবাণী-প্রেরণ করিনা গোবিন্দ-কবিরাজকে তাহার ব্রচিত-কবিতাজনি পাঠাইনা দিতে পুনং পুনং অন্থরোধ জাপন করেন এবং তাহার হততে 'গোপালবিক্লবেনী' গ্রহণানি জর্পন করিনা তাহাকে বংবই উৎসাহিত করেন। বীরচন্দ্রের কুম্বাবনাগমনকালেও শ্রীব-গোলামীর সতর্ক ব্যবহার ফলেই তাহার বংগাচিত সন্মাননার ক্রটি হন নাই।

রূপ-সনাতনের মৃত্যুর পর বোগাতার মধাদার এবং সর্ববিধরে জীবই ছিলেন বুলাবনের অধ্যক্ষ। এইদিক দিরা এবং কর্যতৎপরতার দিক দিরা তিনি ছিলেন রূপের বোগাতম দির। প্রীনিবাস-নরোভম-রামচক্র-গোবিন্দকে তিনি বলের শিখরে তুলিয়া দিয়াছেন এবং তাঁহার হস্তক্ষেপের হলেই অক্সান্ত কর্মেও অনেকেই ইতিত্ব অর্জন করিয়াছেন; কিন্ত এতৎসত্ত্বেও তিনি নামের আকাক্ষা করেন নাই। আবার অন্তদিকে তিনি ছিলেন বেন বিন্তার জাহাক্ষ। সনাতন-গোখামী ১৪৭৬ শকে (বা ১৫৫৪ খ্রী.-এ) 'বৈক্ষবতোরণী' বাছ লিখিয়া তাঁহাকেই শোধন করিতে দিয়াছিলেন এবং জীব-গোখামী ১৫০০ বা ১৫০৪ খ্রি-ও বা ১৫০৪ খ্রি-এ) তাঁহার 'লফুতোবণী' সমাপ্ত করেন। স্থল-গোখামীও তাঁহার 'ভক্তিরসামৃতসিত্ব' রচনার লোখনের ভার জীবের উপর অর্পন করিয়াছিলেন। ১৮ ইয়ে ছাড়া তিনিও শ্বহ ভক্তিধর্ষ-বিবর্ধক বহু গ্রন্থই প্রণহন করিয়াছিলেন। এ বিবর্ধেও

⁽১৭) 뭐, [박...-박. ૧૯-૧৪ (১৮) 또, 뭐,--৫)১৬৬+

তিনি ছিলেন রূপের ঝোগা-লিক্ত। তাঁহার পাঁচিনখানি গ্রন্থ বৈক্ষবসাহিত্যের এক একটি অমৃদ্য রন্থবিশেব। 'হরিনামার্ক্তব্যাকরন', 'হরমালিকা', 'ধাতৃসংগ্রহ', 'রাধার্ক্ষার্চন-দীপিকা', 'গোগালবিক্ষাবলী', 'রানার্ক্তনেব', 'ব্রীমাধবমহোৎস্ব' (১৫৫৫ ব্রী.-এর রচিত), ১৯ 'সর্ব্যাকর্ত্বক', 'ভাবার্থস্ট্রকচন্দু', 'গোগালতাপনীটাকা', 'রন্ধার্ত্যাকা', 'উল্লেননীলমনিটাকা', 'বোগনার্ত্তবটীকা', 'অন্নিপুরাণহ্বগান্ধরীভার্যটাকা', 'পদ্মপুরাণহ্বশীর্ক্ষপদ্যিক্ত', 'প্রীরাধিকাকরপদ্যিক্ত', 'গোগালচন্দু' (পূর্ববিভাগ ও উত্তর্বাত্তার ; ইহার পূর্বভাগ ১৫৮৮ ব্রী.-এ ও উত্তরভাগ ১৫৯২ ব্রী.-এ সমাপ্ত হর),২০ 'বিট্রাক্তার্যাক-ভাগবতসম্বর্ভ—'তব্যাক্রত্বতার ও উত্তরভাগ ১৫৯২ ব্রী.-এ সমাপ্ত হর),২০ 'বিট্রাক্তার্যাক্র-ভাগবতসম্বর্ভ—'তব্যাক্রত্বতার ও উত্তরভাগ ১৫৯২ ব্রী.-এ সমাপ্ত হর),২০ 'বিট্রাক্রতাগ্রক-ভাগবতসম্বর্ভ—'তব্যাক্রতার্যাক্র সম্বর্ভা গর্ভার ক্রার্যার রচিত বর্ষান্ত কর্মান্তর্ভার কর্মান্তর্ভার কর্মান্তর্ভার কর্মান্তর্ভার বর্ষার রচিত হর । 'সর্বসংবাদিনী' ও এবং সম্ভবত 'দানকেলি কোম্নী'র টাকাও তাহার বারা রচিত হর । বর্ষার তাহার পারিত্য ছিল অগাধ। তাহার সংস্কৃত কবিতাগুলিতেও কবিপ্রতিভার পরিচর পাওরা বার। 'পভাকলী'তে তাহার বে হুইটি সংস্কৃত প্লোক উত্তৃত্ত হইরাছে তাহার একটিতে তিনি 'শ্রীশীবদাসবাহিনীপতি' এবং অন্তটিতে কেবল 'বাহিনীপতি' বিদিয়া উল্লেখিত আছেন।

লীব তাঁহার পিতৃবাদিগের তুলা লনপ্রিয়তা অর্লন করিতে পারিয়াছিলেন। বৈক্ষব-গোলামীরা তাঁহাকে যথেষ্ট মেহ করিতেন। তাঁহার প্রতি গোপাল-ভট্টের বাৎসলা ছিল অগাধ। রঘুনাথলাস তো মৃত্যুর পরেও তাঁহার সহিত একত্রে সমাধিক থাকিবার আকাক্ষা পোষণ করিতেন।^{২৪} শ্রীনিবাসাদি তাঁহাকে অসীম প্রদা করিতেন। শ্রীনিবাসের জ্যেষ্ঠ-পুত্রের জন্ম-সংবাদ বুলাবনে প্রেরিত হইলে তিনিই শিশুর নাম বুলাবন রাখেন এবং তিনিই তৎশিয়া ব্যাসাচার্বের পুত্রের নাম গোপালম্বাস রাখিরাছিলেন।

বুন্দাবনে থাকিলেও জীব-গোষামী সর্বদা বাংলার সহিত যোগাবোগ রক্ষা করির।
চলিতেন। শ্রীনিবাস-আচার্বের সহিত তাঁহার পত্র-বিনিমর হইত। १৫ গোবিন্দদাসকে
তাঁহার 'গীতার্ত' পাঠাইবার জন্ম তিনি পুনং পুনং পত্র লিখিলে গোবিন্দদাস তাহা

⁽১৯) চৈ উ.—পৃ. ১৪৭ (২০) তৈ ই.—পৃ. ৩২১ (২১) এই পৃত্তিকাথানিও রূপ-স্নাভনের ইছোর নিষিত হইরাছিল। ভবসনর্ভ—৫০া (২২) প্রে. বি.-মডে (২০শ. বি., পৃ. ২২৬) গ্রহ্বানি লিখা হয় রূপ-পরিভাক্ত জীবের বনবাসকালে। (২০) জ-—তৈ উ.—পৃ. ১৫২ (২৪) কর্ম-—পৃ. ৮৯ (২৫) ি শুকু রাধানাবৰ ভর্কতীর্থ এই প্রেণ্ডলি সক্ষে (Our Hertiage—July-Docember, 1955), এবং এনন কি জীবের সহিত জীবিবাসের সাক্ষাংকার সক্ষেও (এ—Vol. II, Part I, Jan.June, 1954—সূল অবক্ষতি ভাবি পড়িতে পাই নাই। ডা- বিনাদ্ধিহারী বস্ত্রহার স্থাপর উষ্

বৃন্দাবনে পাঠাইবা দেন। রাজা বীর-হাষীরকেও তিনি পজ লিখিবাছিলেন। এই সমস্ত পজের মধ্যে বৈকব-ধর্ম ও ভক্তিভবের আলোচনা থাকিও। রামচক্র-কবিরাজ প্রভৃতিও পজের মারকতে তাঁহাকে প্রশ্ন করিতেন এবং তিনি ভাহার উত্তর পাঠাইবা দিতেন। এই সমস্ত পজ হইতে জানা বাব বে তিনি বিভিন্ন সমরে গোঁড়ে প্রচারার্থ 'বৈকবভাষণী', 'ফুর্গমসক্মনী', 'গোপালচশ্পু', এবং 'হরিনামার্যভব্যাকরণ' প্রভৃতি বিভিন্ন গ্রন্থ লোকমারকত পাঠাইরা দিতেন। বৈকবধর্ম- ও শার-প্রতিপাবন-বিবরে একদিন সনাতন ও রূপ-গোরামীর বে স্থান হল, তাঁহাদের মৃত্যুর পর ভক্তবৃন্দের মধ্যে জীব-গোরামীরও অক্তরণ স্থান হইরাছিল। ১৫৮২ জী-এ তিনি তাঁহার 'লঘুতোবণী'-গ্রন্থ সমস্তে করেন। স্থতরাং ধরা বাইতে পারে বে ঐ সম্বের পরবর্তী কোনও সমরে তিনি লোকান্তরিত হন। সন্তব্য নরোন্তমের জীবন্দশাতেই তাঁহার মৃত্যুর ভিরেধ করিবাছেন। ২৩

কৃতিত বেঁ নোট বাধিরাছেব, ভাহাই দহাপূর্ব ক আবাকে ধেথিতে গেৰ।) সংক্ষে প্রকাশ করির।
'ভক্তিবল্লাকর' প্রব্যেই প্রাথাধিকতা সকলে সংক্ষে প্রকাশ করিরাছেব। কিন্তু উচ্চার ক্ল সিদ্ধান্তভানিই
স্বর্থমধ্যোগা বহে। । (২৩) ব. বি.—১১শ. বি., পৃ. ১৭৯; বেঁ। ভ.—পৃ. ৬২৭; বি. ব. (পৃ. ১০০-২)—
ভ বি. বি. (পৃ. ০৯)-বভে বীরচপ্রত কুলাবনে গিলা ভাহার সাক্ষাৎ পান; হৈ চপ্রং (পৃ. ১৬৬)-রভে
ক্রাকু-ঠাকুরও কুলাবনে গেলে বীবের সহিত ভাহার সাক্ষাৎ বটরাছিল।

কুঞ্জদাস-কবিরাজ

কৃষ্ণদাস²-কবিরাক্ত প্রাচীন ও মদ্য-বাংলা-সাহিত্যের প্রেষ্ঠ কবি। বোড়ল লডানীর লোম্বার্ধে বে করেকজন বৈষ্ণব-গোলামী কুলাবনে বসবাস করিতেছিলেন, তিনি উাহাদের অক্তডম। তিনি উাহার বিব্যাভ 'চৈডক্লচরিতাত্বত' গ্রন্থে নিজেকে 'দীন-কৃষ্ণদাস' ও 'দীনহীন-কৃষ্ণদাস' রুপেও আধ্যাভ করিরাছেন। এই ১০২৪ সালের 'বীরভূমি' (নব পর্বার)-পত্রিকার ২র. সংখ্যার নিবরতন মিত্র মহালর কুষ্ণদাস-কবিরাজ-গোলামী সবছে ক্রেকি তথা প্রাদান করিরাছিলেন এবং কৃষ্ণদাসের পিতৃ-, মাতৃ-, ও প্রাতৃ-সম্পর্কিত সেই তথাগুলি প্রায় অবিকৃতভাবেই 'বৈক্ষবিদিগ্দর্শনী' গ্রন্থমধ্যেও বিবৃত্ত হইরাছে। কিন্তু এই সকল বিবরণ কেবল অন্থান-মূলক কিনা জানিবার কোনও উপার নাই। কবিরাজ-গোলামীর জন্মকাল সম্বন্ধে ১০৪০ সালের 'ভারতবর্ধ'-পত্রিকার চৈত্র-সংখ্যার অধ্যক্ষ রাধাগোবিন্দ্র নাথ বিভাবাচন্দাতি এম. এ.-মহালর লিখিরাছেন, ''১০২৮ খ্রীষ্টান্দের কাছালাছি কোনও সমরেই তাহার জন্ম হইয়াছিল বলিরা অন্থমান করা চলে।'' ঐতিহাসিক ত্যার যতুনাথ সরকার মহালর তাহার Chaitanya'র Life and Teachinge-নামক গ্রন্থে (পৃ. ১) কিন্তু বলিরাছেন বে খুব সম্ভবত তিনি ১০২৭ খ্রী.-এ জন্মগ্রহণ করিরাছিলেন এবং তাহার ধারণা-অন্থ্রারী ১০০০ খ্রী.-এ অর্থাৎ বোল-বৎসর বন্ধক্রমকালে অক্সভদার কৃষ্ণাস কুলাবন অভিমূধ্যে বাতা আরম্ভ করেন।

এই সকল বিবরণের মূলেও কোনও সভা নিহিত আছে কিনা, জানা বার না। কিছু
কুমাবন-গমনের পূর্ব-জীবন সমঙে বরং কুজ্বাস-কবিরাজ-গোরামী বে সামায় পরিচর
দিয়াছেন ভাহা হইতে ওয়ু এইটুকু জানা বার বে ভংকালে তিনি সংকীর্তনানকে মন্ত

⁽১) কুৰুবাসের জাতি সককে কান্ধনাথ-প্রিতের জীবনীর পেথাংশ এটবা। (২) ১৯ চ.—২।২৫
(৩) এ—০০১৬ (৩) "বৈশুলুলে অনুষান ১৫৩০ এটা—এ কুক্রান কবিরাজ গোখানী মহোদর জন্মহণ্
করেন।" প্রবন্ধনার বলেন বে কুক্রাসের পিতা, নাতা ও আতার নাম ছিল ব্যাজ্রার জনীরথ, ত্নলা ও
ভাষদাস এবং কুক্রাসের হর-বংসর ও ভাষদাসের চারি-বংসর বরসে তাঁহাদের পিতা পরলোকে প্রম
করেন। "ভদীরথ কবিরাজী করিবা অতি কটে পরিবার প্রতিপালন করিছেন।" পিতা ও ভার্যর
পরে যাতার মৃত্যু বচিলে অনাথ শিক্তর 'অপুরা পিতৃহসার সূহে আত্রর প্রহণ করিবা।' কুক্রাসের
২০ বংসর বরসে সাতৃহসার মৃত্যু বচিলে কুক্রাস লাতার উপর বিব্যাদির ভার দিরা সাধ্য-ভবনে বর
ইত্যাছিলেন। "ভিনি আলো লার পরিপ্রহ করিলেন না। এইরপে ভিনি প্রার বিংশতিবর্ধ বরিদ্যা
লানাবিধ শাল্রালোচনার কালাভিপাত করিছে লাগিলেন।" 'ক্রপ্রাব্যের কড়চা' (পূ-১০) -নাম্ক
বাংলা ভারার নিবিত একটি পূবিতে নিবিত হইরাছে বে কুক্রাসের ভারীর নাম ছিল কৌন্লা।।

পাকিতেন। একদিন তাঁহাদের বাড়ীর কীর্তন-আসরে নিমন্ত্রিত নিত্যানন্দ-ভূত্য মীনকেতন-রামহাসের সন্থাবে ক্ল-মৃতির সেবক বিপ্র গুণার্ব-মিপ্রা নিত্যানন্দের সন্থাবণ না করার রামহাস তাঁহাকে তৎ সিত করেন। পরে তিনি চলিয়া গেলে চৈতন্ত-ভক্ত কৃষ্ণহাস-প্রাতাও নিত্যানন্দ সহছে আনাহা জ্ঞাপন করার রামহাস আতান্ত আহত হন। কিন্তু কৃষ্ণহাস বরং আনিতেন বে চৈতন্ত্র ও নিত্যানন্দ 'তুই ভাই এক তমু সমান প্রকাল।' তিনি তাঁহার প্রাতাকেও বথেইকলে তিরন্তুত করিতে থাকেন। কলে তৎক্রণাৎ অভিনপ্ত প্রাতার এক সর্বনাপ আলিরা উপস্থিত হইল। তারপর সেই রাজিতেই নিত্যানন্দ্রপ্রভূ কৃষ্ণহাসকে বপ্রে দর্শন-সান করিলেন। "নেহাটি নিকটে বামটপুর গ্রাম। তাঁহা স্বপ্নে দেখা দিলা নিত্যানন্দ রাম ॥" বপ্রে তিনি কৃষ্ণহাসকে বৃন্দাবন-গমনের নির্দেশ প্রহান করিলে ক্লম্বাসকে বৃন্দাবন-গমনের নির্দেশ প্রহান করিলে ক্লম্বাসক বৃন্দাবন-গমনের নির্দেশ প্রহান করিলে ক্লম্বাসক বৃন্দাবন বিশ্ব না করিয়া বৃন্ধাবনে গিরা ব্রপ-সনাতন-র্বুনাথের সহিত মিলিত হইলেন।

'প্রেমবিলাস'-কার বলেন' বে কুঞ্চাসকে 'দর্শন ছিলেন নিজ্যানন্দ শুণধাম।' তাহার পরে গ্রন্থকার লিখিরাছেন যে কুঞ্চাস 'নিজ গ্রন্থে লিখে প্রভুর শিক্ত আপনাকে' এবং ডিনি বুন্দাবনে গিরা

আধার করিল রত্নাধের চরণ।। কেন হেন লিখে কেন করলে আধার। সেই বুখে বার সহা-অসুক্তব হয়।।

এই বলিয়া তিনি কবিরাজ-গোখামী বে রঘুনাথের চরণ-আশ্রহ সন্থান্ধ কেন হেন লিখিরাছেন তাহা ব্যাখ্যা কবিরাছেন। কিন্তু 'নিজ গ্রহে' রঘুনাথ কি লিখিরাছেন লে স্থান্ধ তিনি সচেতন বাকিয়াও কবিরাজ-গোস্থামীর 'বাগ্রে দেখা দিলা নিত্যানন্দ বাম।'—এই অংশটুকুর কোনও ব্যাখ্যা প্রস্থান করেন নাই। 'চৈতস্কচরিতামুতে' অবস্ত 'প্রাকু মোরে দিলা দর্শন।'—ইহাও লিখিত আছে। কিন্তু ইহার ঠিক পরেই 'বাগ্রে দেখা দিলা' বলিয়া কবিরাজ-গোস্থামী দর্শন ও অগ্র-দর্শন সহছে পাঠককে নিংসন্দেহ করিয়াছেন। তাহাছাড়া, নিত্যানন্দ বে-বেশে ও বেরপ স্থারোহ সহকারে ক্ষণাসকে দর্শন দিয়াছিলেন, তাহা সম্ভবত স্থোই সম্ভব। শেষে কবি বলিতেছেন:

অন্তর্গান কৈল কাড়ু নিজগণ ককা।। বৃহিত হইয়া বৃক্তি পড়িছু ভূমিতে। স্থানক হৈলে দেখি হঞাছে প্রভাতে।।

⁽৫) এই সৰ্বে রাষ্ণাদ-অভিযামের জীবনী এইবা। (৩) ভাষ্ণাদ—সোঁ,জ:—উপজ্ব:,
পৃ. ৮০ (৭) প্রে. বি:—১৮শ. বি:, পৃ. ২৭১-৭২ (৮) টে:চ:—১।৫; বৈ:দ:-বভে (পৃ.৩০৪)
শক্ষার পশ্চিষ্টীরে উদ্ধারণপুর। ভার উত্তর পশ্চিষে ভিদ্ জোশ চূর ।। দৈহাট বিকটে ভাষ্টপুর
শাষে প্রায়।" (১) ১৮শ. বি:, পৃ. ২৭১-৭২

স্তরাং দর্শন ও স্থা-দর্শন সম্বদ্ধে নিত্যানস্থাসের উক্ত প্রকার ভূল, অনবধানতা বলত ঘটরা বাহিতেও পারে; কিন্তু ইচা পরবর্তিষ্পের উপর প্রভাব বিস্তার করিরাছে। ১ °

চৈতক্ত-আভাষিত ধর্মের ব্যাখ্যার ভার প্রত্যক্ষভাবে হল-সনাতনের উপরেই পড়িরাছিল। সেক্ষা চৈত্র স্বরং তাঁহাদিগকে স্থানিকিড করিহাছিলেন। কিছু 'সনাডন গোস্বামী অপেক। রূপ গোসামীই চৈডক্ত-প্রবর্ডিড ধর্মের তত্ত্ব ও দর্শনের ব্যাখ্যাতা ও শাস্ত্রকুৎ হিসাবে বেশী কুডিয়া দেশাইয়াছিলেন'>> বলিয়া তাঁহার এই কর্মতংগরভার জন্ত বোধকরি তাঁহার সহিত কুক্দাসের সাক্ষাৎ ধোগাবোগ বিশেবভাবেই ঘটরাছিল। ভাই কুষ্ণদাস তাঁহার প্রতি অধিকতর আহুগত্যের কথা স্বীকার করিয়া নিজেকে 'রপগোসাইর ভূতা'রূপে আখ্যাত করিয়াছেন।^{১২} কি**ছ কুঞ্চাস-কবিরাজ-গোস্থামী তাঁহার গ্রন্থের** কোনও স্থলে স্বীর দীক্ষাওক হিসাবে কাহারও নামোরেখ না করার তাঁহার দীক্ষাওকর নাম সহক্ষে ব্যক্তাসা আসিরা পড়ে। 🗷 বুকু রাধাগোবিন্দ নাথ মহালয় তাঁহার 'চৈতমূচরিতামূতের ভূমিকা'র কডকগুলি বিশেষ প্রমাণবলে রঘুনাথ-ভট্ট-গোস্বামীকেই কবিরাজ-গোস্বামীর দীক্ষাশুক বলিয়া শিষ্কান্ত করিয়াছেন। ৩ৎপ্রমন্ত যুক্তিশুলি প্রণিধান-যোগা। কেহ কেহ আবার নিজ্যাননকেও কুক্সালের দীক্ষাগুরু বলিরা মনে করেন।১৩ কিন্তু বৃন্দাবনে তিনি (কুঞ্চপাস) ছিলেন বন্দাবদাসেরই ধনিষ্ঠ নিত্য-সঞ্জী। সেইজ্ঞ রতুনাধের প্রতিই তাঁহার আহগত্য ছিল সর্বাধিক। কেবল সদী বলিয়া নছে। এতবড় চিম্বাশীল ও প্রতিভাগশ্যর ব্যক্তির পক্ষে কেবলমাত্র সম্বই আকর্ষণের সমূহ-বিষয় হইতে পারেনা। মহাপ্রভুর অন্তরক্তনের সর্বশ্রেষ্ঠ সাধক ছিলেন শ্বরপদামোদর। আর সেই স্বন্ধপের প্রিয়-শিক্ত হিসাবে রবুনাখণ্ড মহাপ্রাস্থ্র অন্তর্জ-সেবার অধিকারী হইয়া সাধ্য-সাধন-তত্ত্বের বিনি চরম ও পরম ভাতারী, তাহার ঐকান্তিক কুপালাভ করিতে সম্থ হইরাছিলেন বলিয়াই কুঞ্চাসের এই আডান্তিক আকর্ষণ। তাই তিনি সর্বত্র রূপ-স্নাভন-বন্ধুপ এবং ভট্ট-গোখাশীদিগের প্রতি তাহার প্রণতি জানাইলেও রূপ-স্নাতন এবং রবুনাধনাসকেই বিশেষভাবে 'গুরু' বলিরা স্বীকার করিয়া শইয়াছেন। ভাছার মধ্যেও আবার 'এই তিন শুরু সার বধুনাথ হাস।'^{১৪} তাই বহিন্দীবন ও উচ্চতর মানস-জগতের এই স্ক-শিক্ষা^{১৫}-প্রাপ্তি-বিবরক শুরুক্তম-বর্ণনার কবিরাক্ষ-গোস্বামী 'সার্ভক'ৰেই 'শ্রীভক'^{১৬} আখ্যার বিভূবিত করিরাছেন, এবং তাঁহার গ্রন্থের শেষ

⁽১০) ज्ञ.—क्ष. क. प्., पृ. ७ (+১) वी- शी- है.—১व- श्रः, पृ. ७२० (১२) क्रे- इ.—०)১৯ (১৩) वारमा गाहिका (का. वरवारवाहब स्वांव)—पृ. ১७० (১०) क्रे- ७।५, पृ. ७०० (১०) क्रे- ७।५, पृ. ७०० (১०) क्रे- ७।५, पृ. ७ (১०) क्रे- ७।२, पृ. ७९०- ९৮

পরিচ্ছেদে অস্তান্ত গোস্বামী- ও ভক্ত-কুম্বের সহিত রূপ ও রখুনাবের নাম করেকবার উল্লেখ
করিরাও পুনরার 'ঐরপ রখুনাব পদে বার আল'—বিলা ওাহার 'হৈডক্তরিভামৃত' এছের
সমাপ্তি-রেখা টানিরা দিরাছেন। এছের প্রায় সকল পরিচ্ছেদের সমাপ্তি-স্থাক প্রোকে
প্রকভাবে রূপ-রখুনাথের প্রতি ভাহার এই বিশেষ প্রদানভাপন পাঠক মাত্রেরই দৃষ্টি
আকর্ষণ করে। ১৭

'প্রেমবিলালে'র বোড়শ বিলালে কিন্তু রবুনাগ্যালকে কুক্যাল-ক্বিরাজের শুরু বলা হইরাছে।^{১৮} এছকার লিখিয়াছেন:

শীক্ষণের শিশ্ব জীব সেইপ্লগ রাপী।
বার আজাবলে বৃদ্ধাবনে কর্মজাপী ।
বান গোলাকির শিশ্ব থেক কবিরাজ।
বাহার বর্ণন কৈল খোলে জগনার।
হই গোলাকির শিশ্ব কৈল হুই বিবয়।

জীব ও কবিরাজ সমজে এই হলে 'শিক্ত' বলিতে বে মন্ত্রশিক্ত বৃক্ষাইতেছে তাহাতে সন্দেহ
নাই। আবার গ্রন্থকার বেছলে কুফ্লাস-কবিরাজের নিত্যানন্দ-ক্রনির উল্লেখ করিরাছেন,
সেইস্লেও রবুনাধদাস সমজে বলিতেছেন:

হেন বৈয়াগ্য অধিকাত প্ৰিত কেবা আছে। কৰিবাজ বাব শিশু মহিলেন কাছে।!

আবার নরোভমদানের 'শুক্রশিক্ত সংবাদে'র মধ্যেও লেখক রঘ্নাথদাস-গোলামীকেই কবিরাজ-গোলামীর শুক্র বলিয়া বর্ণিত করিয়াছেন। কিন্তু স্বয়: কুক্ষণাস-কবিরাজের নিজের কথা হইতেই তাহার দীক্ষাশুক্রর নাম বাহির করা প্রায় অসম্ভব। নিজ্যানন্দ সম্বনীর পশ্নদর্শনের পর তাহার জীবনের মোড় একেবারেই পরিবর্তিত হইয়া বাওয়ার নিজ্যানন্দের প্রতি তাহার আহ্গতোর সীমা নাই। আবার রপ-গোলামী ও রঘ্নাথদাস-গোলামীর প্রতিও তাহার কুতজ্ঞতা অসীম। অক্সদিকে রঘুনাধ-ভট্টের দাবিও আসিরা পড়িতেছে।

এই সমস্ত ছাড়া আরও কতকশুলি বিষয় লক্ষ্ণীয় হটয়া উঠে। গ্রহ-রচনারক্তের পূর্বে কবিরাজ-গোস্থামী সর্বজন সমক্ষে বে-মধনমোহনের আফা গ্রহণ করিয়াছিলেন, ভাঁহার সমক্ষে তিনি লিবিভেছেন^{১৯}:

(১৭) সম্বন্ধ এই কাৰণেৰ ৰক্ষই ভাব বছৰাৰ সৰকাৰও কুকৰাস সন্দৰ্শক জানাইয়াছেন (Chait anya's Life and Teachings—p. 1), "He entered himself as a student of Rup Gaswami, but was later initiated as a Vaishnay monk by Raghunath Das."
(১৮) পু. ২১৯; ১৮%, বি., পু. ২৭১ (১৯) ১/৮, পু. ৪৮

ৰুগাৰিদেৰতা বৌৱ ইংনবোহৰ। বাঁত সেবক সমুবাধ কণ স্বাভৰ॥

"কুশাধিদেৰতা' কথাটির মধ্যে বিশেষ কোনও ইন্দিড আছে কিনা, বুঝা বাইডেছেনা। এই মধনমোহন সম্ভাষ্টে তিনি একটু পূর্বে জানাইয়াছেন :

विशाविकारम नाम जाकारमहत्त ।

এবং ভিনি গ্রন্থের অন্তর্জও জানাইয়ছেন^{২০} :

বীৰস্বৰগোপাল-গোৰিক্-দেক্-ফুইরে। তৈতকার্পিতৰক্তেতৈতক্তরিভাসুকর্॥

এইছলে মণনমোহন বা মননগোপাল এক গোবিন্দ, উভত্ত দেবতার প্রতিই সমানভাবে প্রজা-প্রহর্ণন করা হইরাছে। স্বভরাং 'কুলাধিদেবতা' মননমোহন বলিতে সাধারণভাবে কুক্তকেও বুঝাইতে পারে। ভাছাড়া, উক্ত স্থলে মদনমোহনের সেবক-হিসাবে রপ-সনাভনের সহিত রগুনাথের নাম উল্লেখিড থাকাতেও এইরপ ধারণা জন্মে। এইস্থলে রগুনাথের নামই স্বাগ্রে 'উল্লেখিত হইরাছে এবং ম্যনমোহনের নিকট আলোগ্রহণ প্রস্থে গ্রহ্কার বলিতেছেন:

> পোসাকিবাস পূজারী করেব চরণ সেবন । প্রভূর চরণে বলি আজা বাজিন। প্রভূ কঠ হইতে বালা বলিরা পঢ়িল।। সর্ব বৈশ্বসধ হরিবানি বিল। গোসাকিবাস আনি বালা বোর বলে বিল।

এই গোসাঞিকাস যে কে, ভাহার মীমাংসা সমস্তার বিবন্ধ। মহনমোহনের সেবা-অধিকারী হিসাবে গদাধর-পণ্ডিভের শিক্ত রুক্ষাস-ব্রহ্মারী নির্ক ছিলেন। 'ভক্তিত্বাকর' মতে বীরচন্দ্রের-বৃদ্ধাবন-গমনকালেও ভিনি সেই বুলাভিবিক্ত ছিলেন।^{২১} গোবিন্দের প্রথম সেবক ছিলেন কাশীখর-গোসাঁই এবং ভাহার পরে প্রীকৃক্ষ-পণ্ডিত।^{২২} ভারপর অনন্ধ-আচার্ব এবং ভাহারও পরে সন্ধবত হরিদাস-পণ্ডিত-গোসাঁই।^{২৩} গোপীনাধের সেবক ছিলেন মধু-পণ্ডিত এবং সন্ধবত তংপূর্বে পরমানন্দ-ভট্টাচার্ব। আবার মাধ্বেক্ত-প্রতিষ্ঠিত গাঠুলীর গোপাল-সেবার জন্ম রঘুনাবদাস বিঠ্ ইলনাখনে নির্ক্ত করিরাছিলেন।^{২৪} এই সমস্ক ছাড়াও সেবার অধ্যক্ষ-হিসাবে যে পণ্ডিত-হরিদাসের নাম পাওরা যার তিনিও পূর্বোক্ত গোবিন্দাধিকারী এবং এই প্রসাক্ত গোবিন্দ-গোসাঁই প্রস্তৃতি আর করেক-জন্মের নামও দৃই হর। কিছ তাহাদের কাহাকেও গোসাঁইদাস বিশিল্প করা হয়

⁽২০) ২)৫ (শেব পরিছেব) পৃ-২৭৯; এরারভেও তিনি রাধা এবং বদনবেশ্বর উভরেরই জয়বোধনা করিরাহেন (১)১; পৃ- ১) (২১) এ—কুমনান-জনচারী (২২) র—ইকুম-পঞ্জি (২৬) এ.—ব্রিবাস-পঞ্জি গোলীই (২৬) ত--রমুনাধবান

নাই। 'নিজানন্দের বংশবিস্তার' নামক গ্রন্থে 'মুখ্য হরিদাস আর গোসাঞিলাস পূজারি'র উদ্রেখ আছে। ^{২৫} স্থুজরাং উভরকে পূথক ব্যক্তি বলিয়া জানা বার। তাছাড়া, তাঁহারা বে এক ব্যক্তি, তাহা অসুমান করিয়া সইবার কারণাভাবও রহিয়াছে। আবার অস্তাহকে দাস-গোসাই বলিতে গ্রহকার-গণ রঘুনাখদাসকেই ব্যাইতেন। ^{২৬} কিছু গোসাইদাস সর্বত্রই অলজ্য। অথচ হাস-গোসাইর সহিত অভুত নাম-সামঞ্জক থাকিয়া বাওরার গোসাইদাসের বিবর্টিও অস্থুপেক্ষণীর হইরা উঠে এবং ইহা হাস-গোসাইর ও কুক্লাসের সম্পর্কটিকে আরও জটল এবং ছর্বোধ্য করিয়া তুলো। তবে 'চৈতক্রচরিভায়তে'র মূল-ছঙ্ক-শাখা-বর্ণনের মধ্যে করিবাজ-গোলামী সনাতন-রপাদি সকলের কথা উল্লেখ করিলেও ভর্নিত রঘুনাথ হাস-গোলামীর প্রস্কাট সর্বাপেক্ষা অধিক দৃষ্টি আকর্ষণ করে। আবার বর্ণনার মধ্যেও ব্যেষ্ট বিশেষত্ব রহিরাছে। বর্ণনা শেষ করিয়া তিনি বলিতেছেন ঃ

ভাহার সাধন রীতি কবিতে চনংকার। সেই রধুনাথ হাস প্রকু বে আমার।

এই বিশেষ পরিচ্ছেদটির মধ্যে রূপ-স্নাতন বা রঘ্নাথ-ভট্টাদির বিশেষ উল্লেখ করিলেও আর কাহারও সম্বন্ধ কিছ তিনি এইরপ উল্লি করেন নাই। স্পুতরাং একমাত্র রঘুনাথদাস স্পর্কে এই বিশেষ উল্লেখ্য শুকুর কিছুই শ্বীকৃত হইতে পারে না। আবার বৃন্দাবন হইতে দূরে সরিষা পিরা কেনই বা বে তিনি চিরকাল রঘুনাথদাসের সহিত একত্রে থাকিরা তাহারই পরিচর্যা করিয়া পিরাছেন এবং তাহার তিরোভাবের পরেও কেনই বা বে চৈতন্ত্র-প্রেম্বর ও রঘুনাথদাস-সেবিত গোবর্থন-শিলা-পূলার উদ্বর্যাধিকার তাহার উপর আসিরা পঞ্চিরাছিল, তাহাও এক চিন্ধার বিষয় বটি।

খাহা হউক, কুঞ্চাস রখুনাবদাসের ভক্তশিক্ত হিসাবে রাধাকুণ্ডেই শ্বারিভাবে বসবাস করিভেছিলেন। তিনি এইখানে থাকিয়া নানাবিধ শান্তাধ্যনন করিভেন। একদিকে যেমন তিনি রগা- ও সনাতন-পোষামীর নিকট ভক্তিধর্ম-সম্বাীর সকল তব প্রাপ্ত হইয়া-ছিলেন, অক্সদিকে তেমন তিনি রখুনাখের নিকট চৈতন্ত-চরিভের সমূহ তথ্য প্রবণ করিবার স্বাোগ লাভ করিয়াছিলেন। ,চৈতক্তের জীবন-সায়াহে বর্গের সহিভ রখুনাথও তাঁহার স্কী-হিসাবে বাস করিভেছিলেন এবং 'চৈতক্তলীলা রম্বসার বর্গের ভাগার তিঁহ খুইলা রখুনাখের কঠে।'^{২ ব} সেই রখুনাথের সারিধ্য-লাভ করার বিশেব করিয়া মহাপ্রভূব শেব-জীবন সম্বাহ্ন কঠে।'বিল বাবের ব্যাহিন ব্যাহার ব্যাহার

⁽২৫) পূ. ৩০ (২৬) ধো. বি.—১৬শ. বি., পূ. ২১৯ ; আ. ব.—ধন. ব., পূ. ৩০ ; জ. স.—পূ. ৬ (২৭) হৈ, হঃ—২।২, পৃ. ৯৪

প্রাথাণিক গ্রহ বটে, কিন্তু ভাছা সংক্ষিপ্ত, এবং ভাছা সহক্ষম্য বা সর্বজনবোধ্য ছিলনা। আবার 'মুরারিওপ্রের কড়চা' বিলেবভাবে চৈতন্তের বাল্যলীলা লইবা লিখিত। কুন্থাবন্দানের 'চৈতন্ত্রমঙ্গল'ওইট প্রার ভাছাই। তাই মহাপ্রভুর অন্ত্যলীলা সর্বনীয় একটি গ্রহের অভাব বিলেবভাবেই অন্তভ্যুত হইরাছিল। এদিকে কুক্ষণাসের বিরাট প্রতিভা, পাণ্ডিত্য এবং চৈতন্ত্র-জীবন সহছে সবিশেব পরিচরের সংবাদ কুন্যাবনের সর্বত্রই পরিব্যাপ্ত হইরাছিল। পণ্ডিত হরিদাস একদিন ভাঁহাকে ধরিবা বিসলেন,—'গৌরাক্ষের শেবলীলা' লিখিরা দিতে হইবে।ইট গোবিন্দ-গোসাঁই, বাদবাচার্ক-গোসাঁই, ভূগর্জ-গোসাঁই, গোবিন্দ-পুক্ত চৈতন্ত্রদাস, কুন্যানন্দ-চক্রবর্তী প্রেমী-কুক্ষণাস, শিবানন্দ-চক্রবর্তী প্রত্তি সকলেই একত্রে বোগ দিলেন। ভারপর একদিন সকলের অন্তর্রোধে এবং মদনগোপালের প্রসাধীমালা প্রাপ্ত ইইরা কুক্ষণাস গ্রন্থ আরম্ভ করিলেন। পূর্ব-স্থারী 'চৈতন্ত্রমঞ্চল'তি-রচরিতা কুন্যাবনদাসের নিকট আক্ষাণ্ডি লইতেও ভিনি ভূলিরা সেলেন নাঃ এবং কৈক্ষিত্রওও বাকিল্ডং—

নাবোদর বন্ধপ আৰু গুণ্ড বুনারি।

স্থা বুণা নীলা হতে লিবিরাহে বিচারি।

সেই অনুসারে লিবি নীলাহতগণ।

বিভারি বর্ণিরাহেন ভাবা নাস কুলাবন।

ঠেতভাগীলার ব্যাস কুলাবন ধান।

বগুর করিরা নীলা করিরা প্রকাশ

গ্রন্থ বিভার ভবে ভিত্যে হাছিল বে বে ছানে।

সেই সেই ছানে কিছু করিব ব্যাখানে।

গ্রন্থ নীলার্ভ ভিত্যে কৈল আভানন।

ভার ভুক্ত শেষ কিছু করিবে চর্ণণ।

"রুক্ষণাস কবিরাজ ৬০ থানি বিখ্যাত সংস্কৃত গ্রন্থ হইতে নানাবিধ অমূল্যরন্ত উদ্ধার করিয়া গ্রন্থের গৌরবর্ত্তি এবং আগনার পাণ্ডিত্যের শ্রেমাণ করিয়াছেন।"^{১৯৬} ইছা ছাড়াও,

> নেই লিখি বেই মহাজের কুথে গুলি । ইবে অপরাব বোর বা কইহ ভঞ্জণ।

সুভরাং

সমগ্র এছের মাত্র এক-পক্ষমাংশ সমাপ্তির পর মধ্য-লীপা লিখিতে আরম্ভ করিয়া তিনি

(২৮) ঐ—১١৮, পৃ. ৪৮; ২(১, পৃ. ৮১ (২৯) ঐ—১১৮, পৃ. ৪৮ (২০) ঐ—১১৮, পৃ. ৪৭ (৩১) ঐ—১১৮, পৃ. ৪৮; ২(১, পৃ. ৮১ (৬২) ১)১৬, পৃ. ৪৬, ৪৯; ২(১, পৃ. ৮০; ২(২, পৃ. ৯৪ (৩৩) বৈশ্বর্যা অধিবেশন'—২ সা. প. প. (বংগুরশাধা), ৮০ট ট+ট; গৌ. জ. (প. প.)—পৃ. ৮১

বৃদ্ধ করিছিবাতি - বিধার জাহার 'মারু' সকরে সন্দিহান হইরাছিলেন। তথন তাহার হাত কালিতেছে, চকু কর্ণ নিধিল হইরাছে, কিছুই স্বরণ থাকিতেছেনা। "তর্ লিখি এ বড় বিশ্বর।" ইহা জাহার একার বিনরোক্তি হইলেও তিনি বে প্রান্থ শেষ করিতে পারিবেন, তাঁহার নিক্তের এইরণ বিশাস ছিল না। তাই তিনি মধ্য-গীলার প্রথমেই 'অন্ত্যুগীলার সার। ক্রেমধ্যে বিস্তার করি কিছু করিল বর্ণন'; এবং তিনি অন্ত্যালীলা বর্ণনা করিবার সোভাগ্য লাভ করিরা আরক্তেই সেই পূর্ব-বিভূতির কৈকিয়ত বিরাহেন। সম্পূর্ণ প্রশ্ব সমান্তির পর তিনি 'বৃদ্ধ করাত্বর' 'অন্ধ বধির' 'নানারোগগ্রন্ত' 'পঞ্চরোগ শীড়ার ব্যাকুল' হইরাহেন, এবং "হত্তহালে মনোবৃদ্ধি নহে ধোর দ্বির।" ইহা বিনরের আধিকা হইলেও নিহক বিনন্ধ নাও হইতে পারে। কিছু ওতৎসন্থেও এবং সমন্ত সন্থাব্য-ক্ত্র হইতে সর্বপ্রকার সাহাব্য গ্রহণ করিলেও তিনি থাহা রচনা করিলেন, তাহা কেবল বাংলা বা ভারতীয় সাহিত্যের ক্ষেত্রে নহে, বিশ্বসাহিত্যের ক্ষেত্রেও অক্তর সম্পান্ধণে গণ্য হইতে পারে। উদ্বন্ধাস গ্রহণি পরেভি বিনাহিত্যের ক্ষেত্রেও অক্তর্গলকে তিনিই বে সর্বপ্রথম 'যুক্তিমার্গে সবে হারি মানে।' বাংলা-সাহিত্য ক্ষরিতে প্রকৃত্তপক্ষে ভিনিই বে সর্বপ্রথম 'যুক্তিমার্গা অবলম্বন করিলেন, ভাহাতে সন্দেহ নাই। কিছু তিনি ছিলেন ভাহার বুগ অপেক্ষা অক্তে করেক শতাকীর অগ্রবর্তী।

'চৈডক্রচরিভার্তে'র ভারিধ সক্ষে ইহার কোন-কোন পৃথিতে 'লাকেসিয়ায়ি বাণেনো'' প্রভৃতি বে পূলিকা-রোকটি পাওরা বাহ, ভর্মবারী জানা বার বে প্রহাটি ১৯১৫য়ী.-এ সমাপ্ত হইরাছিল। আবার জন্ত কতক্তলি পৃথিতে এবং 'প্রেমবিলাসের'র চতুর্বিংশ বিলাসের 'লাকেছরি বিত্বাণেনো' প্রভৃতি শ্লোক-জন্মবারী প্রশ্নটির রচনাকাল ১৫৮১ য়ী.। ১৯০৬ য়ী.-এর Indian Historical quarterly-তে জা. স্থানাল কুমার লে 'চৈভক্রচরিভার্ত'- প্রছে 'গোলাকচল্ণু'র উরোধ কেখাইরা বলিরাছেন বে গোলাকচল্ণু ১৫৯২ য়ী.-এ রচিত হইরা থাকিলে 'চৈভক্রচরিভার্ত'-প্রছের সমাপ্তিকে লরবর্তী ভারিধের সহিত সম্পর্কিত ধরিতে হব। অপরপক্ষে, ১৬০০ মী.-এ রচিত 'প্রেমবিলাসে'র এবং ১৬০৭ মী.-এ রচিত 'ক্রনিল্ফে' 'চৈভক্রচরিভার্তে'র উরোধ ক্ষেরা কেছ কেছ এ সক্ষমে পূর্ববর্তী ভারিঘটিকেই অধিকভর সমীচীন বলিরা মনে করেন। কিছু আপাতত এ-সক্ষমে কোনও হির সিছাক্ষ প্রহার উলার নাই। মুই, পাঁচ, কি কল বংসরের ব্যাপার নহে। বীর্ষ ওও বংসরের ব্যাধানে থাকিরাও স্থীবৃক্ষ প্রভাবেক ভারাদের নিক্ষ নিক্ষ আসনে স্প্রভিত্তিত বাক্ষিতে চাহেন।

কুন্বাৰনে ক্ৰিরাজ-গোস্বামীর একটি বিশেষ স্থান ছিল। তিনি স্থপ-স্বাভনের নিকট

⁹⁵⁾ হাহ ু পূ. ১৪ (৩৫) মৌ. ছ.—পূ. ৩১৪

ভক্তি-শান্ত শিক্ষা করিরাছিলেন, রবুনাথের নিকট হইতে প্রত্যক্ষ-সাহার্য লাভ করিরাছিলেন, কাৰীখন- লোকনাখ-গোসামীর সহিভ খনিষ্ঠ-সুত্রে আবদ্ধ হইতে পারিরাছিলেন। সনাভন-গোস্বামী 'হরিভক্তিবিলাসে'^{৩৬}, কাশীবর-লোকনাথের সহিত তাহার প্রতি শ্রদ্ধা-ক্ষাপন করিয়াছেন ; জীব-গোস্বামীও 'বৈক্ষবভোবনী'-গ্রন্থেণ কানীখর-লোকনাথের সহিত তাঁছার বন্দনা গাহিয়াছেন। পূর্বে তিনি 'গোবিন্দলীলায়ড' এবং 'কুক্কর্কগায়তের চীকা' প্রবয়ন করিরা প্রসিদ্ধি-লাভ করিরাছিলেন, একংও 'চৈতক্তরিভাযুভ'^{৩৮} রচনা করিরা অমরত্ব লাভ করিলেন। ইহাছাড়াও, 'বীরভূমি পত্রিকা'র (নব পর্বায়) ভূতীয়-বর্বের দ্বিতীয়-সংখ্যার শিবরতন মিত্র মহাশর ক্রফরাস-কবিরাজ গিখিত নিয়োক্ত গ্রাহরাজির উল্লেখ করিরাছিলেন—'ভাগবতশাস্ত্রগুরুহক্ত', 'অবৈতস্থত্তের কড়চা', 'বরূপবর্ণনা', 'বৃন্ধাবনধ্যান', 'ছয় গোলামীর সংস্কৃতস্কুতক', 'চৌষট্টাব্ত নির্ণয়', 'প্রেয়রত্বাবদী', 'বৈঞ্চবাটক', 'রাগমালা', 'শ্রীরপগোস্বামীর গ্রন্থের সংক্ষিপ্রসার', 'রাগমন্তকরণ', 'পাষ্ঞ্রপলন', 'বুন্দাবনপরিক্রম', 'রাগরত্বাবলী', 'শ্রামানন্দ-প্রকাশ', সারসংগ্রহ' প্রভৃতি। কিন্ত এই সমন্ত নামের বহু পুৰি বিভিন্ন পাঠাগারে বক্ষিত হইলেও ইহাছের সকল বা অনেকানেক লেখক যে প্রাসিদ্ধ 'কুঞ্চাস' নামের অস্করালে থাকিয়া আত্মগোপন করিয়া আছেন, ভাহাতে সন্দেহ নাই। তবে কবিরাজ-গোস্থামী একজন পংক্রাও ছিলেন।^{৩৯} কিছ কুঞ্চাস-ভণিতাযুক্ত বডগুলি পদ পাওৱা বাৰ ভাহার কভগুলি ৰে ভন্তচিত, ভাহা আনিবার উপার নাই। স্বতন্ত্র-পদ না হইলেও 'চৈভক্তরিভামুভ'-গ্রন্থে উভূভ বে পাঁচটি পদ 'পদকল্লভক'তেও গৃহীত হইরাছে, **অস্তত সেইগুলি যে কবিরাজ-গোস্বামী-র**চিড ভাহাতে সন্দেহ করিবার কারণ নাই। 'পদ্যাবলী'ডে কুঞ্চাস-কবিরাজ-ক্বত কোনও শ্লোক উভূত হয় নাই।

কবিরাজ-গোরামী দীর্ঘ-জীবন প্রাপ্ত ছইয়াছিলেন। প্রীনিবাস-আচার্ব, নরোন্তম এবং শ্রামানন্দ কুলাবনে আসিলে তিনি তাঁহাদের অভিনন্দিত করেন। ⁸⁰ প্রীনিবাসের বিভীরবার কুলাবনে অবস্থানকালে প্রথমে শ্যামানন্দ এবং তারপর রামচন্দ্র-কবিরাজ, কুলাবনে কুলাসের সহিত মিলিত হন। ⁸⁰ তাহারও পরে আহ্বা-ইম্বরীর বিতীরবার কুলাবনাগমন-কালে রমুনাধ্যাস-গোরামী যখন চলচ্ছক্তি-বিহীন⁸⁰ ও শিবিলেন্দ্রিশপ্রায় ছইয়। পড়িরাছেন, তখন তিনি বহুং কুলাবন পর্বন্ধ আসিরা আহ্বা-ইম্বরীকে হাস-গোরামীর নিবেদন জানাইরা রাধাকুণ্ডে সইয়া বান এবং রমুনাধের নিক্ট ইম্বরীর আসমন সংবাদ জাপন করেন। ⁸⁰

⁽৩৬) বলগাচরণ, এর্থ রোক্ত (৩৭) বলগাচরণ (৩৮) বৈ-দি--রতে (গৃ. ১০৫) শীনিবাস বিতীয়বার বৃদ্যাবনে সেলে জীক-গোপানী অভাভ কভিগন এছের সহিত তৈতভচরিতান্ত-বহুধানিও গৌড়ে পাঠাইর হিরাহিলেন। (৩৯) গ. ক. (গ.) —গৃ. ৩৯ (৪০) জ. র.—৬।২০-, ৫৩৬ (৪১) ঐ—১১/২১৬ (৪২) ঐ—১১/১৫০

ইশরীর সদী গোবিন্দ-কবিরাজকেও তিনি সেইবার বিশেষভাবে জেহাভিনন্দন জানান। তারপর বীরচন্দ্র বৃন্দাবনে আসিলে গোবর্ধন হইতে কিরিবার পথে তিনিও কবিরাজ-গোলামীর কুটবে গিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করেন এবং কুক্দাস বীরভজ্রের সহিত বৃন্দাবনে আসিয়াছিলেন।

তৎকালে গোড়-বৃন্ধাবনের মধ্যে পত্র বিনিমন্ত চলিত। জীব-গোলামীর এইরপ একটি পত্রে কবিরাজ-গোলামী গোবিন্ধ-কবিরাজকে তাঁহার নমন্বার প্রেরণ করেন। ৪৪ এই সমতে মৃকুন্দদাস নামক পাঞ্চাল-দেশীর এক বিপ্র কবিরাজ-গোলামীর শিক্তম্ব গ্রহণ করিয়া তাঁহার নিকট অধ্যয়নকালে ৪০ তাঁহার সেবান্ব নিমন্ত হইনাছিলেন। ৪৬ দাস-গোলামী তৈতক্ত-প্রায়ন্ত বে গোবর্ধন-শিলার সেবা করিন্বা আসিতেছিলেন, তাঁহার তিরোধানের পর কবিরাজ-গোলামীই তাহার সেবার ভার গ্রহণ করেন। কবিরাজের তিরোধানে সেই ভার মৃকুন্দের উপর আসিন্ব। পড়ে। ৪৭

'প্রেমবিশাস'-প্রণেডা জানাইয়াছেন^{৪৮} কে জীনিবাস-নরোভ্য-ভাষানন্দের বৃদ্ধবন হইতে গৌড়-প্রত্যাবর্তনকালে বৃন্ধাবনত গোত্বামী-বৃন্ধ গৌড়াছি বেশে প্রচারার্থ বে-সমূহ বৈক্ব-গ্রন্থ প্রেরণ কার্যাছিলেন, পরিষধ্যে সেইগুলি বনবিষ্ণুপুরের রাজা বীর-হাদীর কর্তৃক অপস্কৃত হইলে সেই সংবাদ শুনিয়া কুক্সাস-কবিরাশ-গোখামী 'কুশুডীরে বসি সদা করে অস্তাপ। উছলি পড়িল গোলাঞি দিয়া এক বাঁপ।।' গ্রন্থখ্যে তাহার পরে কুকলালের নানাপ্রকার বিলাপোক্তির বর্ণনা আছে। শেবে ডিনি রবুনাখদানের চরণ বুকে ধরিবা ছির হইলেন এবং 'মৃদিত নরনে প্রাণ কৈল নিজ্ঞান।' 'প্রেম্বিলালে'র এইপ্রকার বর্ণনা হইতে কিছু পরবর্তিকালে নানাপ্রকার বিজ্ঞান্তির স্টে হইছাছিল। ১৩-১ সালের 'বদীয় সাহিত্য পরিষৎ-পত্রিকা'র (রংপুর শাখা, vol i+ii) কালিকান্ত বিশ্বাস মহাশয় লিখিয়াছিলেন বে বুন্ধাবন হইতে শ্রীনিবাস-নরোভ্য-শ্রামানন্দের গোড়-প্রভ্যাবর্তনকালে "রন্দের গোড়ামী-গণ তাঁহাদের সঙ্গে 'চৈতক্রচরিভায়ড' প্রভৃতি অনেকগুলি গ্রাহয়ত্ব সাধারণ্যে প্রচারের কর প্রহান করিয়াছিলেন।" কিন্তু প্রকৃতপক্ষে, প্রশ্বরম্বণ্ডলির সহিত 'চৈডক্রচরিভাষ্যত' প্রেরণের কোনও প্রমাণ কোথাও দৃষ্ট হয় না ৷ অপর পক্ষে, ৪-৪ চৈড্যান্থের 'বিফুপ্রিয়া পত্রিকা'য় তুৰ্গাহাস হস্ত মহাশহ আনাইয়াছিলেন যে 'চৈতক্তচরিতামৃত'-গ্রহ্থানি সংস্কৃত-ভাষার লিখিড নছে বলিয়া জীব-গোস্থামী প্রথমে উহাকে ব্যুনার জলে নিজেপ করিয়াছিলেন। পর-বংসরের 'বিষ্ণুপ্রিরা-গতিকা'তে 'ঠাতুর ক্রমণাসকবিরাজের অন্তথান'-শীর্বক প্রবছে অবস্থ

⁽⁸⁸⁾ क्रे—38109-८৮ ; (टा. वि.—व्यविकास, पृ. ७०৮ (84) य. वि.—पृ. २०० (84)क्रे—पृ. २०७ (84) य. वि.—पृ. २०६ ; (8৮) ३७म. वि.

এইরপ তথ্য প্রচারের প্রতিবাদ জ্ঞাপন করা হইরাছিল। কিছ 'প্রেমবিলাস' রচনার করেক বংসরমাত্র (গ বংসর ।) পরে 'কর্ণানজ্ঞ'-কার বহুনজনদাস লিখিরাছেন^{৪৯} যে 'প্রেমবিলাসে'র উক্তপ্রকার কর্নাকে তুল বৃথিবার স্ক্রাবনা আছে; কৃষ্ণাস মৃত্যুর, মৃথামৃথি হইলেও তাহার বৃত্যু বটে নাই।—

নিছ নাথক নেহ ছুই এক বোগে। নাথক বেহে পুনঃ প্ৰাপ্তি হৈলা বহাভাগে।।

ধরিয়া লওয়া বাইতে পারে বে 'প্রেমবিলালে'র রচনার জ্বর করেক বংসর পরে ব্যুনন্দন বে বর্ণনা দিয়াছেন, ভাহাই সমস্তার প্রকৃত সমাধান না হইলে তিনি নিজ হইতে প্রশ্ন উথাপন করিতে সাহসী হইতেন না। 'ভাক্তরভাকর' হইতে ইহারই সমর্থন পাওয়া বার। নরহরি-চক্রবর্তীর বর্ণনার কোথাও কুজ্বানের এইপ্রকার আকস্থিক-মৃত্যু বা শীম্ম-মৃত্যুর কথা নাই। 'ভক্তিরছাকর'-মতে কুজ্বাস বীর্থ-জীবন প্রাপ্ত হইরাছিলেন। বর্ণনা দেখিয়া সহজেই ধরা বার বে নরহরি-চক্রবর্তী এ বিবরে নিসেন্দেহ ছিলেন। তাহার কর্না-অন্তব্যরী রজ্নাধ্বাস-প্রোত্তামীর মৃত্যুর পরেও কুজ্বাস বাঁচিয়াছিলেন। 'নরোন্ডমবিলালে' গ্রহকর্তা আপনার পরিচর প্রদান প্রস্কেও ইহার উল্লেখ করিয়াছেন।

'কবিরাজ-গোত্থামীর ভাগানির্বর'-পূথিতে কবিরাজ-গোত্থামীর ভিত্তবর্গের তালিক। নিয়োজনগণ ঃ—

বিশ্বনাস-লোকামী (গৌড়ীরা বিশ্র), গোপালহাস-গোকামী (ক্তব্রি, মাচগ্রাম)
রাধারুক্ষ-চক্রবর্তী-গোকামী (গোবিকের অধিকারী), মুকুক্রাস-গোকামী (মুলভান)।
শেবোকে মুকুক্ষ-গালের আবার সাভাইত শাধার নির্ণর করা হইরাছে।

वाषवाछार्व

বাদবাচার্য্(-গোনাই) সংসার পরিত্যাগ করিয়া কাশ্বির-গোনাইর দিরাধ শ্রহণ করিয়াছিলেন ওবং কুলাবনে একটি বিশের খান অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন ও তিনি রূপ-গোলামীর বিশেব সঙ্গী ও তক্ত ছিলেন । রূপ ববন বুছকালে একমান বাবং বপ্রার বাকিয়া গোপাল-বর্ণন করেন, তথন অস্তান্ত ভক্তবৃত্যের সহিত তিনিও তাহার একজন সঙ্গী হিসাবে তাহার সহিত অবহান করিতেছিলেন । শ্রীনিবাসাধির প্রথমবার কুলাবন-আগমনেরর সমর এবং তাহার অনেক পরে বারচন্দ্র বধন কুলাবনে পৌছান, তথনও তিনি কুলাবনে অবহান করিতেছিলেন এবং বারচন্দ্রের বন-পরিশ্রমধ্যের সমর তিনি তাহার সহিত গ্রমন করিয়াছিলেন।

⁽১) (ता. वि.---১৮न. वि., मृ. ६९० ; संदर्शात्रं-काण्डिस मन्तर्व मन्दव काण्डिमाथ-नविद्यक्ष जीवनी क्षोत्रा ।

स्कूष्मगात्र

মৃত্যালাস ছিলেন পাঞ্চাল-দেশীর বিশ্র । পাটবাড়ীতে সংরক্ষিত 'রপ-গোলামী ও কবিরাজ গোলামীর 'হচক' নামক একটি প্রাচীন পৃথিতে লিপিবছ আছে বে' নাহর নিকটে মৃণভান নামক একবাকি তাঁহার নিবাস ছিল। তিনি ছিলেন ধনবানের সন্ধান। মধুরাদাস নামক একবাকি তাঁহার ধনিষ্ঠ সন্ধী ছিলেন। একবার মৃত্যাল তরণী সাজাইরা বাণিজ্যে গিরাছিলেন। পথে বাভ্যা-ভাড়িত হইরা তাঁহার নৌকা ব্রহ্মগুলে উপনীত হইলে, ভিনি নৌকা ভিড়াইরা মদনমোহন- ও গোপীনাব-বিগ্রহাদি ধর্মন করিছে বান এবং গোবিল-মৃতি-দেখিরা তাঁহার ভাবোদর হয়। সেইয়ানে কৃষ্ণদাস-কবিরাজ-গোখামী উপন্থিত ছিলেন। তাঁহার সহিত কথাবার্তার মৃত্যুলের মন কিরিয়া পোল। তিনি তথন কবিরাজ-গোখামীর শর্ণাপর হইরা তাঁহার নিকট দীক্ষা-গ্রহণ করিলেন এবং বীর পোবাক-পরিছেল ও নৌকার ব্যবতীর ধন-সামগ্রী বিভরণ করিরা সন্ধীদিগকে বিহার দিলেন।

তাহারপর হইতে মৃত্তুক কবিরাজ-গোপামীর নিকট অবস্থান করিব। নানাবিধ ভক্তি-শার অধ্যয়ন করিছে গাকেন। কবিরাজও তাহাকে আপনার প্রির-শির্মারণে গ্রহণ করিরাছিলেন। সম্ভবত সেইজন্তই গুল-রঘুনাথের নিকট হইতে মহাপ্রাভূ-প্রথন্ত গোবর্ধ ন-শিরা-পূজার বে-ভার কুক্সাসের হতে অপিত হইরাছিল, তাহার মৃত্যুর পর ভাহ। তৎশিক্ত মৃত্তুক্রের উপরেই আসিরা পড়ে। কবিরাজের সৃত্যুর পর ভিনি অনক্রমনা হইরা গোবর্ধনের সেবাপূজা ও ভক্তিশার আলোচনা করিরাছিলেন। এই সময়ে রামচরণ-চক্রবর্তীর শির্ত্ত বিশ্বনাথ-চক্রবর্তী কুলাবনে পৌছাইলে মৃত্তুশহাস তাহাকে শিক্ষাহান করিতে থাকেন। তারপর ভিনি 'বর্ণিলেন লীলাগ্রন্থ কিছু শেব ছিল। বিশ্বনাথ বাবে তাহা পূর্ণ করাইল ॥'ই বান্তবিক পক্তে, বিশ্বনাথকে শিক্ষা-দান করিবা তিনি এক হহৎকর্মই সম্পাদন করিবাছিলেন। তাহারপর নরোভ্যম-শিক্ত পলানারারণ-চক্রবর্তীর গোহিত্রী ক্রম্পপ্রিয়া-ঠাকুরামী রাধাকৃত্তে আসিয়া বাস করিতে থাকেন। এই সময়ে মৃত্তুজ্ব উদ্যামর-রোগে ভূপিতেছিলেন। ক্রম্প্রিয়া তাহাকে প্রমন পথা দিলেন বে তিনি ভাহাতেই আরোগ্য-লাভ করিলেন। তথন তাহার বরসও বথেই হইরা সিয়ছে। ক্রম্পপ্রিয়ার মাতুস্ম-সেবার ও-রেহে মৃত্তু

⁽১) পৃ. ৩-৩ (২) ব. বি.—এছকর্ডার পরিচর প্রসক্তপু. ২০০, ২০০; বৈ. বি.-রডে (পৃ.
১১০) সুক্ষাস-গোনীই ব্যাইপাড়া-নিবাসী গোলালবাসকে 'রাধাকুক ক্রনভা'-এছ রচনা সক্তে
মর্বেলান করেন।

্ / হইরা তিনি তখন তাঁহাকেই বোগ্য-যাক্তি মনে করিরা তাঁহার উপর গোবর্ধন-শিলার ভার অর্পন করেন এবং অক্সকাল মধ্যেই রাধাকুগুসমীলে ফেহরক্ষা করেন।

'কবিরাজ গোঝামীর শাবা' নামক পৃথিতেও যুক্তমের শিশ্রবর্গের নাম লিখিত হইরাছে। তাঁহার সর্বভন্ধ সাভাইশ জন শিশ্র ছিলেন :—

মধ্রাদাস-গোখামী, বংশীদাস-গোখামী (গোবিন্দের পূজারী), সাল (?) দাস-বৈরাগী (তিরোত), রাধারক-পূজারী-ঠাকুর, কাসিরাম-বোড়া (?) (কাশী)

গোপনীর শাধা :—রামচন্দ্র-বোধ-ঠাকুর (গামিলা ?), রামনাধ-রার-মহাশর (নেহালা ?), (?)-কবিরাজ-ঠাকুর, কৃষ্ণীবনদাস-বৈরাধী-ঠাকুর (থেডরির নিকট সাওলা), কৃষ্ণচরণ-চক্রবর্তা (সতুদাবাজ), কৃষ্ণপ্রিরা-ঠাকুরাণী, রামদাস-পূজারী-ঠাকুর (গোবিন্দের পূজারী), গোবিন্দাস-পূজারী-ঠাকুর, হরিরাম-পূজারী-ঠাকুর, নিমচরণ (?)-রসাইরা-ঠাকুর, রাধাবিশোরলাস-ঠাকুর, লানিহা-কৃষ্ণাস-ঠাকুর, গৌরচরণদাস-ঠাকুর (জাটপাড়া), মোহনদাস-ঠাকুর (বড়সান), প্রকাশরামদাস-ঠাকুর (হোড়াল ?), গোণীরমণ-পূজারী-ঠাকুর (?), নৃসিংহদাস-ঠাকুর, ক্ষর্মালা-ঠাকুরাণী (থেডোরি), 'হ্রদ্ররাখ-চক্রবর্তী বোভিব্দেকুলে জর্মা, গৌরাজিনিয়া-ঠাকুরাণী (বোরাকুলি), রামদাস-ক্রম্বালী (বরসনা)

द्वाघव-गडिल (वृन्तावनक्)

কৃষাবনে বে সকল ভক্ত-গোষামী বাস করিতেন, তাঁহাদের মধ্যে রাষ্য-পঞ্জিতের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁহার পূর্ব-নিবাস হিল দক্ষিণাত্যে এবং তিনি ছিলেন মহাকুলীন বিপ্র-বংশান্ত্ত। বৃন্ধাবনে আসিবার পর তিনি গোবর্ধনে একটি নির্দ্ধন-স্থানে গোষা নির্মাণ করিরা বসতি ছাপন করেন। সেই গোফার বসিরা তিনি গোবর্ধন-সন্দর্শন করিতেন এবং সাধন-ভন্ধন ও শাল্পাঠের মধ্যদিয়া বৈক্ষবাস্থ্যোদিত বিধানে তাঁহার দিনগুলি কাটাইরা দিতেন। কিন্তু মহাপ্রভুর আর্থ্য অভিলাব সম্বন্ধে তিনি উদাসীন ছিলেন না। চৈতক্সদর্শনপ্রাপ্ত গোপাল-রঘুনাণ প্রভৃতির কর্মপ্রচেটার তুলনার তাঁহার প্রচেটা ক্ষতের হইলেও তাহা নির্ধক ছিল না। বৃদ্ধং করিবর্ণপূর তাঁহার গোরগাণোছেন শদীপিকা-গ্রন্থে তল্পচিত ভক্তিরদ্ধ প্রকাশের উল্লেখ করিয়া তাঁহার প্রশত্তি গাহিরাছেন।

রাধব-পণ্ডিত রঘুনাধদাস ও কৃষ্ণাস-ক্বিরাজের বিশেব-সান্নিগা প্রাপ্ত হইরাছিলেন।
প্রারই তিনি তাঁহাদের সহিত একত্রে বাস করিতেন। কিছু মধ্যে মধ্যে তিনি বৃদ্ধাবনে
গিরাও গোস্বামীদিগের সাহচই লাভ করিরা আসিতেন। আবার মধ্যে মধ্যে তিনি
ব্রশ্ব-পরিক্রমা করিতেন। মধুরা-গোবর্ধ ন-বৃদ্ধাবনের মাহান্মা ও ইতিহাস বিষয়ে
তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য ছিল। শ্রীনিবাস-নরোভম কুদ্ধাবন আসিলে দ্বীবগোস্বামী বোধকরি সেইক্রন্তই তাঁহার সহিত তাঁহাদের কুদ্ধাবন-পরিশ্রমধ্যের ব্যবস্থা
করিরা দেন। রাঘব তাঁহাদিগকে মধুরাতে কেশবদেবের মন্দির-সন্নিধানে শইরা
যান এবং কুক্রের মধুরা-লীলা ও মধুরা-মাহান্ম্য ইত্যাদি কাহিনী ওনাইয়া
তাঁহাদিগকে পরিভ্রপ্ত করেন। এইভাবে রাজি-বাপনের পর তিনি তাঁহাদিগকে লইয়া
পরিক্রমার বাহির হন এবং ক্রইবা সকল স্থানে ঘ্রিয়া তাহাদের মাহান্মা ও পূর্ব-ইতিহাস
বর্ণনা করিরা তাঁহাদের মধুরা-পরিক্রমাকে সার্থক করিয়া তুলেন।

আহ্বাদেবী যথন বিভীরবার কুদাবনে আসমন করেন, তথন রাখব-পণ্ডিত গোবর্ধনে অবস্থান করিতেন। সেই সময়ে তিনি কুক্পাসাধির সহিত কুন্ধাবনে আসিরা দেবীর সহিত সাক্ষাৎ করেন। কিছ বীরতক্রের কুন্ধাবনাগমনকালে তিনি সম্ভবত লোকান্তরিত হইরাছেন।

⁽১) জু.—বৈ. দ ; বৈ. দ-ৰজে (পৃ. ৩০০) রাবৰ-গোসাঁই রামণগংবাসী ভৈততের নিজ বাস । সহ ছাছি বেড় কৈল গোবর্গ যে বাস এ

⁽२) ३७२ ; ७. मा.--भा. मा., पृ. ५०

হরিদাস-পৃষ্ঠিত

কৃষ্ণাবনে রূপ-গোষামীর বারা গোবিন্দ-বিগ্রহের প্রতিষ্ঠা হইলে মহাপ্রাকৃ-প্রেরিড কাষ্ণীপর-গোসাঁইকে বিগ্রহের প্রথম সেবা-অধিকারী নিযুক্ত করা হর। কাষ্ণীপরের পরে সেই কার্বের ভার পড়ে প্রীকৃষ্ণ-পণ্ডিভের উপর। প্রীনিবাসের কুষ্ণাবনাগমনকালেও ইনি সেই পদে বহাল ছিলেন। কিন্তু 'সাধনদীপিকা' গ্রহে বলা হইয়াছে বে রূপ-গোষামী হরিদাস-পণ্ডিভের উপরও গোবিন্দরেবের সেবার ভার অর্পন করিয়াছিলেন। অন্য একটি পৃথিভেও লিপিকে ইইয়াছে বৈ কাশীপর কুষ্ণাবনে গিয়া সেবা আরম্ভ করিলে রূপ-সনাতন ব্যুন মহাপ্রাকৃর নিকট সেই সংবাধ প্রেরণ করেন, তথন মহাপ্রাকৃ

হরিদান সোনাজিত্র শীত্র পাঠাইলা ভারে করিলেন সেবা সবর্ণা।

অব্চ শ্রীনিবাসের বৃন্দাবন-আগমনের পূর্বেই রূপ-গোরামী দেহরক্ষা করিরাছেন। ইং। ছইতে বৃদ্ধিতে পারা যার বে শ্রীকৃষ্ণ-পঞ্জিত গোবিন্দের দেবা-অধিকারী থাকিলেও পূজাকর্ম ইডাাদি ছাড়া সেবাবিধির অন্তান্ত কর্মের ভার হরিদাসের উপর দ্রন্ত ছিল। কৃষ্ণাস-ক্রিরাজ্য বিলয়ছেন তাঁহার 'চৈতক্রচরিভাত্মত' রচনাকালে গোবিন্দদেবের অনেক সেবকট ছিলেন এবং তাঁহাদের মধ্যে 'সেবার অধ্যক্ষ শ্রীপণ্ডিত হরিদাস।' তবে শ্রীকৃষ্ণ-পণ্ডিতের পরে অনন্ত-আচার্য, ও ভাষার পরে ইনি হরত সেই অধিকারী-পদ পাইয়া থাকিতেও পারেন। 'ভক্তিরত্বাক্ষর'-প্রণেডা সম্ভবত সেইজন্তই ইহাদিগকে 'গোবিন্দাধিকারী'র ভাষাে ধারিবনে। নরহরি-চক্রবর্তীও একই সম্বের বর্তমান বন্ধ 'গোবিন্দাধিকারী'র উত্তর্গ করিরাছেন। ব

হরিদাস-পত্তিত-গোসাঁই ছিলেন উপরোক্ত অনস্ক-আচার্যেরই শিল্প এবং অনস্কের শুক্ ছিলেন গদাধর-পত্তিত। সমগ্র 'চৈতস্তচরিতামৃত'-গ্রন্থের মধ্যে 'অনস্ক' নামধের ব্যক্তির মাত্র চারিবার উল্লেখ আছে। অবৈভপ্রভুর শাখা-বর্ণনা প্রসঙ্গে এক অনস্ক-আচার্য ও এক অনস্কলাসের নাম উল্লেখিত হইরাছে এবং গদাধর-শিল্প পূর্বোক্ত অনস্ক-আচার্যের নাম তুইবার উল্লেখিত হইরাছে। প্রথমোল্লেখিত অনস্ক-আচার্য গদাধর-শিল্প অনস্ক-আচার্যই' হউন, বা অনক্ষাসই হউন, কিছুই বার আসে না, বা কোন বিতীয় অনস্ক-আচার্য হইলেও বার আসে না। কারণ, তাঁহার উল্লেখ এই একবার ছাড়া কোখাও দেখা বায় না। আর উক্ত অন্তদাস

⁽১) ए. (व. मी. ११.)—१. २६ (२) च.ब.—১७।०२১ (०) त्मी.ख.-एड (२व. मर.—डेशक्क.—१. १७) উত্তৰ অনৱ-আচাৰ্যকে একই ব্যক্তি ধৰা ব্যৱহাতে।

বে পরবর্তিকালে পেতৃরি-মহোৎসবে⁶ ও গদাধরপ্রকৃত্ব তিরোধান-তিখিতে⁶ উপস্থিত অনস্কদাস সে বিবরে সন্দেহ নাই। কারণ, 'চৈতজ্ঞচরিতামূত'-কার অহৈতপ্রভুত্ব শাধা-কর্নার
এবং 'ভক্তিরত্বাকর'- ও 'নরোভ্যবিলাস'-রচরিতা পেতৃরি-মহোৎসব-বর্ণনায় কাশ্ল-পণ্ডিত,
হরিদাস-বন্দচারী', কুক্দাস এবং অনার্দনের সহিত একত্রে এই অনন্তদাসের নাম উল্লেখ
করিরাছেন। স্তরাং অনস্ক-নামধারী মাল্ল ছইজন ব্যক্তির অভিতৃত্বই সন্তবপর হয়,—অনস্কআচার্ব এবং পরবর্তিকালের অনন্তদাস। গদাধর-শিক্ত অনন্ত-আচার্ব কুলাবনে অবস্থান
করিতেন আর অনন্তদাস গোড়দেশে ছিলেন। তবে অনন্ত-আচার্বের জন্মভূমি ছিল সন্তবত
নববীপ। কারণ, কুলাবনদাসের 'বৈক্ষবক্ষনা'-পৃথিতে নবধীপত্ম অনস্ক-আচার্বের বন্ধনা করা
হইরাছে। গাল স্কুনার সেন অনন্তদাসের একুপটি ব্যক্তবৃদ্ধি পদ রচনার সংবাদ দিরাছেন। দ

'চৈডস্তভাগবত'-কার কিছ একজন অনম্ব-পণ্ডিতের নাম উল্লেখ করিরাছেন।" সন্নাস-গ্রহণের পর নীলাচল-গমন-পথে ছত্রভোগে পৌছাইবার পূর্বে মহাপ্রস্থ আটিসারা নগরস্থ এই 'মহাভাগ্যবান' 'পর্য সাধু শ্রীঅনন্তে'র গৃহে আসিরা

নৰ্থণ সহ প্ৰভু কৰিলেৰ ভিকা।
সন্মানীৰ ভিকা ধৰ্ম কৰাইলা শিকা।
সৰ্থ সালি কুফকৰা কীভান প্ৰসংল।
আহিলেৰ অনম পণ্ডিত গৃহে বলে।
গুতৃদ্ধী অনম পণ্ডিত প্ৰভি কৰি।
প্ৰভাতে চলিলা গুড়ু খলি হৰি হৰি।

চৈতক্ত-পরিষ্ণ্ডল হইতে এ-হেন অনম্ভের যে একেবারে অবসৃধ্যি ঘটিতে পারে তাহা বাদ্যবিকই আন্তর্গের বিষয়। স্বতরাং এই অনম্ভ-পণ্ডিত ও পূর্বোক্ষেত্রিত অনম্ভ-আচার্য একই ব্যক্তি ও বলিয়া ধারণা অন্যায়। অগকর ভক্ত ইহাকে অকৈত-শাখাতৃক্ত অনম্ভদানের সহিত অভিন্ন বলিয়া মনে করেন। ১১ কিন্তু উপরোক্ত কারণে সম্ভবত তাহা ঠিক নহে। আরও উল্লেখযোগ্য বে কুলাবনহাসের বর্ণনাস্থায়ী আটিসারাতে অনম্ভের গৃহে অবস্থানকালে মহাপ্রেপুর সহিত গদাধর-পণ্ডিতও উপস্থিত ছিলেন। 'গৌরপদতর্দ্বিণী' ও 'পদক্ষাতক'তে অনম্ভ-আচার্য ও অনম্ভদাস এই উভ্রের পদই উদ্ধৃত হইয়াছে। অনম্ভদাসের ভবিতা-বৃক্ত কোন কোন পদ অনম্ভ-আচার্যের হওয়াও বিচিত্র নহে।

⁽a) স. বি.—গম. বি. (c) ভার—১।৪০৫ (b) চৈ-চা-বা (১।১২) ব্রিদাস-ব্রহ্যারীকে আবৈত বা প্রাথর উভরের লাখাজুক্ত করা হইরাছে (গ) বৈ. ব. (বৃ.)—পৃ. ৫; বৈশ্বাচারবর্গনে (পৃ. ৩৫৫) অবস্কু-আচার্থ-বোসাক্রির বাস অবস্কু ব্যবর বলা হইরাছে। (৮) HBL—p. १৪ (৯) চৈ. ভা—৬।২ ১০) গৌরপ্রস্করন্ধিনীতে (গৌ. ভ.—গ. প.) অবস্কু-আচার্থ ও অবস্কু-পভিজের পৃথক অভিত বীকুল্ল ব্র্যাছে। (১১) প. ক. (প.)—১৯

বাহাহউক, বৃদ্ধাধনে অনন্ত-আচার্ধের শিক্ত পণ্ডিত-হরিদাসের মর্বাদা বড় কম ছিল না।
তিনি গোবিন্দ-বিগ্রহের সেবার অধ্যক্ষ ছিলেন এবং 'তাঁর বলগুল' সর্বত্র ব্যাপ্ত হইরাছিল।
সুশীল, সহিষ্ণু, বদান্ত, গঞ্জীর এবং মধুরভারী মান্থ্রট গোবিন্দের সেবা করিয়া এবং
চৈতন্ত্রের গুল-কীর্তন প্রবণ করিয়া দিনাভিপাত করিছেন। বৃন্ধাবনদাসের 'চৈতন্তমন্দর্শ'প্রবণ তিনি পরম সন্তোব-লাভ করিছেন এবং তাহার প্রসাদে অপ্তান্ত বৈক্ষরও ভাষা
গুনিতে পাইছেন। কিন্তু উক্ত গ্রহে চৈতন্তের শেষ-শীলা বর্ণিত হয় নাই বলিয়া তিনিই
সংপ্রথম কৃষ্ণদাস-কবিরাক্ষকে ভাষা লিখিয়া দিবার অন্ধ্রোধ জ্ঞাপন করেন।

বিধ্যাত 'সাধনদীপিকা'-গ্রন্থের রচরিতা রাধাক্তক-গোস্থামী এই পণ্ডিভ-ইরিদাসেরই একজন বোগ্য-শিক্ত^{১২} ছিলেন। 'নিত্যানন্দবংশবিস্তার'-গ্রন্থে^{১৩} লিখিত হইরাছে বে কাহবাদেবী বৃশাবনে আসিলে

> সুক্ত হৰিদান আৰু গোনাইদান পুৰারী। আন্ধা বালা এবাদ আনিল বাটা ভবি ।

সম্ভবত এই 'মুধ্য হরিদাস' এবং আলোচ্যমান হরিদাস এক ব্যক্তি। বীরচক্র বধন
বৃদ্ধাবনে আগমন করেন, তধন জীব-গোস্থামী ও ক্রম্কাস-কবিরাজাদির সহিত এই হরিদাসও
ভাঁচাকে অভিনন্দিত করিয়াছিলেন।

⁽১৭) देव. वि.-८७ (गृ. ৯৮) धानरमनाक अक इतिवाम-वानीत निक्र वना हरेदारह । (১৬) पृ. ७७

উত্তৰদাস

তাঁহাকে 'কুক্তপ্রমরসাম্বাদী' এবং 'নিজানন্দনামে অধিক উন্মাদী' বলিরাছেন **শেষকীনন্দন ভাঁচাকেই 'সঙ্গীভকারক' ও 'নিভঃানন্দচন্দ্রে যার অধিক বিখাস' বদিরা** বৰ্ণিত করিয়াছেন। ট নবহরি-চক্রবর্তীর গ্রন্থ হইতে জানা বার^৫ বে একজন বলরামদাস নিত্যানন্দেরই প্রাচীন শিশ্যবৃন্দসহ গদাধরণাসের তিরোধানতিপি-মহামহোৎসব এবং খেতুরির মহামহোৎসবে যোগদান করিবার পর জাহুবাদেবীর সহিত বুন্দাবন-পরিক্রমা শেষ করিরা গৌড়মগুলে ফিরিয়া একচক্রা পরিশ্রমণ করিরাছিলেন। এই নিত্যানন্দ-শিশ্ব বশরাম যে পূর্বোক্ত নিত্যানন্দ-শিক্ত বলরাম, তাহাতে সন্দেহ থাকে না। ক্ষেকীনন্দনের উল্লেখ হইতে ইহাও বুঝা বাইভেছে বে ভিনি সংগীতকারকও ছিলেন। স্থভরাং ভিনিই ষে পদকর্তা বিখ্যাত বলরাম**দাস চ্ইবেন,** ভাহাতেও সম্বেহ করিবার কারণ পাকে না। অবশু 'প্রেমবিলাস'-রচরিভার পক্ষে, 'নিডানন্দদাস'—এই নাম গ্রহণের পূর্বে বলরামনাস নামে কবিতা রচনা করিবার, কিংব। রামচন্ত্র-কবিরাজের শিক্স বলরাম-কবিপভির পক্ষেও এই নামে পদরচনা করিবার ক্ষীণ সম্ভাবনা থাকিতে পারে এবং হয়ত বা ঠাহারা কিছু কিছু কবিত্বশক্তির পরিচয়ও প্রদান করিয়াছিলেন। কিন্তু বলরামধালের নামে বাংলা ও ব্রজবুলি পদের বে বৃহৎ পদসংগ্রহ বহিরাছে, ভাহার অধিকাংশ যে উপরোক্ত নিভ্যানন্দ-শিষ্কের, তাহাতে সম্পেহ করিবার কোনও কারণ নাই। মুণালকান্তি ঘোষ 'গৌরপদ-তর্দিণী'র ভূমিকার বছবিধ তথ্যসহ এই কথাই বিশেষ যুক্তিসহকারে প্রমাণ করিয়াছেন। 'History of Brajabuli Literature'-গ্ৰন্থে ডা. সুকুমার সেনও একই সিদ্ধান্ত করিরাছেন। তিনি 'বলরামদানের পদাবলী' নামক গ্রন্থের ভূমিকার ('বৈক্ষব-পদাবলী ও বশরামণাস' নামক প্রবন্ধে) ইহার সহজেই জানাইয়াছেন, "ক্ষিত আছে যে ইনি নিত্যানন্দ-প্রভূর অমুমতি নিরে নিজের আবাস দোগাছিয়া গ্রামে (কুঞ্চনগরের কাছে) গোপাল-মূর্তি প্রতিষ্ঠা করেছিলেন। কেউ কেউ বলেছেন ইনি ব্রাহ্মণ ছিলেন, কারো কারো মতে ইনি ছিলেন বৈশ্ব। শেবের মতেই ঠিক বলে মনে হয়।" 'ভাবামৃতম্বল'-প্রাৰে^৩ এই বলরামকেই 'বিজ-বলরাম লোগাছিয়াবাসী' বলা হটয়াছে। এই বলরামগাস 'প্রেমবিলাস'-রচরিতা জাহ্বা-লিয় বলরাম হইলে খুব সম্ভবত নিত্যানন্দদাস নামেই ব্রিড হইতেন। নরহরির 'ভক্তিরত্বাকর' বা 'নরোভমবিলালে'র বিভিন্ন-বর্ণনা, এবং বিলেহ করিয়া বিভিন্ন, অন্তর্চান-বর্ণনা প্রসঙ্গে ভক্তবুন্দের তালিকা পাঠ করিয়া এ বিষয়ে সন্দেহ পাকে না বে গ্রন্থকার 'প্রেমবিলাসে'র সহিত বিলেবভাবেই পরিচিত ছিলেন।

⁽व) देन. म. (दर.)---पृ. ६ (व) क. स.--आकाम; अवावनक, नहह ; अआहत्व ; म. मि.--क्रं. मि. मृ. ४० ; ४म. मि., मृ. ३०९, ३२४ (व) लो. क. (म. भ.)--पृ. २०६

অভ্যন্ত আশ্চর্বের বিষর এই বে নরহরি 'প্রেমবিলালে'র নাম পর্বন্ত উচ্চার্প করেন নাই। বৈশ্বব-লীবনী প্রান্থের মধ্যে স্থানুন্দনালালের 'কর্ণানন্দ'ও একটি বিশেব উল্লেখযোগ্য প্রন্থ এবং সেই প্রন্থেও প্রন্থকার 'প্রেমবিলাগ'-রচরিও। নিভ্যানন্দলালের নাম করেকবারই উল্লেখ করিরাছেন।' কিন্তু নরহরির উপরোক্ত প্রান্থরে 'প্রেমবিলাগ' বা 'কর্ণানন্দ' কোন প্রন্থেরই উল্লেখ নাই। অখচ প্রন্থকার আরও অনেক পর্যাতিকালে লিখিও 'অহুরাগবলী'র উল্লেখ করিরাছেন। তিনি অবস্থা সেইন্থলে 'অহুরাগবলী আদি প্রন্থে'র কথা বলিরাছেন' এবং এই 'আদি' কথাটির দারা 'প্রেমবিলাগা'দির ইঞ্চিত থাকিতেও পারে। স্থতরাং 'নরোন্তমবিলাগে'র নরোন্তম-শাখা মধ্যে একজন নিভ্যানন্দলালের নাম ছাড়া আর কোষাও কোন নিভ্যানন্দলালের উল্লেখ না থাকার নরহরি-বর্ণিত বলরামদালকে নিভ্যানন্দ-শিল্প বলরাম বলিরা মনে করা যাইতে পারে। কিন্তু নিভ্যানন্দলাল সম্বন্ধে যাবতীর তথা তথ্যিত 'প্রেমবিলাল' হইতে সংগ্রহ করা ছাড়া গভান্তর থাকে না। একমাত্র 'নিভ্যানন্দপ্রভূব বংশমালা'র বলা হইরাছেই বে নিভ্যানন্দলাল বীরচন্দ্রের সহিত বন্ধ-গোড়াদি পরিভ্রমণ করিরাছিলেন।

'প্রেমবিশাস' হইতে জানা যার^১ বে গ্রন্থকার নিড্যানন্দ্রাস বীর-প্রাতা রামচন্দ্রগাসকে সঙ্গে শইরা জাহুবার সহিত কুদ্ধাবন গমন করিরাছিলেন এবং তথা হইতে প্রত্যাবর্তনের পর শ্রীধণ্ডে পৌছাইলে জাহুবা তাঁহাকে গৃহ-গমনের আজা-দান করেন। তৎপূর্বে

> এইদিৰ <mark>আজা নো</mark>রে করে ঠাকুরানী। বিবাহ না কর বাপু যোর আজা নানি।।

সম্ভবত নিত্যানন্দদাস সেই আক্রা পাসন করিরাছিলেন। কিছু বাহাইউক, জাহুবাদেবী বড়দহ চলিয়া বাইবার পরে প্রীনিবাস-জাচার্ব প্রীথণ্ডে পৌছাইলে নিত্যানন্দদাস বালক প্রীনিবাস-জাচার্বের সাক্ষাৎলাভ করিরাছিলেন। পরে শ্রীনিবাস বখন প্রথমবার কুমাবন ইইতে প্রত্যাবর্তনের পর প্রীথণ্ডে রঘুনন্দনের সহিত সাক্ষাৎ করেন তথনও শেশক রঘুনন্দনের নিকট উপস্থিত ছিলেন। গ্রন্থকারের বিবরণ ইইতে ইহাও মনে হর বে তিনি খেতুরি-উৎস্বের পরেও জাহুবার সহিত পুনরার রুম্বাবনে গমন করিরাছিলেন। কিছু গ্রন্থমধ্যে জাহুবাদেবী কিংবা শ্রীনিবাস-জাচার্বের বুম্বাবন-গমনাগমন ও সম্সামন্ত্রিক বটনাবলীর জ্বকট জ্বচ জ্যামন্ত্রস্থা উল্লেখ গ্রন্থের বন্ধব্য-বিবরকে এতই জটিল ও কণ্টকাকীর্ণ করিয়া তুলিরাছে ও বে একলিকে বেমন তাহা কোনও

⁽૧) ৩ৱ. বি., পূ. ১১৬; ৭ম. বি., পূ. ১২৬, ১২৭ (৮) জ. মৃ.—১৬২৮১-৮২ (৯) পূ. ৩০ (১০) ৭ম. বি., পূ. ৮৬; ১৪শ. বি., পূ. ১৮৭, ১৯৮; ১৬শ. বি., পূ. ২২৬-৩৫; ১৯শ. বি., পূ. ৩১৭-১৮ (১১) সঃ—শ্রীবিধান

প্রভাকদর্শীর বিবরণ বলিয়া গ্রহণ করা শক্ত হইয়া দাঁড়ার, অক্সধিকে তেমনি তাহাকে নিজানন্দদালের নামে অন্ত কোনও কবি বা লেখকের শীর মতবাদ চালাইরা দেওবার চেটা বলিয়া ধরিয়। লওরা অবোক্তিক হইরা উঠে। কেবল ইহাই মনে হর বে মুডপত্র পৃথিভালির অসতক বাবহার ও পত্রগুলির বংগচ্ছ পূন্য-সংখ্যাপন, এবং বিভিন্ন লিপিকর কর্তৃক ভাহাদিগকে পূর্ণত্ব দান করিবার নিরন্থল প্রচেটাই হরত গ্রহখানিকে একটি অন্তুত বস্তুতে পরিণত করিয়া ধাকিবে। তবে একটি বিষয় কিন্তু লাই ইইয়া উঠে বে গ্রহুকার তাহার দীক্ষাশুক আহ্বার সহিত কুনাবনাদি পরিদর্শন করিয়াছিলেন, এবং তিনি ছিলেন তৎকালীন নানাবিধ উল্লেখযোগ্য ঘটনার প্রত্যক্ষপ্রটা। গ্রহুকার আরও জানান ক্ষিণালিত মাধ্ব-আচাধের নিকট বান্ধশিক্ষা করিয়াছিলেন এবং মহাপণ্ডিত রপনারায়ণের নিকট বোগশান্ত অধ্যয়ন করিয়া বিষয়ে করি আমি তাহারে মানিল।'

গ্রহকার পুনঃ পুনঃ বোষণা করিবাছেন ওব তিনি আহ্বা-বীরচন্দ্রের আদেশে তাঁহাদিগেরই পদ-শরণ করিবা গ্রহরচনার প্রবৃত্ত হুইবাছিলেন এবং খীর অভিক্রতা ছাড়াও আহ্বা নরসিংহ প্রভৃতি ভক ও অল্লাল্ড বৈক্ষবভক্তের নিকট তিনি তাঁহার গ্রহরচনার মালমশলা সংগ্রহ করিবাছিলেন। আর একটি বিষয় বিশেষ উল্লেখযোগ্য যে গ্রহকার তাঁহার গ্রহমধ্যে বাস্ফেব-গোষ, বৃন্ধাবনদাস, লোচনদাস, কবিকর্ণপুর ও কৃষ্ণাস-কবিবাশ প্রভৃতি পুর্বস্বী-বৃন্দের বিশেষ উল্লেখ করিবাছেন। ১৪ তিনি আরও জানাইবাছেন ১৫ বে 'প্রেমবিশাস' রচনা করিবার পুরেই তিনি 'বীরচন্দ্রচরিত' রচনা করিবাছিলেন।

ম্শিদাবাদ রাধারমণ-যন্ন হইতে প্রকাশিত 'প্রেমবিলাস' গ্রন্থখনি বিংশবিলাসে সম্পূর্ণ। বিশ্ব বিশাদালাল তালুকধার বারা প্রকাশিত' গ্রন্থখনি 'সার্থ চত্বিংশ অধ্যান্তে সম্পূর্ণ।' বাব্-বশোদালালের প্রকাশিত গ্রন্থের ভূমিকার লিখিত হইরাছে যে মূল-পূথিওলির কোনটি সপ্তদশ-বিলাসের কিয়ন্থংশসহ ও কোনটি বিংশ-বিলাসের অধিকাংশসহ ও কোনটি বিংশ-বিলাসের অধিকাংশসহ ও কোনটি বিংশ-বিলাসে পর্যন্ত অধকাংশসহ ও কোনটি বিংশ-বিলাসে পর্যন্ত অধকাংশসং বিলাসে কাল্যুর্ণ ছিল। গ্রন্থার বাবিংশ-বিলাসে ও কোন কোন পূর্বি সার্ধ চত্বিংশ-বিলাসে লাল্যুর্ণ ছিল। গ্রমতাবশার রাধারমণ-হল্লে প্রকাশিত গ্রন্থখনি গ্রন্থক্রম প্রথমই ছালা হইরাছিল, বা ঐ সমরে যাত্র বিংশ-বিলাস পর্যন্ত পাওরা গিরাছিল বিলিরা বে 'প্রেমবিলাস'-গ্রন্থখনি বিংশ-বিলাসেই সম্পূর্ণ এবং সতর-, কুড়ি-, বাইস- অথবা সাড়ে-চব্বিশ-বিলাসে পূর্ণ নহে, একথা

⁽১২) প্রে. বি.—১৯ শ. বি., পৃ. ৬২০, ৩২৪, ৩৩১ (১৩) ঐ—ঝা. বি., পৃ. ২৩; ৮য়. বি., পৃ. ৮৮; ৯য়. বি., পৃ. ৯৫; ১৩শ বি., পৃ. ১৬১, ১৬৮-৩৯, ১৭২; ১৪শ বি., পৃ. ১৯৯; ১৫শ বি., পৃ. ২১৯-১৭; ১৮শ বি., পৃ. ২৭১-৭৬, ২৭৫; ১৯শ বি., পৃ. ৬০৯, ৬১৭, ৬২০, ৬২০, ৬২১, ৬৪১-৪৫; ২৬শ বি., পৃ. ২২৪ (১৪) ঐ (১৫) ঐ—১৯শ. বি., পৃ. ৬৩৬, ৬৪১-৪৪; ২৪শ. বি., পৃ. ২৫৪

ুজার করিরা বলা চলে না। 'প্রেমবিলাসে'র বিংশ-বিলাস পর্বন্ধ বীকৃতি প্রাপ্ত ছইলে পরবর্তী বিলাসগুলির অধীকৃতি অসমীচীন ও অব্যোক্তিক। শেবোক্ত বিলাসগুলির বছবিধ ওখা বিক্রবাদী কর্তু কও সৃহীত হইরা থাকে এবং এই বিলাসগুলি বছবিধ ওখা বিক্রবাদী কর্তু কও সৃহীত হইরা থাকে এবং এই বিলাসগুলি লিপিবছ করিবার প্রবোজন, ও ভংগ্রন্থ বিবরণ সম্বন্ধ বয়ং কবি বে-সমূহ কৈন্দ্রিত প্রদান করিরাছেন ভাহা, এবং ভাহার ঘটনা-বিস্তাস-রীভ্যাদি ভাষার আ-বিংশবিলাস গ্রের রীভ্যাদির সহিত সম্পূর্ণভাবে অসমজন ও । এ সংক্রে অস্তুও এইটুকু বলা চলে বে বিংশ-বিলাস পর্বন্ধ বর্ণিত সমন্ত-ঘটনাকেই বেমন বথার্থ বলিয়া গ্রহণ করা অসমীচীন, ভংপরবর্তী বিলাসগুলির বর্ণিত সমন্ত-ঘটনাকেই ভেমনি অবথার্থ বা অসভ্য বলিয়া বর্জন করাও অসংগত। এ প্রসঙ্গে দীনেশ চল্ল সেন জানাইভেছেন ও : Whether these supplementary chapters fromed a part of the original work is doubtful. But this does not altogether prove the untrustworthiness of the accounts given in them. Some of those are certainly well established historical facts. কে. সি. ঘোৰ মহাশ্র এ সক্ষেত্র বিশিবছিন ও : Inspite of being spurious in parts this book is indispensable for the history of Vaisnavism.

'প্রেমবিলাসে'র চতুবিংশবিশাস-মধ্যে 'চৈডক্তভাগবড' এবং 'চৈডক্তচরিভামৃডে'র রচনা-সমাপ্তির ভারিব প্রায়ন্ত হইয়াছে। গ্রন্থকার সেইসক্ষে আরও জানাইয়াছেন >> :

পদর শত বাইশ বধন শকাকের আসিল। কাস্ত্রন মান আসিরা উপস্থিত হৈল।। কুকা এবাংশী তিথি বনের উল্লান। পূর্বি করিল এছ শীথেমবিলান।।

ভা: পুকুমার সেন জানাইয়াছেন, ২০ "এই নিভ্যানন্দমাসের রচিত করেকটি পদ 'কৃষ্ণপদাযুতসিদ্ধু'তে পাওয়া গিয়াছে।" আধুনিক 'বৈফবদিগ্দর্শনী'র গ্রন্থকার বলিতেছেন ২০ বে নিভ্যানন্দমাস 'গৌরালাইক', 'রসকলসার', 'কৃষ্ণশীলাযুত' ও 'হাটকদনা' নামক গ্রন্থ রচনা করেন।

⁽১৬) ঐ—১৫খা বি., পৃ. ২১৬–১৭; ২৬শা বি., পৃ. ২২৪, ২৪খা বি., পৃ. ২৪২, ২৪৪, ২৫৪; স্থা.— শীবিবাস (১৭) Chaitanya and His Companions—pp. 221, 222 (১৮) L'engali Literature—p. 58 (১৯) থোন বি.—২৪শা বি., পৃ. ৬০১ (২০) বা. সা. ই. (১ম. সং.)—পৃ. ২৫০ (২১) পৃ. ৮৪

खावमान

'চৈতক্সচরিভায়তে'র নিত্যানন্দ-শাখা বর্ণনার জ্ঞানসাসের উল্লেখ আছে। 'ভজিরত্বাক্রে' শিখিত হইরাছে[>] :

> বাঢ়দেশে কাদ্রা নামেতে প্রান্ত হয়। তথা শ্রীমধন কান্যানের আলয়।

এই গ্রন্থারী সম্ভবত নিত্যানন্দের সপ্তথ্রাম-বিহারকালে 'জ্ঞানহাস নিশি দিশি নিতাইর ওণ গার।' আবার 'ভক্তিরত্বাকর' ও 'নরোন্তমবিলাস' ইইতে জানা বার' রে জ্ঞানহাস গদাধরদাসের ভিরোধানভিধি-মহামহোৎস্বে এবং ধেতৃরির মহামহোৎস্বে গোগদান করিবার পর জাহ্বা-ঠাকুরাণীর সহিত কুলাবন-গমন করিবাছিলেন। '-বংশবিস্তার-' ও '-বংশনালা'-গ্রন্থ মতে ও একবার জাহ্বামেবীর কুলাবন-বাত্রাকালে তিনি তাঁহার সদী হইরাছিলেন। গ্রন্থকার বলেন বে তিনি বীরচক্রের সহিত ঢাকা প্রভৃতি স্থানেও গমন করিবাছিলেন। 'গৌরপদত্বস্থিনী'তে উদ্ভ নরহরিদাসের একটি পদেই জ্ঞানদাস সম্বন্ধে স্বাপেক্ষা উল্লেখযোগ্য তথ্য প্রদন্ত হইরাছে। ও পদাট নিয়ে প্রসত্ত হইলাছে।

জীৰীরভূবেতে বাব কাদড়া বাঁদড়া প্রায় তথার করিলা কাবদাস।

শাসুনার বৈরাগ্যেতে ত্ত বালাকাল হৈছে।

থীকা লৈলা কাহ-বার পাপ ।

পভাপি কাদড়া আৰে আনহাস কৰি নাবে পূৰ্ণিবায় হয় বহা মেলা।

ভিনৰিৰ বহোৎসৰ আসেৰ বহান্ত সৰ হয় ভাহাৰের নীলাখেলা।

বদৰ বজল নাৰ স্থাপ স্থাপ অনুপাস আৰু এক উপাধি মনোকর।

খেতুরির মহোৎসবে আনদান গেলা করে বাবা আউল ছিল সহচর ।।

কৰিকুলে কেন বৰি চণ্ডীদাস তুলা কৰি আনহাস বিহিত তুৰনে।

যার পদ ক্ষারস হেল জন্তের থার নরহরি লাস ইচা অলে।।

⁽১) ১৪।১৮० (२) ১२।०१৪৯ (०) क. त.—১।६०১ ; ১०।०१৪, ९৪७ ; स. दि.—७ई. वि., शृ. ९৯ ; भग. वि., शृ. ১०९, ১১৮ (৪) वि. वि.—शृ. ९৯ ; वि. व.—शृ. ७० (৫) शृ. ७১७

জানদাস ছিলেন বাংলা ও ব্ৰহ্মিল ভাষার একজন প্রেষ্ট কবি। কিন্তু প্রাচীন গ্রন্থগুলি চ্ইতে তাঁহার সম্ভে এতদরিক আর কিছুই জানা বার নাই। আধুনিক গ্রন্থকার-স্প অবশ্য তাঁহার সম্ভে নানা কথা বলিয়াছেন :—

দীনেশচন্ত্র সেন মহাপর লিখিরাছেন, "বান্ধণ বংশে ১৫৩০ খুটান্তে জানদাস কর্মগ্রহণ করেন।" তিনি কোখা হইতে এই তথা সংগ্রহ করিলেন বলা বান না। আবার প্রশীল কুমার চক্রবর্তীর 'বৈক্রব সাহিত্য'-গ্রহে (পু. ৩০৪) লিখিত হইরাছে বে জানদাস 'দার পরিগ্রহ করেন নাই।' কিন্ধ 'বীরভূম বিবরণে'র মধ্যে (প্র. ৩৩) লিখিত হইরাছে, "কাদরার প্রবাদ আছে তিনি বিবাহিত ছিলেন এবং তাঁহার হুইটি পুত্র হইরাছিল।" প্রভান্থবারী জানা বার বিক্রান-গ্রামে আগত ইইচিন্তারত বীরভত্তন প্রভূব খ্যানের ব্যাঘাত স্থাষ্ট করার ঐ ছুই-পুত্রকে জকাল-মৃত্যু বরণ করিতে হর। 'জানদাসের পদাবলীর ভূমিকার হরেক্রক মুখোপাখ্যার সাহিত্যরন্ধ মহাশন জানাইতেছেন, "কান্ধরার জ্ঞানদাসের মঠ অস্ততম প্রইব্য স্থান। এই মঠে (আধড়ার) জ্ঞানদাসের পৃত্তিত শ্রীশ্রীরাধাগোবিন্দ বুগল-বিগ্রহ আজিও পুন্ধাপ্রাপ্ত হইতেছেন।"

'বৈক্ষবদিন্দর্শনী'-কার বলেন,' "বর্ধমানে··· মনোহরসাহী পরগণা মধ্যত্ব বড় কামরা বা রামজীবনপুর গ্রামে গৃহী বৈক্ষব বংশে শ্রীনিজ্যানন্দ-লাখা পদকর্ত। জানদাস জন্মগ্রহণ করেন।····ব্যসিদ্ধ মনোহরসাহী কীর্তনের স্থান্ট এই গ্রামেই হইরাছিল।"

প্রীযুক্ত থগেজনাথ মিত্র বহালর লিখিরাছেন, "কথিত আছে প্রীনিবাস আচার্য মনোহরসাহী ও রেনেট প্রের স্টিকর্তা।" হরেকুক মুখোপাধ্যার মহালমও পূর্বোক্ত ভূমিকার মধ্যে এই সম্বন্ধ লিখিরাছেন, "প্রাচীন কীর্তনীরাগণের মূবে ওনিরাছি, জ্ঞানদাস কান্দরার স্থামকিলোর পূত্র বহন, প্রিথণ্ডের প্রীরঘূনন্দন-ঠাকুর এবং মরনাভালের নৃসিংহ মিত্র ঠাকুরের সহারভার রাঢ়ের পূরাতন কীর্তন-ধারাকে খেতরীর পড়েরহাটী ধারা হইতে স্বাত্র্যাদনে মনোহরসাহী নামে প্রচলিত করিরাছিলেন।"

⁽७) वक्षणां ७ नारिका--गृ. २৮৯ (१) गृ. ३७১ (৮) गृ. २० (৯) कीर्जन--गृ. ७२

घा चवा छार्च

কাটোরার নিকট নজাপুর প্রামে বিশেশর-আচাব ও ভন্টরন্ধ-আচার্থ বাস করিতেন।
তাঁহারা কাঞ্চপ-গোত্রীর ছিলেন। তাঁহাদের বধাক্রমে 'মৈত্র গাঁই' ও 'চট্ট গাঁই' ছিল।
তাঁহাদের মধ্যে বধেষ্ট স্থ্য গাকার বিশেশর-পত্নী মহালন্দ্রী এবং ভগীরথ-পত্নী জরজুর্গার
মধ্যেও 'গাঢ়তর প্রীতি' বিশুমান ছিল। কিন্তু মহালন্দ্রী একটি পুত্রসম্ভান প্রস্নাব করিবার
অল্পকাল পরেই মৃত্যুম্থে পতিত হন। মৃত্যুকালে তিনি সেই সম্ভানটিকে জয়তুর্গার হত্তে
সমর্পণ করিরা গেলে জরতুর্গা তদবিধি তাঁহাকে শ্রীনাধ ও শ্রীপতি নামক স্বীর পুত্রবরের
সহিত পালন করিতে থাকেন। পালিত-সম্ভানের নাম রাখা হইল মাধব। কিছুকাল
পরে বিশেশরও চিরতরে কাশীবাসী হইতে চাহিয়া স্বীর পুত্রকে ভন্টরেধের হত্তে সমর্পণ

মাধব পাণ্ডিতা অর্জন করিয়া 'আচার্য'-উপাধি প্রাপ্ত হন। ভক্তিধর্মের প্রতি বিশেব অহরাগ থাকার তিনি সহক্ষেই নিত্যানন্দের প্রতি আকৃষ্ট হইরাছিলেন। নিত্যানন্দও তাহার হত্তেই স্বীয় কন্তা গঙ্গাদেবীকে সমর্পণ করেন। এই বিবাহ শইরা অবশ্য নানাবিধ অঘটন ঘটিরাছিল। প্রথমত, সন্ত্যাসীর কন্তার সহিত বিবাহ অবিধেয়। বিশেষ করিয়া ভক্তকন্তার সহিত বিবাহ তো একেবারে শান্তবিক্ষ ব্যাপার। তাছাড়াও মাধব ছিলেন বারেক্র-শ্রেণীর আন্ধা এবং নিত্যানন্দ রাট্টা-শ্রেণীভূক্ত। কিন্তু নিত্যানন্দের ইচ্ছার সমন্তই সিদ্ধ হইরা যায়। তবে ইহা শইরা গেলমর একটি বিরাট আলোড়নের স্কৃত্তি হওরার মাধব প্রথমে একাকী নক্তাপুরে গিরাই বাস করিতে থাকেন। তারপর তিনি জিরেট-বলাগড় ও কাটোরা প্রভৃতি স্থানে বাস করিতে আরম্ভ করেন। মধ্যে মধ্যে তিনি বড়াছে গিরাও পান্ধীর সহিত সাক্ষাৎ করিয়া আসিতেন। গলামেবী কিন্তু বরাবর বড়াছেই অবস্থান করিতেছিলেন। ও পরবর্তিকালে সম্ভবত মাধবাচার্য এবং গলামেবী জিরাটেই স্থায়ী বাস

^{্(}১) জ্ব-—বীরচন্ত্র (২) ২১শ. বি., পৃ.২১৬-১৪; ২৪শ. বি., পৃ. ২৫১-৫২; ১৯শ. বি., পৃ.
৩১৯-২০ (৩) খ. শি.- ও মৃ. বি.-সতে বংশী-পৌত্র রামচন্ত্রের প্রথম বড়স্ক আসমন কাল ক্ইডে আরম্ভ করিয়া ভাহার চিরচনে সেই স্থান ভ্যান করা পর্যন্ত স্লাদেশী বড়বহে বাস করিয়াছিলেন।

স্থাপন করেন। তবে 'পাটপর্যটন' ও 'পাটনির্বর' গ্রন্থভালিতে জিরাটেই মাধবাচার্য এবং গলাম্বেরী উভয়ের পাট নির্বীত হইয়াছে।⁸

মাধবাচার্ব সম্ভবত গুলাধরদাসপ্রত্য তিরোধানতিথি-মহামহোৎসবে বোগদান করিয়াছিলেন। তাহার পর তিনি আফ্বার সহিত বাজা করিয়া শেতৃরির মহামহোৎসবে একটি বিশেব অংশ গ্রহণ করেন। তৎকালে গুলাফেবী কিছু গড়গহতেই অবস্থান করিতেছিলেন। খেতৃরি-উৎসবাজে মাধবাচার্ব আফ্বার একজন প্রধান সঙ্গী-হিসাবে বাজা করিয়া তাহার সহিত কুলাবন পরিজ্ঞমণ করেন বুন্দাবন হইতে প্রত্যাবর্তনের পরেও তিনি তাহার সহিত থেতৃরি একচকা প্রভৃতি স্থান পরিজ্ঞমণ করেন। তাহার পর আহ্বা গড়গহে আসিয়া গলা বীরচক্ত প্রভৃতির সহিত মিলিত হন।

'প্রেমবিলাস'-মতে' ধেতৃরিতে উৎসব-উপলক্ষে একবার এক মহাসভার অধিবেশন বসিলে মাধবাচার্য ও গলাদেবী প্রভৃতি উপস্থিত হইরাছিলেন। এই গ্রন্থ হইতে আরও জানা বারু বে মাধবাচার্য 'গানবাজে' ববেষ্ট পারবর্ণী ছিলেন এবং বরং গ্রন্থকারও তাঁহার নিকট 'বান্তশিক্ষা' করিরাছিলেন। 'জগদীশচরিত' নামক প্রম্থে লিখিত হইরাছে ১০' বে মাধব ও গলার পুত্র গোপালবরভের সহিত জগদীশ-পতিতের কন্তার ওড় পরিণর ঘটে।

'চৈতগ্রচরিতামৃতে'র নিত্যানন্দশাধা-বর্ণনার মধ্যে বীরচন্দ্রের নামোরেধ থাকিলেও সেইবলে জাহ্বা কিংবা গলাবেবীর নাম নাই। 'ম্রলীবিলাস'-মডে^{১১} জাহ্বারেবীর তিনটি শ্রেষ্ঠ শাধার মধ্যে একটি চ্ইতেছে গলাবেবীর শাধা।

⁽a) পা. প্.—পৃ. ১১১; পা. বি. (পা. বা.)—পৃ.১; পা. বি. (ক. বি.)—পৃ. ২(৫) অ. ব্.—১)০৯৪, a.১ (৬) হো. বি.—১৯শ. বি., পৃ. ৬০৮; জ. ব্য.—১০১৭৬, ৭০১; ব. বি.—৬৯বি., পৃ. ৭৮; ৮ব. বি. পৃ. ১০৬, ১১৪ (৭) হো. বি.—১৯শ. বি., পৃ. ৬১৯; জ. ব্য.—১০।৭৪৬; ১১।১১১, ১৪২, ৪০০; ব. বি.—৮ব. বি., পৃ. ১১৮; ৯ব. বি., পৃ. ১৬০-৩৬, ১৪৬-১৪৪ (৮) ১৯শ. বি., পৃ. ৬৬৭ (৯)-ই—পৃ. ৩১৯-১৫ (১০) পৃ. ৪৫ (১১) পৃ. ৪২২

यूगा व-रेम्छवामान

সূরারি-চৈতন্তাদাস সহজে 'চৈতন্তভাগবতে' বলা হইরাছে ² :

গার ভাড়াইরা বাধ বনের ভিতরে ।।

কথনে চড়েন সেই ব্যারের উপরে ।---
বহা অবগর সর্গ লই নিব কোলে ।

নির্ভন্নে চৈতন্তদাস থাকে কুড়বনে ।।

নিত্যানন্দশাখা-বৰ্ণনা-পরিচ্ছেদে 'চৈতন্তচরিতামৃতে'ও বলা হইয়াছে :

নুরারি চৈতভগানের অলোকিক নীলা। ব্যাত্র গালে চড় মাহে সর্গ সবে থেলা ঃ

বৃন্ধাবনদাস নিজানন্দশিক্ত-বর্ণনা প্রাস্থাক অন্তর এই কথারই পুনরার্ত্তি করিরাছেন^২ জ্বানন্দের গ্রন্থে^৩ নিজানন্দ-শিক্তবৃন্দের সহিত তাঁহার নাম পাওরা দার এবং জানা যার যে তিনি সম্ভবত নিজানন্দের বিবাহাস্কানে যোগদান করিরাছিলেন। গ্রন্থকার বলেন যে তাঁহার সহিত রাদ্বের মন্তবিরোধ ছিল:

সুয়ারি চৈভক্তধানের রাখব সবে খব ।

'প্রেমবিলাসা'দি-গ্রন্থ হইতে জানা বার⁸ বে ম্বারি-চৈড্জাদাস নিত্যানন্দ-শিশ্ববৃদ্ধ সহ খেতৃরি-মহামহোৎসবে বোগদান করিরাছিলেন। নরহরি-চক্রবর্তী বলেন[®] বে তিনি তৎপূর্বে দাস-গদাধরের তিরোধানতিথি-মহামহোৎসবেও উপস্থিত হইরাছিলেন এবং খেতুরি-উৎস্বান্থে তিনি জাহ্বাদেবীর সহিত বুদাবন-গমন ও তথা হইতে খেতুরিতে প্রত্যাবর্তন করিবার পর পুনরায় তাঁহারই সহিত একচকা শ্রমণ করেন।

সীতাচরিত- ও 'সীতাগুণকদর'-গ্রন্থে একজন মুরারি-চৈতন্তরাসের সাক্ষাং পাওরা যার। গোরাল-আবির্ভাব ও চৈতন্ত-ভিরোভাব, এই উভর কালেই তাঁহাকে সীতালেবীর পার্যচর-হিসাবে দেখিতে পাওরা বার এবং তাহার পরেও অকৈত-ভিরোভাবের পূর্বে তাঁহাকে সীতাবৈতের সহিত তাঁহাদের একজন বিশেষ ভক্তরূপে উপস্থিত দেখা বার। আবার 'অকৈতমঙ্গলে'র গ্রন্থকারও অবৈতপ্রভুর একজন শ্রেষ্ঠভক্ত হিসাবে 'মুরারি'র নাম উল্লেখ

^{. (}১) ৬/০, পৃ. ৬০৮ (२) ঐ—০/০, পৃ. ৩১৬; বৈ. ব. (বৃ.)—পৃ. ৫ (৩) বি. ব., পৃ. ১৪৪; উ. ব.,
পৃ. ১৬৮, ৫১; জূ.—জ. ব্য.—১২/৬৭০৪ (৪) জে. বি.—১৯৭. বি., পৃ. ৬০৮; জ. ব্য.—১০/৬৭৪;
না. বি.,৬৯. বি.—পৃ. ৭৯; ৮ব. বি., পৃ. ১০৭ (৫) জ. ব্য.—১/৬৯৭; ১০/৭৪৬; ১১/৪০১; ম. বি.—
১৪. বি., পৃ. ১১৮ (৬) সী. হে.—পৃ. ৭, ১১, ১৮; সী. ক্য.—পৃ. ৬৪, ৯২

করিরাছেন । উপরোক্ত গ্রহমরে ম্রান্ধি-চৈতগুলাস ব্যতিরেকে বিতীয় ম্রারির অভিছ না থাকার সহক্ষেই বৃবিতে পারা যায় বে তিন-খানি গ্রন্থেই উদিই ম্রানি একই ব্যক্তি। 'চৈতগুচরিতাম্তে'র অবৈতশাখা-বর্ধনার একজন ম্রানি-পণ্ডিতকে পাওরা যার এবং গ্রন্থকার বলেন' বে ম্রারি-পণ্ডিত চৈতগু-ধর্শনাখাঁ হইরা একবার নীলাচলে গিরাছিলেন। তাঁহার সহিত ম্রানি-পণ্ডিত উপন্থিত থাকার তাঁহাকে বৈশু-ম্রানি 'বলিরা ধরিয়া লইবার মৃক্তি থাকে না। 'চৈতগুভাগরতে' দৃষ্ট হর? বে গোরাজের গরা হইতে প্রভাবর্তনের পর ম্রানি প্রভৃতি ভক্ত তথাজার ওলারন-গৃহে তাঁহার সহিত মিলিত হইরাছিলেন। এই ম্রানি-পণ্ডিত বে অবৈতশাখা-বর্ণিত ম্রানি-পণ্ডিত এবং অবৈতপ্রভূর একজন প্রাচীন-পিল্প তাহাতে সন্দেহ করিবার কারণ নাই। 'ভক্তিবল্লাকরে'র বর্ণনা অস্থারী ২০ ম্রানি-চৈতগুলালের যত ইনিও গলাধরদাসপ্রস্তুর তিরোধানতিথি-মহামহোৎস্বে ব্যোগদান করিরাছিলেন।

লক্ষ্য করা বাইতে পারে বে কোনও প্রাচীন গ্রন্থেই অবৈতলিয়া হিসাবে ম্রারিচৈডক্রদাসের নাম দৃষ্ট হর না। অথচ প্রামানিক গ্রন্থগুলি হইতে জানা বাইতেছে বে
অবৈতলির ম্রারি-পণ্ডিত প্রসিদ্ধি লাভ করিরাছিলেন। ইহা হইতে অতই মনে আলে
বে পরবর্তিকালে দিখিত 'সীভাচরির' ও 'সীভাভনক্তর' নামক গ্রন্থরের গ্রন্থনারই হরত
অবৈত-নিয়া ম্রারি-পণ্ডিতকে নিজানন্দ-নিয়া ম্রারি-চৈডক্রদাসের সহিত এক
করিরা কেলিয়া ম্রারি-চৈডক্রদাসকেই সীভা ও অবৈতের ভক্ত হিসাবে বর্ণনা
করিয়া থাকিবেন। কিংবা, 'চৈডক্রভাসবতে'র নিয়োভ্ত অংশটুকু হইতেও এই সম্বন্ধে
হরত কিছু সংকেত পুঁজিয়া পাওয়া বাইতে পারে। গ্রন্থার নিজানন্দ-নিয়া ম্রারি১চডক্রদাসের ব্যার-সর্প বন্ধকর্থ-শক্তির উরেধের পর বলিভেছেন ও :

বান বাভানেও কৃষ্ণ পাইনে নিকিত।।
বান বাভানেও কৃষ্ণ পাইনে নিকিত।।
বান বাভানেও কৃষ্ণ পাইনে নিকিত।।
বানে কেনো বোলার 'চৈতভান' বান।
বানেও না বোলে নীটেভভানানান।।
বানেও না বোলে নীটভভানানান।।
বানিভালি বানানে বীকৃষ্টভভান।
বান ভালি বানানে বানেত বভা বভা।।
বানার বানানে বানেওর বে চৈভভানি।
বানার বানানে বানেওর বে চৈভভানি।।
বান্রে বানানে বানেওর বা কিবা বোনে।।
বান্রে বানানে বানেওর বা কিবা বোনে।।
বান্রে ইন্য বানেওর বা নিকা কেনা বানে।।

সেহো হার বোলার চৈতভগান নান।
সে পালী কেবলে বার অকৈতের হান।
এ পালীরে অকৈতের লোক বলে বে।
অকৈতের হলর না কালে কড়ু সে।।
,রাজনের নাম বেন কহে 'প্রাজন'।
এই নত এ ন্য চৈতভগান্যণ।।

বর্ণনাট মুরারি-পণ্ডিভের নামের সহিত আরম্ভ হওয়ার ইহা প্রণিধানবোগ্য হইয়া উঠে। গৌরাকের 'চৈতক্ত'-নাম গ্রহণের পরেই মুরারি-পণ্ডিভের পক্ষে 'চৈতক্তধাস'-নাম গ্রহণ করা। সম্ভব হইতে পারে। 'বংশীশিক্ষা'-গ্রহে একজন ঠাকুর-মুরারির নাম উদ্ধেষিত হইয়াছে > ২ : শ্রীপাট শরের শ্রীঠাকুর মুরারিরে।

'গৌরপদতর্দিনী'তে 'পদকর্ত্গণের পরিচর'-প্রদান প্রসাদ স্থালকান্তি বোক লিখিতেছেন, "বর্ধ মান জেলার গলনা রেল টেশন হইতে এক ক্রোশ প্রে সর-বৃন্দাবন-পুর গ্রামে মুরারি-চৈতভালালের জন্ম। নবদীপধামের অন্তর্গত ঘাউগাছিগ্রামে আসিরা ই হার নাম শার্দ (শার্দ) মুরারি-চৈতভালাস হইরাছিল। ইহার বংশীরগণ এখনও সরের পাটে বাস করেন।" আধুনিক 'বৈক্বাহিন্দর্শনী'তে সম্ভবত এই মুরারিরই মন্তর্গহন্দ সম্বন্ধ একটি মন্তার গার লিপিব্রু হইরাছে।

⁽১২) পৃ. ১৯৫; বৈ. বি.-থতে (পৃ. ৮৯) কাশীবর-পভিত বীর অরল ব্যারেরের পূরে ও বীরু ম্মাপিক বুরারি-পভিতের উপর বিরহ-দেবার ভারার্প। করিবা পের জীবনে বুলাবনে গবন করেব (১৩) বৈ. বি.—পৃ. ৪৪; পজাইর জভ ক্ষেত্রণ-জীবনীর পার্যাঞ্চারেরা।

वैविवात्र-वामार्थ

বোড়শ শতাবীর প্রথম ভাগে গশাতীরত্ব চাধনি গ্রামে গশাধর-ভট্টাচার্ব নামে রাটার ঘটেশরী কুলজাত এক ব্রাহ্মণ বাস করিতেন। গলাধর বাজিগ্রামত্ব বলরাম-বিপ্রের কন্তা লক্ষীপ্রিরার পাশিপ্রহণ করেন। ২ কিছু ব্রাহ্মণ-দশতী অপুত্রক ছিলেন।

গোরাকপ্রত্ বধন কটকনগরে কেশব-ভারতীর নিবট দীক্ষাগ্রহণ করেন তধন গলাধর দৈবাৎ সেইস্থানে উপস্থিত ছিলেন। গোরাকের সন্নাসগ্রহণ অমুষ্ঠান দেখিরা তিনি অত্যন্ত বিচলিত হন এবং তাঁহার 'চৈডল্ল' নামও তাঁহাকে বিচলিত করে। তিনি তথন 'চৈড্লে' নাম উচ্চারণ করিতে করিতে ক্লিপ্রপ্রায় অবস্থার গৃহে ক্লিরিলে তাঁহার এই অবস্থা দেখিরা প্রতিবেশী-মৃদ্দের কেহ কেহ তাঁহার স্ভন নামকরণ করিলেন 'চৈডল্লাদাস'। তদবধি তিনি 'চৈডল্ল' নামেই অভিহিত হন।

ক্রমে চৈত্রদাস প্রকৃতিশ্ব হইলেন এবং তাঁহার পুত্র-কামনা জন্মাইল ৷ তথন ডিনি পত্নীর সহিত আলোচনা করিব। তুই চারি দিবস খণ্ডরালবে অভিবাহিত করিবার পর নীলাচলের পথে বাহিত হইলেন। পথে একদিন তিনি খপ্লে চৈতস্তকে জগরাথের সহিত অভিন্ন দেখিরা অস্থির হন। তারপর ক্রমে তাঁহারা নীলাচলে পৌছাইলে বিগ্রহ-দর্শনার্থী মহাপ্রভুর সহিত সিংহ্ছারেই তাঁহাদের দেখা হইরা বার। চৈতগ্রদাস মহাপ্রভুর চরণে পতিত হইলে তিনি চৈতক্তদাসকে চিনিতে পারিয়া আলিকন দান করেন এবং বাহাতে তাঁহার নির্বিষ্ণে জগরাধ-ধর্শন ঘটে জজ্জ ভূতা-গোবিন্দকে নির্দেশ ধান করিলেন। চৈড্যু-দাস্ তখন স্বপ্নদৃষ্ট মৃতির খ্যানে বিভোর ছিলেন। জগরাখ দর্শন করিতে গিয়া একই দুত্ত প্রত্যক্ষ করিলেন। তাঁহার বিগ্রহ-দর্শন হইরা গেলে মহাপ্রভূ তাঁহাকে গৌড়ে চলিরা ৰাইবার আক্রা প্রদান করিয়া কাশী-মিশ্রের সৃষ্টে চলিয়া গেলেন। চৈতন্তাদাস বিশ্রামার্থ বাসায় গিয়া উঠিলেন : কিন্তু মহাপ্রভূর পার্বস্কৃত্ব মহাপ্রভূর ঐ প্রকার আচরণ ও আডি-সত্বর গৌড়-গমনের আজ্ঞা-প্রদানে একটু সংশয়ান্বিত হইলেন। এই সমর মহাপ্রভু তাঁহার পার্যচর গোবিন্দকে বলিলেন বে উক্ত ভক্তিমান বিপ্রাপ্র-কামনা করিয়া আসিয়াছেন, ডিনি একটি ভণসম্পন্ন পুত্রসম্ভান পাভ করিলে তাঁহার নাম রাখা হইবে শ্রীনিবাস, গোবিন্দ বেন সেই রাশ্বণের বদেশ-প্রত্যাবর্তনের সুব্যবস্থা করিয়া দেন। চৈতক্তমাসের পক্ষে মহাপ্রাভূকে ছাড়িয়া বাইতে কট্ট হওয়ায় একদিন গোবিন্য

⁽১) কর্ণপূর-কবিরাজন্বত গুণলেশক্ষক; বং বিং—১খং বিং, পৃ. ১৭ (২) জ.রং—২।৬৮ (৬) জ. ম.—২।৬৭

তাহাকে ভাকিরা আনিলে মহাপ্রভু বুরাইরা বলিলেন বে স্বগরাধের স্বপাবলে তিনি একটি স্বপুত্র লাভ করিবেন, তিনি বেন গোড়ে কিরিরা নাম-সংকীর্তন করিতে থাকেন। চৈতন্তথাস পত্নীসহ স্বদেশে প্রত্যাবর্তন করিলেন।

গোড়ে ফিরিয়া তাঁহারা প্রথমেই বলরামের পূহে এবং তারপর চাধন্দিতে স্বগৃহে শৌছাইলেন। তথন হইতেই কুক্ষকৰা ও নাম-সংকীৰ্তনই তাহাদের প্রধান কর্তব্য হইরা দাড়াইল। 'ভক্তিরত্বাকর'-প্রবেতা এইরপ বর্ণনার পর জানাইতেছেন বে 'কডদিনে শন্মীপ্রিয়া হৈল গর্ভবতী।'⁸ কি**ন্ধ মহাপ্রভূর সন্ন্যাসগ্রহণের কডদিন পরে চৈড্**ন্তদাস নীলাচলে পিরাছিলেন তাহাও যেমন সঠিকভাবে বলা হর নাই, এইস্থলে তাঁহাছের নীলাচল হইতে প্রভাগত হইবার কডদিন পরে বে লম্মীপ্রিয়া গর্ভবতী হইরাছিলেন তাহাও তেমন সঠিকভাবে উল্লেখিত হয় নাই। 'প্ৰেমবিলাস'-গ্ৰন্থে কিন্ধ শ্ৰীনিবাসের জন্ম সহন্ধে ভিন্ন বর্ণনা দেওয়া হইরাছে। সেই গল অমুধারী, একদিন নীলাচলপতি অগলাধ মহাপ্রাভুকে খপ্তে বলিলেন বে চৈডক্তদাস ও তৎপত্নী বলরাম-ছহিতা লন্ধীপ্রিদ্ধা পূর্বে প্ত্র-কামনা করিয়া নীলাচলে আসিলে তিনি চৈডস্তদাসকে পুত্র-বর প্রদান করিয়াছেন, এক্ষণে চৈডস্ত বেন তাঁহাকে প্রেমদান করেন ৷ মহাপ্রাভূ যখন কাশী-মিশ্রের নিকট সংবাদ শইরা জানিশেন বে চৈতন্ত্ৰদাস বহুপূৰ্বেই কাদিতে কাদিতে দেলে ফিরিয়া গিয়াছেন, তখন ডিনি ডাঁছাকে উক্ত ব্রাক্ষণের সম্বন্ধে সন্ধান লইতে নির্দেশ দিলেন। এই সময় জগদানন্দের মারক্ত অবৈত-প্রেরিড ভর্জা পাঠ করিয়া মহাপ্রভু ব্যাধিগ্রন্ত হইলে স্বগন্নাথ তাঁহাকে পুনরায় সেই প্রেমদানের নির্দেশ দেন। কিন্তু মহাপ্রভু এদিকে সমূত্রকে প্রেমদান করিবাছিলেন। সমূদ্র ধারণাশক্ত হইয়া পৃথিবীকে ভাহা অর্পণ করিলে পৃথিবীও কাঁপিতে থাকেন এবং নীলাচলে প্রবল ভূমিকম্প দেব। দের। মহাপ্রভু পৃথিবীকে ভাকিরা চৈডক্সদাস ও লন্ধীপ্রেরার সন্ধান করিতে বলিলেন। তিনদিন পরে পৃথিবী জানাইলেন যে চৈডক্তদাস পুত্রার্থে পুরশ্চরণ আরম্ভ করিরাছেন। তথন মহাপ্রভুর আজ্ঞার পৃথিবী সেই প্রেম্ডার লইরা লক্ষীপ্রিরার মধ্যে রাখিয়া আসিলেন। ইন্ডিপূর্বে মহাপ্রভু নীলাচলে জীনিবাসের আবির্ভাব সম্বন্ধ যোষণা করিবাছিলেন। এখন চৈতগুদাস সাতবার পুরশ্চরণ শেব করিলে ভিনি লন্মাপ্রিয়াকে স্বপ্নে স্পর্শ করিয়া তাঁহার পুত্র-সম্ভাবনার কথা জানাইলেন। চেডনা-লাভ করিলে লন্ধীপ্রিয়া স্বামীকে সমস্ত কথা বলিলেন এবং উভয়ে নাম-সংকীর্তনাছির মধ্য দিরা দিন বাপন করিতে লাগিলেন। করেকজন গ্রামবাসীর উপরও তাঁহাদের প্রভাব পঞ্জিয়ছিল। কিছ ভাহাতে একজন হুয়াচার-আছৰ জমিহারের নিকট জানাইলেন বে - চৈডক্তথাসের প্রভাবে প্রাম হইডে শিব-ছুর্গার নাম একপ্রকার উঠিরাই গিরাছে। অমিদার

⁽s) বাচৰচ (d) চল বি., পৃ. ৬-১৯ ; জু.—জী. জ.—পৃ. ১-৮

ত্র্গালাস-রার ক্রুব্ধ হইরা চৈতস্তবাসের পূহে আসিলেন। কিন্তু তিনি চৈতস্তবাসের পর্য আতিপেরতার মৃথ্য হইরা তাঁহার পূহেই নৈশ-ভোজন করিরা শরন করিলে চৈতস্তবাসের গৃহাজনে হঠাৎ-আবিজ্ ত গৌরবর্ণ তুই শিশুর অপরণ নৃত্য কেখিরা মৃট্টিত হন। পর পর তিনি সমস্ত বৃথিয়া অহতপ্ত চিত্তে 'রাধারুক্ত'-মন্ত গ্রহণের জন্ত অন্থির হইলে ব্রাহ্মণ-ক্লপতী তাঁহাকে সান্ধনালান করেন। ক্রমে স্প্রান্ধ ক্লিন অতিবাহিত হইবার পরে বৈশাধী পূর্ণিয়া তিখিতে শিশু ভূমিষ্ঠ হন।

'প্রেমবিলাদে'র এই বর্ণনার অবিশান্ত অংশগুলি বাদ দিলে, ইহা হইতে জানা বার বে জগদানন্দ কর্তৃক অবৈত-প্রান্থত তর্জা লইবা নীলাচলে বাইবার পরে কোনও সময়ে শ্রীনিবাস জন্মগ্রহণ করেন। পরবর্তী আলোচনার দেখা বাইবে যে মহাপ্রান্তর তিরোভাষকালে শ্রীনিবাস নীলাচলের পথে বাহির হইরাছিলেন। তাহা হইলে মহাপ্রভুর নীলাচল-বাসের দ্বিতীরার্ধের প্রথমদিকে কোনও সমরে শ্রীনিবাসের জন্মকাল নির্দেশিত করিতে হর। তাহার জন্মকাল সহজে এতদতিরিক্ত আর কিছুই বলিতে পারা বার না। 'ভক্তির্ত্বাকরে' কেবল বলা হইয়াছে বে বৈশাধী-পূর্ণিমার রোহিণী-সক্ষয়ে শ্রীনিবাস জন্মলাত করেন।

শ্রীনিবাস ক্ষাগ্রহণ করিলে ব্রাক্ষণ-প্রাক্ষণী তাঁহাকে চৈতজ্ঞের নামেই উৎসর্গীকৃত করিয়া তাহার জীবন-গঠনে প্রবৃত্ত হইলেন। ক্রমে নামকরণ, অরপ্রাশন, চূড়াকরণ ও উপনয়ন-সংকারাদি সম্পন্ন হয় এবং শ্রীনিবাস তাহার শুক্ত ধনপ্রদ-বিভানিবাস বা ধনপ্রম-বিভাবাচস্পতির নিকট

অৱহিনে ব্যক্তৰ কোৰ অপকোত্ৰ।

ভৰ্কাৰি পাড়ল-লোকে হৈন চৰংকার **।**

গৃহে কৃষ্ণনাম ও চৈতক্ত-শুণগান চলিত এবং মহাপ্রত্ব পার্বদ্ গোবিন্দ-যোবাদি ভক্ত আসিয়া প্রীনিধাসের সহিত সাক্ষাং করিতেন। বভাবতই শ্রীনিধাস চৈতক্তামুরাগী হইলেন। এই সময় একদিন নরহরি-সরকার-ঠাকুরও ধাজিগ্রামের পথে গলালান করিতে গোলে মাতৃশালরে আগত শ্রীনিধাসের সহিত তাহার সাক্ষাং ও পরিচর ঘটে। খলে শ্রীনিধাসের শীবনে এক বিপুল পরিবর্তন সাধিত হইল। তাহার 'চৈতক্তবিরহ-ব্যাধি বিশ্বণ বাডিবা' গেল।

শ্রীনিবাস চাধন্দিতে কিরিলে চৈতন্তহাস তাঁহাকে গোরাদের বাল্যশীলা সহছে নানাকথা তনাইলেন। যহাপ্রত্ব বাল্যশীলাকালে তিনিও অধ্যৱনরত ছিলেন; গোরাদের সন্মাস-গ্রহণের কিছু পূর্বে তাঁহার অধ্যাপক একবার আমন্ত্রিত হইরা রামকেলিতে গমন করিলে তিনি তৎসহ তথার গিরা রূপ-সনাতনের বর্ণনলাভ করিরাছিলেন; রূপ ও সনাতন পরে সর্বত্যাস্থ

⁽৩) ধ্বে. বি.---ভার. বি., পু. ২৫ (৭) জ. হ.---২।১৮৬ (৮) ধ্বে. বি.-- ভর্ম. বি., পু. ২৮

হইরা বৃন্দাবনে গিরা গোবিন্দ, মদনগোপাল ও বৃন্দাদেবী প্রভৃতির বিগ্রন্থ প্রতিষ্ঠা করিয়াছেন এবং কালীখর, পরমানন্দ-ভট্টাচার্থ ও মধু-পণ্ডিত প্রভৃতি ভক্ত বিভিন্ন বিগ্রহের সেবার নিবৃক্ত হইরাছেন; চৈডগুলাস শ্রীনিবাসকে যাতার রক্ষণাবেক্ষণে বোগা দেবিরা তাঁহাকে যাতার সহিত বাজিগ্রামে রাখিরা বৃন্দাবনে চলিরা যাইবার বাসনাও প্রকাশ করিরাছিলেন। ই কিন্তু খদেশেই কর-রোগে আক্রান্ত হইরা তিনি পরলোগকত হন। ইত

পিতার মৃত্যুর অল্পকাল পরে তাঁহার উপাসনা-দিবস আসিবারও পূর্বে শ্রীনিবাস মাতাসহ মাতামহালরে উঠিয়া আসিলেন। নরহরির সহিত প্রথম-দর্শনেই তিনি তাঁহার চরণে আধাসমর্পণ করিয়াছিলেন। এখন ধাজিগ্রামে আসার পর তাঁহার পক্ষে সরকার-ঠাক্রের সহিত সংবোগ স্থাপন করার স্থবিধা হইল। একদিন তিনি শ্রীখণ্ডে হাজির হইলেন এবং রযুনন্দন-ঠাকুর তাঁহাকে নরহরির নিকট লইরা গেলে নরহরি তাঁহাকে হরিনাম-মহামন্ত গ্রহণ করিয়া সেই শ্বানেই খাস করিবার জন্ত নির্দেশ দান করিলেন। ১৯ কিছ শ্রীনিবাস দ্বির করিতে পারিলেন না, 'কার স্থানে হরিনাম করিব গ্রহণ'। কিছুদিন পরে তিনি নীলাচলক্ষ গদাধর-পত্তিতের নিকট গিয়া ভাগবতপাঠের জন্ত উদ্গ্রাব হইলো নরহরি তাঁহাকে পত্র ও লোকসহ নীলাচলে পাঠাইরা দিলেন। ১২ কিশোর-শ্রীনিবাস মাত্সমীপে বিদার গ্রহণ করিয়া যাত্রা আরম্ভ করিলেন। ১৩

'কর্ণানন্দ'-গ্রন্থে ই লিখিত হইরাছে নে শ্রীনিবাস পথিমধ্যে মহাপ্রান্থ ডিরোভাব-বার্তা শুনিয়া মুছিত হইলে মহাপ্রান্থ তাঁহাকে বপ্নে দর্শন দিয়া বুলাবনে বাইবার আক্রাপ্রদান করেন এবং শ্রীনিবাস তদমুষায়ী মধুরায় গিয়াই সনাতন ও ক্লপের সভ্যোমৃত্যুর সংবাদ প্রাপ্ত হন। 'অনুরাগবল্লী'-রচয়িতা মনোহরদাস এবং তৎপরবর্তী লেখক নরহরি-চক্রবর্তী অতিরিক্ত অন্তান্ত তথা পরিবেশন করিলেও 'কর্ণানন্দে'র বর্ণনাগুলিকে স্বীকৃতি দান করিয়াছেন। ই অথচ 'কর্ণানন্দে'র পূর্বে লিখিত 'প্রেমবিলাসে'র মধ্যে শ্রীনিবাসের নীলাচলপথে মহাপ্রান্ত্র অপ্রকট-বার্তা শ্রবণের কোন উল্লেখ নাই। ইহাতে তথাটির সত্যতা সম্বন্ধে হয়ত সন্দেহ আসিতে পারে। তবে মহাপ্রন্থর তিরোভাবের পরবর্তী কালেই রে শ্রীনিবাস নীলাচলে যান, গ্রন্থের বর্ণনা হইতে তাহাতে সন্দেহ থাকে না। কিছ

⁽৯) জ. র.—২।৩২৮-৫৯ (১০) জে: বি.—৪র্থ. বি., পৃ. ২৯; ভ. র.—৩।১৮; অবোরনার্থ চটোপাধ্যার বহাশর জানাইতেহেন (জীনিবাস জাচার্থ চরিত, পৃ. ৩০) বে তবন জীনিবাস বোড়শ ধ্র্বরক। ইনি বলেন (পৃ. ৩২), "বোধহর ১৪৫৪ শকাকে জীনিবাস রাভ্যেরী সমভিব্যাহারে বাজিলানে নাভাবহ-তবনে বাস করিতে কৃতসংকর হইলেন।" (১১) জে. বি.—৪র্থ. বি., পৃ. ৬২ (১২) উ—পৃ. ৬৪ (১৬) জ. র.—লাচ৯-৫১ (১৪) ৬৯. বি., পৃ. ১০৮-৯ (১৫) ২য়. য়., পৃ. ৮, ১৭; জ. র.—১)৮৫৬; লাভ৪; ৪।১৯৭-৯৮; ৮।৩৬২; ব. বি.—১ব. বি., পৃ. ১৭; ২য়. বি., পৃ. ২৪

'ভব্তিরত্বাকর'-প্রণেতঃ শ্রীনিবাস-শিক্ত নৃসিংহ-কবিরান্দের রচিত পশু উদ্ভ করিয়া উক্ত সংবাদকে দৃঢ়ভিত্তি করিয়াছেন। ১৬

গত বিপ্রবোদ্ধর কৃত্যতিঃ বাজীবিধাসঃ এতে।
তৈতল্পা কৃপাস্থেশন স্থাক্ষ্ বা তিরোধানতাব্।

আবার গ্রন্থকার তাঁহার 'নরোভ্যবিলাস'-গ্রন্থ^{১৭} শ্রীনিবাস-শিক্স কর্নপূর-কবিরাজ-কৃত 'শ্রীনিবাসের গুণলেশস্থচক' হইতেও উদ্ধৃতি আহরণ করিয়া এই তথ্যের সত্যতাকে প্রমাণ করিয়াছেন।

গদ্ধ্ শ্ৰীপুৰবোদ্ধাং পৰি শ্ৰুটাক্তভগ্যজোপনং
মূহীকুর কচান্ লুনন্ বপিরসো বাভং বধান্তি ভং।
তংশাদং ক্ষি সরিধার গভবারীলাচনং বং বরং
সোহরং যে করণানিধিবিক্ততে শ্রীশ্রীনিবাসং গ্রন্থ । ১১ ॥

শ্রীনিবাস নীলাচলে গিয়া বিগ্রহদর্শনের পর গদাধর, সার্বভৌষ, রামাননা, ব্রেশের, পরমানন্দ-পূরী, লিগি-মাহিভি ও তাঁহার ভরী মাধবী, কানাই-খুটিরা, বাণীনাথ-পট্টনারক, গোবিন্দ, গংকর, গোপীনাথ-আচার্য প্রভৃতি চৈতন্ত-পার্যবৃদ্দের সহিত সাক্ষাৎ করিলেন। তারপর নীলাচল-শ্রমণান্তে তিনি ভাগবতপাঠের নিমিন্ত গদাধর-পঞ্চিতের নিকট পেশে পণ্ডিত-গোসামী পূব বন্ধসহকারে তাঁহাকে ভাগবত পড়াইতে লাগিলেন। কিন্তু পূরাতন পুথিখানি অত্যন্ত জীর্ণ হইরা গিয়াছিল। ১৮ 'প্রেমবিলাস'-কার বলেন, তথন গদাধর শ্রীনিবাসকে পুনরার গৌজে বাইবার নির্দেশ দিয়া বলিলেন ১৯ :

আমার লিখন বিহ নরহরি হাতে। নবীন পৃথক এক দেন ভোমার নাবে॥

'ভজিরত্বাকরে' এই নবীন পুত্তক আনিবার নির্দেশের কথা লিখিত না হইলেও এই এন্থের বর্ণনার দেখা বার যে শ্রীনিবাস গোড়ে সিরা শ্রীখণ্ডে নরহরির সহিত সাঞ্চাৎ করিরাই রাজি প্রভাত হইলে পুনরার নীলাচলে কিরিতেহেন। গলাধরের উক্ত-প্রকার নির্দেশ না থাকিলে শ্রীখণ্ড হইতে পুনরার এত শ্রীম নীলাচল-সমনের প্রয়োজন হইত না। কিছ শ্রীনিবাসকে আর নীলাচল পর্বন্ধ বাইতে হয় নাই। বাজপুরে পৌছাইরা তিনি পাওত-গোঁসাইর অপ্রকট-সংবাদ প্রাপ্ত হইলেন। ভর্মন্তম্ব করিলেন।

গলাধর-পণ্ডিত শ্রীনিবাসকে বৃন্দাবনে গিয়া গোস্থামী-বৃন্দের নিকট ভাগবতপার্চের নির্দেশ দান করিয়াছিলেন। ^{২০} কিন্তু ইচ্ছা থাকিশেও তথন কিলোর-বাসকের গক্ষে

(১৬) ভাবদ (১৭) ১ম. বি., পৃ. ১৭ (১৮) খা. ম.—৽য়. ম., পৃ. ৯ ; খা. য়.—ভাবৰঙ (১৯) প্রো. বি.
—৽বঁ. বি., পৃ. ৩৫ ; জূ.—ভঙ. বি., পৃ. ৬৪ (২০) খা. ম.—২য়. ম., পৃ. ১০ ; খা. য়.—ভাবৰঙ ; প্রো.বি.
—৽বঁ. বি., পৃ. ৩৫, ৩৯–৪০

থকাকী বিপদসংকূল দ্র-পথ অতিক্রম করা একপ্রকার অসম্ভব ছিল। তৎপূর্বে তিনি
মহাপ্রভুর স্বস্থানাদি দর্শন করিবার স্বস্তু যাত্রা করিলেন। নবদীপে
গিয়া ২০ তিনি প্রথমে বংশীবদন ২০ এবং তাহার পর বিফুপ্রিয়ার সাক্ষাৎপ্রাপ্ত হন।
ক্রমে মুরারি শ্রীবাসাদিও তাঁহাকে আশীর্বাদ করেন। 'অমুরাগবদ্ধী'র প্রস্থকার সংবাদ
দিতেছেন ২০ বে গদাধর-পণ্ডিত শ্রীনিবাস মারকত বদ্ধু-সদাধরদাসের নিকট একটি তর্জা
প্রেরণ করিয়াছিলেন। কিছু গোড়-শ্রমণকালে শ্রীনিবাস সেই কথা বিশ্বত হইয়াছিলেন।
নবদীপে গদাধরদাসকে দেখিয়া বধন তাহা তাঁহার মনে পড়িল, তখন গদাধর-পণ্ডিত
পরলোকগত। স্কুতরাং গদাধরদাস সেই কথা তুনিয়া শ্রীনিবাসের প্রতি অত্যক্ত
করিয়া তাঁহাকে আশীর্বাদ করিলেন। 'অমুরাগবদ্ধী'র এই সংবাদ অল্য কোনও গ্রন্থকার
কর্তুক সমর্থিত হয় না। শ্রীনিবাসের বিতীয়বার নীলাচল-গমনের কোন উল্লেখও এই
প্রাছেনেই। 'অমুরাগবদ্ধী'-মতে শ্রীনিবাস নীলাচলে গিয়া তথার 'করেক বংসর' অভিবাহিত
করিয়াছিলেন।
বি

'প্রেমবিলান'-অপ্নবারী শ্রীনিবাস সম্ভবত নবদীপেও করেক-বংসর অতিবাহিত করিয়াছিলেন। ^{২৫} কিন্ধ নীলাচলবাসের মত তাঁহার নবদীপবাসের কাল সম্ভে কোনও সঠিক সংবাদ সংগ্রহ করা একান্তই চুক্রহ। তবে সমস্ত গ্রহ হইতেই জানা বার বে শ্রীনিবাস নবদীপ হইতে লান্তিপুরে গিরা সীতাদেবীর নিকট এবং তাহার পরে পড়দহে বস্তু-জাহ্নবার নিকট আশীর্বাদ গ্রহণ করেন। অবৈত-নিত্যানন্দ তবন লোকান্তরিত হয়াছেন। শ্রীনিবাস পড়দহে গমন করিলে বারচক্রের সহিত তাহার বিলেব প্রাতি-সম্বদ্ধ স্থাপিত হয়। পড়সহ হইতে গিরা তিনি ধানাকুলে অভিরামের সহিত সাক্ষাৎ করিলে অভিরামও তাঁহাকে নানাভাবে পরীক্ষা করিয়া তাঁহার বিলেব শক্তির পরিচর প্রাপ্ত হন এবং তিনবার বেত্রাশান্ত করিয়া তাঁহার মধ্যে শক্তি সঞ্চার করিয়া দেন। ২৬ তারপর তিনি অভিরাম ও তৎপত্নী মালিনীর নিকট আশীর্বাদ গ্রহণ করিয়া পুনরার শ্রীধতে আসিয়া তাঁহার অধ্যান্ত্রসাধনার প্রথম ও প্রধান ওক্ত নরহারির সহিত সাক্ষাৎ করিলেন। নরহারি এবং রখুনন্দন তথন তাঁহাকে কুন্ধাবন-গমনের অন্তম্বতি দান করিলে তিনি বান্ধিগ্রামে

⁽२১) "ध्यविज्ञादम्य वर्गनाञ्चमाद्व ३००० चटक सैनियाम वरवीण असन करतन ; ज्ञ्छवाः अरे नयव छोराव वदास्य व्यविक ७० वरमव ।"—सैनियाम व्यागार्यगविक (णू. ४०) (२२) (स्थ.वि.—३६. वि., मृ. ७१ ; व. वि.—गू.১৮१ ; क. त.—६।२० (२७) २व. व., णू. ३०-३७ (२०) २व. व., णू. ३०-३७ (२०) २व. व., णू. ३० (२०) ३६. वि., णू. ६० (२०) वायराम-व्यक्तियाद्यव वीयमीटक अरे मद्दव विकृष विवत्त्र व्यक्त रहेवाद्य ।

মাতাকে প্রণতি জানাইয়া কুন্থাবনাভিমুখে ধাবিত হইলেন। শ্রীনিবাসের জীবনের দিতীয় পর্ব আরম্ভ হইল।

বিভিন্ন প্রটবা স্থান পরিদর্শন করিয়া শ্রীনিবাস কান্দীতে পৌছাইলেন। চপ্রশেষর-বৈষ্ণের গৃহে তথন তাঁহার এক শিক্ত বাস করিতেছিলেন। নীলাচল নববীপ শান্তিপুর বড়হহ প্রভৃতি স্থানে, হবন বেখানে গিরাছেন, সেখান হইতেই শ্রীনিবাস গোরাদ্ধ-চৈতগুলীলার বছ তথা অবগত হইয়াছেন। চন্ত্রশেখর-শিক্তের নিকটও তিনি সেইভাবে নানা পূর্ব-বৃত্তান্ত অবগত হইয়া প্রয়ার অবোধ্যাদি ধর্শন করিবার পর মধ্রার পৌছাইলেন। মধ্রার পৌছাইরা, কিংবা তৎপূর্বেই, তিনি কান্দীশ্বর রঘুনাধ-ভট্ট সনাতন ও রূপ-গোস্থামীর সূত্য সংবাদ পাইলেন। ^{২ ৭} তিনি অধীর হইলেন এবং তাঁহার ভাগবতপাঠাদির সকল অভিলাবই বেন বার্থ মনে হইতে লাগিল। তারপর এক মাথুর ব্রাহ্মণের সাহাব্যে প্রাক্তিত্ব হইলে তিনি খীরে বৃন্ধাবনে গিয়া হান্দির হইলেন।

তথন সন্ধা সমাগত। গোবিন্ধ-মন্দিরে আরতি আরম্ভ হহরাছে। অবসরস্থার প্রীনিবাস জনসমাবেশের মধ্যদিরা কোনজ্মপে অগ্রসর হইরা মন্দিরে প্রবেশ করিলেন। সেদিন ছিল বৈশাধী পূর্ণিমা। ২৮ বিপূল সমারোহে গোবিন্ধ-মন্দিরে পূজারতি চলিতেছিল। শ্রীনিবাস ধীরে ধীরে গিরা ভিড়ের একদিকে নাড়াইরা বিগ্রহ হর্ণন করিতে লাগিলেন। তাঁহার জন্ম-জনান্ধরের বাসনা খেন চরিভার্থ হইরা গেল। আরতি শেব হইল। কিছ তিনি বিহুলেভাবে জগমোহনের একাজে পড়িরা রহিলেন। কানাকানিতে কথাটা জীব-গোলামীর নিকট গোঁহাইলে তিনি আসিরা শ্রীনিবাসকে উঠাইলেন এবং তাঁহার পরিচয় গ্রহণ করিয়া তাঁহাকে 'বর্ত্ব-সংলাধনে আগ্যারিত করিলেন। গোবিন্দের অধিকারী শ্রীকৃষ্ণ-পতিতের সহিত্ত সেই স্থানেই শ্রীনিবাসের পরিচয় হইরা গেল। শ্রীকৃষ্ণ-পতিতের সহিত্ত সেই স্থানেই শ্রীনিবাসের পরিচয় হইরা গেল। শ্রীকৃষ্ণ-পতিত তাঁহাকে মহাপ্রসাধ সেবন করাইরা তাঁহার রাভি দ্ব করিশে জীব তাঁহাকে সঙ্গে লইরা গিরা বাসা-ব্যবহা করিয়া ধিলেন।

পরদিন প্রভাতে জীব-গোলামী শ্রীনিবাসকে লইবা রাধাদাযোদরের চরণে সমর্পণ করিলেন। তারপর তিনি তাঁহাকে রূপ-গোলামীর সমাধি বর্ণন করাইরা গোপাল-ভট্ট-গোলামীর নিকট লইবা গোলে গোপাল-ভট্ট শ্রীনিবাসের ইচ্ছার ও জীবের মধ্যস্থতার তাঁহাকে দীক্ষাদান করিবার জন্ম সম্বত হইলেন। বিতীয়া তিথিতে দীক্ষার দিন খির হইলে জীব শ্রীনিবাসকে রাধারমণ বর্ণন এবং লোকনাথ ও জুগর্ভের সহিত গাক্ষাৎ করাইরা তাঁহাকে, গোপানাথ-মন্দিরে পর্মানক্ষ ও মধু-পণ্ডিতের সহিত এবং মদনমোহন-মন্দিরে কুক্লাস-ব্রহ্মচারী

প্রস্তৃতির সহিত আলাপ করাইরা দেন। সেই ছলে সনাতন-গোলামীর সমাধিও দর্শন করা হবৈদ। পরদিন বধাসমরে রাধারমণ-মন্দিরে শ্রীনিবাসের দীক্ষাগ্রহণ হইরা গোলে জীব তাহাকে রাধার্ত্তে পাঠাইরা দিলেন। তিনি তথার গিলা রহুনাখলাস-গোলামী এবং রাঘব-কৃষণাসাধির সহিতও পরিচিত হইরা আসিলেন।

ইহার পর জীবের তন্তাবধানে শ্রীনিবাসের শান্তসাধনা আরম্ভ হইল। 'অহবাগবরী'মতে তিনি 'করেক বংসরে গ্রন্থ সমন্ত পড়িল'। ই গোন্থামী-গ্রন্থসমূহ পাঠ করিয়া আরম্ভ
করিতে অবশ্র বংসরের পর বংসর লাগিরা বাইতে পারে। শ্রীনিবাস বে কডিরিনে এবং
কি পরিমানে ঐ সমন্ত গ্রন্থ আরম্ভ করিরাছিলেন, ভাহা সঠিক করিয়া বলিবার উপায় নাই।
কিন্তু তিনি কুলাবনেই গ্রাহার প্রতিভাও প্রাকৃত জানের স্কুলাই ছাপ রাধিতে পারিহাছিলেন। একদিন জীব-গোন্থামী 'উজ্জলনীলম্পি'র একটি 'উদীপন বিভাবের পত্ত
বিচার' করিতেছিলেন। ক্লোকটি এইরপ:

সৰি বোপিতো দিশত্ৰঃ শঙ পত্ৰাব্দেশ বো বন্ধারি। গৌংবং কণ্যভিতঃ ভূতো বন্ধবগুৰুতি ।

শীব এই 'ম্লোকের ভাবব্যাখ্যা' করিতে অসমর্থ হইলে শ্রীনিবাস বেভাবে ভাহার ব্যাখ্যা করিপেন, ভাহা শুনিরা সকলেই চমংকৃত হইলেন। এইরুপ তীক্ষ-প্রতিভা প্রভাক্ষ করিরা শীব-গোস্বামী তথন সর্বসমক্ষে শ্রীনিবাসকে 'আচার্য'-উপাধিতে ভূষিত করিলেন। ত

এই সমন্ত একদিন শ্রীনিবাস লোকনাখ-গোবামীর সহিত সাক্ষাৎ করিতে গেলে তথার লোকনাখ-লিয় নরোজমের সহিত তাঁহার ধনিষ্ঠ সংবোপ ছালিত হয়। নরোজম বে শ্রীনিবাসের বৃন্ধাবনগমনের পরবর্তী কোনও সমন্তে কুন্ধাবনে গিরাছিলেন, ভাহাতে সন্দেহ নাই। তি 'প্রেমবিলাস' এবং 'অহরাগবরী'র ঘটনাবিদ্যাস অহবারী তাহাই প্রতীরমান হয়। নরহরি-চক্রবর্তীও একই কথা বলিবাছেন। তবে তাঁহার 'ভক্তিরতাকর' ও 'নরোজম-বিলাসে' লিখিত হইবাছে বে নরোজমের বৃন্ধাবনগমন ঘটে শ্রীনিবাসের 'আচার্য'-উলাধি প্রাপ্তিরও পরে। তি কিছ্ক 'প্রেমবিলাস' ও 'অহ্বরাগবরী'র বিবরণ অহ্বয়ারী এইরপ সিদ্ধান্ত সংগত মনে হয় না। তাহা হইতে কেবল এইটুকু বলা চলে বে 'আচার্য'-উলাধি প্রাপ্তির নিকটবর্তী কোনও সমরে উভরের সাক্ষাৎ ঘটিলে তাঁহারা এক অবিক্ষেয়া সংগ্রে বৃক্ত হর্যা পড়েন।

কিছুদিন পরে শীব-গোস্বামীর নির্দেশে শ্রীনিবাস ও নরোক্তম রাধ্ব-গোস্বামীর সহিত

⁽২৯) ৪ব. ব., পৃ. ২৪; জু--ব্রে. বি.—১২শ. বি., পৃ. ১৩৭ (৩০) প্রে. বি.—১২শ. বি., পৃ., ১৬৮-৪০; জ. ব.—৪।০০৬-৪০২; জু--জ. ব.—৪ব. ম., পৃ. ২৪-২৫ (৩১) পু. (জ. বি.)--পৃ. ৫; জু. (ব. সা. গ.) পৃ. ১০৪ (৩২) জ. ব.—৪।৪১১; ব. বি.—২ছ. বি., পৃ. ২৬

মপ্রা-বৃন্দাবন পরিক্রমা করিয়া কিরিলে জীব প্রীনিবাসকে বৈক্রবর্ধর প্রচারের বোগ্য উন্তর্গাধিকারী বিবেচনা করিয়া তাঁহার ও নরোন্তমের মারকত গোস্থামী-রচিত ভক্তিগ্রহাদি গোড়ে প্রেরণ করিছে মনস্থ করিলেন। 'অন্তর্গাগবলী'-মতে' জীব প্রীনিবাসের প্রতিভাগে দেখিরা বিশ্বিত হইলে তাঁহাকে 'আচার্য' উপাধি প্রদান করিবার সংকল্প করিয়া রাখিয়া-ছিলেন। এখন গোড়ে গোস্থামী-গ্রন্থ প্রচারের অধিকার প্রদান সম্পর্কে পূর্ব-সিদ্ধান্ত মত একটি সভার আরোজন করিয়া বন্ধ চাহর প্রভৃতি হিয়া আন্তর্গানিকভাবে প্রীনিবাসকে 'আচার্য' উপাধিতে ভৃবিত করা হইল। 'প্রেমবিলাস'-কার বলিভেছেন্তর বে এই সময় জীব-গোস্থামী নরোন্তমকে ভাকিরা বলিলেন:

শুন নরোন্তন ভোষার কহি এক কথা এই প্রানানক ছিলা বোর ছানে এবা । ইয়ারেড লৈয়া বাই কুক-কবারকে। নিজনেলে পাঠাইবা লোক দিয়া সক্ষে ।

এই বলিয়া তিনি শ্যামানন্দকে নরোজ্যের হল্তে সমর্পণ করিয়া তাঁহকে নানাবিধ উপদেশ প্রদান করিলেন এবং শ্যামানন্দও শ্রীনিবাস-নরোজ্যের সঙ্গে গৌড়াডিমুখে যাত্রা করিলেন।

আশ্বর্ধের বিষয় এই বে 'অনুয়াগবল্লী'তে শ্রীনিবাসাদির এই গ্রেড়গমন-প্রসঞ্চে শ্যামান্র নাম পর্বন্ধ উল্লেখিত হয় নাই। এই গ্রন্থারাই শ্রীনিবাস বিতীরবার বৃন্ধাবনে আসিলে সেই সমরেই জীব শ্যামানন্দকে শ্রীনিবাসের সহিত গোড়ে পাঠাইয়া দেন। আবার সমগ্র 'কর্ণানন্দ'-গ্রন্থের কোথাও শ্যামানন্দের নাম নাই। অবশ্য 'ভক্তিরত্মাকরে'র লেখক 'প্রেমবিলাস' এব 'অনুয়াগবল্লী' এই উভয়-গ্রন্থের যথো সামল্লক্ষবিধান করিয়া জানাইলছেন বে শ্রীনিবাসের ছইবার বৃন্ধাবন-গমনকালেই শ্যামানন্দও ছইবার বৃন্ধাবনগমন করিয়াছিলেন। কিন্ধু পূর্বে কিছু ছিয় না করিয়া অল্লছিনের ব্যবধানে একই সঙ্গে ছইজনের ছইবার বৃন্ধাবনগমনের মধ্যে বে আকৃষ্মিকতা রহিয়াছে তাহাতে 'ভক্তি-রড়াকরে'র বর্ণনা অবিশ্বাস্য হইয়া উঠে। কারণ অন্ত ছইটি গ্রন্থের কোনিতেই শ্যামানন্দ ছইবার বৃন্ধাবন হইডে গৌড়ে আসিয়াছিলেন কিনা, কিংবা, একবার আসিয়া লাকিলে তাহা কোন্বার, তাহা কলা কঠিন হইয়া পড়ে। কিন্ধু শ্রীনিবাসের কৃন্ধাবন-সম্পর্কিত ঘটনাবলীয় বর্ণনার 'প্রেমবিলাসে'র মধ্যে যথেই অসামলক্ষ রহিয়াছে। 'ভক্তিরত্মাকরে'র ঘটনা-বর্ণনার মধ্যে অবশ্য একটি সময়ক্রম গল্ফা করা বার, এবং সেইজন্ত ই গ্রন্থবিত

⁽৩৩) ৪ব. ম., পৃ. ২৫ ; ৫ম. ম., পৃ. ৩২-৩৩ (cs) ১২খ. বি., পৃ. ১৪৫ (৩৫) ৩\$. ম., পৃ. ৪০

ষ্টনাঞ্চির মধ্যে মোটাম্টি একটি সামল্লক্ত রক্ষিত হইয়াছে। সেই হিসাবে এই স্থানিও 'ভক্তিরত্বাকর'-প্রান্ত ষ্টনাগুলিকে গ্রহণ করিতে হয়।

ষাহাহউক, শ্রীনিবাসাদির বাজার আধ্যেশন সম্পন্ন হইলে জীব-গোশ্বামী তাঁহাদিগকে লইরা গোবিন্দ-মন্দিরের দিকে ধাবিত হইলে পথিমধ্যে কিন্দ-হরিরাসাচার্য জাঁহার ছুই পুর শ্রিনাস এবং গোকুলানন্দকে প্রোড়ে নিয়া দীক্ষাদান করিবার জন্ম শ্রীনিবাসের নিকট অন্তর্মের জানাইলেন। তাও আবার বম্নাতারে আনিয়া শ্রীনিবাস রজবাসী ভক্ত-কানারা এবং তাঁহার যাতার আনীবাঁদ গ্রহণ করিলেন। তারপর তাঁহারা ভূগর্জ ও ও গোপাল-ভট্টের সহিত সাক্ষাৎ করেন এবং 'কর্নানন্দ'-কার জানাইতেছেন্ত্রত্ব বৈ গোপাল-ভট্ট খ্র-রন্দিত 'গোরের কৌপীন বহির্বাস' শ্রীনিবাসের মন্তকে বাঁধিরা দিরা প্রকার্যাকরে তাঁহাকেই তাঁহার যোগা উদ্ভরাধিনারী নির্বাচিত করেন। ক্রমে তাঁহারা লোকনাখ-গোশ্বামীর নিকট পৌছাইলে তিনিও তাঁহার শিশ্ব নরোভ্যকে শ্রীনিবাসের হতেই সমর্পণ করেন। পরদিন প্রভাতেই গোবিন্দ-মন্দির হউতে বাজা আরম্ভ হইল। গ্রহপূর্ণ সম্পূর্ণ করেন। পরিদিন প্রভাতেই গোবিন্দ-মন্দির হউতে বাজা আরম্ভ হইল। গ্রহপূর্ণ সম্পূর্ণ করেন করিবার জন্ম ভূইটি গাড়ী, চারিটি বলিষ্ঠ বলর এবং বন্দান মাহ্বকে পূর্ব হইতেই প্রক্রত করিবা রাখা হইরাছিল। তা শ্রীনিবাস গ্রহরাজিসহত সেই হোট্ট বলাটকে সংক্রত করিবা রাখা হইরাছিল। তা শ্রীনিবাস গ্রহরাজিসহত সেই হোট্ট বলাটকে সংক্রত বিদার দিরা জিরিলেন। গ্রহ সহিত বৃন্দাবন-গোলামীদিগের প্রোণভরা আনীবাদ লইরা শ্রীনিবাস-নরোভ্যর গোড়াভিন্দ্রেথ বাজা শ্রুক করিলেন।

কিছ শ্রীনিবাসাদি পঞ্চুট পার হইরা গোড়-সীমান্তে বনবিকুপুরের রাজা হাষীরের রাজামধ্যে গোপালপুর গ্রামে আসিরা রাত্রি বাপন করিতে পাকিলে উক্ত গ্রাহরাজি কর্মা কর্তৃক অপক্রত হর। এই বটনাতে বৈক্তব-ভক্তবুন্দের বাধার বেন বক্সাবাত পড়িল। প্রভাতে উঠিরা শ্রীনিবাস নরোত্তমাদি ভক্তবুন্দকে নানাভাবে বুঝাইর। ক্ষেশে প্রেরণ করিলেন।

(৩৬) জ. ব্ল.—৬)৩২৬ (৩৫০) (৩৭) ৬৪. বি., পৃ. ১১৩ (৩৮) প্রে. বি.—১২শ- বি., পৃ. ১৯৫ ; জ. ব্ল.—৬)৩১৭, ৫১৭–২১ (৩৯) শ্রীবিবাস কর্তৃত্ব সৌড়ে প্রচারিত প্রস্থানি সবজে প্রকর্মান কর্মিশ প্রস্থে (১ব. বি., পৃ. ৬) লিখিত ক্ষাছে:

> त्त्रीकृत्यत्य तक अब् देकता अक्टेन ॥ वैक्रित लोक्तिकृष्ठ रक अब्देश । श्रुप्तक अकारिता लोकारी स्नाफन ॥ वैक्रित्रास्त्रिक सहा करिता अकार । स्रम्भक के बाद स्त्राक्तात ॥ वैक्रीर लोक्तिकृष्ठ रक अब्देश ॥ करियां अब्देश देकां स्तरह ॥

কিন্ত কুমাবনের গোস্বামী-বৃন্ধ তাঁহারই ভন্তাবধানে বে অমূল্য সম্পদশুলি প্রেরণ করিয়াছিলেন, সেইশুলিকে ছাড়িয়া যাওয়া তাঁহার দারা সম্ভব হইল না। তিনি ক্ষিপ্রপ্রায় হইয়া এখানে ওবানে খুরিয়া বেড়াইতে লাগিলেন।

কিছুদিন পরে একদিন তিনি এক ব্যক্তির নিকট সন্ধান পাইলেন⁸⁰ বে বিষ্ণুর্বে 'রাজস্থানে' গেলে গ্রন্থরাজির পুন্প্রাপ্তি বাটবে। শ্রীনিবাস বিষ্ণুর অভিমুদে অগ্রসর হইরা দেউলি-গ্রামন্থ কুফবর্গত-চক্রবর্তী নামক এক ব্যক্তির আশ্রাম্ব সাসিরা তাঁহার নিকটক সন্ধান পাইলেন বে গ্রন্থপূর্ণ সিন্দুকগুলি রাজা-হান্থীরের নিয়োজিত কুম্যুদল কর্তৃক পৃষ্টিত হইরা রাজসূহে রক্ষিত হইরাছে। তবন তিনি কুফবর্গতের সহারতার একদিন রাজসভার ভাগবতপাঠ তনিতে গিরা রাজপণ্ডিত ব্যাস-চক্রবর্তীকে লাগ্রালোচনার পরাভূত করিলে রাজা-হান্থীর ও ব্যাস-চক্রবর্তী উভরেই তাঁহার অসামান্ত প্রতিভার পরিচর পাইরা তাঁহার চরণে আত্মসন্ধর্শন করিলেন। এইভাবে শ্রীনিবাস গ্রন্থপ্রাহির সহিত একরে রাজা-হান্ধীর এবং তাঁহার পরিবারকর্য ও রাজসভান্থ সকলের হান্ধ জর করিরা বিষ্ণুর্ব মধ্যে বিপূল সন্ধান লাভ করিলেন। তাঁ সমগ্র বিষ্ণুব্র বৈক্রবর্গরের বক্সাম প্লাবিত হইল এবং রাজান্থরোধে শ্রীনিবাসকে বেল কিছুকাল বিষ্ণুব্র অবন্থান করিতে হইল। কিছু শেবে তিনি তাঁহার বিধবা অসহারা মাতার সহিত সাক্ষাৎ করিবার জন্ম উন্ত্রীব হইলে রাজা ও রাণী তাঁহাকে বিশ্বার রান করিলেন। ব্যাস ও কুফবরত তাঁহার অস্থামী হইলেন।

শ্রীনিবাস বাজিগ্রামে গিরা মাতার সহিত সংক্ষাৎ করিলেন। কিন্তু বধন তিনি সংবাধপাইলেন যে বিষ্ণুপ্রিরামাতার তিরোভাব বটিরাছে এবং নরহরি-ঠাকুর ও গদাধরদাসকোনওরপে বাঁচিরা আছেন মাত্র তবন তিনি শ্রীবড়ে গিরা রঘুনন্দনের সহারতার তাঁহার
আদি-শুক্ত নরহরির সহিত সাক্ষাৎ করিলেন। নানাবিধ আলোচনার পর নরহরি
শ্রীনিবাসকে তাঁহার পরমা-বৈক্ষণী মাতার ইচ্ছা পূর্ণার্ছে দারপরিগ্রহ করার অক্সতি এ
প্রধান করিলেন। শ্রীনিবাস প্রধমে আপত্তি জানাইলেও লেব পর্বন্ধ সম্পতি লান করিবাকাটকনগরে চলিরা গেলেন। সেইছানে গদাধরদাসপ্রভাব সহিত সাক্ষাৎ করিরা তিনিপূর্বার বাজিগ্রামে আসিলে করেকহিনের মধ্যেই নীলাচল-প্রত্যোগত নরোন্ধ্য-ঠাকুর
আসিরা তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। নরোন্ধ্য পেতুরিতে চলিরা গেলে অক্সকাল
মধ্যেই বাজিগ্রামবাসী সোপাল-চক্রবর্তীর কল্পা শ্রোক্ষম পেতুরিতে চলিরা গেলে অক্সকাল
মধ্যেই বাজিগ্রামবাসী সোপাল-চক্রবর্তীর কল্পা শ্রোক্ষম সহিত শ্রীনবাসের সাত্রিরোগেরও পরে।
মাতৃবিরোগের পর শ্রীনিবাস মহোৎসবের আরেজন করিলে তত্বপূলকে শ্রীধণ্ডাগত রঘুনন্দন

⁽३०) छ, इ.—१।>>७ (३>) तावा-हाबीरवत जीवनीरक अवागश्त्रन, अस्थाखि असः नगतिवास्य प्राचा ७ ध्यक्तविरंत्रत रेक्क्वर्य-अस्ताहि नवस्य विख्य विश्वत ध्यक्त स्टेशस्य ।

সুলোচন প্রভৃতি ভক্ত তাঁহার বিবাহের প্রস্তাব করিরাছিলেন।^{৪২} রঘুনন্দন সেই 'গ্রামের ভূমিক' বিপ্র-গোপালদাসকে কন্তা সম্প্রদানের অনুরোধ জ্ঞাপন করিলে গোপালদাস খীর স্রাতা বৃন্দাবনের স্বীকৃতি গ্রহণ করেন এবং শ্রীনিবাস-আচার্বের সহিত গোপাল-ভনমার বিবাহ ষটে। কিন্ধ 'প্রেমবিশাসে'র এই সময়কার বিবরণগুলি এতই বিশৃংখলবিয়াক্ত যে অস্ত গ্রাম্বের সমর্থন ব্যতিরেকে, কিংবা, অক্সগ্রন্থবর্ণিত ঘটনার সহিত ইহার বর্ণনাকে বিশেষভাবে পরীক্ষা না করিয়া ঘটনাগুলির কালামুক্রমকে খ্যাহ্থভাবে গ্রহণ করা চলে না। আশুর্যের বিষয়, 'প্রেমবিলাস'-কার একস্থানেই শ্রীনিবাসের দুইটি বিবাহের বর্ণনা লিপিবছ করিয়াছেন। তিনি শ্রীনিধাস সক্ষে পুটিনাট নানা-বিষয়ের উল্লেখ করিলেও ভাষার ছুইটি বিবাহের মধাবভিকালের কার্যাবলীর পরিচয় প্রদান করেন নাই; কিংবা অস্তর্জ তাহা করিলেও তাহা যে ঐ অন্তর্বর্তিকালেরই কার্যাবলী ভাহা বুঝিবার প্র্যোগ দেন নাই। 'ভক্তিরত্বাকরে'র পূর্ব-বর্ণনা অপুষামী জানা বার বে শ্রীনিবাসের বিবাহতালে তাঁহার পত্নী জৌপদীর নাম পরিবর্তন করিয়া উশ্বরী রাখা হইরাছিল। শ্রামদাস বা শ্রামানন্দ এবং রামচক্র বা রামচরণ নামে ফ্রৌপদীর ছুই ভ্রাভা ছিলেন।^{৪৩} শ্রীনিবাসের বিবাহ হইয়া গেলে ভাঁহারাও পিতা এবং ভরীর সহিত শ্রীনিবাসের নিকট দীক্ষাগ্রহণ করেন।^{৪৪} 'নরোত্তমবিলাস'-গ্রাছে^{৪৫} একজন রাশ্চরণ-চক্রবর্তীর নাম পাওরা যার, তিনি নরোন্তমের শিল্পান্থশিল। স্মৃত্যাং তিনি শ্রীনিবাসের কনিষ্ঠ-ক্যালক^{৪৬} হইতেই পারেন না। কাঞ্চনগড়িরা হ**ই**তে গণসহ শ্রীনিবাদ-আচার্বের বেতুরি গমনকাল^{৪৭} ছাড়া শ্রীনিবাসের **স্থালকম্বে**র সাক্ষাৎ আর शिंध्या यात्र ना ।

গৃহস্থাশ্রম-গ্রহণের পর শ্রীনিবাস গোরামী-গ্রন্থাহির অধ্যাপনার আপনাকে নিরোজিত করিলের। ৪৮ এই সমর বিজ-হরিদাগাচার্বের পূত্র গোকুলানন্দ ও শ্রীদাস তাহার নিকট দীক্ষাগ্রহণ করিতে চাহিলে প্রথমে বিভাভ্যাস করিবার উপদেশ দিরা তিনি তাহাদিগকেও শিক্ষা দিতে লাগিলেন। আর একদিন রামচক্র-সেন বিবাহাক্তে দোলার চড়িরা বাজিগ্রাম-প্রথম প্রতাহিক করিতেছিলেন। শ্রীনিবাস লোকমুখে তাঁহার ব্যাভি ও প্রতিপত্তির কর্বা ভনিরা তাহাকে বৈক্ষবধর্মাবলম্বী করিতে ইচ্ছুক হইলেন। পরস্পরের সহিত সাক্ষাৎ বটিলে উভরের মধ্যে শান্ত-সরম্বীর নানাবির আলোচনার পর রামচক্র শ্রীনিবাসের বারা প্রভাবিত হইরা তাঁহার নিকট মন্ত্রদীক্ষা গ্রহণ করিলেন। এইভাবে রামচক্রের মত একজন

⁽৪২) ধ্যে বি.—১৭শ বি., পৃ. ২৪৭-৪৮ (৪৩) ধ্যে বি.—১৭শ বি., পৃ. ২৪৮ ; ২০শ বি., পৃ. ৬৪৯ ; কর্ম--৬৬ বি., পৃ. ১২০ ; জ. র.—৮।৪৯৯ ; সৌ. জ.—পৃ. ৬২১ (৪৪) জ. র.—৮।৪৯৭-৫০১ (৪৫) ১২শ বি., পৃ. ১৯৭ (৪৬) কর্ম--৬৬ বি., পৃ. ১২০ (৪৭) জ. র.—১০।১৪১ (৪৮) ঐ—৮।৫০৬

যথার্থ জানী, প্রতিভাবান ও প্রভাবশালী ব্যক্তির সহিত বৃক্ত হওরার শ্রীনিবাসের খ্যাতি দৃচ্ভিত্তির উপর স্থাপিত হইল। ৪৯

'প্রেমবিশাস'-কার বলেন বে রামচন্দ্রের দীক্ষাগ্রহণের কিছুকাল পরে তাঁহার বাব্দিগ্রাম-বাসকালেই তাঁহার জ্রাভা গোবিষ্ণও শ্রীনিবাসকর্তৃক দীক্ষিত হন। কিন্তু শ্রীনিবাদের তুইবার বুন্দাবনগমন বর্ণনার ও তৎসম্পর্কিত করেকটি বটনাবিস্তালে 'প্রেম-বিলাদে'র মধ্যে বথেষ্ট শ্রম-প্রমাদ পরিলক্ষিত হয়। চতুর্দ শবিলাদের প্রারক্তে^{৫ ©} লিখিত হইরাছে বে শ্রীনিবাস বৃন্ধাবন হইতে কিরিলে শ্রীখণ্ডে রঘুনদান-ঠাকুর তাঁহাকে নরহরি-সরকার-ঠাকুরের মৃত্যুবার্ভা প্রদান করেন। স্বরং লেখক তথন সেইস্থলে উপস্থিত। ছিলেন। অধ্য এই বৰ্ণনার বহু পরে বোড়শবিলালের শেবভালে^{৫১} আসিরা লেখক জানাইতেছেন বে জাহ্বা-ঠাকুরাণী অক্তাক্ত ভক্তবৃন্দ এবং লেখক সহিত বুন্দাবন হইতে কিরিয়া শ্রীধণ্ডে নরহরির সহিত সাক্ষাৎ করিলেন এবং শ্রীনিবাস নামে কোন বালক থাকিয়া থাকিলে তাঁহাকে বুন্দাবনে পাঠাইবার শশু ডিনি সরকার-ঠাকুরকে নির্দেশ দান করিলেন। তারপর আছবা চলিরা গেলে লেখক সেইস্থানে অবস্থান করিতে লাগিলেন এবং অচিরে চাথনি হইতে শ্রীনিবাস আসিলে তিনি সেই সর্বপ্রথথ শ্রীনিবাস নামক পুরুষ-রতন'কে 'নরনে দেখিলেন'। আবার গ্রন্থের পঞ্চম ও বর্চ বিলাসকরের একেবারে প্রথমের বর্ণনা হইতেও স্পষ্টই প্রভীরমান হয় বে শ্রীনিবাস তাঁহার প্রথমবার বৃন্দাবনগমনের পূর্বে খড়দহে গিরাই জাহ্নবার সহিত সাক্ষাৎ করিরাছিদেন। স্থতরাং ৫ম., ৬ৡ., ১৪ল. ও ১৬ল. বিশাসে বর্ণিভ শ্রীনিবাসের বৃন্দাবনগমন ও প্রভাবর্তন ঘটনা বে তাঁহার প্রথমবারেরই বৃন্দাবনগমন ও প্রভ্যাবভূম ৰটনা, ভাহাতে সন্দেহ খাকেনা এবং ভংপুর্বেই বে জাহ্ন-ঠাকুরাণী বৃন্দাবন হইতে প্রভ্যাবর্ডন করিয়াছেন ভাহাও প্রমাণিত হয়। অথচ আশ্রেরে বিষয় এই বে লেখক কোখাও ঘটনার পুনরাবৃত্তি করিভেছেন বলিয়া বৃত্তিবার উপায় নাই। প্রতি-ক্ষেত্রেই অগ্রপশ্চাৎ অস্তান্ত ঘটনার মধ্যে এই বর্ণনাগুলির এমনভাবে ধোজনা করা হইয়াছে বে বিভিন্নকালে অনুষ্ঠিত ঘটনাগুলির সহিত উক্ত গমন-প্রত্যাবর্তন ঘটনাকে বিভিন্ন সময়ের পুৰকভাবে গখনও প্রত্যাবর্তন বলিয়া ধারণা জন্মে। চতুদ'দবিলাসের র্ণনার শ্বহ্ম লেখন্কের উপস্থিতি হইছে সরিহিত বর্ণনার ঘটনাগুলিকে শ্রীনিবাসের প্রথমবার বুন্দাবন হইতে প্রত্যাবর্তনের সহিত বুক্ত বনিরা মনে হর। অর্থাৎ শ্রীনিবাসের প্রথমবার প্রভাবের্ডনের সুবেই বে নরহরি-সরকার-ঠাকুর শোকাস্তরিত হইরাছেন এবং রামচন্দ্র-সেন ও তাহার লাভা গোবিন্দ কুমারনগর হইতে তেলিয়াব্ধরিতে উঠিয়া গিয়াছেন, ভাহাই সম্ভব

⁽³⁾ क्रिनियोग कर्जु क ब्रोमठटलाइ दीका-अहपादि विषय बानठल-कवित्रास्त्रत कीरनी गर्या विस्तर-कार्य कार्याठिक क्रेब्राइ : (4-) शृ.১৮५-৮৮ (4) शृ. २७४

মনে হয়। এইবারেই বে গোবিনাও শ্রীনিবাস কর্তৃ ক দীক্ষিত হন, তাহাও প্রছের বর্ণনাস্থামী ধরিয়া গইতে হয়। অথচ 'ভক্তিররাকর' ও 'নরোন্তমবিলাসে'র ব্র্ধহীন বর্ণনা হইতে
আনা যার বে উক্ত বটনাগুলি শ্রীনিবাসের দিতীরবার কুশাবন হইতে প্রত্যাবর্তনের সহিত
সম্পর্কিত। ওাহার প্রথমবার প্রত্যাবর্তনের পর বে নরহরি-সরকার তাঁহাকে দারপরিগ্রহ
করিবার অসুমতি দান করিয়াছিলেন এবং তাহার বিতীরবার প্রত্যাবর্তনের পূর্বেই বে
সরকার-ঠাক্রের তিরোভাব ঘটরাছে, 'ভক্তিরয়াকরে' তাহার বিশেব উল্লেখ আছে।
আবার প্রথমবার প্রত্যাবর্তনের পরে রামচন্দ্রের সহিত শ্রীনিবাসের প্রথম সাক্ষাৎকালে বে গোবিলাদি কুমারনগরে বাস করিতেছিলেন, 'ভক্তিরয়াকর' ও 'নরোন্তমবিলাসে'র এই বর্ণনা 'কর্ণানন্দ্র' এবং 'ভক্তমালে'র কর্ণনা হইতেও বিশেবভাবে সমর্থিত
হয়। বং এই সময়েই বে নরহরি শ্রীনিবাসের বিবাহের অসুমতি দান করেন তাহাও
'অসুরাগবলী' হইতে জানা বার । বং 'প্রেমবিলাস'-কার বলেন বে এই সময়েই রামচন্দ্রকবিরান্ধ শ্রীধণ্ডে শ্রীনিবাস কর্তৃ কি দীক্ষিত হন। কিন্ধ 'অসুরাগবলী'র সহিত 'ভক্তিরয়াকর'
প্রভৃত্তির উল্লেখ হইতে জানা বার বে থাজিগ্রামেই উক্ত দীক্ষাগ্রহণ বটে।

আবার শ্রীনিবাস-আচার্বের ছিতীরবার বৃন্দাবন হইতে প্রত্যাবর্তনের পরেই বে ধেতুরিমহামহোৎসব সংঘটিত হর, এ বিবরে সকল গ্রন্থকারই একমত। 'প্রেমধিলাসে'র উনবিংশ
বিলাসের ও কর্নাভেও বেখা বার বে শ্রীনিবাস ছিতীরবার বৃন্দাবনগমন করিলে, কিছুদিন
পরে রামচন্দ্রও বৃন্দাবনে প্রেরিত হন এবং তাঁহারা প্রত্যাবর্তন করিলে ধেতুরির মহামহোৎসব
সংঘটিত হর। এই বর্ণনা অন্তাক্ত গ্রন্থের বর্ণনার সহিত বিশেষভাবেই মিলিরা বার।
অবচ চতুর্দশবিলাসে বনিত হইরাছে বে বনবিকুপুরে গ্রন্থচুরির পর শ্রীনিবাসের শ্রীধণ্ডে
প্রত্যাবর্তনকালে লেখক সেই স্থলে উপস্থিত ছিলেন; এবং তাহারপর রামচন্দ্রের, ও
তেলিরাবৃধ্রি হইতে আগত রামচন্দ্র-শ্রাতা গোবিন্দের দীক্ষা-গ্রহণাদি সন্দার হইলে কান্ধনী
পূর্ণিমাতে খেতুরির মহামহোৎসব আরম্ভ হর। এই সমন্ত শ্বিরোধী বর্ণনা হইতে
'প্রেমবিলাসে'র এতৎসংক্রান্থ ঘটনাবিক্তাসকে বর্ধাবন্ধ বা সমরাক্রমেনিক বলিরা ধরা
চলে না। লাহ্না-ঠাকুরাণীর বৃন্দাবনগমন-কর্নার মধ্যেও এইরূপ সমরগত ক্রান্ট পরিলক্ষিত
হয়। পঞ্চদাবিলাসের প্রারম্ভে তাঁহার দ্বিতীরবার বৃন্দাবনমান্ধার উল্লেখের পর রোভূন্দ
বিলাসের মধ্যে তাঁহার প্রথমবার বৃন্দাবনগমনের কথা বর্ণিত হইরাছে। ও শ্বিরাধ্রে পারা বার বে

^{্ (}৫২) ক্র্যা-১মানি, পূ. ৫-৭ ; জ. মা-—পূ. ২০৮-৯ (৫৫) এই. মা, পূ.৩৮ (৫৪) পূ. ৬০৪-৫ (৫৫) ১৫শ. বি., পূ. ২১২ ; ১৬শ. বি., পূ. ২২০

গ্রন্থকার (বা লিপিকার ?) গুইবারের বহু ঘটনাকে একত্রিড করিয়া একবারের মধ্যে স্থিবেশিত করিয়াছেন।

বাহাহউক, বীক্ষাগ্রহণের পর রামচক্র শ্রীনিবাসের সহিত অবস্থান করিতে লাগিলেন।
শ্রীনিবাসের বিকুপ্র-সঙ্গী ব্যাসাচার্যও তথার উপস্থিত ছিলেন। যাজিগ্রামে থাকিরা তিনজনের মধ্যে নানাবিধ শাল্লালোচনা চলিতে লাগিল। ও এই সময় একদিন হাধীরের নিকট হইতে পত্রবাহক আসিরাও শানাইল বে শ্রীনিবাসের বিকুপ্র-অবস্থানকালেই রাজা গ্রন্থপ্রির সংবাদদান নিমিত্ত কুমাবনে বে গুইজন লোক পাঠাইরাছিলেন তাহারা জীব-গোলামীর গুইটি পত্রসহ প্রত্যাবর্তন করিরাছে, শ্রীনিবাসকেও শ্রীজীব পত্র লিখিরাছেন। হাধীরও শ্রীনিবাসকে একটি পৃথক পত্রে বিকুপ্র-গমনের অস্থরোধ শানাইরাছিলেন। শ্রীনিবাস হাধীরকে প্রত্যান্তর দিয়া প্রবাহককে বিদার দিলেন। কিন্ত করেক মাসের মধ্যেই ক্রাধ্ব-ব্রক্ষারী, গদাধরদাস এবং নরহরি-সরকার-ঠাকুরের তিরোভাবেও শোকাভিত্ত হইরা শ্রীনিবাস প্ররাধ কুমাবনের অভিমুখে বাত্রা আরম্ভ করিলেন। ও

'প্রেমবিলাগ'-কার বলেন বে ইতিপূর্বে এক গোড়বাসী বৈশ্বৰ বুলাবনে গিয়া শ্রীনিবাস কর্ড্ ক রাম্চন্দ্রের ও হাষীরের প্রভাবিত হইবার কথা জ্ঞাপন করিয়াছিলেন। ত০ তাহার পর বৃন্ধাবনের 'পূজারীঠাকুর-শিক্ত কুন্ধান্তান বিশ্বর ইইরা জীব, গোপাল-ভট্ট, লোকনাথ প্রভৃতি গোজামী-গণের বার্তা বহন করিয়া ক্রমে ক্রমে বেত্রিতে নরোন্তম রামচন্ত্র, যাজিগ্রামে শ্রীনিবাস এবং উৎকলে স্থামানন্দ ও রসিকানন্দের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। তাঁহাহের নিকট হইতে শ্রীনিবাস বীর শুক্ত গোপাল-ভট্টাদির সংবাদ ও আশীর্বাদ প্রাপ্ত হন। কিন্তু গ্রহার আরও একটি সংবাদ দিয়াছেনত্ব বে শ্রীনিবাসের কুন্ধাবন-গমনের পূর্বেই আক্রবাদির বিশ্বপূর-সন্নিকটন্থ আউলিয়া-তৈতন্তবাসত নামক এক বৈশ্বনভক্ত বৃন্ধাবন শৌছাইলে গোপাল-ভট্ট-গোলামী তাঁহাকে শ্রীনিবাস-প্রভাবের কথা জানাইয়া সংবাদ দেন যে শ্রীনিবাস সম্প্রতি বিবাহ করিয়াছেন। থেবাক্ত সংবাদ শ্রবণ করিয়া ভট্ট-গোলামী মৃত্নমান হইয়া গড়েন। পরে তৈতন্তবাস বৃন্ধাবন-গরিক্তমার পর বিশ্বপূরে প্রতাবর্তন

⁽१७) (द्या. वि.—) इथ. वि., पृ. ১৮৯-३२ (१९) छ. श्र--अ२৮ (१৮) वे--अ१७, १६, ७७ (१৯) वे--अ१९) (७०) ३१व. वि., पृ. २०৮-७৯ (७১) वे--पृ. २४०-४७ (७२) ३७व. वि., पृ. २०८-७९ (७७) देशव जवरक मात्रावप-शक्तिक वोदमी बडेवा।

করিয়া রাজা-হাষীরের সহিত সাক্ষাৎ করিলে রাজা তাঁহাকে আচার্ব-ঠাকুরের নিকট শইরা যান। সেইস্থানে তিনি বলিলেন যে বিবাহের কথা শুনিয়া ভট্ট-গোস্থামী আসন হইডে উঠিয়া 'দণ্ডবং হই'লেন এবং

তখন

चनः चनः वाका नाशिना कहित्छ।।
धनित्रा शेक्त करह कि हात हात ।
धनित्रा शेक्त करह कि हात हात ।
धनित्रा कार्य कार्य निर्वापित कार ।।
धन्ति वाहि क्षत्र कित्र रहत कार्य ।
किरुक्त कार्य कार्य कार्य ।।
देश वित्र हात हात हात कार्य (वादन ।
धनित्राम क्षि क्षत्र क्षत्र निर्वत ।।
धिनित्राम क्षि क्षत्र क्षत्र निर्वत ।

একমাত্র 'প্রেমবিলাসে' প্রদন্ত এই সংবাদ কতদ্র সত্য বলা বাদ না। সংবাদ সত্য হইলে বলিতে হয় বে শ্রীনিবাস বিতীয়বার কুদাবনগমনের সময় বিষ্ণুরপথে ধাত্রা করেন। কিন্তু শ্রীনিবাসের বিবাহ-সম্পর্কিত বিবয়ে বে তাহার গুলু গোপাল-ভট্ট-গোস্থামীর নিবেধাক্ষা ছিল, 'প্রেমবিলাসে'র বর্ণনায় সম্ভবত তাহাই প্রতিপন্ন হয়। গ্রন্থকার বলিতেছেন ভঙ্ক শ্রেলাচন-রযুনন্দনাদি শ্রীনিবাসের বিবাহ-প্রতাব উত্থাপন করিলে

আচাৰ্য কহেৰ প্ৰভূৱ আজা বাহি নোৰে। এই লাগি ভা নোৰ হয়ে ত অঞ্চরে।।

সম্ভবত এখানে 'প্রতৃ' বলিতে গোপাল-ভটুকেই বুঝাইতেছে। কিন্তু তাহা না বুঝাইলেও বাহার দারাই হউক না কেন, তাহাকে বে পূর্বে বিবাহ সম্বন্ধ নিষেধ করা হইরাছিল, তাহা সহজেই বুঝিতে পারা যায়। এই সম্বন্ধ 'অমুরাগবন্ধী'র বর্ণনারও^{৬৫} স্পট্ট ইলিত আছে। তদম্যায়ী জানা যায় বে শ্রীনিবাস বৃন্ধাবনে গিরা গোপাল-ভট্টের সহিত সাক্ষাৎ করিলে তিনি তাহাকে প্রথমে অভিনন্দন জানান। কিন্তু তাহার সহিত কথাবার্তা চলিতে থাকিলে গোপাল-ভট্ট

পুন প্ৰথ কৰিলা ভূমি বিবাহ কৰিছাছ। ইই কহে নাহি কৰি, কি কারণে পুছ।।

'অহ্বাগবরী'-বর্ণিত এইরপ প্রশ্ন অহধাবন করিলে 'প্রেমবিলাসে'র বর্ণনাকে সভ্য বলিয়াই ধারণা জন্মে। আউলিয়া-চৈতভাদাসের কথার ধুব সম্ভবত গোপাল-ভট্টের মন হতাশারু

⁽৬৪) ১৭শ. বি., পৃ. ২৪৮ (৬৫) । আচ. ম., পৃ. ৬৮-৪০

ভরিষা গিরাছিল। কিন্তু তিনি এখন শ্রীনিবাসের কথার আখন্ত হইলেন এবং একদিন শ্রীনিবাসকে

> কৰিলেৰ বাধাৰদদের অধিকারী। করিল ভোনারে আনি মনেতে বিচারি॥ আনার অবিভয়ানে বত অধিকার। সেবার বে কিছু ভার সকল ভোনার॥

কিছ এদিকে ৰাজিগ্রাহে একদিন শ্রীনিবাস-পদ্মী জোপদী রামচন্দ্র-কবিরাজকে ভাকাইরা 'সব মনত্বে তাঁকে নিভূতে কহিল', এবং তিনি শ্রীনিবাসের তত্ত্ব লাইবার জন্ত তাঁহাকে কুলাবনে পাঠাইরা দেন। ৩৩ রামচন্দ্র কুলাবনে পৌছাইরা গোপাল-ভট্টকে জানাইলেন বে শ্রীনিবাস লারপরিগ্রহ করিয়াছেন। তথন ভট্ট-গোলামীর সকল আশা সমূলে বিনট্ট হইরা গোল। তিনি শ্রীনিবাসকে ভাকাইরা জানিতে চাহিলেন, তাঁহার এইরূপ মিধ্যা কথা বলিবার কারণ কি। তথন

ঠাকুর কর্মে ভোষার চহণ করব।
গোলাল গোকিব গোলাবাথ বরশন।।
নীরীর গোলাকি সম কুমানন বান।
সভার সহিত কুম-কথার বিভাস।।
এত সভা হর এক অসভ্য বচনে।
এই লোভে কহিলাকো সংকোচিত মনে।

উক্তি হইতে স্পষ্টই বুঝা বাইতেছে বে বিবাহের কুকল সহছে শ্রীনিবাস পূর্ব হইতেই অবহিত ছিলেন। তিনি শেব পর্যন্ত গোপাল-ভট্টের নিকট থার্জনা লাভ করিলেন, কিছু দারপরিগ্রহ করার তাঁহাকে গোপাল-ভট্ট-প্রতিষ্ঠিত (?) রাধার্মণের অধিকারী নিযুক্ত করা আর সম্ভব হইল না। কারণ, 'বৈরাগী নহিলে' সেই কার্যের 'অধিকারী' হওরা বিধি-বহিত্তি ছিল। তাই

আচার্ব ঠাকুরের পরবার্থ শ্রীগোপীনাথ পূল্রী। ভাহাকে আচার্ব ঠাকুর করাইল অবিকারী।।

পরে পূজারী-গোর্সারের^{৬৭} প্রাতা হামোহর-গোর্সাই হরিরাম ও বধুরাহাস নামক ওাঁছার দুই পূত্রকে সঙ্গে লইয়া কুমাবনে আসিলে পূজারী-গোর্সাই হরিরামকেই (হরিনাধ ?) সেবার অধিকার প্রদান করিরাছিলেন এবং এইভাবে ইহারাই ক্রমে 'বংশ-অধিকারী' হইয়া বান। ৬৮ 'প্রেমবিলাস' এবং 'নরোত্তমবিলাসে' কিন্তু একজন মধুরাহাসকে নরোত্তম-

⁽७६) ज---वामठल-कविदास (७९) हैनिरे कि क्पर्छ-नित्र केल्ल्यांग १ अ.--केल्ल्यांग्य सीवनी (७৮) च. व.---७ं- व., पृ. ३०

শাধাস্ক করা হইরাছে^{৬৯} এবং প্রথমোক গ্রন্থে একজন 'হরিরাম'কে শ্রীনিবাসের শাধাস্ক করা হইরাছে।^{৭০} এই মধ্রাদাস ও হরিরাম উপরোক্ত 'অস্বাগবলী'-উরেবিভ মধ্রাদাস এবং হরিরাম কিনা কলা শক্ত। 'অসুরাগবলী'র শ্রীনিবাসশাধা-বর্ণনার মধ্যে কিছ হরিরামেরও কোন উল্লেখ নাই।

বুন্দাবনে কিন্তু খ্রীনিবাসের ধর্বাদা বিশেষ কুপ্ত হইরাছিল বলিয়া মনে হয় না। পরবর্তি-কালে জীব-গোস্বামীর সহিত শ্রীনিবাসের বে পত্র বিনিমর চলিত^{1 ১} তাহা হইতে বৃঝিতে পারা বায় যে শীব-গোস্বামী চিরকাশই তাঁহাকে গৌড়ে ডক্তি-প্রচারের সর্বোত্তম সহারক মনে করিয়া বিভিন্ন সময়ে বিভিন্ন গ্রন্থাদি প্রেরণ করিয়াছেন এবং নানাবিধ উপদেশ দান করিরাছেন। অক্ত ভক্তবুন্দের মধ্যেও ধর্মমডাদি বিহরে কলছ ঘটিলে ডিনি শ্রীনিবালের নিকটই তাঁহাছের সমস্তা সমাধান করিয়া লইতে নির্দেশ দান করিয়াছেন। স্থুতরাং বুন্দাবনে সম্ভবত শ্রীনিবাসের মধাদা অকুন্নই রহিন্নাছিল। এমন কি এইবারে ব্যাসাচার্বও বুন্দাবনে গিয়া জীবের নিকট দীক্ষাগ্রহণ করিতে চাহিলে জীব শ্রীনিবাসকে আগনার সহিত অভিন্ন বলিয়া মন্তব্য করিলেন এবং তিনি ব্যাসাচার্যকে আপনে সাক্ষাৎ থাকি সেবক করাইল'।^{৭২} জীব-গোঝামী সম্ভবত এই সময়ে 'গোপালচল্যু'-গ্রন্থ রচনা আরম্ভ করিয়াছিশেন।^{৭৩} ভিনি ভাহা শ্রীনিবাসকে দেখাইরা তাঁহার সহিত অক্সাক্ত গ্রন্থ সম্বন্ধেও আলোচনা করিলেন। ভারপর বৈশাধী-পূর্ণিমা ভিন্নিতে রাধার্মণের সিংহাসন-বাত্রা উপদক্ষে মহামহোৎসব সম্পন্ন হইরা গেলে জীব-গোস্বামী শ্রীনিবাসকে গোডে চলিয়া ৰাইবার বস্তু নির্দেশ-দান করিলেন। বিদায়কালে তিনি গোড়ে প্রচারার্থ কিছু গ্রন্থও শ্রীনিবাসের হত্তে অর্পণ করিলেন। 'ভক্তিরপ্লাকর' হইতে জানা বার বে ডিনি এইবারেও স্থামাননে সমর্পিলা আচার্বের ঠাই। 15

এইবার তিনি বিষ্ণুপ্রে পৌছাইয়া রাজা-হাষীর, রাণী-সুগক্ষণা এবং রাজপুত্র ধাড়ীহাষীরকে দীক্ষিত করেন এবং হাষীর তাঁহার গৃহে 'শ্রীকালাচাঁদের সেবা প্রকাশ' করিলে
শ্রীনিবাসই তাহার অভিবেক অমুষ্ঠান সম্পন্ন করেন। তিনি এইবার বিষ্ণুপুরস্থ আরও
অনেক ব্যক্তিকে দীক্ষাদান করিয়া 'অনেক জনের পূর্ণ কৈল অভিলাব'। १৫ সম্বত
এইবারেই ব্যাসাচার্ধের পত্নী ইন্মুখী ও পুত্র শ্রামাদাসও শ্রীনিবাস কর্তৃক দীক্ষিত

⁽६৯) त्थाः वि.—२०मः वि., भू ७०० ; सः वि.—১১भः वि., भूः ১৯७ (१०) ६०मः वि., भूः ७०১ (१०) त्थाः वि.—वर्ष विनाम भवः, भूः ७०२-७०» ; वर्षः वि., मृः ৯२-७७ ; छः सः—১०)১৪-७० (१२) चः वि.—६६ः सः, भूः ३० (१७) छः सः—১।১०१ (१३) ১।১२७ ; भूत्रं विहे महत्व चारमाधिक क्षेत्रारह । (१८) ১।२६०, ७००

হইলেন। ^{৭৬} এই সমৰে শিবর-ভূমির রাজা ছিলেন হরিনারারণ। 'আচার্বের স্থানে শিক্ত হইতে তাঁর মন'। ^{৭৭} কিছ তিনি রাম-মত্রে শীক্ষিত হইবার বাসনা প্রকাশ করিলে শ্রীনিবাস উদ্যোগী হইবা রঙ্গক্ষেত্র হইডে ত্রিমল্ল-ভট্টের পুত্রকে আনাইরা তাঁহারই বারা হরিনারারণকে দীক্ষিত করিলেন। ত্রিমল্ল-ভনর পঞ্চক্টে আসিরা

> হরিনারারণে অস্থাহ প্রকাশিরা। নীনিবাস আচার্বে দিলেন সঁপিরা।

এই হরিনারারণ সম্বন্ধ 'ভক্তিরত্বাকর'-প্রণেতা জানাইভেছেন^{৭৮} :

श्विमावाक्ष्म प्राज्ञा देवस्य क्षश्मम । प्राप्तकः विमा क्षित् मा जामस्य काम ॥ श्विमावाक्ष्म कवित्रास्य मिरवित्रण । श्वीवाक्ष्मिकशीक कास्य वर्षि विना ॥

'ওক্তিরত্বাকরে' গোবিন্দ-কবিরাজয়ত গীতটিও উভ্ত হইরাছে। তণিতাংলে গোবিন্দ্রাস হরিনারারণের প্রতি প্রভা প্রদর্শন করিয়াছেন :

> গোবিশ্বদাস হৃদরে অবধারণ হরিনারাহণ অধিবেকা।

এইবার শ্রীনিবাস বিষ্ণুপ্রে থাকিয়া বিষ্ণুপ্র-অঞ্চাটকে মাতাইয়া তুলিয়াছিলেন। ছাষীর ডাহাকে 'গ্রাম-ভূমি-সামগ্রী' প্রভৃতি অর্পণ করিয়া ডাঁহার জন্ত 'বিষ্ণুপ্র মধ্যে উপযুক্ত গৃহ নির্মাণ করিয়া দিলে' ^{৭৯} সেই স্থানে ডাহার ইচ্ছামুবারী স্থারিবাসেরও ব্যবস্থা হইয়া গেল।

বিষ্ণুপ্র হইতে গোঁড়ে কিরিরা শ্রীনিবাস প্রথমে বাজিগ্রামে আসিলেন। তারপর তিনি
শ্রীপত্তে রখুনন্দনের সহিত সাক্ষাৎ করিরা আবার কন্টকনগরে গেলেন। তথন সেইখানে
গদাধরদাসের শিব্র রখুনন্দন-চক্রবর্তী শুকুর তিরোভাবতিথি-মহামহোৎসবের আরোজনে
ব্যস্ত ছিলেন। শ্রীনিবাস তাঁহার সহিত সেই বিবর সহছে আলোচনা করিরা বাজিগ্রামে
কিরিলেন এবং বিষ্ণুপুরে 'সমাচারপত্রী' পাঠাইরা রখুনন্দনের সহিত উক্ত বিবর সহছে
আলোচনা করিলেন। তারপর তিনি পুনরার ব্যাসময়ে কন্টকনগরে পিরা উৎসবে
বোপদান করিলেন এবং উৎসবটিকে সাক্ষ্যামণ্ডিত করিরা তুলিলেন। ইহার জরকাল
পরেই শ্রীথণ্ডে নরহরি-সরকার-ঠাকুরের তিরোভাবতিথি-মহামহোৎসব উন্থাপিত হয়।
সেইখলে শ্রীনিবাসের ভাগবতপাঠ ও ব্যাখ্যা শুনিরা সকলে বিশ্বিত হন এবং সমগ্র গ্রেড়
মগুলের বৈক্ষবস্যাক্ত উপলব্ধি করিলেন বে তিনিই প্রকৃতপক্ষে চৈতক্তপ্রবর্তিত ধর্মের

বধার্থ উত্তরসাধক এবং উপযুক্ত ধারক ও বাহক। এই উৎসবে স্বয়ং রমুনন্দন-ঠাকুর উচার পলার চন্দনচর্চিত যাল্য পরাইরা দিলে^{৮0} ওাহার শ্রেষ্ঠিয় সম্বন্ধ কাঁহারও কোন সংশ্ব থাকিল না। উৎসবাধে শ্রীনিবাস শ্রীধত হইরা বাজিগ্রামে কিরিলেন। এইবার যাজিগ্রামে বসিরা তাহার অধ্যরন-অধ্যাপনা এবং ভক্তিধর্মের প্রচার চলিতে লাগিল।

থিতীরবার বৃন্দাবন-গমনকালে শ্রীনিবাস বিশ্ব-ছরিদাসাচার্বের তিরোভাব-সংবাদ প্রাপ্ত হইরাছিলেন। এখন তিনি গোকুলানন্দ ও শ্রীদাসকে ভাকিরা তাঁহাদের স্বর্গীর পিতৃদেবের তিরোভাবতিথি-পালনের জন্ম নির্দেশ দান করিলেন। তিনি তাঁহাদিগকে কাঞ্চনগড়িরা পাঠাইয়া দিলেন এবং নিজেও ব্যাসমন্তে সেইয়ানে উপনীত হইরা উৎসব স্বসম্পর করিলেন। এই উপলক্ষে গোকুলানন্দ ও শ্রীদাস তাঁহার নিকট মন্ত্রদীক্ষা প্রাপ্ত হইলেন।

উৎসবাস্থে শ্রীনিবাস খেতুরির পথে থাত্রা করিয়া পথিমথো তেলিয়াব্ধরিতে রামচন্দ্র-কবিরাজের গৃহে রামচন্দ্রের প্রতীক্ষারত. প্রাতা গোবিন্দরে রাধাক্ষমত্রে দীক্ষিত করিলেন। ১০ 'প্রেমবিলাস' হইতে জানা বায়৮২ বে রামচন্দ্রের পত্নী রত্নমালা এবং প্রোবিশের পত্নী মহামারা ও পুত্র দিব্যসিংহও শ্রীনিবাস কর্তৃক দীক্ষিত হন। কিন্তু তাহাদিগের দীক্ষাগ্রহণের কাল সহন্ধে কিছুই জানা বায় নাই। সন্তবত তাহা এই সমরেই ঘটে।
এরিকে নরোজ্যে ব্ধরিতে আসিয়া খেতুরি-উৎসবের আধোলন সম্পর্কে নানাবিধ আলোচনা
করিলেন। তারপর প্রানিবাস একমিন কি ব্রিয়া স্বলিক্ত রামচন্দ্রকে নরোজমের হত্তে
সমর্পদ করিয়া উভয়কেই খেতুরিতে লাঠাইয়া দিলেন। তিনি নিজে আর কিছুদিন ব্ধরিতে
থাকিয়া রামচন্দ্রাহক্ত গোবিন্দকে কৃষ্ণচৈতক্তলীলা-বর্ধনার আদেশ দান করিলেন এবং
এ বিষয়ে গোবিশের সাকল্য দর্শন করিয়া তাহাকে 'কবিয়াজ'-আখ্যা প্রেয়ান করিলেন। ৮৩
ইহার পর নিকটবর্তী বাহাত্রপুর হইতে 'বিপ্রপ্রেষ্ঠ শ্রামাহাস'-প্রাতা বংশীদাস-চক্রবর্তী
ব্ধরিতে আসিলে তিনি তাহাকেও মন্ত্রদীক্ষা দান করিয়া নিয়র্ক্ষসহ খেতুরিতে

খেতুরির মহামহোৎসবে শ্রীনিবাস হইলেন প্রধান আচার্য। ৮৪ অভিবেকের পূর্বদিন রাত্রিকালে তিনি খোল-করতাল-পূজা সম্পন্ন করিয়া পরদিন প্রভাতে নরোভ্যমের সহিত ভক্তবৃদ্দকে বন্ধ পরিধান করাইলেন। ত্রুয়ে সমন্ব উপস্থিত হইলে তিনি জাঙ্বাদি সকল মহাস্কের নিকট অন্তমতি গ্রহণ করিয়া শ্রীরূপ গোস্বামী-ক্লত গ্রহাদি বিধানে হড়-বিগ্রহের

^{্(}৮০) জ. র.—১(৫৯৭ (৮১) জ.—রাসচল্র-কবিরাশ্ধ (৮২) ২০শ. বি., পৃ. ৩৫৭ (৮৩) জ.—রাসচল্র-৩ সোবিস্ক-কবিরাজ (৮৬) থো. বি.—১৪শ. বি., পৃ. ২০২; ১৯শ. বি., পৃ. ৩১০-১৪; জ. র.— ১০)৪৮০, ৩৬৭

অভিবেক ও আরতি সম্পন্ন করিলেন। ^{৮৫} তাহার পর আচার্য হিসাবে তিনি মাল্যচন্দ্রন আনিয়া খোল স্পর্শ করাইলে নৃত্য আরম্ভ হইল। নৃত্যাম্ভে কান্তক্রীড়া। তাহার পর শীনিবাস-আচার্য সম্ভারতি ও 'প্রভুকন্মতিথি অভিবেকান্তি সুসম্পন্ন করিলেন।

প্রদিন প্রভাতে প্রানিবাস জাহ্বার ইচ্ছাছুয়ারী রন্ধন-সামগ্রীর আরোজন করিয়া দিলে জাহুবাদেবী রন্ধন ও ভোগদান করিলেন, এক শ্রীনিবাদের ভদ্বাবধানে বৈশ্ববৃদ্ধের ভোজন সমাপ্ত হইলে উৎস্বও সম্পন্ন হইছা গেল। ভারপর জাহ্নাদেবী শ্রীনিবাসকে ভাকিষা পাঠাইলে শ্রীনিবাস নয়োত্তম এবং স্থামানন্দকে লইয়া গিয়া তাঁচায় কুমাক্র-সমনে-চ্ছার কথা অবগত হইলেন। কিছু প্রধিন ভক্তবুন্দের পুথক পুথক বাসার ভোজদানের বাবস্থা হইলে খ্রীনিবাস ভাষার ভদ্ধাবধান করিলেন এবং ভোজনান্তে নরোন্তমকে বলিলেন বে পর্মিন প্রভাতে বিহারী ভক্তবুন্দ পদ্মাবতী-তীরে গিয়া স্থানাহার করিবেন, স্তরাং তাঁহাদিগের জন্ম পঞ্চার পাঠাইয়া দিলে ভাল হয়।^{৮৬} তদমুবারী ব্যবস্থা হইলে পর্যায়ন যথ্যকালে জ্রীনিবাস, নরোভ্য-শ্রামানন্দ প্রভৃতিকে লইয়া পদ্মাতীয়ে ভক্তবৃন্দকে শ্রানাহার করাইয়া ও বিহার দিয়া খেতুরিতে প্রত্যাবর্তন করিলেন। পরবর্তী দিবলে রামচন্দ্র এবং গোবিন্দ বুধরি হুইতে প্রত্যাবর্তন করিলে ভাহারও পরের দিন প্রীনিবাস ভাইবাদেবীকে বিদায়-সংবর্ধনা জ্ঞাপন করিলেন। কভিপর ভক্ত ভখনও খেতুরিভে উপস্থিভ ছিলেন। ভীনিবাস উহোদিগকে নানাঞকার নির্দেশ কান করিয়া প্রচিবস প্রাডে ভাঁচাদিগকেও বিশার দিলেন। কিন্তু তিনি বরং বেতুরিতে বাক্তির। নরোভ্তম এবং রামচন্তকে তাঁহাদের ভবিত্রৎ কর্মপদ্ধতি স্পার্কে সকল প্রকার নির্দেশ দান করিলেন। নিজের ভবিত্রৎ গ ডিবিধি সম্বন্ধেও ডিনি ভাঁহাদিগকে সমস্ত কিছু জানাইয়া বলিলেন বে ডিনি ভাঁমানস্থ সহ বুধরি হইয়া হাজিগ্রামে বাইকেন এবং তথা হইতে স্থামানদকে নবৰীপ-অম্বিকার দিকে প্রেরণ করিয়া ভিনি নিম্পে বিফুপুরে গমন করিবেন। উৎকলে ভক্তিধর্ম-প্রচার সম্পর্কে তিনি শ্রামানন্দকেও নানাবিধ উপদেশ প্রদান করিলেন এবং পরস্পরের কুড-কর্মান্তি বিষয়ে পরস্পরকে অবহিত করিবার জন্ত পত্রপ্রেরণের ব্যবস্থা অব্যাহত রাধিতে বলিলেন। এইভাবে ভক্তিধর্য প্রচারাদি বিধরে সম্ভাব্য সকল প্রকার আলোচনা শেষ করিয়া ভিনি স্থামাননকে সঙ্গে লইরা খেতুরি হইতে বিদার গ্রহণ করিলেন।^{৮৭} নরোত্তম তাঁহার বি**চ্ছেদ**-ভাবনার কাণ্ডর হইলে ডিনি ভাহাকে আশত করিলেন৮৮ :

> ভিন বর হৈল ভাহা কহিরে বিশেবে। বেডরি বাজিগ্রাম বিভূপুর ভিন দেশে।

⁽৮৫) ম. বি.—৬৯. বি., পৃ. ১০-১২ (৮৬) ঐ—৮ম. বি., পৃ. ১০১ (৮৭) ম. বি.—৮ম. বি., পৃ. ১২২-২৬ (৮৮) ধ্রে. বি.—১৪শ. বি., পৃ. ২০৭

সৌরাজ আত্রর আর গাভার পিরিভি। বিজ্পুরে রহি রাজার ববীব ভক্তি। একবার বাই আবি আবিহ পুনর্বার।

উক্তি হইতে বুঝিতে পারা বাব যে তখনও শ্রীনিবাস-জননী জীবিতা ছিগেন।

এই ঘটনার বেশ কিছুকাল পরে বুন্দাবন-প্রভাগিত জাহ্বা-ঠাকুরাণী কণ্টকনগরে পৌছাইলে শ্রীনিবাস সেইস্থানে গিরা তাঁহার সহিত সাক্ষাৎ করেন। সম্ভবত তিনি ইতিমধ্যে বিষ্ণুপুরে গিরা প্রভাগিতন করিরাছিলেন। কন্টকনগরে তাঁহার সহিত নরোম্বন রামচন্দ্র এবং গোবিন্দের সাক্ষাৎ ঘটে এবং তাঁহারা তাঁহাকে জীব-গোলামী-প্রেরিত 'গোপাল বিক্ষাবলী' গ্রন্থানি প্রদান করেন। ৮৯ ভারপর শ্রীনিবাস জাহ্বাকে ব্যক্তিগ্রামে আনিরা পান্ধী শ্রোপদীসহ কিছুদিন যাবৎ তাঁহার সেবা করিলেন এবং ক্রেকদিন পরে জাহ্বার বিশারকালে তিনি তাঁহাকে জানাইলেন বে তিনি অচিরেই একবার নববাঁপে গিরা গৌরাজের গৃহত্তা উপানের সহিত সাক্ষাৎ করিবেন। ১০

করিলা ইপানে আজা আমারে বাইছে।
তথা সিরা আসি বাব বেতরি প্রামেতে।
কথো দিন রহি তথা বিকুপ্র সিরা।
রহিব এবাই তথা হইতে আসিয়া।

লাহ্না চলিরা গেলে জ্রীনিবাস বিকুপুরে সংবাদ পাঠাইলেন এবং বিকুপুর হইতে সংবাদ আসিল বে হানীর কিছুকাল-বয়ে বাজিগ্রামে আসিবেন। জ্রীনিবাস তাহার নিরুত্বনকে এই সংবাদ লানাইলেন এবং শ্রীদাস গোকুলানন্দ প্রভৃতি নিরুকে 'শারাহুশীলন হেতু' বাজিগ্রামে রাবিরা নরোত্তম-রামচক্র সহ জ্রীবক্ত হইরা নবনীপে পৌছাইলেন। ১০ সেইশ্রানে গৌরাল-ভৃত্য দুলানের সাহায়ে নবনীপ-পরিক্রমা সমাপ্ত করিরা তাহার। পুনরার জ্রীবক্ত হইরা বাজিগ্রামে কিরিয়া আসেন। এদিকে রাল্যা-হানীরও শ্রীনিবাসের কল্প নানাবির উপঢোকনাদি লইরা বাজিগ্রামে পৌছাইলেন। কিছুদিন বেশ আনন্দে কাটল। ভারপর একদিন রাধিকাম্ন্তি সহ লাহ্বা-প্রেরিভ পরমেন্বরীদাস কুলাবনের পথে কন্টকনপরে পৌছাইলে জ্রীনিবাস, নরোত্তম-রামচজ্বসহ তাহাদিগকে বিদার জ্ঞাপন করিয়া আসিলেন। ১০ ভাহার কিছুপুরে হানীরের বিদারগ্রহণকালে রাণী-স্বলক্ষণা শ্রীনিবাস-পত্নী ক্ষরীকে নানাবিধ অলংকারাদি প্রদান করিয়া প্রেলন। প্রদিন প্রভাতে শ্রীনিবাস শ্রীবঙ্গে রত্নন্দ্রন

⁽৮৯) ৩. ব্ল-১১।৬৮০ (৯০) ঐ-১১।৭২৩-২৪ (৯১) ঐ-১২।২০ (৯২) ব. বি.-কার (১০ব. বি., পৃ. ১৫৯) বলেন হে আচার্যের লিপ্ত থান-শীগ্রন্থন-বাসক হই বাজি বৃক্ষাবন হইছে আলিয়া আহ্বা-গ্রেমিড বিগ্রন্থে সংবাদ প্রবাদ করিয়াছিলেন।

ঠাকুরকে প্রণাম জানাইরা নরোন্তম-রামচক্রের সহিত খেতুরি-অভিম্থে থাকিত হইলেন। ব্ধরি হইরা খেতুরিতে পৌছাইলে পর এক বংগদেশী পাবত-বিপ্র কলানিধি-আচার্ব^{৯৩}) শ্রীনিবাসচরণে আশ্রের গ্রহণ করিলেন।

খেত্রি হইতে প্রত্যাবর্তনপথে শ্রীনিবাস বৃধরি ও কাঞ্চনগড়িরা²⁸ হইরা বাজিগ্রামে ফিরিরাই রগুনন্দনের সহিত সাক্ষাৎ করিলেন। ইহাই রগুনন্দনের সহিত তাঁহার শেষ সাক্ষাৎকার। কিছুদিন পরে রগুনন্দনের তিরোভাব বাটলে তিনি শ্রীপণ্ডেই বাকিরা মহামহোৎসব স্থাসপার করেন। উৎসব-শেষে তিনি বাজিগ্রাযে ফিরিয়া পুনরার বিষ্ণুপুরে গামন করেন। এইবার বিষ্ণুপুরে থাকিরা তিনি বিতীরবার দারপরিগ্রহ করেন। রাচ-দেশের অন্ধর্গত গোপালপুর গ্রামনিবাসী রাগব-চক্রবর্তী বা রগুনাথ-বিপ্রের কক্ষা গৌরাক্ষিয়ার সহিত তাঁহার পরিপর বটে। রাধ্বের পন্ধীর নাম ছিল মাধবী। 'ভক্তিরপ্রাকরে' লিখিত হইয়াছে^{১৫}ঃ

একদিন শ্রীকাচার্য ঠাকুর পরেছে। করতে বিবাহ গৌরচজ্রের পাঞাতে ।

তাহার পর রাহ্য এবং মাধ্যীও স্থান্তর্শন করিরা তম্পুষায়ী শ্রীনিবাসের নিকট গিরা কস্তা-সম্প্রদানের প্রস্তাব করিলে

> গুলিরা আচার্য তন্ধ হইরা রহিলা। সর্ব সনোহিত লাগি বিবাহ করিলা।।

এই বপুর্ভাতভাগির উপর লোর দেওরা চলে না। 'প্রেমবিলাসে'র মড 'ভজিরম্নাকরে'ও বহু ঘটনাকেই অপুনির্ভত্ত করা হইরাছে। বিশেব করিরা আবার শ্রীনিবাস-সম্পর্কিত বহু-ঘটনাকে। তজ্জপ্ত উক্ত গ্রহ্মরের মধ্যে হবেই বর্ণনা-পার্থকাও পরিলক্ষিত হয়। 'প্রেমবিলাস'-কার বলিভেছনে ও বে 'গোপালপুর-নিবাসী রঘু-চক্রবর্তী'র কন্তা পদ্মাবতী নিজেই শ্রীনিবাসকে পতিরপে পাইতে চাহিলে রঘু-চক্রবর্তী শ্রীনিবাসের নিকট কৃদ্যাসম্প্রদানের প্রমান করেন এবং শ্রীনিবাস পদ্মাবতীর পাণিগ্রহণ করেন। গ্রহ্মতে গিতা ও পুরী শ্রীনিবাসের নিকট দীক্ষাও গ্রহণ করিরাছিলেন। কিছ 'ভক্তিরম্বাকর'-প্রণেডা বেখানে জানাইতেছেন বে বিক্সপুরেই রাজা-হাধীরের ব্যবহা ও তথাবধানে বিবাহাম্ন্রান সম্পন্ন হয়, 'প্রেমবিলাস'-কার সেইম্বলে বলিভেছেন যে বিবাহ করিবার পর শ্রীনিবাস পদ্মাবতীকে' গইরা পেলা বিকৃপুরের বাড়ী।' গোপালপুর কিবো বাজিগ্রাম কোন্ স্থান হইতে

⁽১৩) श्रीनियास्त्र क्लावस्त्र विवत्तन-सम्मार्क अयर श्रीनियास-माथा सर्था भरत हैरात क्यां वैस्तिविक हरेरिय । (১৪) कू.—स. वि.—১४: वि., शृ. ১৪৫ (১৫) ১७।२०२-১९ (১৬) ১४म. वि., शृ. ১৪১-৫১ (১৭) २० म. वि., शृ. ७७১

স্মানিলেন ভাহার উল্লেখ নাই। বিবাহের সংবাছ-ছানের পরেই 'প্রেমবিলাস'-কার শিবিতেছেন বে একবার বীরচন্দ্র বিষুপুরে পৌছাইলে তীহার অভিপ্রায় অন্থবারী পদ্মাবতী তাঁহাকে বহুতে বন্ধন করিব। গাওৱান এক: বীরচন্দ্র সম্ভুট্ট ছইরা শ্রীনিবাসকে তাঁহার পুত্রকন্তা সমঙ্কে প্রস্থা করিলে শ্রীনিবাস জানান বে তিনি নিসেস্তান, বীরচক্রপ্রেডু কুণা করিলেই ডিনি পুত্রলাভ করিভে পারিকেন। বীরচন্দ্র তথন পদাবতীর নাম পরিবর্ডন করিয়া 'গৌরাক্সপ্রিয়া' য়াখেন এবং তিনি তাঁহাকে চর্বিড-তাম্বল প্রদান করিয়া গর্তসঞ্চার করিলে দশমাস পরে পদ্মাবতী একটি পুত্রসম্ভান লাভ করিলেন। পরে দেখা গেল বে সেই পুত্রের 'চলিবার কালে দক্ষিণ পদ বক্রগতি'। তখন বীরচক্রই তাঁহার নামকরণ করিলেন 'গোবিন্দগতি'। 'নিত্যানন্দপ্রভূত্ব-বংশবিন্তার' বা '-বংশমালা'^{৯৮} হইভেও এইরূপ বিবরণের সমর্থন পাওরা বার বটে। কিন্তু এই সকল বিবরণের মধ্য হইতে সভ্য আবিষ্কার করা কটসাধ্য। অভ্যন্ত আশুর্বের বিবর বে এই 'প্রেমবিলাসে'রই শ্রীনিবাসলাখা-বর্ণনার মধ্যে আবার লিখিত হইরাছে বে শ্রীনিবাসের তিন পুরের মধ্যে জ্যেষ্ঠ ছিলেন বুন্দাবন, মধ্যম রাধাব্রকাচার্ব ও কনিষ্টই উপরোক্ত গতিগোবিন্দ। স্কুডরাং বীরচন্ত বধন শ্রীনিবাসকে পুত্র-কল্পার কণা জিজ্ঞাসা করিয়াছিলেন তখন তিনি সম্ভবত পদ্মাবতী বা গৌরাকপ্রিয়ারই **পर्डमा**ण मसात्तव कथा विकाम कविवाहित्यन, अहेक्श कहना कविवा महेत्व स्व। আর বদি এইরপ অসুমান সভা হয়, ভাহা হইলে বলিভে পারা যায় যে গভি-গোবিন্দই পদ্মাবতী বা গৌরাছপ্রিয়ার একমাত্র পুত্র। 'অস্ত্রাগবরী'-মডে^{৯৯} গডি-গোবিন্দ ছিলেন ব্দীনিবাসের পুত্র-কন্তাদের মধ্যে কনিষ্ঠ।

'অহরাগবদী'র অন্তঞ্জও বলা হইবাছে ২০০ বে শ্রীনিবাসের অন্তান্ত পূত্র অপ্রকট হইলে বংশরকার্থ তাঁহাকে 'উপরোধ' করিয়া 'সকল মহাক্ত মেলি পূন বিবাহ দিলা' এবং 'বীরভত্র গোসাঞ্জির বরে' গভি-গোবিশ্বপ্রভুর করা হর। ইহা হইভেও উপরোক্ত সিদ্ধান্ত সমর্থিত হর বটে। কিন্তু 'অহরাগবদ্ধী'র এই বর্ণনা নির্ভরবোগ্য নহে। এই গ্রহমতে কবিরাক্ত ঠাকুরের অপ্রকটেরও পরে শ্রীনিবাসের দিতীর বিবাহ হটে। অধ্য প্রেমবিলাস'- এবং 'কর্ণানন্দ'-গ্রহ হইভে কানা বার্ত্ত ও বে শ্রীনিবাস একবার বধন তাঁহার ছই পদ্ধীকে লইবাই বিষ্ণুরে অবস্থান করিতেছিলেন সেই সময় একবির বধন তাঁহার ছই পদ্ধীকে লইবাই বিষ্ণুরে অবস্থান করিতেছিলেন সেই সময় একবিন তিনি দিবস-রাজি ভাবাবেশে সংজ্ঞাহীন রহিলে শ্রীনিবাসপদ্ধী প্রোপদী পক্ষম্থে রামচন্দ্র-কবিরাক্তের মাহাত্মা বোবণা করিয়া তাঁহাকেই আনাইয়া তাঁহার সাহাত্যে শ্রীনিবাসের সন্ধি কিরাইয়া আনিতে সমূর্থ হন।

⁽১৮) বি. বি.—পৃ. ৬৬ ; বি. ব.—পৃ. ৭৭ (১১) ৭ব. ব., পৃ. ৪৪ (১০০) ৬৪. ব., পৃ. ৪২-৪৬ (১০১) ধ্যে, বি.—১৯শ. বি., পৃ. ২৯৮-৬০১ ; ক্র্যি-—ব্যা, বি., পৃ. ৬৬-৫৭ জু,—ক্ষ. ব্যা,—পৃ. ২০৮-৯

এই ছলে প্রোপদীর উক্তি হইতে জানা বার বে তিনি এবং গৌরাজপ্রিরা উভরেই তৎপূর্বে রামচক্র-কবিরাজের সহিত বিশেষভাবে পরিচিত হইরাছিলেন। এই সমরেও প্রোপদী ও গৌরাজপ্রিরা উভরে প্রচুর বাছ-সামগ্রী প্রস্তুত করিয়া রামচক্রকে আপ্যারিত করেন এবং ফুইজনেই রামচক্রের প্রতি বিশেষভাবে আরুষ্ট হইরা পড়েন। ছুইজনেই সন্নিকটে বাকিরা শ্রীনিবাস-রামচক্রের নিভূত আলাপ-আলোচনাদিতেও বোগদান করেন। ইহা ছাড়াও 'নরোন্তমবিলাস' হইতে জানা বার^{২০২} বে বীরচক্রপ্রভূর বাজিগ্রাম-আগমনকালে শ্রীনিবাসের ছুই পত্নী, জ্যের্চ পুত্র বুন্দাবন, অন্ত পুত্র রাধারুক্ত ও কনির্চ পুত্র গতি-গোবিল্ব, এবং হেমলভাদি তিনজন করাই তথার উপন্থিত ছিলেন। স্কুতরাং এই সকল প্রমাণ বলে বলা চলে বে রামচক্রের জীবদ্দাতেই শ্রীনিবাস তাহার পুত্র-সম্ভানাদি পরিবেটিত বাজিয়াই বিতীরবার দারপত্নিগ্রহ করিয়াছিলেন। স্কুতরাং অন্তর্নানাদি পরিবেটিত বাজিয়াই বিতীরবার দারপত্নিগ্রহ করিয়াছিলেন। স্কুতরাং অন্তর্নাগরী'র উক্ত বর্ণনা অস্ত্রা বাংগরন্থক প্রমাণিত হল। কিন্তু তাহাইলৈও অস্তান্ত গ্রহ হইতেই জানা বার বে গৌরাজপ্রিয়ার গর্ভজাত প্রথম এবং সম্ভবত একমাত্র সম্ভান গতি-গোবিন্দই ছিলেন শ্রীনিবাসের কনিষ্ঠ পুত্র।

শ্বিনিবাস বিবাহ করিয়া বাজিগ্রামে প্রাত্যাবর্তন করিলে পরমেশরীদাস বৃন্ধাবন হইতে ফিরিয়া তাঁহাকে বিগ্রাহ-প্রতিষ্ঠার সংবাই হান করেন ২০০। এই সমর তিনি বাজিগ্রামে বিসায় রীতিমত অধ্যাপনা চালাইতে থাকেন এবং তাঁহার সহিত বৃন্ধাবনত্ব জীব-গোত্মামীর করেকটি পত্র-বিনিমর হটে। ২০৪ সম্ভবত এই সময়েই বীরচন্দ্রও বৃন্ধাবন-গমনোক্রের নববীপ শ্রীমন্তাহি হইয়া বাজিগ্রামে আসেন ২০৫। শ্রীনিবাসের ছই পত্নী, জ্যেট পুত্র বৃন্ধাবন, অন্ত একজন পুত্র রাধাক্ত ও কনিট পুত্র গতি-গোবিন্দ্র এবং হেমলতা, ক্রুপ্রিয়া ও কাঞ্চনলতিকা নারী তিন কল্পা সকলেই তথন বাজিগ্রামে উপত্নিত ছিলেন ২০৩। তাঁহারা সকলে মিলিরা বীরচন্দ্রের সংবর্ধনা করেন। ক্রেকহিন পরে বীরচন্দ্র বিদায়-গ্রহণ করিলে শ্রীনিবাসও তাঁহার সহিত কন্টকনগর ও বৃধ্রি হইয়া বেত্রি পর্যন্ত গমন করেন। বেত্রি ইইতে প্রভাবর্তন করিয়া তিনি কিছুকাল বাজিগ্রামে অতিবাহিত করেন এবং এই সমরে একহিন পূর্ণিমা রক্ষনীতে রামচন্দ্র-কবিরাক্ষ ভাবাবেশে অন্থির হইলে প্রোক্তাইর প্রিনিবাস পুনরার কাঞ্চনগড়িয়া হইয়া ব্র্রিতে পৌহাইলে নরোন্তম আসিয়া তাঁহার সহিত সাক্ষাই করেন এবং আই ক্রাছ ক্রিনবাস তাঁহাকে রামচন্দ্রের মর্যকথা ব্র্যাইয়া দেন ২০০৭। ইহার পর শ্রীনিবাস পুনরার কাঞ্চনগড়িয়া হইয়া ব্র্রিতে পৌহাইলে নরোন্তম আসিয়া তাঁহার সহিত সাক্ষাই করেন। তাঁহার সহিত সাক্ষাই করেন। তারপর তিনি বৃধ্রি হইতে বোরাকুলি গমন করেন।

⁽১০২) ১১ল. বি., পৃ. ১৬৮, ১৭৫-৭৬ (১০৩) জ. র.—১৩।২৩০ (১০৪) ল. বি.—১১ল. বি., পৃ. ১৬৭ (১০৪) জ. র.—১৬।২৮৬-২৬ (১০৬) ল. বি.—১১ প. বি., পৃ. ১৬৮ (১০৭) জ. র.— ১৪|৫৮-৬৩

শ্রীনিবাসশাধা-বর্ণনার মধ্যে বে রামলরণের কথা উলেখিত হইরাছে, তিনি বৃদি রামলরণ-চট্টরাজ হইরা থাকেন, তাহা হইলে 'অন্তরাগবলী'র বর্ণনান্ধবারী বৃদিতে হর বে তিনি ছিলেন শ্রীনিবাস-শিক্ত শ্রীকৃষ্ণলাস-চট্টরাজের পুত্র এবং শ্রানিবাস-শিক্ত রামলরণ-চক্রবর্তীর শিক্ষা। এই রামলরণ-চট্টরাজের নিকটেই 'অন্তরাগবলী'র কবি হীক্ষিত হইরা 'মনোহরদাস' নাম প্রাপ্ত হন। ১৯৮ কবি তাহার আছে আত্মপরিচর-বিবরণা প্রস্থান করিরাছেন। ১৯৯ তা. পুকুমার সেন মনে করেন বে এই মনোহরদাসই 'মনোহরদাস'- ভণিতাবিশিষ্ট বাংলা ও প্রজনুলি পদশুলির রচরিতা। ২০০

'প্রেমবিলালে'র অটান্সবিলালে হরবিংশ নামক শ্রানিবালের একজন প্রধান-শিয়ের কথা বলা হইয়াছে। ২০১ তিনি 'ব্রজবাসী' ছিলেন এবং

> श्वक्ष माञ्चा ना मानिशा त्रेना रहिन्छ। व्यक्ति व्यक्तक श्वन नव रहेन शहन ॥

⁽১৪৮) আ. খ.---৬\$. ম., পৃ. ৪৯ (১৯৯) পৃ. ৪৯-৫০ (২০০) HBL--pp. 254, 255 (২০১) পৃ. ২৭৪-৭৫

गरजाउध-गउ

'প্রেম্বিলাসে' বর্ণিত হইরাছে' বে মহাপ্রাভূ বৃন্ধাবন-গমনোদেশ্রে কানাইর-নাটকালাতে গিরা নৃত্যকীর্তনকালে আচহিতে 'নরোন্তম' নাম ধরিরা ভাকিতে থাকেন এবং ভাহার পর সেই স্থান হইতে প্রভাবর্তন করিরা গড়েরহাটের অন্তর্গত কুড়োররপুর-গ্রামে পদ্মাধানকালে পদ্মাব্তীর হথে প্রেম্থান করেন।

তিনি পদ্মাবতীকে নির্দেশ ধান করেন বে নরোন্তম ভূমিষ্ঠ হইলে বেন তাঁহাকে সেই প্রেম প্রভার্পণ করা হয়। পরে নরোন্তম বালাকালে একদিন পদ্মান্তান গেলে পদ্মাবতী তাঁহাকে সেই প্রেম ধান করেন এবং প্রেমপ্রাপ্তিমাত্রেই নরোন্তমের দেহের বর্ণ রূপান্তরিভ হইরা বার। তখন হইভে নরোন্তম গৌরবর্ণ ধারণ করিরা এক অনুস্কৃতপূব্ধ পুলকে অন্তির হন। তাঁহার মনে হইল এক গৌরবর্ণ শিশু তাঁহার থেহে প্রবিষ্ট হইরাছে। ক্রমে তাঁহার প্রেমব্যাধি বৃদ্ধিপ্রাপ্ত হইতে ধাকে এবং তিনি বৃন্ধাবন-গমনেচ্ছার অধীর হইরা পড়েন।

'প্রেমবিলাসে'র প্রানিবাস-আবির্ভাবের কারণ বর্ণনার মন্ত এই বর্ণনাও বান্তবভাসম্পর্ক চ্যুত। নরহরি-চক্রবর্তীর 'ভক্তিরত্বাকর' ও 'নরোন্তমবিলাসে'র মধ্যে এই সম্বন্ধে
যে বিবরণ প্রায়ন্ত হইরাছে, তাহা অধিকতর বান্তবাহুগ মনে হর। তবে 'প্রেমবিলাসে'র
এতং-সম্পর্কিত অক্টান্ত বিবরণের মধ্যে কিছু কিছু তথা থাকিয়া বাইতেও পারে। বিশেষ
করিয়া শতাধিক-বর্ব পরবর্তিকালের রচিত 'ভক্তিরত্বাকরা'দি অপেকা ইহার বিবরণ
অধিকতর শুকুত্বপূর্ণ হইয়া পড়ে। তাছাড়া নরোন্তমের শুরু ও বাল্যকাল সম্বন্ধে জানিতে
হইলে এই উভর গ্রহ্বকারের প্রদন্ত তথা ছাড়া আমাদের হাতে আর বিশেষ কোনও
মাল্য-মূল্লা নাই।

নরোক্তমের পিতারা তুই ভাই ছিলেন। 'নরোক্তমবিলাস'-কার বলেন :

শ্রীপূর্বোন্তমাঞ্জ কুকানক হয়। ভার পুত্র নরোন্তন বিদিত সর্বত্র।।

কিছ একই গ্রন্থকার 'প্রেমবিলাস'-কারের উক্তির সমর্থন জানাইয়া 'ভক্তিরত্নাকরে' লিখিরাছেন^৩:

জ্যেট পুরুবোত্তৰ কমিট ভুঞানক।

আবার 'নরোভ্যবিলালে' দেখা যার⁸ যে নরোভ্য তাঁহার অরপ্রাশনের সমর অর-ভক্ষণে

(১) भ्यः वि—১०मः वि., (२) भ्यः वि., शृः » (७) ध्यः वि.---२०भः वि., शृः ७८२ ; छः वः— ५|६७७ (७) भ्यः वि., शृः भ्रः পরামুধ হইলে তাঁহাকে বিষ্ণু-নৈবেল ছেওরা হয় এবং তিনি আনন্দে তাহা ভক্ষণ করেন। ভখন

সেইদিন হৈছে রাজা কহিল স্বাবে।
কুকের প্রসাদ বিশা বা দিহ ইহারে।
কুকানক কর সেই দিবস হইছে।
বিকু প্রসাদার শেষ্ট বিচারিলা চিতে।

সম্ভবত এই স্থলে রাজা বলিতে পুরুষোন্তমকেই নির্দেশ করা হইরাছে। অথচ 'ভক্তিরতাকর'-প্রণেডা বলেন°ঃ

> রাজবানী হান পশ্বাবতী তীরবর্তী। গোপালপুর নগর বৃশার বসভি। তথা বিলস্তে রাজা কুকানক বভা। ত্রীপুরবোত্তর বস্তু পরন বহুত্ব।

অক্সত্রত ''রাজ্যাধিকারী সে, নাম—ক্ষকানন্দ রাহ।'' 'প্রেমবিলাসে'ও¹ ক্ষানন্দকে 'রাহ' এবং 'মজুমদার' বলা হইরাছে। কিন্ধ নরহরি-চক্রবর্তী ভাঁহার **চুইটি গ্রাছেই 'সংগীত-**মাধবনাটকে'র যে অংল-বিশেষ উভ্*ত করি*রাছেন, তাহতে বলা হইরাছে:

পদ্মবিতীতীরবর্তী পোলালপুরনিবাসি (নলববাসি)গৌড়াধিরাজমহামাতা প্রপুরুরোক্তম
কত-সভম-তত্মজঃ শ্রীসভোষদক্তঃ স হি শ্রীনরোজমহাক-সভম-মহাশারানাং কনীরান্ বঃ
পিতৃব্যপ্রাতৃশিব্য : এইছলে স্পষ্টত পুরুরোজমহার 'গৌড়াধিরাজমহামাত্য' বলা হইরাছে।
ইহাতে মনে হর বে পুরুরোজম 'মহামাত্য' হইলেও এক পরিবারতৃক্ত বলিরা সাধারণভাবে
ছই আতাকেই রাজসন্মান দান করা হইরাছে। কিন্তু পুরুরোজম 'মহামাত্য' বলিরাই বে তিনি
জোষ্ঠ-আতা ছিলেন, এ বিষয়েও নিঃসন্দেহ হওরা বার না। তবে 'নরোজমবিলাসে'র আর
একটি উক্তি হইতে সম্ভবত সন্দেহের নিরসন হইতে পারে। নরোজমের কুমাবন হইতে
প্রত্যাবর্তনের ঠিক পরবর্তী বটনা প্রসঙ্কে গ্রহকার বলিতেছেন ই:

নহান্ত পুনবোজন হতের জনা।
আনৱোধ হত নাম তথের জানা।
আনৱোজনের তেঁহ পিতৃবা সুমার।
কুকানক হত বাঁরে দিলা বাক্যভার।

⁽e) अवका-कर (क) भावरक (१) अस. वि., सू. अक; अस. वि., सू. अक (४) क. इ.—आकेश्र ; म. वि.--अरम. वि., सू. अरू (३) स. वि. – जा. वि., सू. कक

এইরপ উক্তি হইতে মতে হর জাের্চ-পুক্ষোন্তমের পরলােক-প্রাপ্তি ঘটিলে কনির্চ-ক্ষানন্দের উপর বে রাজ্যভার আসিরা পড়ে, তাহাই তিনি পরে পুক্ষোন্তম-পুত্র সম্ভাবের উপর ক্যান্ত করিরাছিলেন। কিংবা, পিভার মৃত্যুর পর পুত্রই রাজ্যাধিকারী, এইরপ মনে করিরা তিনি সম্ভাবকে তথপদে অভিবিক্ত করেন। ইহা সভ্য হইলে বলা চলে যে পুক্ষোন্তম ও ক্ষানন্দ এই ছই প্রাভার মধ্যে কনির্চ-ক্ষানন্দই ছিলেন নরাের্ডমের পিভা, এবং পুর্যোন্তমের পুত্রের নাম ছিল সম্ভাব।

'প্রেমবিলালে'র বহু স্থানই কুফানন্দ প্রভৃতিকে গড়েরহাটের অধিবাসী বলা হইরাছে।
গড়েরহাট রাজসাহী জেলার অস্কর্গত একটি পরগণা (গোড়ীর বৈশ্বর তীর্থ)। স্তরাং
বৃঝিতে পারা বার যে গড়েরহাটের অস্কর্গত পদ্মাতীরবর্তী গোপালপুরেই পুরুষোত্তমের
রাজ্যানী ছিল। নরছরি-চক্রবর্তীও জানাইরাছেন^{১০} বে এই গোপালপুর বৃহত্ত র পেতৃরিগ্রামেরই অংশ-বিশেব এবং রাজ্যানী গোপালপুরেই অবস্থিত ছিল। উপরোক্ত গ্রন্থতীল
ছইতে আরও জানা বার^{১১} যে কুফানন্দ ও পুরুষোত্তম-হত্ত কারস্থ-তৃ লোগ্রব ছিলেন এবং
নরোক্তমের মাতার নাম ছিল নারার্থী। রামকান্ত বা বমাকান্ত নামে নরোক্তমের একজন
জ্যেষ্ঠ-লাতাও ছিলেন, তাঁহার পুত্রের নাম রাধাবরত্ত-তৃত্ত। সজ্যোব এবং রাধাবরত্ত উত্তরেই
নরোক্তমের নিকট শীক্ষাগ্রহণ করেন। শক্ষণীর যে, জ্যেষ্ঠ-রমাকান্ত বা তৎপুত্র রাধাবরতের
রাজ্য-প্রাপ্তি বটে নাই, পুরুষোত্তম-স্তত সন্ভোবই রাজত্বের অধিকারী ছইরাছিলেন।

নরোন্তমবিশাসে বলা হইরাছে^{১২} যে মহাপ্রস্থ রামকেলিতে আসিরা নৃত্য-সংকীর্তনকালে প্রীপেত্রি গ্রাম দিশাপানে' দৃষ্টি নিক্ষেণ করিরা 'নরোন্তম বলিয়া বারে বারে' ভাকিয়াছিলেন এবং

बीमाध्य अब् किविरास्य कार्वाहेगा । बावस्कृत-काणि नरवास्य कार्क्यना ॥

সম্ভবত শ্রীনিবাস-আচার্বের শ্বন-বুরান্তের যত নরোত্তমের আবির্ভাব-ব্যাপার্টির সহিতও নহাপ্রস্থ-চৈতক্ত কোন না কোনভাবে যুক্ত ছিলেন। তাই নরোত্তমের আবির্ভাব সমক্তে তাঁহার এই বোরণার বাত্তব-ভিত্তির উপর দাড়াইরাই 'প্রেমবিলাস'-কার এমনভাবে করনার শাল বিস্তার করিতে সমর্থ হইরাছেন এবং সেই করনাকে তিনি নরোস্তমের বাল্যকাল পর্বম্ব প্রসারিত করিরাছেন। স্থতরাং পরবর্তী বিষয় সম্বন্ধে নরহরি-চক্রবর্তীর

বর্ণনা ছাড়া আমাদের আর গভ্যন্তর থাকে না। কিছু গ্রন্থকার তাঁহার 'নরোত্তমবিলাসে' দিখিয়ছেন^{১৩}ঃ

> গৌর বিজ্ঞানকাকৈত গণের সহিতে। সূত্য কৈলা নারাকী দেবিলা সাকাতে।। এছে ভাস্যবতী নাহি নারাকী সম। বার গর্ভে জমিলা ঠাকুর নরোভ্য ॥

নরোত্তম-জননী নারাহণী-হত্ত বে কোনও দিন গোরাহ্মলীলা প্রত্যক্ষ করিবাছিলেন, এই সংবাদ কোষাও দৃষ্ট হব না। অথচ গ্রহকার 'প্রীবাসের প্রাতৃত্বতা' নারাহণীকেও জানিতেন। ১৪ স্থতরাং নরোজ্যের জন্মের সহিত চৈতন্তের সম্পর্ক, এবং নরোজ্য-জননী নারাহণীর গোরাহ্মলীলা-হর্শন, এই উভর বটনার একটি হইতে অক্রটির উদ্ভব হওরা বিচিত্র নহে। কিন্তু নরোজ্যের বালাকাল সহত্তে কোন গ্রহকারই বিশেষ কিন্তু তথ্য পরিবেশন করিতে পারেন নাই। তাঁহার আবিভাবিকাল সহত্তেও বিশেষ কিন্তু জানা বাহু নাই। কেবল সহং নরোজ্যই তাঁহার একটি পঞ্চে জানাইতেছেন ১৫ :

সৌরাজের সহচর থীবাসালি গলাবর

লর্মার মুকুল গুর

সজে বরুপ রামানক জরিদাস প্রেমকক

হামোলর পরমানক পুরী।।
বে সব করিল লীলা ওমিতে গলরে পিলা
ভাহা মুক্তি বা পাইসু দেখিতে
ভগন নহিল কর এবে ভেল
সে বা পেল রহি গে:

'নরোন্তমবিলালে'ও লিখিত হইরাছে^{১৬}:

अ एन नम्दन क्वारेटन पृथितीत्छ ।।
प्रिक्ट ना गारेन् अरे नहील विहात ।

এই সকল উদ্ধৃতি হইতে কেবল এইটুকুই বৃথিতে পারা বার বে খুব সম্বর্গত মহাপ্রস্থুর অক্ষলীলার শেবধিকে কিংবা তাহার অপ্রকটের পরবর্তী-কালে কোনও সমরে নরোশুম অস্থাত করেন। মহাপ্রস্থুর রামকেলি-সমনের বহু পরেই^{১৭} বে তিনি ভূমিষ্ঠ হন ভাহা অবস্থ পরবর্তী আলোচনার স্পাইই বৃথিতে পারা বাইবে। 'নরোশ্তমবিশাস'-কার

⁽১৩) ২র বি., পৃ. ১৪ (১৪) জ. র.—১২।২৪০১ (১৫) সোঁ, জ.—পৃ. ৬২৭ (১৬) পা. বি., পৃ. জ৯
(১৭) শিশির কুরার বোধ বলেব (জীবরোভর চরিত, পৃ. ১৭) "কোন্ শব্দে এই পুন (নরোভয)
হইল ভাহা ট্রক করা বার বা । জবে ভবন সৌরাল প্রকট আহেব।"

আনাইয়াছেন^{১৮} বে তাঁহার জয়কাশে তাঁহার পিতামহ জীবিত ছিলেন একং তিনি 'পোত্রের কল্যানে কৈলা বহু অর্থ দান।' ভাষার পর বধাকালে নরোভনের অক্সপ্রাশন, কৰ্ণবেধ ইঙ্যাদি সমাপ্ত হইলে তাঁহার বিভালিকা চলিতে থাকে এবং তাঁহার বিবাহকাল উপস্থিত হয়। 'প্রেমবিলাস'-কার বলেন বে তখন তাহার বর্গ 'বাদল বংসর' এবং সেই সময়ে তিনি একদিন পদালানে গমন করিয়া প্রেম আনরন করেন। বাহাহউক, তাঁহার পিতা যাতা তাঁহার বিবাহের জন্ম 'বিজ্ঞ কারন্থবর্গের' কন্তা অসুসন্ধান করিতে খাকেন। সম্ভবত কিছুকাল পূৰ্ব হুইতেই তাহার মনে বৈরাগাভাব উদিত হওৱাৰ পিডামাভা তাহার অন্ন-বৰসেই বিবাহের জক্ত উদ্যোগী হইতে থাকেন। কিছু তাঁহার এইরপ বাল্য-বৈরাগ্যের বিশেষ কোনও কারণ খুঁজিয়া পাওয়া বাম না। নারামণীর গৌরণীলা-দর্শনের ক্থা ছাড়াও 'নরোজ্যবিলাস' হইডে খানা বার্^ বে সেই সমরে কুক্ষাস নামে একজন খেতুরিবাসী প্রাচীন ব্রাহ্মণ চৈতক্তলীল। সহছে বিশেষভাবে অবগত ছিলেন। প্রত্যেহ কৃষ্ণসেবা (নরোত্তমের গৃছে?) শেষ করিয়া ফিরিবার সময় তিনিই নরোভ্তমের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাকে সবিভাৱে চৈভক্তশীলা-বৃত্তান্ত প্রবণ করাইডেন। কিন্তু ইহাই নরোজ্যমের উপর প্রভাব-বিন্তারের মূল কারণ বলিয়া মনে হয় না। খুব সম্ভবত, কোন না কোনভাবে হস্ত-পরিবারারের উপরও চৈতন্ত-প্রভাব পড়িরাছিল। 'ভক্তিরস্থাকরে'র এক স্থাল উল্লেখিত হইবাছে^{২০} যে নরহরি-সরকার-ঠাকুরের সহিত নরো**জ্মের পিতার পরিচয়** ষ্টিরাছিল। নরহরি-সর্কার নরোভ্যমের সংক্ষ

> নিৰূপণ এতি কৰে—গৌড় বাতারাতে। ই'বাৰ শিতাৰ সহ সাকাৎ তথাতে।। বাজা অধিকাৰী লে বাৰ কুকাৰক বাব। তাৰ বৰে কৰে ই'হো গুডুৰ ইছোৱ।।

নরহরির সহিত সাক্ষাৎ ঘটরা থাকিলে ক্রফানন্দের পক্ষে তৎকর্তৃক প্রভাবিত হওরা বিচিত্র নহে। এদিকে ক্রফানন্দও নানাকথা বলিয়া নরোন্তমকে বৈক্ষব-ধর্মের প্রতি অন্ন্র্যায়ী করিয়া তুলেন। তিনি শ্রীনিবাস-আচার্দের কথাও জানিতেন এবং আবালা চৈতল্লামুরাগী শ্রীনিবাস বে ক্রবিধ ক্রখ-যাতনা সহ্য করিয়া তখন ক্রমাবনে গমন করিয়াছেন, তাহাও তিনি নরোন্তমকে জানাইলেন। তাহাতে নরোন্তম ক্রমাবনে বাইবার জন্ত উদ্বাব হইয়া উঠিলেন। কিন্তু তাহার উদাসীল লক্ষ্য করিয়া পিতামাতা তাহার উপর সর্বদাই সতর্ক দৃষ্টি রাধিয়া চলিলেন; তক্ষপ্ত প্রহরীও নিবৃক্ত করা হইল। কিন্তু নরোন্তম্বও নানা কৌনলে মুরোগ পুঁজিতে লাগিলেন।

⁽३४) रत्र वि., शृ. ३७ (३३) रत्र. वि., शृ. ३७ (२०) । ।।३२६-२७

'প্রেমবিলাস'-কার বলেন^{২৬} বে 'এইকালে জাগিরদারের এক আশোহার নরোত্তমকে লাইবার' জন্ম একটি পত্ত আনহন করিল।

> পত্ৰপাঠ আসিবে ভোষার প্তকে বেধিব। শিৰোপার বোড়া আমি ভাহাতে করিব।

পিতামাতার অনিচ্ছা এবং আপত্তি সম্বেও শেব পর্যন্ত নরোত্তমকে পাঠাইতে ইইল এবং পথিমধ্যে একদিন পরিপ্রাপ্ত সদী-কৃষ নিজ্ঞান্তর ইইলে নরোত্তম কৃষ্ণাবনের পথে ধাবিত ইইলেন। কিন্তু এই বিবরণ অপেক্ষা নরহরি-চক্রবর্তী-প্রদন্ত বিবরণ অধিকতর নির্ভরণোগা। নরহরি জানাইডেছেন :

ক্ষাং গৌড়রাজ-বসুত্র আইন।
সৌড়ে রাজহানে শিকা শিকৃব্য চলিল।।
এই অবসরে রক্ষেত্রে প্রকারিলা।
প্রকারে বাবের হাবে বিধার ইংলা।।

'প্রেমবিলাস'-কার জানাইতেছেন বে নরোজ্য কাশীতে পৌছাইরা চপ্রশেষর-শিত্রের আতিথ্য গ্রহণ করিবাছিলেন। কিছু বুন্দাবনগামী ভক্তমাত্রকেই বে চপ্রশেষর-পৃষ্টে তাঁহার শিব্যের নিকট আতিথ্য গ্রহণ করিতে হইবে এইরপ বর্ণনা যেন একটি রীতি হইবা সাজাইরাছিল। 'নরোজমবিলালে' অবশ্র এইস্থলে এই প্রেস্থ উত্থাপিত হর নাই। কিছু যাজার প্রারম্ভে কিংবা সমনকালে পবিমধ্যে স্বর্থনান ও মথুরার বিপ্রামবাটে পৌছাইরা ভাবাবিষ্ট হইলে মাধ্ব-আন্থণের লাহাধ্যে চেতনা-প্রান্তি ও কুন্দাবন-সমনের জন্ম সাহায্য-প্রাণ্ডি এবং প্রয়োজন হইলে আরও একবার স্বপ্রদর্শন—এ সম্ভই এই প্রব্রে বধারীতি বনিত হইরাছে।

নরোভ্য কৃদাবনে পৌছাইলেন। শ্রীনিবাগের বৃদাবন-গমনের কতদিন পরে যে তিনি বৃদাবনে থান, এবং যাওয়া যাত্রেই উাহার সহিত শ্রীনিবাসের সাক্ষাৎ বটিরাছিল কিনা, কিংবা কতদিন পরে উভরের মধ্যে বনিষ্ঠতা ক্যাইয়াছিল, এ সমন্ত বিবর সঠিকভাবে জানিবার উপার নাই। বিভিন্ন গ্রন্থ হইতে কেবল এইটুকুই ব্রিভে পারা বার বে বৃদ্ধাবনে গিয়া তিনি প্রথমে জীব-গোয়ামীর সহিত সাক্ষাৎ করিলে জীব তাঁহাকে গোবিন্দাধিকারী শ্রীক্ষ্য-পণ্ডিতের নিকট প্রসাদমালা চাহিয়া দেন এবং প্রসাদ-ভক্ষণ করান, তারপর তিনি তাঁহাকে সক্ষে লইয়া লোকনাথ, পোপাল, ভূগর্ভ প্রভৃতি কৃষ্ণাবন-গোয়ামীদিগের সহিত সাক্ষাৎ করান এবং সমন্ত মন্দির ও স্মাধি স্থানগুলি পরিম্বর্ণন করাইয়া আনেন। ক্রমে নরোস্তম রাধাকুতে গিয়া রল্বনাথ রাঘ্য ও কৃষ্ণাসাধির সহিতও সাক্ষাৎ করিয়া আসেন।

⁽२১) - ১১म- वि., शु- ১+५-১+

জীব নরোভ্যকে লোকনাধ-গোখামীর নিকট লট্ডা গিরা তাঁহার দীক্ষাগ্রহণের ব্যবস্থা করিয়াছিলেন। কিন্তু নরোন্তমের বুন্দাবন-আগমনের কভদিন পরে তাঁহার **দীক্ষাগ্রহ**ৰ ষটে, সে সম্বন্ধে নরহরি-চক্রবর্তী স্পষ্ট করিরা^{২২} কিছু বলেন নাই। 'প্রেমবিলাস' ও 'অসুরাবগলী' হইতে জানা যায় বে বুন্দাবনে পৌছাইবার অস্তত বংসরাধিক-কাল পরে নরোক্তম দীক্ষাগ্রহণ করেন।^{২৩} প্রথমে লোকনাথ দীক্ষা দিতে কোনও প্রকারে রাজী না হইলেও তিনি কিছ লোকনাধের সেবায় আত্মনিরোগ করিবাছিলেন। শীক্ষগোষামী তাঁহাকে গোন্বামী-এন্থাদি পাঠ করাইয়া স্থালিক্তিক করিয়া তুলিতেছিলেন এবং লেই সক্ষে তাঁচার হরিনাম ও লোকনাখ-সেবা নিয়মিতভাবে চলিতেছিল। এই সেবাভঞ্জির মধ্যদিরাই তাঁহার সাধনা সার্থক হইরা উঠিতে থাকে। এতৎসম্পর্কে তাঁহার নিষ্ঠা তৎকাদীন কাঁহারও অপেকা ন্যুন ছিল না রঘুনাখদাসের মত তিনিও ছিলেন ধনীর ছুলাল। কিন্ত চৈতক্তের মত কোনও প্রাণমন-ভোলান আদর্শ মহাপুরুষ তাঁহার সমূপে উপস্থিত ছিলেন না। কিংবা, রাজপুত্র হিসাবে তাঁহার সুখৈদর্বের কোন অভাবও ছিল না। ইচ্ছা করিলেই তিনি পরিপূর্ণ ভোগবিলাসের মধ্যে নিক্লেকে আপাহমন্তক নিমক্ষিত করিয়া দিতে পারিতেন। কিন্তু সে-সমন্তই তিনি লোট্রবং দূরে নিক্ষেপ করিয়া এক ছুর্বায় পতিতে দূব-বৃন্দাবনের জুর্গম-পথে নামিরা পড়িরাছিলেন এবং স্বীর অস্করের মধ্যে যে দীপধানি প্রক্ষণিত হইরাছিল, ভাহারই আলোকে ভিনি ষেন পথের বনান্ধকার দুরীভূত করিয়া বুন্দাবনে গিয়া ভাঁহার ভকটিকেও চিনিয়া লইলেন।

লোকনাথ বে প্রথমে তাঁহাকে মন্ত্রীক্ষা দান করেন নাই, তাহাতেই বোধকরি নরোত্তম-হলবের ভত্তি-তরক শতধারে উচ্চলিত হইরাছিল। কলে লোকচকুর অন্তরালেই তাঁহার শুক্রবো আরম্ভ হর। বয়ং লোকনাখও প্রথমে সেই সেবাবিধির প্রকৃত বর্ননাট চিনিরা উঠিতে পারেন নাই। কিন্তু বংসরাধিককাল অতিবাহিত হইলে একদিন তাঁহার হঠাৎ মনে হইল^{২৯} কে বেন তাঁহার কন্ত

> বৃত্তিকা পৌচের লাগি বাট হানি আনে। নিতা নিভা এই মত করেন সেধনে।।

গোৰামী তাঁহার সাধন-ভবনে মর বাকেন, তাই তিনি এতদিন বৃদ্ধিরা উঠিতে পারেন নাই । নরোত্তমও প্রত্যাহ ব্যাকালে তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া তাঁহার সেবালি করিয়া বান, কথনও বা তাঁহার নিকটে বসিরা শিক্ষাগ্রহণ করেন এবং প্রসাদপ্রাপ্ত হন। স্ত্রাং তাঁহাকে সন্দেহ করিবার কোন কারণই থাকে না। কিছু একদিন লোকনাথ অভি

⁽११) म. वि.—१॥ वि., शृ. ११ (१०) ध्या वि.—১১म. वि., शृ. ১১७ (१०) ओ—১১म. वि., शृ. ১১৮

প্রত্যুবে শব্যাত্যাপ করিরা দেখিলেন বে নরোন্তম তাঁহারও পূব হইতে উঠিরা তাঁহার জন্ত পোচ-মৃত্তিকা প্রস্তুত করিতেছেন। লোকনাথ তাঁহাকে কাছে ভাকিরা তাঁহার এইরপ কর্মবিধির কারণ জিজাসা করিলে নরোন্তম সপজ্জভাবে বলিলেন ^{২৫}:

ভোষার সেবনে আহার এবীভূত মন ।
আর না করিহ বোরে হাড় বিড়খন ।।
বেবে কেবিপুঁ কৈপুঁ আত্মনপ্র ।।
বে ভোষার মনে আইনে ভাহা তুমি কর ।
বোর প্রতু তুমি মৃকি ভোষার কিংকর ।।

আয়ও একদিন লোকনাথ অভি-প্রভূবে উঠিয়া ছেখিলেন^{২৬} বে এক ব্যক্তি অঞ্চনে ঝাঁট দিতেছেন। তথনও অন্ধকার রহিরাছে, ভাল চেনা বাইতেছে না। লোকনাথ জিল্পাসা করিয়া জানিলেন বে তিনি নরোন্তম। নরোন্তমের এইরপ কার্য দেখিয়া লোকনাথের হলম গলিরা গেল। রাজার স্বেহের জুলাল রাজধানী হইতে লভ শভ ক্রোশ দূরে আসিরা আধ-অন্ধকারে উঠিয়া ভাহার পেলব হন্ত গুইটি দিয়া ঝাগুলারের কার্য করিতেছেন, এ দূল্য বোষকরি পাধাণকেও বিচলিভ করে। তিনি সেইদিনই নরোন্তমকে মন্ত্রদীক্ষা দিয়া ভাহার অভিলাব পূর্ণ করিলেন। ২৭

দীক্ষাগ্রহণের পর কিন্তু নরোন্তমের সেবাবিধির বিন্দুমাত্র পরিবর্তন বটে নাই। এমনিভাবে তাঁহার যানস সেবা চলিও বে মধ্যে মধ্যে তিনি বেন কাওজান পর্যন্ত হারাইয়া কেলিভেন। 'প্রেমবিলাসে' ও 'ভক্তিরপ্নাকরে' এই সম্বন্ধে একটি গ্রা বলা হইরাছে^{২৮} — একদিন নরোন্তম তন্মরচিত্তে ক্ষিত রাধিকার ইচ্ছামুষারী স্থীর ইন্দিতে ভ্রম্ক আবর্তন করিবার কালে

তথ্য কাঠ আঁচ দেন উপলে বাবেবার।
ননে বিচার করেন কিবা করি প্রতিকার।।
পূনবার উপলিভ হইল বধন।
হত্ত বিরা নেই ছুছ করিল রক্ষণ।।
হত্ত পূড়ি দেল বাহে ভাহা বাহি জানে।
উভারিরা নেই ছুছ হাবে নেই বানে।।

এইরপ সেবার জন্ত অবশ্য জীব বা লোকনাধের নিকট তাহার নির্মিত শিক্ষাগ্রহণ বন্ধ, হইরা বার নাই।

⁽২ e) আ ব.—em ম, পৃ. ২৮ (২৬) গো. বি.—১১শ. বি., পৃ. ১১৯-২২ (২৭) জু.—জ. বু.— ১)৩৪৬ ; ৪)৪২০ ; জ. ব.—em ম., পৃ. ২৯ (২৮) ১১ল. বি., পৃ. ১৩১-৬২ ; জ. হু.—৬)১৬৭-৭৭

ইভিপূবে শ্রীনবাসের সহিত নরোজ্যের বনিষ্ঠত। জন্মাইরাছিল এবং জীব তাঁহার 'প্রির শ্রীনিবাসে নরোজ্যে সমর্পন' করিরাছিলেন। ২৯ তিনি নরোজ্যকে 'মহাশর' বা 'শ্রীমহালর' বা 'শ্রীঠাকুর মহাশর' উপাধিতেও ভূবিত করিরা^{৩0} তাঁহার বোগ্যতার মধালা লান করিরাভিলেন। ক্রমে জীবের নির্দেশে রাষ্ব-গোলামীর সহিত তাঁহারের কুলাবন ও মধুরা পরিক্রমা সমাপ্ত হইলেও তাঁহালিগকে গোড়-প্রত্যাবর্তনের নির্দেশ লান করা হইল।

শ্রীনিবাস ও নরোন্তম হইনাছিলেন 'শ্রীনীবের বেন ছই বাছ ছইজন। ^{৩২} ভিনি দ্বির করিলেন বে গৌড়ে বৈক্ষবর্ধর প্রচারের বোগ্য অধিকারী ছিলেন তাঁহারা ছুইজন। সেই সমন্ব শ্যামানক্ষও বৃন্ধাবনে ছিলেন। ^{৩৩} জীব শ্রীনিবাসের উপর নরোন্তম ও স্থামানক্ষের, এবং নরোন্তমের উপর স্থামানক্ষের ভার অর্পণ করেন। ভারপর তিনি ভিনজনকেই গোন্থামিগ্রন্থ প্রচারের নির্দেশ দান করিয়া ও উপর্ক্ত শিক্ষা দিলা গো-শক্ট বাহিভ গ্রন্থ-সম্পূট সহিভ সমন্ত লোক্ষনসহ গৌড়াভিম্বে পাঠাইরা দিলেন। ^{৩৪} যাত্রাকালে লোক্ষনখ-গোন্থামিও শ্রীনিবাসের উপর নরোন্তমের ভার অর্পণ করিলেন। ^{৩৪} যাত্রাকালে লোক্ষনখ-গোন্থামিও শ্রীনিবাসের উপর নরোন্তমের ভার অর্পণ করিলেন। ^{৩৪}

'নরোজনবিশানে' বলা হইরাছে^{৩৬} যে সেইসময় গোকনাথ নরোজনকে শ্রীবিগ্রহসেব। সংকীর্তন সমাচার' কবিবার জন্তও বিশেষভাবেই জানাইয়া দেন এবং 'প্রেমবিশাস-'কার বলেন^{৩৭}যে লোকনাথ তাঁহাকে বলিয়াই দিয়াছিলেন:

ন্দান করি বনে এই ভয়।
বিবাহের কাল অভি বনে লানি লয়।।
ব্যবহারে রহি সব বৈয়াগ্য সাধিবে।
তৈল ভ্যাগ হবিস্থায় সদা আচরিবে।

আবার 'অপ্রাগবদী'-মতে^{৩৮} বিদাহকালে লোকনাথ নরোন্তমকে যে কেবল 'সংকীর্তন প্রচার', 'রাধা**রুক্ষ সেবা' ও** 'বৈক্ষব সেবনে'র কথাই বলিরা দিয়াছিলেন তাহা নহে, তাঁহাকে শীক্ষাদানের সময়ে শর্ত হিসাবে বলিরা রাধিরাছিলেন:

> •••••বিষয়েতে বৈরাসী ক্ইবা। অসুবাক উক্চানু সংক্র না বাইবা॥

⁽२३) म. वि.—२इ. वि., शृ. ७० (००) (था. वि.—১२ म. वि., शृ. ১०৫; ১৩म. वि., शृ. ১৮२; म. वि.—२इ. वि., शृ. ७८; ७.व.—॥६२६, ১।०६৮; 'शत्रकत्तकक्ष अक्षे श्रंस (२०৮६ क्षि वहा वहें होता वि. त्र वि. त्र

বৃন্দাবন-জাগের সময় আজন ব্রন্ধচারী নরোজমকে এই সমস্ত কথা শ্বরণ করিতে হইয়ছিল। প্রীনিবাস এবং নরোজম উভরেরই বৃন্দাবন-বাত্রা ও কুন্দাবন হইতে প্রভাবর্তনের পথ বে 'গুর্গ ম' ছিল সন্দেহ নাই, কিন্তু সর্বচন্দ্র অন্তরালে থাকিয়া বিনি বলোলাভাকাজ্ঞাহীন সেবা ও ভক্তির সাধনাকে জীবনের ব্রভ বলিয়া গ্রহণ করিয়াছিলেন, সেদিন জাহার মানস্বৃন্দাবনের গমনাগমন পথ বে 'কুরধারে'র মভই 'নিশিত' এবং 'চুরভার' হইরা উঠিয়াছিল ভাহাতে সন্দেহ নাই।

বিষ্ণুর-অঞ্চল পৌছাইলে জীবাদি-প্রেরিড গ্রহসম্ট অপহত হর। ত্র কিন্তু প্রীনিবাসের আজ্ঞায় নরোন্তম স্থামানন্দকে লইয়া খেতুরি চলিয়া আসেন। ইতিপূর্বে নরোন্তমের পিতা কুফানন্দ তাহার প্রাত্ম্পুর সন্তোবের উপর রাজ্যভার অর্প্র করিয়াছিলেন এবং সন্তোবন্ধ বোগ্যভার সহিত রাজ্যপালন করিতেছিলেন। নরোন্তম গৃহে ফিরিয়া সর্বপ্রথম তাহাকেই দীক্ষিত করিয়া^{৪০} স্বীয় কর্তব্য পালনে অগ্রসর হইলেন। কিছুদিন পরে বিষ্ণুর হইতে গ্রহপ্রান্তির সংবাদ পৌছাইলে রাজ্যা-সন্তোব আনন্দে ও উৎসাহে 'করিল মঞ্চলকিয়া বিবিধ বিধানে'। ৪০ নরোন্তম শ্রীনিবাসকে স্থামানন্দের পরবর্তী কার্বসূচী প্রেরণ করিয়া স্থামানন্দকে প্রবেশকারীর নির্দেশাদি দান করিলেন এবং তাহার যাত্রার ব্যবস্থা করিয়া হিলে রাজ্যা-সন্তোব প্রার্বতী পর্যন্ত গিয়া তাহাকে বিদান ছিলা আসিলেন।

শ্রীনিবাদের বাজিপ্রায়ে প্রভাবর্তনের পূর্বেই নরোন্তম নীলাচল-দর্শনে বাহির হইরা বান। তৎপূর্বে তিনি গৌড়মগুলের বিশিষ্ট ছানন্ডলি পর্বটন করেন। একমান্ত নরহরি-চক্রবর্তীই তাঁহার ছুইটি প্রছে^{৪২} সেই গৌড়-নীলাচল পর্বটনের বিশ্বুত বিবরণ দিরাছেন। তদুষ্বায়ী শানা বার যে নরোন্তম সর্বপ্রথম নর্ববীপে গমন করেন। তাঁহার পথবাট শানাছিল না। নর্ববীপের প্রবেশপথে তাঁহার সহিত এক প্রাচীন বিপ্রের সাক্ষাং বাঁটলে তিনি তাঁহার নিকট নর্ববীপলীলার কুরান্ত শ্রুবণ করিখেন এবং আরও শানিতে পারিলেন যে, কিছুকাল পূর্বে প্রাবাস-পথিত এবং তাহার পরে বিকুপ্রিয়া-ঠাকুরাণী মেহরক্ষা করিয়াছেন। কিছু কোনও প্রাচীন বিপ্রের বারা নরাগত ভক্তকে তৎস্থান সম্বন্ধ নানাবিধ বুদ্ধান্ত শ্রুবণ করিয়ার বর্ণনাও বেন গ্রন্থকার-গণের একটি রচনা-রীতি হইরা গিরাছিল। স্কুরাং বুরাস্কর্ভারির ইবলাও বিভার্য হইলোও উক্ত আন্ধণের অন্তিত্ব সম্বন্ধ সর্বদাই বিশ্বাস স্থাপন করিবার কারণ দৃষ্ট হর না। গ্রন্থান্থবায়ী শানা বার বে নরোন্তম প্রথমে ত্রাহ্বর-ব্রন্থচারীর সহিত সাক্ষাৎ করিলেন। তারগর ক্রমে শচী-ভূত্য ইশান, দামোদর-বন্ধচারী ও

⁽७३) ज.—शिविदान (३०) च. इ.—१।>२॥ (३১) ॐ---१।२७» (३२) च. इ. --४व. चत्रण ; म. वि ----थ्य:-वर्ष वि.

শ্রীবাস-প্রাতা শ্রীকৃতি শ্রীকৃতি প্রত্তির আশীর্বাই এইশ করিবা তিনি শান্তিপুরে অচ্যতানন্দের সহিত সাক্ষাৎ করেন এবং সেধান হইতে হরিনদীতে গলাপার হইবা অধিকার গিয়া দ্বার-চৈতন্তের আশীর্বাই প্রাপ্ত হন। অধিকা হইতে তিনি সপ্তপ্রামে পৌছান। কিন্তু সপ্তপ্রামের উল্লাৱন-কল তথন পরলোকসভা। নরোভই গলাতীর-পদ ধরিবা বড়াইছে পৌছাইলে বস্থ-আহ্বা এবং বীরচন্দ্র তাঁহাকে পাইরা আনন্দিত হইলেন। করেক্ছিন বড়াইলে বাকার পর তিনি কাহ্বা-নির্দেশে ধানাকুল-অভিমূখে বাত্রা করিলে পরমেধরীহাল পধ দেধাইরা দিলেন এবং মহেল-পত্তিত প্রভৃতি তাঁহাকে আশীর্বাই করিলেন। ধানাকুলে অভিয়াম এবং মালিনীও তাঁহাকে আশীর্বাই জানাইলে তিনি নীলাচল-অভিমূধে ধাবিত হইলেন।

বর্ণনা আছে বে নীশাচল প্রবেশের পূর্বেও নরেন্ডিমের সহিত পূর্ববং এক প্রাচীন বিপ্রের সাক্ষাং বটে। কিছু হাহাহউক, তিনি প্রাক্ষেত্রে পৌছাইরা গোপীনাথ-আচাং, শিথি-মাহিতী, যাণীনাথ, কানাই-খুটিয়া, নকরাজ, মামৃ-গোদীই ও গোপাল-ভক প্রভৃতি ভক্তের দর্শন লাভ করিলেন। তিনি টোটা-গোপীনাথে গিরা গদাধরের অবস্থান-ক্ষেত্র, এবং সমৃত্রতীরে হরিদাস-ঠাকুরের সমাধি-ক্ষেত্র প্রভৃতি হর্ণন করিলেন। তারপর গোপীনাথ-আচার্য জগরাথ নামক এক বিপ্রকে দিরা তাহার পরিক্রমা স্থানস্থার করিরা দিলে ক্ষেক্ষিন পরে নরোন্তম বাজপুর হইরা নৃসিংহপুরে ভামানক্ষের নিকট পৌছাইলেন। তিনি সেইস্থানেও করেক-দিবস অবস্থান করিরা ভামানক্ষেক নীলাচল-গমনের গরামর্শ দান করিলেন এবং তবা হইতে প্রাথতে আসিরা মরণোস্থা নরহবি-সরকার-ঠাকুরের হর্ণন লাভ করিলেন। রঘুনন্দন তাহাকে লইরা গৌরাজ-বিগ্রাহ দর্শন করাইলে নরোন্তম সেইদিন তবার অভিবাহিত করিয়া পরদিন যাজিগ্রামে গিরা প্রীনিবাসের সৃষ্টিত মিলিত হইলেন। সেধান হইতে তিনি কাটোরার গিয়া গদাধরদাসপ্রভুর সহিত সাক্ষাং করেন। তথন গদাধরও মৃত্যুর ছ্বারে উপস্থিত। নরহারির মত তিনিও নরোন্তমকে বাংসালা প্রভর্ণন করিলেন।

এইবার নরোন্তম তাহার কর্তবাগালনে অগ্রসর হইলেন। বুন্দাবন-নীলাচল সমনাসমনের মধাদিরা প্রচুর অভিজ্ঞতা লাভ, বুন্দাবনে শারাধ্যরন করিয়া বিপূল-পার্তিভা অর্জন,
নীরব ও নিম্নার্থ সেবাক্রতের মধ্যদিরা ভক্তিবাদের প্রাথমিক সোপানগুলি অভিজ্ঞম এবং
প্রাচীন বৈক্বদিসের সহিত সাক্ষাং করিয়া তাহাদের নিকট হইজেও ভৈতগুলীলা সহক্রে
বিশেষ জ্ঞান লাভ—এই সমন্ত বিক হইডেই বিপূল মানসিক সম্পান্তর অধিকারী হইরা তিনি
ভক্তিধর্য-প্রচার ও বিগ্রহ-প্রতিষ্ঠানি বিবলে সচেই হইলেন। এইজন্ত তাহাদের ক্রবিধ

বাধারও সন্থীন হইতে হইয়াছিল। কিছ নীশাচল হইতে প্রত্যাবর্তনের পর তিনি তাঁহার পাতিত্যের দারা 'ধতিলা পাষ্থ্যত ভক্তি প্রকাশিয়া।'^{৪৩}

সেই সমৰে গোপালপুর-সন্নিকটছ এক প্রামে বিপ্রদাস নামে এক 'অর্থবান' ব্যক্তি বাস করিতেন। ইউ তাঁহার গৃছে একটি অধ্যরক্ষিত 'ধাক্ত-সর্বপাদি গোলা' ছিল। সর্পন্মবিদাদি-সংকূল সেই ভরাবহ গোলাটির নিকট কেহই বাইতে সাহসী হইতেন না। তাহার মধ্যে 'প্রিরাসহ শ্রীগোরাক্তমুক্তর'-বিগ্রাহ সুকারিত আছে জানিরা নরোত্তম একদিন নির্ভরে তাহার মধ্যে প্রেরণ করিবা সেই বিগ্রাহ উদ্ধার করিলেন এবং তাহার জক্ত মন্দির সিংহাসনাদি-নির্মাণে প্রাকৃত্ত হইলেন। তাহার পিতৃব্যপুত্র রাজা-সন্ধোব-রাল এ বিবরে তাহাকে সর্বপ্রকারে সাহাব্য করিবাছিলেন। এইভাবে নরোত্তম এবং সন্ধোবের চেটার বিগ্রহ-প্রতিষ্ঠার ব্যবস্থা সম্পন্ন হইলে তাহারা বেতৃরিতে এক মহামহোৎসবের আহোজনে উদ্বোসী হইলেন। ইতিমধ্যে বিগ্রহক্রান্তি-দিবসে 'বলরাম আদি কতজন, ঠাকুরের স্থানে কৈলা শ্রীমন্ত্রগ্রহণ।' খুব সম্ভবত এইদিনেই উক্ত বিপ্রকাস, তৎপদ্ধী ভগবতী, এবং বতুনাথ ও বমানাথ নামক্ষত তাহাবের গুইটি পুত্র নরোত্তমপ্রত্ন নিকট দীক্ষা গ্রহণ করেন। এইদিন হইতেই ধেতৃরিতে 'কীর্তনের শুভারক' হইলা পেল। ৪৬

শ্রীনিবাস-আচার্ব সেই সমবে তেলিরাব্ধরি-রামে হাজির ছইলে থেতুরিবাসী ছুর্গাহাস নামে নরোস্তমের এক রাজ্ব-শিক্ত আসিরা তাহাকে নরোস্তমের পূর্বকৃত-কার্বাবলীর পরিচর প্রদান প্রসাদে জানাইলেন বে পরিচরই নরোস্তম শ্রীনিবাসের সহিত সাক্ষাৎ করিবার জক্ত ব্ধরিতে পৌছাইকেন। এবিকে পরিচর প্রত্যুবে থেতুরিতে বলরাম-পূজারী কর্তৃক বিগ্রহ-সেবা হইরা সেলে নরোস্তম তাহার করেকজন শিক্তকে প্রক্রেজনীর উপদেশারি দান করিবা দেবীহাস, পোক্লাস ও গৌরাজহাস প্রভৃতি শিক্তকে সঙ্গে লইয়া ব্ধরিতে পৌছাইলেন। 'কৈতক্তচরিতামৃতে'র ব্রুব নিজ্যানজ্ব-শাধার মধ্যে বে গোক্লাস্য এবং গৌরাজহাসের নাম পাওরা ধার তাহারা কিন্ধ আলোচ্য গোক্লা-গৌরাজ হইতে ভির ব্যক্তি। কারণ, 'নরোস্তমবিদাসে'র থেতুরি-উৎসব বর্ণনার মধ্যে নরোক্তম-শিক্ত গৌরাজহাসের থেতুরিতে অবস্থান-কালেই আর একজন গৌরাজহাসকে গড়ম্ছ হইতে জাক্রা-ঠাকুরাণীর সহিত আসিরা উৎসবে বোগহান করিতে দেখা বার। ওচি কিন্ধ নরোন্তম-শিক্ত উপরোক্ত গৌরাজহাসাদি ছিলেন স্বাদক ও উত্তম কীত্নীরা। তাহাহিগকে লইহা নরোক্তম ব্যরিতে পৌছাইলে তাহার সহিত রামচন্ত্র-কবিরাজ এবং ভঙ্গাতা গোবিন্দেরও বিশেষ

⁽৪৬) খ. র.—১০)১৮৯ ; ব. বি.—১৪. বি., পৃ. ৭২ (৪৪) থ্রে. বি.—১৯শ. বি., পৃ. ৩০৫-৬ ; ৬১৬-১১ ; ড. র.—১০)১৯৬ ; ব. বি.—১৪. বি., পৃ. ৬৯ (৪৫) থ্রে. বি.—২০শ. বি., পৃ. ৩৫৬ (৪৬) ব. বি.—১৪. বি., পৃ. ৭২ (৪৭) ১)১১, পৃ. ৫৬ (৪৮) ব. বি.—১৪. বি., পৃ. ৭৫, ৮০

প্রথম বটে। তারপর একদিন শ্রীনিবাস স্বীর শিষ্য রামচন্ত্রকে নরোন্তবের হতে অর্পন করিলে উভয়ে তথন এক অঞ্চের বন্ধনে বন্ধ হইরা একই পথের পশিক হইরা পড়িলেন। নরোন্তম ব্ধরিতে থাকিরাই চতুর্দিকে উৎসবের বার্তা পাঠাইরা দিলেন এবং করেকদিন পরে রামচন্ত্রাদি সহ খেতুরিতে প্রত্যাবর্তন করিলেন। করেকদিনের মধ্যে শ্রীনিবাসও শিষ্যপহ আলিরা পৌহাইলেন। ক্রমে সারা বাংলার বৈশ্ববৃদ্ধ খেতুরিতে সমবেত হইলে খেতুরির আকাশে বাতানে উৎসবের বটা লাগিরা সেল।

থেতুরি-উৎসবে নরোন্তমের দক্ষিণ-হস্ত ছিলেন তাহার পিতৃব্য-পুত্র সম্ভোব-ছন্ত। ডিনি ভক্তদিগের জন্ত অসংখ্য বাসা নির্মাণ করাইছা রাখিগ্রাছিলেন। তাহাদিগের জন্ত তিনি পদার নৌকারও ব্যবহা রাধিরাছিলেন। তাহারা বচ্ছন্দে নদী পার হইয়া খেতুরি পোছাইলে তিনি গোপীরমণ-চক্রবর্তী^{৪৯} প্রভৃতি নরোত্তম-শিব্যবুন্দের সাহায্যে বিভিন্ন স্থানাগত বৈক্ষৰ দলগুলির জন্ত পৃথক পূধক বাসার ব্যবস্থা করিয়া রাজ-ভাণ্ডার হইতে প্রচুর অর্থ ও বাজ-ক্রব্যাদির বরাদ কার্যা দিলেন। তাহার ভত্তাবধানে মন্দির ও বেদী-স্কা[্]এবং 'সংকার্ডনম্বনী' নির্মাণাদি বিবরে কোথাও ক্রটি থাকিল না। উৎস্বের আন্নোজন ছিল বিরাট, এবং সমারোহ হইয়াছিল বিপুল। ইতিপূবে বাংলা কেলে বোধকরি এত বড় উৎসৰ এবং তত্নপলক্ষে এত বড় বুহৎ অন-সমাবেশ আর ক্থনও বটিয়া উঠে নাই। জাহ্বাদেবী জীনিবাস ও রহুনন্দনাদি বৈষ্ণব-মহাম্মবৃন্দের নির্দেশে ইহার প্রধান প্রধান অমুষ্ঠানগুলি নির্ন্ত্রিত হইরাছিল। কিন্তু এত বড় একটি বিরাট ব্যাপারের পশ্চাতে বে কর্মক্ষমতা, ধৈৰ ও বৃদ্ধিমত্তার প্রবোজন হইয়া থাকে, রাজা-সম্ভোষ তাহারই অধিকারিরপ্রপ ভাহার অভন্ত দৃষ্টি ও নিরলস প্রচেষ্টার বারা তুক্ত বৃহৎ সমস্ত ঘটনাকেই সুষ্ঠভাবে স্পৃত্যলার সহিত সাক্লামত্তিত করিয়াছিলেন। আর নরোভ্য ছিলেন সমগ্র উৎস্থটিরই আন্দিক ও আধ্যাত্মিক তাৎপবের সমহরকারী নিরামক। তাহার একদিকে ছিলেন সম্বোহ, অক্লদিকে ছিলেন জাহ্নবা-জীনিবাসাদি উদ্যাতৃত্বন ।

সংস্থাৰ বছবিধ খোল-করতালাদি নিৰ্মাণ করাইয়া রাখিরাছিলেন। উৎসবের পূর্ব-দিন নরোন্তম শ্রীনিবাসাচাৰকে তথার লইয়া গেলে শ্রীনিবাস গৌরাক্স-গোস্ক্স-দেবীদাস-গোবিক্ষদাসাদিকে তথার লইয়া খোল-করতাল-পূজা সম্পন্ন করিলেন। বৈক্ষর-মহাস্কাদগের লক্ষ্য সম্পন্ন বল্লাহ্য বল্লাহ্য করিয়াছিলেন। পরাধন নরোন্তম শ্রীনিবাসকে লইয়া তাঁহাধের বাসাতে গেরা সেবে বল্ল পরান আগ্রহ করি কত। তারপর তিনি জাহ্বা ও অক্সান্ত বৈক্ষবের অনুমতি গ্রহণ করিলে শ্রীনিবাস আন্তরেকের নার্যে অগ্রসর হুইলেন।

সেদিব ছিল কাল্ভনী পূর্ণিয়া। গোরাম্প্রভূর আবিভাব-ভিন্নি। প্রাপ্ত গোরাম্প্রভূর আবিভাব-ভিন্নি। প্রাপ্ত গোরাম্প্রভূর আবিভাব-ভিন্নি। প্রাপ্ত হইরা বোভা পাইভে লাগিল্^{৫১}—

গৌরাদ ব্যক্তীকাত শীর্মবোহন। শীকৃত শীরাধাকাত শীরাধারণ।।

বিপুল শঝ- ও বাখ্য-ধ্বনি এবং বেলেচ্চারণাদির মধ্য দিরা শ্রীনিবাস বধাবিহিডভাবে 'রাধাকুক ৰুগলমন্ত্রে' ও 'দলাক্ষর গোপালমছে'^{৫২} বিগ্রহের অভিবেক সম্পন্ন করিলে নরোত্তম সর্বাস্থ্যতিক্রমে গোকুল, গোরাল, দেবীদাসকে লইয়া গীতবাক্ত আরম্ভ করিলেন। দেবীদাসাদি 'খোল' বা 'মৰ্দল' বাছ, গোরাদদাস্ক'কাংত' বা 'তালে কর্তাল বাছা' এবং বলভ-গোকুলাদি ভক্ত 'অনিবৰ গীত' আলাপে প্ৰবৃত্ত হইলেন। এই বল্লছই সভাৰত বিখ্যাত পদক্তা বছভদাস। 'গোরপদতর্দিনী'তে উভ্ত 'বছভ'- বা 'বছভদাস'-ভণিভার পদশুশির মধ্যে অন্তত শেবোক্ত তিনটি বে ই হার রচিত তাহাতে সন্দেহ থাকে মা। আর সম্ভবত এই গোকুলদাসও পদকর্তা ছিলেন। 'পদকরতক'তে গোকুলদাস-ভণিতার বে ব্ৰজবুলি পদটি (২০৭৫) পাওৰা বাহ, ভাহা এই গোকুলয়াসের হওয়া বিচিত্র নহে। যাহা হউক, বছত গোকুলাদি ভক্ত গীভালাণে প্ৰবৃত্ত হইলে নরোত্তম 'দীন প্রান্ত দীড়াইয়া প্রভুত্ত প্রাঙ্গণে নৃড্য-সংগ্রীত আরম্ভ করিলেন এবং ক্রমে ক্রেমে ক্রোতৃবৃন্দ সেই সংকীত ন-মাধুরীতে বিমোহিত হইলেন। বহং গৌরাজ্ঞানুর সংকীত ন-আসরে বে পুলকাবেগ অহুভূত হইত, এতকাল পরে বেন তাহারই পুনরাবৃত্তি ঘটরা সমগ্র সভাস্থাকে ভাববক্তার প্লাবিত করিয়া দিল, এবং সক্ষেত্র যেন নরোক্তম ও তাঁহার সন্ধী কুন্দের দেহমনের উপর সপার্বদ্ গোরান্দের আবেশ অহুভব কবিয়া কুভকুতার্থ হইয়া গেলেন। ^{৫৩} 'প্রেম বরিষ্ণে' 'আচগুলি' সকলেরই হ্মবের 'তাপ' দুরীভূত হইল।^{৫৪}

'প্রেমবিলাস-'কার বলিভেছেন^{০ ৫} বে নরোভ্তমের ভাবাবেল দেখিরা তাঁহার পিতা

⁽২১) থ্রে. বি.—১৯শ. বি., পৃ. ৩০৫-৬, ৩১০-১১; ব. বি.—৬৪. বি., পৃ. ৯১; ভ. হ.—১০।৪৮৩ (২২) থ্রে. বি.—১৯শ. বি., পৃ. ৩১২ (২৩) থ্রে. বি.—১৯শ. বি., গৃ. ৩১১-১২; ভ. হ.—১০।৪৭১-৬২২ (২৪) প্রকৃতপক্ষে বেডুরির উৎসবের এই কীর্তার বে এক সমর সমর বাংলাবেশকেই ভাববস্তার প্রাবিত করিয়া ভবিরৎকালের উপরেও নানাভাবে বিপুল প্রভাব বিন্তার করিতে সমূর্য ক্রিয়াছিল, সে সম্বন্ধে ঐতিহাসিক, সংগীতজ্ঞ এবং গবেষক প্রভৃতি ক্রীসনাক্ষ সকলেই নিঃসলেহ।—ইরপ্রসাদ গাল্লী (প্রাচীন বাংলার গৌরব); গগেপ্রকাশ বিলে (কীর্ডার); অপর্বাদেবী (পারবীরা আনক্রাভার, ১৩৫৯); আমী প্রজাদানক্ষ (প্রদাননী কীর্ত্ত বের পরিচর—ব্লনাম্বাদের প্রাব্রী); ক্রেপ্রনাথ বাস (বংগ্রি—জাল, ১৩৪৭) (৭৫) ১৪ শ. বি., পৃ. ২০৪-৬

'কুকানন্দ মকুমদার' এবং মাতা নারারণী অন্থির হইরাছিলেন। গোকুলদাস মুদদ-ধানি করিভেছিলেন। কিছু তিনি হঠাৎ আলাপ ছাড়িরা গোরালণ্ডণ-মাধ্রীযুক্ত গান আরম্ভ করিলে নরে।ত্তম ভাবাবেশে ভূপভিত হন এবং তাহার 'মাতা পিতা বনুক্ষন' নানা চেষ্টা করিরা তাহার সহিৎ ক্ষিরাইয়া আনেন। এইভাবে সংকীর্তন অনুষ্ঠান সম্পন্ন হইলে সম্ভোহ-দত্ত ক্ষেত্ত লইরা আলিলেন এবং মহাসমারোহে কাশুক্রীড়া অনুষ্ঠান শেব হইল। ভাহার পর রাজিতে শ্রীনিবাস কর্ড্ ক 'প্রভু ক্রাভিথি অভিবেকাদি'ও স্কুটিত হইল।

পর্তিন প্রভাতে জাহ্নবাদেবী হুহতে রন্ধন করিয়া বিগ্রহসেবা করিলে শ্রীনিবাস, নরোন্তম ও সন্টোর মহানন্দে বৈক্ষব-ভোজন করাইলেন। ভাহার পরের দিন বৈক্ষবদিগের বিদার গ্রহণের কথা। কিন্তু রাজা-সন্ডোবের অভিলাবামুবারী উাহাদিগকে সেইদিনও থাকিয়া বাইতে হইল। সেইদিন সন্ডোব বৈক্ষবদিগের বাসার পৃথক পৃথক ভাবে ভোজদানের ব্যবহা করিয়াছিলেন। প্রভ্যেকটি বাসার তিনি পৃথকভাবে প্রচুর থাজনামগ্রী তপ্ত্ল-ভরকারী এবং একজন করিয়া পাককর্তাও পাঠাইয়া দিলেন। কেবল ভাহাই নহে, ভক্তবৃদ্দের জন্ত 'ভাছ্লাদি সহ বাটা,' 'থাল, বাটা' ও 'অপূর্বগঠন ঝারি' এবং ক্রের্বিগা মূলা পট্টবল্লাহি, আসন' প্রভৃতি বহুবিধ উপঢৌকনও প্রেরিভ হইল^{৫৬} এবং বাহা নাজা-সন্ডোব-হন্তও ভৎসহ বাসাগুলিতে উপন্থিত হইয়া সকল কিছু স্থনির্বাহ করিলেন। এমন কি সেই মহামিলন-ক্ষেত্রে 'চগুলাহি পাইলেন পরম সন্মান।' পর্যদিন ভক্তবৃদ্দ বাহাতে পল্লা-লালান্তে আহারাহি করিয়া বাইতে পারেন, ভক্তরে শ্রীনিবাস ও নরোন্তম একত্রে বৃক্তি করিয়া প্রচুর পরিমাণে 'প্রসাদ পকার' পাঠাইয়া দিলেন এবং স্থানানন্দ সহ ভাহারাও পল্লাবতী পর্যন্ত আসিয়া ভাহাদিগকে বিদার দিলা সেলেন। সন্তোম পূর্ব হইডেই নৌকার ব্যবহা রাধিয়াছিলেন। ভক্তবৃন্ধ নির্বিন্তে পল্লা অভিক্রম করিলেন।

⁽७१) ख.—नाताखन ; न. वि.— >० म. वि., पृ. २०० ; त्याः वि.— २०म. वि., पृ. ७०० (७৮) त्याः वि.— २०मः वि., पृ. २१०-७०, २७७ (७०) खे— २०मः वि., पृ. ७००-७०३ ; कर्न,—असः वि., पृ. ७१-८१ (१०) कर्न-च्या ; पू.—ख. माः—पृ. २०० (१১) कर्न.—वर्गः वि., पृ. ७०-७১ (१১) खे—अकं. वि., पृ. ১১९ (१०) क. मः— २१०० ; त्याः वि.— २०मः वि., पृ. ७८२ (१०) २१००३ ; म. वि.— २२मः वि., पृ. २००

বৰ্ষ বা বৰ্ণিতে কহছে বিজ্ঞানে।
তথৰ তা বৰ্ণনৈ পৰানক মনে।।

ছবিমাৰাক্ত কবিহাকে নিবেদিনা।

শীৰামচনিত্ৰ দীত তাবে বৰ্ণি দিনা।।

শৈষ্টে সজোৰণত অসুমতি দিন।
সনীত মাধৰ নাম নাইক বৰ্ণিল।।

গোবিশের মত রামচক্র-কবিরাজও সংশ্ব ৯ ভাষার মহাপত্তিত ছিলেন। কিন্তু তৎসত্তেও তিনি বাংলা ভাষার পদরচনা করিয়াছিলেন। এই অবস্থ গোবিশ্ব ছিলেন এই বিষয়ে জ্যেষ্ঠস্রাতা অপেক্ষা বহওবে প্রতিভাষান। কাষ্যরচনা বিষয়ে তিনি যেন ছিলেন মহাকবি বিভাপতিরই সার্থক উত্তরাধিকারা। এইজন্ত বল্লভ তাহার এইটি পথে তাহাকে 'বিভাগতি'-আখ্যাদান করিয়া জানাইতেছেন:

অসন্পূর্ণ পদ বহু সাথি বিভাগতি পহঁ পরলোকে করিলা গমন। শুলুর আবেশক্রনে জীগোবিন্দ ক্রমে ক্রমে

নে সকল করিল পূরণ ৷:

প্রকৃতপক্ষে, গোবিন্দদাস ছিলেন অপব্লি ভাষার শ্রেষ্ঠ বাঙালী কবি। 'পদক্ষতক'তে তাঁহার চারি-শতাধিক অকর্লি কবিতা উক্ত হইয়াছে। তাহাছাড়া তাঁহার আরও অকর্লি পদ রহিয়াছে। তা ক্ষুকুমার দেন ১০০৬ সালের বংগীর 'সাহিত্য পরিবৎ পত্রিকা'র 'গোবিন্দদাস কবিরাক্ষ'-নামক প্রবদ্ধ মধ্যে প্রমান করিয়াছেন বে 'বক্দদেশ প্রচলিত বিন্ধাপতির কতকগুলি অসম্পূর্ণ পদকে গোবিন্দদাস সম্পূর্ণ বা সংস্কৃত করিয়া গিয়াছেন এবং কতকগুলির রচনার কৃতিত্ব সম্পূর্ণরূপে আগ্রসাৎ না করিয়া বৃক্ত-ভণিতা দিয়া গিয়াছেন।' বর্তমান গ্রহকারের অহুসন্ধানের কলে গোবিন্দদাসের উৎকৃষ্টপদসংগ্রহ পূর্বি একথানি প্রাপ্ত হওয়া গিয়াছে। অর্বাচীন ও খণ্ডিত হইলেও পূর্বিধানি বিদেবত্বপূর্ণ। গোবিন্দদাসের যুক্ত-ভণিতার অনেকগুলি পদ আছে। ভণিতাগুলিতে নিম্নোক্ত নামগুলি ব্যবহৃত হইয়াছে—'রায় সন্ধোর্,' 'রায় দিব্যসিংখ রূপনারারণ,' 'ভূপতি রূপনারারণ' ও 'ছিলরায়ববস্থ'। এই প্রসিদ্ধ ভণিতাগুলি ছাড়াও গোবিন্দদাস তাঁহার পদে 'হরিনারারণ,' 'নরসিংছ রূপনারারণ,' 'রায়চম্পতি' গ নামও ব্যবহার করিয়া এই সকল ব্যক্তির প্রতি শ্রমা ও অনুরাপ প্রস্কৃত করিয়াছেন এবং ইহাদের সহিত বায় ঘনিষ্ঠতার পরিচর দিয়া সিয়াছেন। এই সমন্ত ব্যক্তির মধ্যে রায়-সন্ধোর যে নরোন্তমের আতুস্কুর, এবং পূর্বাঞ্জনীয়ের প্রাত্ত সমন্ত ব্যক্তির মধ্যে রায়-সন্ধোর যে নরোন্তমের আতুস্কুর, এবং পূর্বাঞ্জনীয়ের প্রাত্ত। সন্ধোহন-রায় নহেন, তাহা সহকেই ধরিয়া লইতে পারা বার। ছিক্স-রায়-

⁽ne) HBL,—pp, 206, 2 5 (ne) সৌ. অ.—পু ৩২১ (nn+ne) স্ত ---ব্রোশ্বর

বসস্ত সংশ্ব একটুকু জানা যার বে একবার পেতৃরিতে ব্যাসাচার্বের সহিত নরোন্তম, রামচন্দ্র এবং গোবিন্দের এক বিতর্ককালে গোবিন্দরাস তাঁহার পদমধ্যে পরকীরা-সীলাবাদ সমর্থন করিলে সেই বিতর্ক বহুদ্র পর্বস্ত অগ্রসর হয়। সেই সমায় নরোন্তম-শিক্ত দি রার-বসন্ত বুন্দাবন-সমনেক্ত হইলে তাঁহার মারক্ত ও একটি পত্র প্রেরণ করিরা জীব-গোবানীর অভিমত চাহিরা পাঠান হইরাছিল। জীব বে উত্তর বিরাহিলেন, তাহাও বসন্ত-রারই বইন করিরা আনিরাছিলেন এবং জীবের নিকট হইতে সেই পত্রপ্রাপ্তির পর গোবিন্দ-কবিরাজও পেতৃরি হইতে বুধরিতে আসিরা সানন্দে স্বীর গীতাবলী কৈ একত্রিত করিলেন। যাহাহউক, গাস-সদাধ্রের তিরোধানতিথি-মহামহোৎস্বে বোগদানকারী লবনি সহ একজন বসন্তব্দে দেখা যায়।৮০ সম্ভবত ইনি ভিন্ন ব্যক্তি। কিন্তু বসন্ত-রারকে করোন্তমবিলালে,র মধ্যে মহাকবি জাখ্যা প্রদান করা হইরাছে৮০ এবং পদকরতকতে তাঁহার একটি বাংলাপ্র গৃহীত হইরাছে।৮২

ভা, স্কুমার সেন বলেন,"গোবিন্দদার কবিরাজ বাদালার কোন পদরচনা করিয়াছিলেন বলিয়া বোধ হয় না। পদায়তসমূত্রে উদ্ভ গোবিন্দদাস ভবিতাযুক্ত পদগুলির মধ্যে বে পদগুলিকে রাধামোহন ঠাকুর গ্যেবিন্দদাস-কবিরাজ মহাশরের রচনা বলিয়া নির্দেশ করিব:-ছেন, সেপ্তালির কোনটিই বাঙ্গালা। পথ নহে।" ১৩৪০ সালের 'বংগঞ্জি' পত্রিকার জ্যৈষ্ঠ-সংখ্যার কবিশেষর কালিয়াস রাম্ব কিন্ধ গোবিন্দর্যুসের ২৪টি বাংলা কবিতা রচমার সম্ভাব-নার কথা উল্লেখ করিয়া জানাইতেছেন, "প্রভাপাদিত্যের মত পাবাণও বে এই (গোবিন্দ-মাসের) গানে গলিরা যাইত তাহাতে বিশ্ববের কিছু নাই। 'প্রভাপ আছিত এ-রসে ভাসত দাশ গোবিন্দ ভনে'।" ডা. মনোণোহন বোৰ তাহার বাংলা সাহিত্য গ্রন্থের অষ্টাদশ অধ্যারে আনাইভেছেন, "প্রতাপাদিতা ৬ উদ্বাহিতা নামক চুইজন পদকর্তার নিভিত পদ পাওয়া বার নাই। তবে নাম দেখিয়া মনে হয় ই হারা ধশোহরের ইতিহাস প্রসিদ্ধ রাজা প্রতাপা-ছিতা ও তাহার পুত্র। এরণ অমুমান অমূলক না হইতে পারে। কারণ, রামরাম বন্ধুর রাজা এতাপাদিতা চরিত্রে' আছে যে, প্রতাপাদিতা দিল্লীতে আক্ষরের সভার একটি চুর্বোধ্য ব্ৰহ্মপুলি পদের ব্যাখ্যা করিরা বাদশাখের দারা পুরস্কৃত হ**ই**দাছিলেন। উদ্যাদিত্যের একটি পদ 'পদকল্লপতিকা'য় উদ্ভ আছে। আর রামগোপাল খাস তাহার 'রসকল্লবল্লী'তে একটি ভণিতাহীন পদ উষ্ণুত করিয়া লিখিয়াছেন বে, তাহা নূপ উপ্রাদিত্য বিরচিত। ইহা হইতে মনে হয়, ইনি হয়ত রাজা প্রতাপাদিত্যের পুত্রও হইতে পারেন।"

গোবিন্দদাস সহতে কিন্তু আর একটু তথ্য আছে। প্রীযুক্ত তপন মোহন চট্টোপাধ্যার

উাহার বাংলা লিরিকের গোড়ার কথাৰ লিবিরাছেন, "গোবিন্দাল বাঙালী হরেও ব্রক্তবৃলির বিষয় পক্ষপাতী। ভাইতো বিহারীরা এঁকে মৈধিল বলে সন্দেহ করেন।" ক্ধাটি সভা। কিছু কেবল বিহারীর। নহেন, বাঙালীরাও ইঁহাকে বিহারী প্রমাণ করিছে প্রবাসী হইরাছিলেন। বারভাতা রাজ-গ্রহাসারের অধ্যক্ষ মধুরাপ্রসাদ হীক্ষিত মহাশ্র লহেরিরাসরাম বিদ্যাপতি মূক্রায়ন্ত হইতে 'গোবিন্দ গীভাবলী' প্রকাশ করিবার পর ১৩৪২ সালের 'ভারতবর্ব'-পত্রিকার বৈশাধ-সংখ্যার নগেজনার শুপ্ত মহাশর 'কবি গোবিশ্বহাস ঝা-'নামক প্রবেদ্ধে লিখিরাছিলেন, "লোবিন্দ গীতাবলী গোবিন্দদাস ঝার রচনা। এই সকল কবিতা বঙ্গদেশেও প্রচলিত আছে। এই কবিই কবিরাশ গোবিন্দদাস নামে প্রসিদ্ধ। মিধিলা হইতে যে বালালী কবির রচনা প্রকাশিত হর নাই, ইহা বিশাস করিতে কাহারও ছিখা হইবে না। ----- আমিই প্রথমে ত্রিশ বংসর পূর্বে প্রমাণ করিয়াছিলাম বে প্রধান বৈষ্ণৰ কবি গোৰিন্দদাস মিথিশাবাসী-----আমাৰ সিশ্বাস্ত বে ভ্ৰান্ত নহে ভাছা প্ৰমাণিভ ছংল।....গোবিন্দদাস ঝারও সম্পূর্ণ পদাবলী প্রকাশিত করিব।" ঐ বংসায়ের 'ভারতবর্বে'র আবাঢ়-সংখ্যার হরেক্কে ম্বোপাধ্যার সাহিত্যরত্ব মহাশর 'পত্তকটা দাসর্ভুনাঞ্ ও নৃপা রঘুনাথ-'নামক প্রাবৃদ্ধের শেষভাগে একরকম ধেন অনিচ্ছাস্ত্বেও নংগ্রেরাবৃদ্ধ প্রবন্ধের বে জবাব দিয়াছিলেন ভাচা সংক্ষিপ্ত হটলেও ভীত্রভম। বৈক্ষবসাহিত্যের একজন শ্রেষ্ঠ পদকর্তা গোবিন্দদাস-কবিরাক্ষের স্থলে গোবিন্দদাস-স্থার নাম এখন আর শুনিতে পাওয়া বার না।

গোবিন্দ বারবার বৃন্দাবনে তাঁহার পদাবলী পাঠাইরা দেওবা সন্ত্রেও জীব-গোলামী, কবিরাজ-গোলামী প্রভৃতি সেই সমত্ত পদাবলী পরিভৃত্ব হইরা নব-রচিত পদাবলীর জন্ম তাঁহার নিকট পুনরার পত্র প্রেরণ করিতেন। ৮০ আবার 'ভক্তিরত্বাকর' হইতে জানা বার বে রামচন্দ্র, গোবিন্দ ও নরোন্তম প্রভৃতির মধ্যে রীতিমত তত্বালোচনা চলিত এবং এতংসংক্রোক্ত বিষর তাঁহাদের নিকট এতই ওক্তরপূর্ণ ছিল বে কর্ম উপস্থিত হইলো তাঁহারা কুমাবনে 'পত্রী'-প্রেরণ করিরা তাহার সমাধান চাহিরা পাঠাইতেন। ৮৪ একবার কুমাবন হইতে পত্র আসিরা পৌছাইলে রামচন্দ্র তাহা বাজিগ্রামে শ্রীনিবাসের নিকট পাঠাইরা দেন। পত্র পাঠ করিরা এবং নরোন্তম-রামচন্দ্রের মাহাত্ম স্বরণ করিরা তিনি উৎকৃর হইরাছেন, এমন সমর বীরচন্দ্র হাজির হইলেন। ক্রেক্তিন বাজিগ্রামে রাখিয়া শ্রীনিবাস তাঁহাকে কন্টকনগর ও ব্ধরির পথে খেত্রিতে আনিলে বীরচন্দ্রের ইচ্ছাসুষারী গোবিন্দ-কবিরাজ তাঁহার স্বীডায়ত পান করাইরা এবং রামচন্দ্র-কবিরাজ

⁽৮৩) প্রে. বি.—অর্থ.বি., পৃ. ৩০৮ ; জ. সু.—১৪।৩৬-৩৭ ; ১।৪৫৫ ; স. বি.—১১শ- বি., পৃ. ১৬৭ (৮৪) প্রে. বি.—অর্থ. বি., পৃ. ৩০৬ ; জ. সু.—১৪।৩২-৩০ ; কর্ম.—হস্ব.বি., পৃ. ১৬

ভাগবতের 'রাসবিলাস' ব্যাখ্যা করিয়া সকলকে চমৎকৃত করিলেন। ৮° করেকদিন পরে বীরচন্দ্র বিদার গ্রহণ করিলে রামচন্দ্র ব্ধরি হইয়া বাজিগ্রামে আসিলেন। ৮৩ বলরাম-ক্রিরাজাদি ভাগার করেকজন শিল্প বেত্রিতেই বাজিগ্রামে আসিরা শ্রীনিবাসের নিকট কিছুকাল অবস্থান করিয়াছিলেন। ৮৭ এই সময়েই একদিন পূর্ণিমা রাজিতে রামচন্দ্রের ভাবাকুল অবস্থা দেখিয়া শ্রীনিবাস-পদ্মী শ্রৌপদী জীনিবাসের নিকট ভাগার সেইরপ আবেশের তব বৃধিয়া লন। ৮৮ কিছুদিন পরে 'প্রিরগণ'সহ শ্রীনিবাস কাঞ্চনগড়িয়া হইয়া বৃধরি এবং তথা হইতে বোরাকুলিতে গমন করিলে রামচন্দ্রও ভাগার সহিত বোরাকুলি-মহামহোৎসবে বোগদান করিলেন। ৮৯ বলরাম প্রাকৃতিকেও উৎসবে বোগদান করিতে দেখা বাছ। ১০

এদিকে নরোভ্য

গোণিকাদি লৈয়া গোৰচজের থাজণে। দিবানিশি সত্ত মহাশর সংকীত বে ॥ ৯১

এই সময় স্থামচন্দ্র বোরাকুলি চইতে পেতৃরিতে প্রত্যাবর্তন করিলে কিছুকাল পরে নরোন্তম-প্রত্যু একবার বলরাম-কবিরাজ প্রভৃতি সকল ভক্তকেই গৃহগমনের আজ্ঞা দিয়া একাকী রামচন্দ্র সহ কিছুকাল অভিবাহিত করেন। ভারপর রামচন্দ্র একদিন নরোন্তমের নিকট বিদার লইয়া বাজিগ্রামে শ্রীনিবাসের সহিত সাক্ষাং করিলেন। কিছুদিন পরে নরোন্তম সংবাদ পাইলেন যে রামচন্দ্র শ্রীনিবাসের সহিত কুলাবনের পথে বাহির চইয়া গিয়াছেন। ১২ আরও কিছুকাল পরে প্নরায় সংবাদ আসিল, রামচন্দ্র ইহজীবন ভ্যাগ করিয়াছেন। ১৩

শ্রাভার মৃত্যুতে গোবিন্দ-কবিরান্ধ নিমারণ আমাত প্রাপ্ত হইলেন। বৃধরিতেই তাঁহার শেষ শীবন অতিবাহিত হয়। তবে প্রায়ই ষেত্রিতে আসিরা তিনি সম্ভাষ এবং নরোন্তমের সহিত সাক্ষাই করিয়া যাইতেন। নরোন্তমের তিরোভাবকালেও তিনি শীবিত ছিলেন। ইউ তাহার পর আর তাঁহার কোনও সংবাহ পাওয়া যায় না। ব্রভ্যাসের একটি

⁽৮৫) ন. বি.—১১শ. বি., পৃ. ১৭৫-৭৬ (৮৬ + ৮৭) ত. ব্ল.—১৪|৪৬ (৮৮) ঐ—১৪|৫৮-৬৩ (৮৯)
ঐ—১৪|১৬৬ (৯০) ঐ—১৪|৯৮ (৯১) ন. বি.—১১ল. বি., পৃ. ১৭৮ (৯২) ঐ—১১শ. বি., পৃ. ১৭৯ (৯৩)
ঐ—পৃ. ১৮ ; বৈ. বি. (পৃ. ১১৬)—নতে কুলাবনেই সামচক্র হেরজ্যাস করেন এবং বীর সমীর কুপ্তে
উাহাকে সমাধিছ করা হব ।—আমচক্র সম্বন্ধে উল্লেখযোগ্য বে স্বন্ধপানোগরের কড়চা নামক পরবর্তী
কালের বাংলা পৃথিটিতে (পৃ. ৩৪) রাষ্চক্রকে ব্যর্সিকের অন্তর্ভুক্ত করা হইরাছে; নালীসন্ধিনী
বলা হইরাছে 'জাচার্ব ভগিনী' দেবকীকে। কিন্ত শ্রিনিবাস-আচার্বের কোবও ভগিনী (বা আছা)
ছিলেন মা। মনে হর আচার্ব-ভর্মী জোগনী আচার্ব-ভর্মী দৈবকীতে পরিব্র হইরাছেন। (৯৪) ন. বি.
—১১খ. বি., পৃ. ১৮৭ ৮৮

পথ হইতে জানা বে সম্ভবত নরোন্তমের অন্তর্ধানের অলকাশ মধ্যেই গোবিঞ্চও লোকাম্বরিড হন।^{১৩}

গোবিন্দের পুত্র বিবাসিংহ সহছেও^{১৬} আর বিশেষ কিছু জানিতে পারা যার না।
ভা সুকুমার সেন 'সংকীর্তনামৃত' হইতে বিবাসিংহের একমাত্র ব্রজব্লি-পদের উল্লেখ
করিরাছেন।^{১৭}

'প্রেমবিশাস'-কার নিয়োক্ত ব্যক্তির্থকে রামচক্রশাখাভুক্ত করিয়াছেন্টি :---

সোহাসনিবাসী হরিরাম-আচাই, রাটার আহল বলচ-মন্ত্র্যার এবং বৃধ্রিনিবাসী বলরাম-কবিপতি। 'কর্ণানম্পে'ও বলরাম-কবিপতির নাম আছে। ১০ 'কর্ণানম্পে' ছরিরাম-আচার্বের পুত্র গোপীকান্ত-চক্রবর্তীকে রামচন্ত্র-শাধাস্থর্গত বলা হইরাছে। 'পছকরতক'তে গোপীকান্তের একটি পদ দৃষ্ট হর। ১০০ 'গৌরপদতর্গনিনী'তেও এই পদটি ছাড়া 'গোপীকান্ত'-ভবিভার অক্ত একটি পদ সৃহীত হইরাছে। ১০১ 'নরোন্তমবিলান'-কার বে উপরোক্ত বলরাম-কবিপতিকেই বলরাম-কবিরাক্ত আখা। দিরাছেন ১০২ সে বিহরে সম্পেহ নাই। কারণ এই বলরাম-কবিরাক্তের নাম অক্ত কোখাও নাই। ভাচাড়া 'কর্ণানম্পে'র মত 'নরোন্তমবিলাসে'ও রামচন্ত্র-লিক্ত ছরিরাম-আচার্য ও গোপীর্মণের সহিত এক্তরে এই বলরাম-কবিরাক্তের নামোন্তের করা হইয়াছে। এই বলরাম-কবিরাক্ত বা বলরাম-কবিপতির পক্তে পদকর্তা হওরাও বিচিত্র নহে। ১০৩ তবে বলরাম- বা বলরামদান-ভণিভার কোনও পদ ইছাই রচিত কিনা সে বিবরে জোর করিরা বলিবার মত প্রমাণ নাই। সন্তবত সমার্থবোধকতা-ছেতু কবিরাক্তকে 'কবিপতি' বলা হইয়া থাকিবে।

⁽৯৫) পৌ. ত. (৯৬) দিবাসিংছ-কবিরান্ধের কোন পুত্র ছিলেন কিনা, কিংবা থাকিলে তাঁহার নাম কি, সে সম্বন্ধে আচীন বাংলা চরিত-প্রস্থানিতে কোন উল্লেখ নাই। অনেকে গতিগোবিশের শিক্ত দিবাসিংছ-কবিরাশ্বকে গোবিশ্ব-কবিরান্ধের পুত্র দিবাসিংছ-কবিরাশ্ব থরিরা আলোচনা করিরান্ধেন এবং তাঁহার তনর সম্বন্ধে তথা প্রদান করিরান্ধেন :—বৃহৎ শ্রীবৈশ্বর চরিত অভিখান, অনুলাধন রায়তট্ট; বৈ, দি, (পৃ. ৯৬); সৌ. লী; বা, সা, ই, (পৃ. ৫৯৫); HBL—pp. ৫15, 216, 217, 218: প. ফ. বে,)—পৃ. ১৬-৮৮ (৯৭) HBL—p 184 (৯৮) ২০ প. বি., পৃ. ৩৬০ (৯৯) ২ব. দি., পৃ. ২৬ (১০০) ২০৮২ (১০১) পৌ. তা.—পৃ. ৩৪০ (১০২) ন, বি.—১১শ. বি., পৃ. ১৭৭-৭৮ (১০৩) HBL—pp. 75, 405

. बीत-हाशीत

বীর-হামীরের বাজত্মকাল লইয়া মতভেদ দৃষ্ট হয়। L. S. S. O. Malley-কৃত 'Bengal District Gazetteers, Bankura' হইতে জানা বাৰ, "The reign of Bir Hambir fell between 1591 and 1616." 'The Annals of Rural Bengal'-প্ৰথে W. W. Hunter শিবিবাছেন, "He was born in 868 and succeeded in 881 Bishenpore era (A.D. 1596). He reigned 26 years." এই স্থলে একটি বিষর উল্লেখযোগ্য। ১≥০৩-৪ খ্রী.-এর Archaeological Survey of India-এর Annual Report-এ ব্লক সাহেব লিখিয়াছেন, "From the fact that in one of the temple inscriptions the Malla year 1064 corresponds tothe Saka year 1680." ইহা সভা হইশে [১৬৮০-১০৬৪ =] ৬১৬ শক বা ৬৯৪ এী. হইতেই মরাব্দের আরম্ভ বলিয়া ধরিয়া লইতে হয়। কিন্তু এই সম্বন্ধে অন্ত কোনও প্রমাণ না পাকার এইরপ অন্ধ-নিণর সঠিক কিনা জানা সম্ভব ছিল না। সেইলক্ত ১৯২১জী,-এ অভয়প্দ মলিক মহাশৰ তাহার 'History of the Bishnupur Raj'-নামক প্রস্থ-প্রণয়নের সময় ক্লক-সাহেব-উল্লেখিত ভারিখটির উপর পূর্ণ আস্থা স্থাপন করিতে পারেন নাই। কিন্তু সৌভাগ্যক্রয়ে ১৯২৭ খ্রী-এর 'Indian Historical Quarterly'-র তৃতীয় ধণ্ডে মহা-মহোপাধ্যার হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় এশিয়াটিক সোসাইটির ১০, ৮১৬ নং পুথির প্রমাণ্রসে স্থির করেন যে ৬১৬ শক বা ৬২৪ জী. হইডেই মলান্ত আরম্ভ হয়। অবাবহিত পরেই ডা. সুশীল কুমার দে মহাশরও শাস্ত্রীমহাশয়-প্রদত্ত সম্পূর্ণ পৃথক একধানি পুথির প্রমাণ বলে ঐ পত্রিকা মারফত একই সি**শ্বান্ত ঘো**ষণা করেন। কলিকাতা-বিশ্ববিশ্যালয়ে রক্ষিত ৪৪।৮ নং পুথিখানির স্মাপ্তি ভারিবও 'শকাকা ১৬৮৮॥ মলাকে সন ১০৭২ সাল ভারিব॥ ৮ **কান্ত্রন যক্ষ**ৰবার ॥' ইহা হইতেও নিশ্চিতভাবে প্রমাণিত হইতেছে বে [১৬৮৮-১•৭২ =] ৮১৬ শক বা ৬৯৪ জ্রী. হইতেই মলান্দের প্রনা আরম্ভ হয়। এই হিসাব অমুবারী, উপরোক্ত হাণ্টার-সাহেবের বিষ্ণুপুর সন যদি মলাক্ষকে বুঝাইরা থাকে, ভাহাহইলে ভ্ৰবিভ ৮৮১ অৰ স্মান ১৫৭৫ এই. হয় এবং বীর-হামীরের রাজস্থকালকৈ ১৫৭৫ এ, হইতে ১৬-১ ঞ্জী, পর্বস্ত ধরিতে হয়। আবার ১৩২০ সালের 'বংগ্রবাদী পত্রিকা'র অগ্রহারণ-সংখ্যার স্প্রসিদ্ধ ঐতিহাসিক নিখিলনাথ রার মহাশর লিখিয়াছিলেন, "বিষ্ণুপুর রাজ-পরিবার রক্ষিত মলরাজগণের বংশপত্র হইতে জানা যার বে, বীর-হালীর ৮০৩ মরাক বা ১৫৮৭ এই. অব হইতে ১২৫ মরাক বা ১৬১৯ এই. অক পর্বস্ত রাজ্জ্ব कत्रिवाहित्यन।" এपिक चार्य स्थापत 'चाक्वत्रनामा' श्रेट बाना वाहेत्स्य क

১৫০∙ জী.-এর শেষভাগে বিহারে শাক্সিছাপন করিবার পর রাজা মানসিংহ বাড়খণ্ড-পথে উড়িয়া-বিক্ষরে বাহির হইয়া ১৫০১ এটোক্ষের প্রারম্ভে বর্ধমানের অন্তর্গত জাহানাবাদে শিবির-স্থাপন করেন এবং স্থীর পুত্র জগৎসিংহকে কডসুর্ধার বিরুদ্ধে প্রেরণ করিলে অগৎসিংহ ধুদ্ধকেত্রে বাহাত্তর কুরুর সন্মুখীন হন। কিছ এই সমৰে 'Though the landholder Hamir warned Jagat of Bahadur's craft and of the dispatch of an army to his assistance, he did not accept the news.' খলে অগংসিংহের পরাক্ষ ঘটে। কিছু "Hamir broughs away the infatuated young man and took him to his quarters at Bishnupur. A report arose that he was killed." উলেপ্যোগ্য বে 'আকবরনামা'-প্রস্তু বিধ্যাত ঐতিহাসিক ঘটনাটির সহিত বীর-ছারীরের রাজত্বকাস সম্বন্ধে পূর্বোক্ত বিধরণগুলির কাহারও বিরোধ শটিতেছে না। আবার আমরা শ্রীনিবাস-আচার্বের জীবনী মধ্যে দেখিয়াছি যে যেইবার শ্রীনিবাস বিষ্ণুপুরে গিয়া বীর-হাষীর ও তাঁহার পরিবারবর্ণকৈ সীক্ষাদান করিয়াছিলেন, সেইবারই তাঁহার ব্যবস্থায় পঞ্জুটেয় রাজা হরিনারাহণও ত্রিমল-তনৰ কর্তৃক দীক্ষিত হন। নিখিলনাথ রাহ মহাশয় উচ্চায় প্রবন্ধ মধ্যে জানাইরাছেন, "পঞ্চুট রাজগণের বংশপত্রে তিনি ১৫১১ শক্ষ বা ১৫৮৯ পু. অস্ব হইতে ১৫৪৭ শক বা ১৬২৫ খৃ. অস্ব পর্যন্ত রাজত্ব করিরাছিলেন বলিয়া লিখিত আছে।" এই স্থাপত আমরা পূর্ব-প্রায়ন্ত রাজত্ব-কালগুলির মধ্যে কোনও বিরোধ দেখিতে পাই না। কিছু এতৎসত্ত্বেও আমরা বীর-হাছীরের সিংহাসনারোহণের বধার্থ অস্কটি সম্বন্ধ সঠিক সিন্ধান্তে পৌছাইতে পারি না। কিন্ধ ভাহাতে বর্তমান ক্ষেত্রে বড় বেশি বার । আলে না। ১৫৮০ এ. (হরিনারারণের রাজ্য প্রাপ্তিকাল) হইতে ১৩০১ এ. (হাসীরের রাজত্ব-সমাপ্তির প্রথম সীমা) পর্যন্ত তিনি বে সিংহাসনাত্রড় ছিলেন, তাহা বোধহর নিশ্চর করিরা বলা চলে। তবে নিধিলনাথ রায় মহাশয় দেখাইরাছেন বে এ বিষয়ে মল্লরাজগণের বংশগত্রমুড ভারিবশুলিই গ্রহণযোগা। কিন্ধ পূর্বোক্ত Archaeological Survey of India হইতে জানা বাইতেছে বে বিষ্ণুপ্রের 'মরেশর'-নামক প্রাচীন মন্দিরটি স্বঃং বীরসিংহ (=বীর-হাশীর) কর্তৃক ১২৮ মলাম্বে (=>৬২২ জীরাকে) নির্মায়িত হইরাছিল। ইহা পভা হইলে আমরা বীর-হামীরের রাজত্বালকে ১৬২২ এটা পর্যন্ত দীর্ঘারিভ বলিয়া ধরিরা লইতে পারি! কিছ বীর-হামীরের রাজত্বকাল মধ্যেই মন্দিরটির নির্মাণ-কার্য শেষ ছইয়াছিল কিনা জানা বার না। স্থতরাং মল্লরাজগণের বংশপত্রয়ত বে ভারিষটি স্বত্তে নিখিলনাথ রাম মহাশম উল্লেখ করিয়াছেন, ভাহার উপর নির্ভয় করিয়া ১৭১০ খ্রীষ্ট্রাক্তক বীর-হাছীরের রাজ্যকালের শেব সীমা বলিরা ধরিরা লগ্ধা ছাড়া গভ্যন্তর থাকে না। 🧦

বীর-হাষীরের পিতৃনাম সক্ষে রাম মহাশহ আরও একটি বিবর উল্লেখ করিয়াছিলেন----

"Bengal District Gazetteers, Bankura-র গড়িখরের হলে গড়ি-হারীর লিখিত আছে। গড়ি-হারীর নীর-হারীরের পিডা নহেন, পুত্র,—গড়িমরই উাহার পিডা।" পরবর্তী আলোচনাতেও মামরা গড়ি-হারীরকে বার-হারীরের পুত্ররপে দেখিতে পাইব। Gazetteers হইতে জানা বার, "Bir Hambir is said to have been succeeded by Raghunath Singh, the first of the line to assume the Khattriya title of Singh...The next prince was Bir Singh, who is said to have built the present fort."

বৈষ্ণবগ্ৰহণতি ইইটে কিন্তু বীর-হাষীরের রাজস্বকাল সম্বন্ধ কোনও সঠিক সিন্ধান্ত করিতে পারা বার না। ঐ সকল গ্রন্থ ইইতে বীর-হাষীর সম্বন্ধে নিয়োক্ষ বিবরণগুলি পাওবা যার।

বনবিষ্ণুরের রাজা-হাদীর বীর-হাদীর নামে বিখ্যাত ছিলেন। তাঁহার মহিবীর নাম ছিল ফুলক্রন। বাজা-হাদীরের পুত্রের নাম ছিল থাড়ি-হাদীর। ইহারা সকলেই শ্রীনিবাসআচাবের নিকট দীক্ষা গ্রহণ করিবাছিলেন। হাদীর-রচিত করেকটি পরের স্থান
পাওরা বার বটে; কিছু তাই বিশিরা তিনি বে একজন লভপ্রতিষ্ঠ কবি ছিলেন, তাহা মনে
হয় না। শ্রীনিবাসের নিকট শিক্ষা গ্রহণ করিবা তিনি বে ডক্তিমান বৈশ্ব হইতে
পারিবাছিলেন, তাহার জন্মই তিনি বৈশ্বৰ গ্রহ মধ্যে শ্বরণীর হইবা আছেন।

প্রকৃতপক্ষে, হাষ্টার প্রথমে ধর্মনিষ্ঠ নূপতি ছিলেন না। বৈক্ষব গ্রহণুলিতে আমরা প্রথম তাঁহার সাক্ষাৎ লাভ করি প্রীনিবাস-আচার্বের প্রথমবার বুলাবন হইতে প্রত্যাসমন কালে সেই সমর প্রীনিবাসাদি গোখামিগ্রছাদি লইয়া কুলাবন হইতে প্রত্যাবর্তন করিতে-ছিলেন। পথিমধ্যে হাষ্টারের রাজধানী বনবিকুপুরের নিকট পোঁছাইলে রাজার ভ্রপ্তরক্ষ তাঁহাদের লকট-বাহিত গ্রহপূর্ণ-সম্পূটকে অর্থরন্তাদিপূর্ণ সম্পূট সিদ্ধান্ধ করিরা রাজার নিকট সেই স্পূস্বাদ জ্ঞাপন করিলেন। রাজাও প্রাণ্ড্র হইরা হস্মাগন্ধক উহা স্প্রথম করিয়া আনিবার আজ্ঞাদান করেন। ইভিমধ্যে প্রীনিবাসাদি তামভ্রাম, মালিয়াড়া ও রকুনাবপুর অতিক্রম করিয়া গোপালপুরে গিয়া রাজিয়াপন করিতেছিলেন। গভীর রাজিতে সম্যুক্ত পরে নাই বটে, কিছু একবারে গাড়ী সমেত সমন্ত কিছু লইয়া ভাহারা বনে প্রবেশ করিল এবং বধাকালে রাজ্যমীপে গিয়া অপ্রত্ত বন্ধ অর্পন করিল। কিছু প্রথম বাজার রাজা আম্বানিক ভ্রিল। কিছু প্রকল পরি এবং বধাকালে রাজ্যমীপে গিয়া অপ্রত্ত বন্ধ অর্পন করিল। কিছু প্রকল করি এবং বধাকালে রাজ্যমীপে গিয়া অপ্রত্ত বন্ধ অর্পন করিল।

⁽a) ধ্বে. বি.—২০শ. বি., পৃ. ৩০৯ ; জ. ব্য.—৯।২৭০ (২) ধ্বে. বি.—২০শ. বি., পৃ. ৩০৯ (৯) পৃ. ফ.—২৩৭৮ ; কর্ণ.—১ব. বি.—গৃ. ১৮ ; জ. ব্য.—৯।২৮৯, ২৯৩ (৪) জ. ব্য.—৭।৪৬-৪৭ (৪) ধ্বে. বি.—১৬শ. বি., পৃ. ১৬৫-৬৬

শ্রুফ চুরি করিরা আনার তাঁহার নিজেকে অপরাধী মনে হইতে লাগিল। বাজমহিনী প্রস্তৃতিও সেই অমূল্য গ্রন্থরাজি দেখিরা বিচলিত হইলেন। কিন্তু ঘটনা তথন বহল্র অগ্রসর হইরা গিরাছে। রাজার স্বস্থারতির ওভাওড-নির্ণরকারী স্বয়োগা গণক ইতিপূর্বে বোবণা করিরাছিল বে যাত্রীদিগের শকট-বাহিত সিন্সুকে 'অমূল্য রতন' রক্ষিত ছিল। রাজাও গ্রন্থলিকে অমূল্য-সম্পদ মনে করিরা সেইগুলিকে সরত্রে গৃহাত্যন্তরে স্বক্ষিত করিলেন।

এদিকে নরোন্তম ও প্রামানন্দকে দেশে পাঠাইরা দিরা শ্রীনিবাস গ্রন্থ-সন্থানে শ্রমণ করিতে করিতে দেউলি গ্রামন্থ শ্রীকৃষ্ণবন্ধত-চক্রবর্তী নামক এক বিপ্রের আলরেই আসিরা আশ্রন্থ করিলেন। শ্রীকৃষ্ণবন্ধত শ্রীনিবাসের সহিত কথাবার্তার এবং তাহার পার্তিত্য দেখিরা আক্রন্থ হইলেন। একদিন রাজার সম্বন্ধে কথা উঠিলে তিনি শ্রীনিবাসকে জানাইলেন যে মন্ত্রপাটের রাজা ২০ বীর-হানীর কিছুদিন পূর্বে 'ছুই গাড়ী মারি ধন পূটিরা আনিল।' তিনি আরও জানাইলেন যে রাজ্যকার ভাগবতপাঠ হয় এবং তিনি নিজেও মধ্যে মধ্যে পাঠ শুনিরা আলেন। শ্রীনিবাসও একদিন কৃষ্ণবন্ধতের সহিত ভাগবতপাঠ শুনিতে গেলেন। কিছু রাজ্যপত্তিতের আন্ধান্যায়া শুনিরা তিনি অন্ধ্রেগ উত্থাপন করিলে পণ্ডিত ক্রন্ত হইরা উঠেন। শ্রীনিবাসের আক্রতি ও কথাবার্তা রাজার উপর প্রভাব বিত্তার করিতেছিল। তিনি শ্রীনিবাসকে 'শ্রমরগীতা' পাঠ করিরা শুনাইতে বলিলেন। শ্রীনিবাসের পাঠ শুনিয়া 'রাজার পাঠক ব্যাস-চক্রবর্তী' সহ সভান্থ সকলে চমংকৃত হইলেন।

রাজা-হাসীর অবিশবে শ্রীনিবাসের জস্ত বাসার ব্যবস্থা করির। হিলেন এবং স্বরং তাঁহার নিকট গিরা তাঁহার পরিচয়াদি প্রাপ্ত হইরা তাঁহার চরণে প্রণত হইলেন। স্বীর্ষ অপরাধের জন্ত তাঁহার ক্ষর অস্থতাপানলে হয় হইতে লাগিল। তিনি শ্রীনিবাসের জন্ত স্থ্রম্য স্থানে একটি পৃথক বাসার ব্যবস্থা করিয়া দিলেন এবং তাঁহাকে গ্রন্থ-সম্পূটের নিকট শইরা গেলেন। তিনি গৃহাভান্তরে গেলে রাজমহিষী তাঁহার স্থানলাভ করিয়া কৃতার্থ বোধ করিলেন এবং শ্রীনিবাস তাঁহাকেও কুপা করিলেন।

'প্রেমবিশাস'-কার বলেন^{১২} বে এই ঘটনার পরেই শ্রীনিবাস রাজাকে 'মহামন্ত্র হরিনাম করিল প্রদান' এবং দিন স্থির করিয়া 'আবাঢ়ের ক্রফপক্ষ ভূতীরা *ছিবলে*' উচিকে 'রাধাক্ষণ্ণ-মন্ত্র দিল ধ্যানাদিক যত।' গ্রহকার আরও বণেন বে শ্রীনিবাস

⁽৬) জু.—ন বি—২র বি., পৃ. ৩৫ (৭) জ.র.—৭।১৮ (৮) ঐ—৭।৮৬ (১) প্রে. বি.—১৬শ, বি., পৃ. ১৭৬-৭৪; ২০শ, বি., পৃ.৩৫০; কর্ণ.—১য় বি., পৃ. ১৭-১৮; জ.র.—৭।১৩৬-৩৪ (১০) প্রে. বি.—১৬শ, বি., পৃ. ১৭০; কর্ণ.—১য় বি., পৃ. ১৬ (১১) জ. র.—৭।১৪৬; জু—কর্ণ.—১য় বি., পৃ. ১৫ (১২) ১৩শ, বি., পৃ.১৮০-৮১; ২০শ, বি., পৃ.৩৪৯

'রাজারে ছিলেন নাম হরিচরণ ছাস' এবং তিনি রাজার সভাপণ্ডিত ব্যাস-চক্রবর্তীকেও দীক্ষাদান করিয়া 'ব্যাস আচার' নাম প্রদান করেন। কিছ্ক 'অসুরাগবর্ত্তী' ও 'ভব্তি-রম্বাকর' হইতে জানা বার বে প্রীনিবাস রাজরাণী প্রতৃতিকে দীক্ষাদান করেন তাঁহার ছিতীরবার বৃন্দাবন হইতে প্রত্যাবর্তনের পরে। প্রীনিবাসের প্রথম ও দিতীর বারের বৃন্দাবন-গমন এবং তৎসংগ্লিষ্ট ঘটনাবলী সম্বন্ধে 'প্রেমবিলাসে'র বর্ণনাগুলিতে ঠিক সময়ক্রম রক্ষিত হয় নাই। ১৪ 'কর্ণানন্দে'র বর্ণনাও কিরা অসুমতি হয়। তদসুবারী জানা বার ১৬ দে প্রথমবারে শ্রীনিবাস রাজ্যাকে 'প্রীকৃষ্ণতৈ তক্ষ্ব পরে' সমর্পণ করেন এবং নাম-সংকীর্তনের উপদেশ দিয়া 'হরিনাম মহাময় কৈল উপদেশ'। তিনি তাহাকে আরও জানাইলেন বে হানীর 'প্রোসাঞ্জির গ্রন্থালাণ' করিলে তিনি তারপর তাহাকে 'রাধক্ষক-মন্ত্রে দীক্ষা দান করিবেন। কিন্তু এইবারে দীক্ষাগ্রহণ না করিলেও 'গোঞ্জীর সহিত রাজ্য' শ্রীনিবাস-চরণে বিক্রীত হইয়া রহিলেন। 'প্রীকৃষ্ণবন্ধত ব্যাস আদি সর্বজন'ও 'আচার্বের পাদপক্ষে শইলা শরণ।'

বীর-হানীর বছবিধ হবের গ্রন্থ³-লকটগুলি পূর্ণ করিয়া বৃন্দাবনে প্রেরণ করিলেন এবং
নরোন্তমকে সংবাদ দেওয়ার ক্ষয়ও বেতুরিতে লোক পাঠাইরা দিলেন। তারপর কিছু
কাল পরে শ্রীনিবাস-আচার্য বীর ক্ষয়ভূমিতে প্রত্যাবর্তন করিতে চাহিলে তিনি তাঁহার
গমনের স্থাবন্ধা করিয়া দিলেন। ব্যাসাচার্য এবং কৃষ্ণবর্গতও শ্রীনিবাসের সহিত ধারা
করিয়া^{3৮} শ্রীয়ও হইয়া বাজিগ্রামে পোঁছাইলেন। অরকালের মধ্যে নীলাচল হইতে
প্রত্যাগত নরোন্তম বাজিগ্রামে আসিলে তাহার সহিত ব্যাসাচার্য ও কৃষ্ণবর্গতের পরিচম্ন
ঘালা। করিয়া বিশ্ব সহিত রামচন্দ্র-কবিরাক্ষেরও পরিচয় এবং ঘনিষ্ঠতা হইয়া
গেল। বিশ্ব শ্রীনিবাসের সমুধে উভয়ের মধ্যে নানাবিধ শাস্তালোচনা হইল। এদিকে
রাজ-প্রেরিত লোক মারক্ত জীব-গোস্বামী হানীবের নিকট পত্ত^{২১} পাঠাইলে তাহাতে
তাহার অপার ককণার পরিচয় পাইয়া রাজা চৈতক্ততকের প্রতি অধিকতর অনুরাগা
হইলেন। জীব প্রেরিত শ্রীনিবাসের প্রাটি তিনি অবিলম্বে বাজিগ্রামে পাঠাইরা দিলেন।

কিছুকাল পরে শ্রীনিবাস পুনরায় বুন্দাবনে গেলে 'ব্যাস আচার্য ঠাকুর'ও বুন্দাবনে গিরা জীবের নিকট দীক্ষা গ্রহণ করিতে চাহিয়াছিলেন। কিন্ত জীব-গোসামী তাঁহাকে

⁽১৩) ৬ট. ম., পৃ. ৪১ (১৪) জ.—শ্রীনিবাস (১৫) কর্ণ.—১ম. নি., পৃ.১৮-১৯ (১৬) ৭/২০৫-১৪ (১৭) প্রস্থানি ভারপর কোবাম সেল, সে-সবজে কিন্ধ জার কেন্দ্র কোবা কথা নালের নাই। (১৮) বে. বি.—১৩শ. বি., পৃ. ১৮৯ (১৯) ব. বি.—৪র্খ. বি., পৃ. ৬৬ (২০) প্রে. বি.—১৪শ. বি., পৃ. ১৮৯-৯০ (২১) জ. হ.—৯/২০

শ্রীনিবাসের নিকট দীকা গ্রহণ করিবার জন্মই নির্দেশ দান করিবা^{২২} 'আপনে সাক্ষাৎ থাকি সেবক করাইল'। তারপর শ্রীনিবাসের বৃন্ধাবন হইতে প্রত্যাবর্তনের সমর ব্যাসাচার্য রামচন্দ্র-কবিরাজ এবং প্রামানন্দ একত্রে প্রভ্যাবর্তন করিরা বিষ্ণুপুরে হান্তীরের সহিত সাক্ষাৎ করেন। ^{২৩} রাজা এইবার রামচন্দ্র এবং প্রামানন্দের সহিতও পরিচিত হওয়ার নিজেকে সৌভাগ্যবান মনে করিলেন। কয়েকদিন পরে শ্রামানন্দের উৎকল-গমনকালে নানাবিধ প্রবা-সামগ্রী উপহার দিরা তিনি তাহাকে বিদার দিলেন। কিন্ত শ্রীনিবাস-আচার্য এইবারে রাজার ভক্তিভাবের বথেট পরিচন্ন পাইরা এবং তাহার 'ভক্তিগ্রন্থে অধিকার' দেবিরা তাহাকে 'রাধান্তক মধ্রে' দীক্ষিত করিলেন এবং জানাইলেন বে স্বর্থ শীকিবার' গোস্থামী রাজার প্রতি প্রসন্ধ হইরা তাহার নাম রাধিরাছেন চৈতক্তদাস। ২৪ ক্রন্থে শ্রীনিবাস রাণী-সুলক্ষণাকে দীক্ষাদান করিলেন।

১৩৪২ সালের 'ভারতবর্য'-পত্রিকার আবাদ্ন সংখ্যার হরেক্ক মুখোপাখ্যার সাহিত্যরন্ধ মহালয় জানাইরাছিলেন, ''প্রিনিবাস-লিক ক্প্রসিদ্ধ মররাজ বার-হার্টারের ছর রাণী ছিলেন।'' কিন্তু হাণ্টার সাহেবের The Annals of Rural Bengal (p. 445) হইডে জানা বাইভেছে বে 'This king had four wives and twenty two sons. রাণী-ক্ষেকণা সম্ভবত বীর-হান্বীরের প্রধানা মহিবী ছিলেন। কারণ ভাহাকে কোবাও কোবাও পট্টারেবীও (পাটরাণী) বলা হইরাছে। ২৫ 'মধ্যযুগের বাংলা ও বাঙালী'-প্রন্থ হইতেও জানা বার (পৃ. ৩২) বে 'বিক্পুরের মররাজানের প্রধান মহিবীর উপাধি ছিল প্রিক্রী চুড়ামণি পট্টমহাদেবা।' যাহাহউক, রাণী ক্লকণার বীক্ষাগ্রহণের পর রাজপত্র ধাডি-হানীরও ও প্রিনিবাস কর্তৃক লীক্ষিত হইরা

শ্ৰীকালাটাদের সেবা করিলা প্রকাশ ।। শ্ৰীকাটার্থ প্রকৃ জীর করে ক্ষতিকে।

পরে অবস্ত সরং জীব-গোস্থামী ধাড়ি-হাসীরের নাম পরিবর্তন করিরা গোপাদাদাস রাখিয়াছিলেন।^{২৭} ইনি সম্ভবত একজন পদকর্তা ছিলেন। ধাড়ি-হাসীর-ভণিতার শ্রীনিবাস-প্রশক্তিমূলক একটি মিশ্র সংস্কৃত ভাষার পদ পাওরা বাস্থ^{২৮}

(২২) জ. ব.—৬৪. ম., পৃ. ৪০ (২৩) ঐ—পৃ. ৪১ ; জ. ব.—৯।৩০ (২৪) প্লে. বি.—২০ল. বি., পৃ. ৩৪৯ ; জ. ব.—৯।২৬৬ ; কর্ণামৃত-কার (১ব. বি., পৃ. ২১) বলেব :

> য়ালার পরবার্থ গুনি জ্বীন সোনাঞি। নাম জ্বীযোগাল লান গুইলা ভবাই।।

(২৫) কর্ণ.—১ম. নি., পূ- ১৮-১৯ (২৬) আ. লী-এছে (পূ. ১৪৯) লিখিত হইরাতে যে জীনিবাসের সহিত পরিচরকালে রাজা (বীর-হাবীর) নিঃসভাব ছিলেব। ভিত্ত আতু কোখাও ইহার সমর্থন নাই। (২৭) জ. ব.—১৪(২৮) HBL—p. 407 মন্ত্রাজ্বংশ এইভাবে বৈশ্ববর্ধর্মে দীক্ষিত হয় । অভয়পদ মন্ত্রিক মহাশয় লিথিতেছেন (History of the Vishnupur Raj—p 40), "Tradition tells us that the Maila Kings were such extreme Shaktas that they were in the habit of offering human sacrifices before Mrinmoyce. But the introduction, or rather, the revival of Vaishnavism by Shrinibas turned the tide for ever in favour of civilisation and humanity." এইভাবে সংশে দীক্ষিত হইয়া রাশা-হায়ার শ্রীনিবাসের জন্ত 'বিষ্ণুপুর মধ্যে এক বাড়ী কয়ি দিলা'ইট এবং তাঁহাকে 'প্রামভূমি সামগ্রী' প্রভৃতি দিয়াত তাঁহার বিষ্ণুপুর-বাসেয় স্থবন্দোবন্ত কয়িয়া দিলেন। এই সমর রাশা-হায়ার সবলাই শ্রীনিবাসের ধ্যান কয়িতে থাকিতেন এবং 'ক্লানন্দ' ও 'ভক্তিরয়াকর' হইডে জানা বায় বে এই সমরে রাণী-স্থান্দণা একদিন তাহাকে ব্পাবিইভাবে শ্রীনিবাস-প্রশক্তিমূলক পদ পাঠ কয়িতেও গুনিয়াছিলেন। তাই পুরেই বলা হইয়াছে যে বীয়-হায়ীয় একজন পদকর্তাও ছিলেন কিছ্ক 'বায়-হায়ীয়' এবং 'চৈতল্ডদাস' এই উভয় ভণিতাতেই তিনি পদর্চনা কয়িয়াছেন। তাই

রাজার দৃষ্টান্তেই এই সমর বিকুপ্রের আরও অনেক ব্যক্তি শ্রীনিবাসের নিকট দীক্ষাগ্রহণ করেন। ত বনবিকুপ্রবাসী ত বাসাচার্যত রাজার মত সবংশে দীক্ষাগ্রহণ
করিয়াছিলেন। তাহার পরীর নাম ছিল ইন্দুম্বী ও পুত্রের নাম স্থামহাস-চক্রবর্তী ত ব বা স্থামদাস-আচার্যত এবং সম্ভবত তাহার কন্তার নাম ছিল কনকপ্রিয়া। তাহাদের কেহ কেহ খুব সম্ভবত এই সমরেই শ্রীনিবাসের নিকট দীক্ষাগ্রহণ করিয়াছিলেন।
'কর্ণানন্দে' কনকপ্রিয়াকে সম্ভবত গতি-গোবিন্দের শিক্তমুক্ত করা হইয়াছে। ত বাসাচার্য ও তাহার পুত্র স্থামদাস উত্তরেই বৈক্ষব হিসাবে ধণের প্রতিষ্ঠা অর্জন করিয়াছিলেন। এমন কি বৃন্দাবন হইতে জীব-গোলামীও পত্র মারকত রাজা-হাদীর, ধাড়ি-হাদীর এবং তাহাদের সংবাদ স্থানিতে চাহিয়া পত্র পাঠাইতেন। ত পরবর্তিকালে শ্রীনিবাসের নিকট শীবের লিখিত একটি পত্র হইতে জানা যারত যে স্থামদাস-আচার বৃন্দাবন হইতে শোধিত 'বৈক্ষবতোরণী' ভূর্গমস্ক্রমনী' ও 'প্রোপালচন্দু' গ্রন্থ লইয়া আসিয়াছিলেন। পত্রমধ্যে

⁽২৯) জু.—জ. ব.—১৪. ম. পৃ. ৪১ (০০) প্রে. বি.—১৬খ. বি., পৃ. ২০৬ (০১) জ. ব.—
৯।২৮০; কর্ণ.—১ম. বি., পৃ. ১৯ (৩২) জ. ব.—৯।২৯০, ২৯৮ (৩৩) জ. ব.—১৪. ম., পৃ. ৪১; জ. ব.
—৯।৩০০; জু.—কর্ণ.—১ম. বি., পৃ. ২২ (৩৪) প্রে. বি.—২০খ. বি., পৃ. ৩৪৯ (৩৫) ঐ; কর্ণ.—
১ম. বি., পৃ. ২২ (৩৬) প্রে. বি.—অর্থ. বি., পৃ. ৩০৫, ৩০৮; জ. ব.—৭ম. ম., পৃ. ৪৪; জ. ব.—
১৪।২৬ (৩৭) ২ব. বি., পৃ. ২৮ (৩৮) প্রে. বি.—অর্থ. বি., পৃ. ৩০৪; জ. দ্ল.—১৪।২১, ২৬, ২৫ (৩৯)

জীব জানাইতেছেন যে শ্রীনিবাস যেন তাঁহার পরমার্থ সহ্বন্ধ পণ্ডিত বর্ষ শ্রামহাসের সহিত রেহসহবারে 'ভগবন্তকি বিচার' করেন। আর একটি পত্নে তিনি গোবিদ্দ-কবিরাশকে জানাইতেছেন বে শ্রামদাস মৃদলিবার বারা 'বৃহদ্ধাগবতামৃত' গ্রহ্থানি প্রেরিত ইইরাছে। ৪০ এই শ্রামদাস ব্যাস-নন্দন শ্রামদাস-আচার্য কিনা জানা হার না। শ্রামদাস-ভণিতার বজবৃলি পদত্তলিতে 'বজভাখা'র প্রভাব গাকার ডা. কুরুমার সেন অনুমান করেন বে ঐ পদত্তলি ব্যাস-পুত্র শ্রামদাসের রচিত, কারণ এই শ্রামদাসের পক্ষেই বৃন্দাবনে গিরা শিক্ষাগ্রহণ করার সন্তাহনা অধিক ছিল। আমরাও পুরেই এই শ্রামদাস 'সহ্বন্ধ পণ্ডিত বর্ষের সহিত বৃন্দাবন-গোহামীদিগের বনিষ্ঠ সহজের পরিচ্ব পাইরাছি।

শীনিবাসের বিদারকালে হাদীর তাঁহার সহিত হাত্রা করিতে চাহিলেন। কিছু শুরুনিদে শে তাঁহার রাওরা হর নাই। তিনি শীনিবাসের সহিত বহুবিধ ক্রব্য সামগ্রী পাঠাইরা
দিলেন। ব্যাসাচার্য কিছু শীনিবাসের সন্ধী-রূপে তাঁহার সহিত বিভিন্ন স্থান পরিশ্রমণ
করিবার পর খেতুরি-উৎসবে আসিরা বিশেষ অংশ গ্রহণ করেন। ৪১ শীনিবাসের প্রথম
আশ্রমণাতা কুক্তরভেও সম্ভবত খেতুরি-উৎসবে উপস্থিত হইরাছিলেন। ৪২

থেত্রি-উৎসবাস্কে ভাহ্নবাদেবীর বৃন্দাবন হইতে প্রভাগমনের পরে শ্রীনিবাস নরোদ্ধম এবং রামচন্দ্র-কবিরাজ নববীপ-পরিক্রমা শেষ করিয়া ৰাজিগ্রামে কিরিয়া আসিলে হাষীরও বাজিগ্রামে পৌছান। ৪৩ গ্রামের বাহিরে 'জন্ম-গজ্ঞ-পদাভিক-আদি' রাধিয়া তিনি ক্ষেকজন সলী-সহ শ্রীনিবাসের গৃহে আসিয়া⁸⁸ ভাহার চরণে ব্যবিষ প্রবাসামগ্রী নিবেদন করিলেন এবং নরোদ্ধম রামচশ্রকেও প্রণতি জানাইলেন। নরোদ্ধমের সহিত এই

⁽৪০) থ্যে বি.— অর্থ- বি., পৃ. ৩০৮ (৪১) থ্যে. বি.,—১৪ শ. বি., পৃ. ২০০-২০৮; ১৯ শ. বি., পৃ. ৩০৮; বাবি-— এটা বি., পৃ. ৭৯-৭৭, ৮৭; ৮মা বি., পৃ. ১২০; জা র.—১০)১৩৪ (৪২) থ্যে. বি.—১৯ শা বি., পৃ. ৩০৮; এই প্রবের বর্ণনার (পৃ. ৩১২) বেচুরি-উৎসবে একজন বরভকে পেবা বালা। ইনি কৃষ্ণরাক কিনা জানা বাল বা। (৪৩) জা র.—১২।২১; জাল্লিক বৈ. বি.(পৃ. ১০২)-রজে রাজা-বালীর জারও একবার বাজিপ্রাবে জাসেন। শ্রীনিবাসের লাভুলাছে বাইবার কালে জবন বীর-হালীর বীরভুন পরস্পার ব্যভান্থপুরে এক রাজা-পৃত্র রাজ্রিবাসনভাবে রাজা-সেবিত রগনবোহন-বিপ্রত দেবিরা আকৃত্র হব। বাজিপ্রার হইতে কিরিবার পর তিনি ব্যালেনে শ্রীবিপ্রত নাইরা বিভূপুরে আসিনে বাজা শোকাভিত্ত হইরা বিভূপুরে জাসেন। ঠাকুর ভালাকে বর্গে বলেন বে জিনি দিবাভাগে বিভূপুরে এবং নিশাকালে ব্যভান্থপুরে থাকিবেন। ক্ষেত্র বংসর পরে হালীরের ইছার বিভূপুরে থেডুরির ভাল একটি বংলাপের সংঘটিত হর। অনুপ্রতিবন। ক্ষেত্র বংসর পরে হালীরের ইছার বিভূপুরে থেডুরির ভাল একটি বংলাপের সংঘটিত হর। অনুপ্রতিবন নিক্সাক্রার ভাল একটি বংলাপের সংঘটিত হর। অনুপ্রতিবন নিক্সাক্রার ভালাকরে ক্ষেত্র বিলন্ধ বালাকারে ক্ষেত্র বিলন্ধ বিলন্ধ বালাকার বিলন্ধ বিলন্ধ বালাকার বালাকার বালাকারের লোক্রা বিজের নিক্ট ক্লাবিক টাকার এই বিলন্ধ আবল রাগের বালাকার ভালবিক। ক্ষেত্র বালাকার বালাকার বালাকারের জাবিক্ত জাবের।" (৪৪) জ. র.—১০)৩৮

তাহার প্রথম মিশন ঘটিশ, তারপর 'রাজা অতি দীনপ্রায় সর্বত্র প্রমণ' করিয়া বৈশ্বন মহাজ্বন্দের আশীর্বাদ লাভ করিলেন। এইসময় বৃদ্দাবনের উদ্ধ্যে আঞ্বা-প্রেরিড রাধিকা-বিগ্রহ লইরা ভক্তবৃদ্দ কণ্টকনগরে পোঁ ছাইলে তিনি তাঁহাদের জন্ম গোপনে রামচন্দ্র-কবিরাজের মারকত সহস্র মূলা পাঠাইরা দিলেন। এইভাবে বেশ কিছুকাল যাজিগ্রামে কাটাইরা রাজা হাদীর বিদার গ্রহণ করিলেন। রাজ্মহিষীও রাজার সহিভ যাজিগ্রামে আসিরাছিলেন। তিনি প্রীনিবাস-পত্নীকে বছবিধ বন্ধ-অলংকারাদি প্রদান করিয়া এবং তাঁহার চরণলেবা করিয়া চতুর্দোলার আরোহণ করিলেন। রাজা কিছ বছদ্র পর্বন্ধ পদরক্ষে গিয়া ভারপর বধাযোগ্যে বানে আরোহণ করিলেন। তাঁহার বিষ্ণপুরে পোঁ ছাইবার কিছুকাল পরেই প্রীনিবাসও সেইস্থানে পোঁছান। এইবারে প্রীনিবাস বিষ্ণপুরে পাকিয়া ছিলেন।

ইহার পরে হাষীর সহছে আর বিশেষ কোন সংবাদ পাওয়া যায় না ৷ 'প্রেমবিলাস'-মতে^{৪৫} খেতুরিতে একবার এক মহাসভার অধিবেশন হইলে 'রাজা বীর-হামীর ভুক্ষবর্ত ব্যাস' ভাষাতে যোগদান করিয়াছিলেন। এই সংবাদ সভ্য কিনা বলিভে পারা ষার না। আবার বৃন্দাবনদানের নামে প্রচলিত 'নিত্যানন্দপ্রভুর-বংশবিস্তার' হা '-বংশশালা' এবং শ্রীনিবাস-পূত্র গতি-গোবিন্দের নামে প্রচলিত 'বীররত্বাবলী' নামক এছে লিখিত হইরাছে^{৪৬} যে নিত্যানন্দ-পুত্র বীরচক্র একবার বিকুপুরে গিরা বীর-হামীরের নিকট নানাবিধ অলোকিক শক্তি প্রকাশ করেন এবং বিষ্ণুপুরের নাম পরিবর্তন করিয়া 'গুপ্ত বুন্দাবন' রাখেন। বীরচন্দ্র কোনও সময়ে—সম্ভবত তাঁহার বুন্দাবনগমনপথে—বিফুপুর পৌছাইলে বাজা-হাষীর তাঁহাকে সংবর্ধিত করেন,—এই তব্য ছাড়া উক্ত গ্রন্থগুলিতে অস্তাক্ত বিষয়গুলির বর্ণনা বেমনি কৌতুকপ্রাদ, ভেমনি অভুত। তবে 'প্রেমবিলাস' এবং 'ক্পানন্দ' এই উভয় গ্রন্থ হইডেই জানা যায়^{6 ব} যে শ্রীনিধাসের বিতীরবার দারপরিগ্রহের পর একবার রাজা-হাষীর বিষ্ণুপুরে আগত রামচন্দ্র-কবিরাজের আধ্যাত্মিক শক্তির পরিচয় পাইয়া মুশ্ধ হন ।^{৪৮} 'কণানন্দ'-কার বলেন বে রাজা তবন রামচক্রের নিকট বছবিধ শাস্ত্র ও সাধাসাধনতত্ব শিক্ষালাভ করিবাছিলেন। তৎকালে শ্রীনিবাসের সহিত ব্যাসাচার্য এবং ক্লুকবল্লভও বিষ্ণুপুরে উপস্থিত ছিলেন। খুব সম্ভবত বাজিগ্রাম হইতে রাজা-হাসীরের বিষ্ণুপুরে প্রভ্যাবর্তন করিবার পরেই ভাঁহারাও জ্রীনিবাসের সহিত বিষ্ণুপুরে আসিরাছিলেন।

⁽ac) ১৯শ. वि., शृ. ७०१ (६०) नि. वि.---शृ. ६১-६६ ; वि. व.---शृ. ৮१, ৯०, ৯১ ; वी. व.---भृ. ७-१ (६१) (क्ष. वि.---১৯শ. वि., शृ. २৯৮-७०৮ ; वर्ष.---वा.-६वं. वि. ; ७६ं वि., शृ. ১১৬-১९ (६৮) वा.---शायत्व कविद्याय

"কর্ণানন্দ'-কার ব্যাসাচার্য সহত্তে জানাইতেছেন⁸⁵ বে শ্রীনিবাস-জাচার্য তাঁহাকে রূপা করিবা "নিজ পুরোহিত প্রস্তু তাহারে করিল।" এই গ্রন্থ হইতে আরও জানা বার²⁰ বে একবার গোবিন্দাস তাঁহার পদমধ্যে পরকীরা-শীলাবাদ সমর্থন করার ব্যাসাচার্যের সহিত নরোভম, রামচন্দ্র ও গোবিন্দের বিতর্ক উপস্থিত হর। সেই সমর ব্যাসাচার্য খুব সম্ভবত বৃন্দাবন হইতে জীব-গোস্বামী-প্রেরিত 'গোগালচন্দ্'-গ্রন্থগানির প্রমান-বলে বেত্রিতে বসিরাই রামচন্দ্রাদিকে নিরপ্ত করিতে প্ররাসী হন এবং ব্যাস-চক্রবর্তী 'ক্রীরা'-মভামুষারী ব্যাখ্যা করিতে থাকেন। কিছ বাদাম্বাদের মীমাংসা না হওরার বৃন্দাবন-গমনেদ্র বসন্ত-রার মারন্তত⁶⁵ জীবের নিকট পত্র প্রেরণ করা হইলে জীব-গোস্বামী ব্যাস-শর্মার উক্ত-প্রকার ব্যাখ্যার ব্যথিত হইরা প্রত্যুত্তর পাঠাইরাছিলেন। এই প্রটি রামচন্দ্র-নরোত্তম-গোবিন্দের নিকটই শিধিত হইরাছিল। ইহার পর ব্যাসাচার্য বাজিগ্রাম বেত্রি প্রস্তৃতি স্থানেই অবস্থান করিতেছিলেন। "নরোত্তমবিলাস" হইতে জানা বার⁶² বে বীরচন্দ্রের বাজিগ্রাম-জাগমনকালেও ব্যাসাচার্য তথার উপস্থিত ছিলেন। কিন্ত প্রীনিবাসের সন্ধত্যাগপূর্বক তিনি যে জার কথনও বিক্স্পুরে বাস করিরাছিলেন, সে সম্বন্ধে কোন উল্লেখই জার কোবাও নাই।

১৩২৬ সালের 'গৌরাজসেবক'-পত্রিকার পৌষ-সংখ্যার 'শ্রীনিবাসচরিত' নামক প্রাথম ব্রহ্মমান্তন লাস মহাশর জানাইরাছিলেন, "রাজা বীর-হানীরের রাজপণ্ডিত ব্যাসাচার্য ১৫০৫ শকাবার শ্রীচৈতন্তচরিতায়ত গ্রন্থের এক প্রশ্ন নকল উঠাইরা রাখেন।" প্রবছকার এইরপ তথা কোথা হইতে সংগ্রহ করিলেন তাহা জানা বার 'না। আধুনিক 'বৈক্ষবদিন্দেনী' প্রাথমিক ওই কথা বলা হইরাছে।

(৪৯) ১ম. নি., পৃ. ২১ (৫০) ৫ম. বি., পৃ.১৩-১৬ ; জ. র.—১৪)১৬-৩৬ (৫১) বসন্ত-রায় সক্ষে ত্র.—
বাষ্চন্ত-ক্ষিরায় (৫২) ১১শ. বি., পৃ. ১৬৯ (৫০) বৈ. মি.—পৃ. ১১০ ; এই গ্রন্থে (পৃ. ৮৬) বীর-হাষীর
সক্ষে নির্নিধিক তথাগুলি নিপিক ক্ষরাছে :

"বিকৃশ্রের ০৮ সংখ্যক রাজা হাবীরের, পিতা চননধরের মৃত্যুর পর রাজালাভ করেন । তাত বিশ্বনিক্ত কীউ' ও চন্দ্রপ্রে বৃশাবনচন্দ্রভীউ' প্রতিষ্ঠিত হলেন। গৌড়াবিসভি সোলেনানের পূত্র বার্ত্বীকে বৃদ্ধে পরাত্ত করিনা হাবীরেরর
'বীরহাবীর' নাবে প্রসিদ্ধ হরেন। প্রথম ব্যাসে বীর-হাবীর অত্যন্ত হুদ্ধ হিলেন, পরে বৈক্ষধর্ব
প্রশান্তর প্রস্তুক্তে পরিপত হুইয়াহিলেন। তাত বিশ্বনিচন্দ্রোর্থ-প্রপ্রে স্বাধি আহে। তাত বিশ্বনিক্র বান রাজা
বীর-হাবীরের সভাসন হিলেন। সোনামুধিতে ই হার শ্রীপাঠ ও ব্যবস্থা স্বাধি আহে।"

भाषासम

শ্রামানদের ক্ষরকাল সংক্ষে বিশেষ কিছুই জানিতে পারা যায় না। 'প্রেমবিলাস' এবং 'ভক্তিরপ্লাকর' বা 'নরোভমবিলাস' হইতে উাহার সংক্ষে বাহা জানা বার তাহাতে কেবল এইটুকু বলা চলে যে তিনি সম্ভবত শ্রীনিবাস ও নরোভম অপেক্ষাও বরসে কনিষ্ঠ ছিলেন। ই 'রসিকমক্ল' নামক গ্রন্থে কিছু শ্রীনিবাস বা নরোভম প্রভৃতির কোন উরেধই দৃষ্ট হর না। এই গ্রন্থ হইতে জানা বার বে শ্যামানদের পিতা শ্রীকৃষ্ণ-মঞ্চল জাতিতে গোপ বা সম্ব্রোপ ছিলেন। তিনি তাহার পত্নী ছরিকাদেরী সহ গোড় পরিত্যাগ করিরা উড়িগ্র্যার হওেশর নামক গ্রামে গিরা বসবাস করিতে থাকেন। কিছু শ্রামানদের স্বন্ধ বা বালাকাল সহত্বে এই গ্রন্থে কিছুই লিখিত হর নাই। ইহাতে কেবল এইটুকুই বলা হইরাছে যে শ্যামানদ্দ বিবাহ করিরাছিলেন বটে, কিছু তিনি বিষয়-বিরাগী ছিলেন এবং একদিন তিনি বৃন্দাবন-প্রমনাভিপ্রার্থণত অমুজ-বলরামের উপর গৃহ ব্যবস্থার সকলভার অর্পণ করিরা আম্ব্রাতে চলিরা যান।ই 'ভক্তিরপ্লাকরে'ও শ্যামানদের পিতামাতা জ্যাতি ও বাসন্থান সম্বন্ধ একই বিবরণ দানের পর বলা ইইরাছেও :

ধারেকা বাহান্ত্রপ্রেভে পূর্বছিভি। লিষ্ট লোক করে স্থামানক কম ভবি।।

এই গ্রন্থে আরও সংবাধ দেওরা হইবাছে বে শ্রীক্রক-মণ্ডলের 'পুত্র-কন্তা গড' হইবার পর শ্রামানন্দ জন্মগ্রহণ করার গ্রামবাসী স্রীলোকেরা তাঁহাকে যথেই 'ভূংধসহ' পালিত হইডে দেপিরা তাঁহাকে 'ভূংধী' বা 'ভূংধিরা' নামে অভিহিত করেন। 'প্রেমবিলাসে'ও শ্যামানন্দকে বাল্যাবস্থার 'ভূংধী কৃষ্ণাস' বলা হইবাছে এবং জানান হইবাছে বে তাঁহার জন্মভূমি ছিল উৎকলের ধারেন্দা গ্রামে। স্কুতরাং ইচা হইডে মনে হব বে শ্যামানন্দের পিতা শ্যামানন্দের জন্মের পর সম্ভবত ধারেন্দা হইতে ক্তেশ্বরে উঠিয়া বান। কিন্তু 'ভক্তির্ত্তাকরে' অন্তর্জ বলা হইবাছে^৫:

গৌড়দেশ ৰখে দঙ্গের নামে গ্রাম। বৰাপূর্বে কুকমঙলের সাসস্থান। ভারপর উৎকলেতে করিলেন বাস।

এই উক্তি হইতে বুৱা বাইতেছে ৰে শ্ৰীকৃষ্ণ-মণ্ডল গৌড়বেশ-মধ্যন্থ বংশুবার হইতেই উৎকলে

⁽²⁾ 事、有.一ち日の一日日、日か ; カ | かのまって (2) 有、 可.一切 (2), ヴ: カーンド (0) コロセコーモル

⁽a) ২০শ. বি., পূ. ৩৫৭ ; ১৯শ. বি , পূ. ৩০১ (c) ৭/০০৯-৩০

পিরা বসবাস করেন। 'ভব্জিরত্বাকরে'র এইরুপ পরস্পর্বিরোধী বর্ণনার কারণ খুঁজিয়া পাওয়া যার না। আবার 'রসিকমঙ্গলে' এই মণ্ডেশরকেই উড়িয়ার অস্কর্তৃক্ত ধরিয়া বলা হইতেছে বে শ্রীক্রক-মঞ্জা গৌড় হইতে এইস্থানে উঠিয়া আসেন। অধচ গৌড়দেশের সীমারেখা বিভিন্ন সমরে পরিবর্তিত হইলেও একসময়ে তাহা উড়িক্সার যাজপুর পইস্ক বিভুড ছিল। ভা. বিনয়চন্দ্র সেনের Some Historical Aspects of the Inscriptions of Bengal-নামক প্ৰথে (p. 126) লিখিত হুইয়াছে: That Gouda in the early Muhammadan period denoted the more or less homogeneous area is apparent from the statement in which Minhaj-ud-Dinseems to define it in the Tabagat-i-Nasini. "The parts round about the State of Lakapawati," according to Chronicle, were "Jaj-nagar, the countries of Bang, Kamrad, and Tirhut," and "the whole of that territory," seems to have been named Gaur. It appears therefore that Gouda in his time included Tirbut, Bengal, Assam and Utkala or Orissa. Jaj-nagar is identified by Blochmann with Jujpur, near Cuttack. মৌলানা মিন্হাকুদীন অয়োদশ শতাকীর লোক ইইলে ঐ সময়ের যাঞ্পুরকেও গোড়াস্কর্গত ধরিতে হয়। কিন্ধ পঞ্চশত বর্গ পরে অষ্টাদশ শতকে নরহরি-চক্রবর্তীর সমবেও 'গৌড়' নামট উক্তরণ ব্যাপকার্থে প্রযুক্ত হইত বণিরা মনে হয় না। 'ভক্তিরত্মাকরে'র উল্লেখে গোড় এবং উৎকলের পূথক অবস্থিতি স্বীষ্ণুত হওয়ায় বুঝা ৰাইতেছে যে গ্ৰন্থকার উৎকলকে গোড়ান্ধর্গত বলিয়া মনে করেন নাই। 'গোড়ীয় বৈঞ্চব জীবন'-গ্রন্থের লেখক জানাইভেছেন, 'দণ্ডেশ্বর গ্রাম—মেদিনীপুরে, স্থবর্ণরেখা নদার তীরে' অবস্থিত ছিল। 'চৈতন্তচরিতামৃতা'দি পাঠে সমগ্র বাংশা দেশকেই গৌড়াস্কর্গত বদিয়া ধারণা ক্ষমে। স্থাভরাং বৃক্ষা বাইতেছে বে দণ্ডেশর সহ মেদিনীপুরকেও (অস্তত প্রভাগ-রুদ্রের রাজত্বকাশের পরে) গোড়ান্তর্গত ধরা হইত। ইহাতে 'ভক্তিরত্নাকরে'র 'গোড়দেশ মধ্যে দণ্ডেশর নামে গ্রাম[°] স**দক্ষে সন্দেহ** থাকে না। তাহা হইলে 'রসিক্মক্লে' দণ্ডেশরকে উড়িয়্যার অন্তর্গত বলা হইবাছে কেন, তাহা বৃঝিতে পার। ছঃসাধ্য হইয়া উঠে। বোড়শ শতাব্দীর দিতীরাখে উড়িয়ারাব্দের আধিপতা বাংলাফেশের ত্রিবেণী পরস্ক বিস্তৃত হইয়াছিল।^৩ কিন্তু এই আধিপত্য ছিল সামন্ত্ৰিক। 'রসিকমঞ্চল'-মতে শ্ৰীক্লঞ-মণ্ডল গোড়দেশ হইতেই উড়িয়ার দণ্ডেখরে উঠিয়া যান। সম্বত সপ্তদশ শতকে এই গ্রন্থ-রচনার নিকটবর্তী কোনও সময়ে উড়িয়া-রাজ্য ক্রমাগত সংকৃচিত হইয়। প্রীকৃষ্ণ-২ওলের

⁽७) जिर्दिशी—शो. ची., शृ. ३७-७१

পূর্ব-বাসভূমি (ধারেকা ?) অভিক্রম করিয়। যতেশরের কাছাকাছি গিয়া শৌছার এবং অটাদশ শতকে 'ভক্তিরত্বাকর'-রচনাকালে যতেশরও গোড়-মধ্যবর্তী বলিয়া পরিগণিত হয়। উরোধ করা বাইতে পারে বে 'রসিকমন্ধলে'রও পূর্বে লিখিড 'প্রেমবিলাসে' গারেক্ষা প্রামকে 'দক্ষিণদেশ' বা 'উৎকলে'র অস্তর্ভু ক করা হইয়াছে। অবশ্য 'প্রেমবিলাসে'র এই বর্ণনা বে ধূব নির্ভরণোগ্য ভাহা না ধরিয়া লইলেও বায় আসে না। বাহাইউক, 'য়িক-মন্থণে' বে বলা হইয়াছে শ্রীকৃষ্ণ-মন্তল যতেশরেই উঠিয়া ধান, 'ভক্তিরত্বাকরে'র পূর্বোক্ত বিবরণ হইতেই ভাহা সমর্থিত হইতেছে। তৃতরাং যতেশরে বে তাহার পূর্বাস ছিল ভাহা সভা বলিয়া গ্রহণ করা চলে না। নরহরি-চক্রবর্তী 'শিষ্ট লোকে'র নিকট শ্রবণ করিয়া এই সম্পর্কিত কিছু কিছু সংবাদ সংগ্রহ করিয়াছিলেন। ' হয়ও এই কারণেই তাহার এই উক্তিশুলির মধ্যে ত্বিরোধ থাকিয়া বাইতে পারে। তবে স্থামানন্দ যে তাহার পিভার পূর্ব-বাসন্থান ধারেন্দা-বাহাত্রপুরে ক্রয়গ্রহণ করিয়াছিলেন, 'ভক্তিরত্বাকরে'র এই বিবরণকে অবস্তু অসত্য বলিয়া মনে করিষার কারণ নাই।

'ভক্তিরয়াকর'-মতে শ্রামানন্দ বা 'ফু:বিরা' বাল্যকালে ব্যাকরণাদি পাঠ লেব করিরা হার-চৈতক্তের নিকট রুক্ষমত্রে লীক্ষিত ইইবার নিমিত্ত পিতামাডার অন্থমতি গ্রহণ করিরা গলায়ানার্থী বাত্রী-বুন্দের সহিত অঘিকার গমন করেন। কিছু তিনি হারর-চৈতক্তের কথা কিছুপে অবগত ইইরাছিলেন গ্রহমধ্যে তাহার কোন উল্লেখ নাই। এইস্থলেও 'রসিকমলণে'র বিষয়ণই সভ্যের অধিকত্তর নিকটবর্তী বলিরা মনে হইতে পারে! খুব সম্ভবত শ্রামানন্দ কুমানের গমনোন্দেশ্রে বাত্রা করিরা অধিকার পৌছাইলে হ্রর-চৈতক্তের সহিত তাহার সাক্ষাৎ বটে। বাত্রাকালে তিনি বে অনুজ-বলরামের নিক্ট গৃহ-সংসারের ভার অর্পণ করিরা বান, তাহাতে মনে হয় বে তখন তাহার পিতামাতা পরলোকগত হইরাছেন। 'প্রেমবিলালে' বলিও বলা হইরাছেন বে শ্রামানন্দ গৃহত্যাগ করিলে তাহার 'পিতামাতা হাব পাই বহু অরেবিল,' তবুও তাহার পরক্ষণেই দেখা বার, শ্রামানন্দ বালতেছেন:

পৃথিবীক্তে কেহ নাহি হই জন ছংখী। -----কেহ নাহি সংগারে মোর মুক্তি অভি দীন।

এবং হাম্যানন্দও শ্যামানন্দকে বলিতেছেন ঃ

ত্তৰ ৰাছা একা জুনি কেহ নাহি আর। এতু আহেন নগোৱে সভাচরণ ভোষার।

স্কুতরাং 'প্রেমবিলাদে'র বর্ণনা পরস্পরবিরোধী হওরার ভাহার উপর জোর হেওরা ধার না।

⁽a) ১২শ. বি., পৃ. ১৪৬-৪৭ ; ১৯শ. বি., পৃ.৩০১ (b) ক্ষ. ম.— ১)৩৫৪ (b) ১২শ. বি., পৃ. ১৪**৭-৪৮**

ষাহাহউক, অধিকাতে আসিবার পর হৃদ্ধ- চৈতক্ত-ঠাকুরের সহিত পরিচর বাটলে হৃদ্ধ-চৈতক্ত তাঁহার ভক্তিভাব-দর্শনে প্রীত হইরা তাঁহাকে দীক্ষাদান করিলেন এবং তাঁহার নৃতন করিরা নামকরণ হইল 'কৃষ্ণদাস' বা 'হৃংধীকৃষ্ণদাস', ২০ 'প্রেমবিলাস'-মতে 'হৃংধিনী কৃষ্ণদাস'। ইহার পর এই কৃষ্ণদাস আপনাকে ভক্সেবার নিষ্ক্ত করিরা অধিকাতে বাস করিতে লাগিলেন। কিছুকাল অভিবাহিত হইবার পর হৃদ্ধ-চৈতক্ত তাঁহাকে কৃদ্ধাবন-গমনের অন্ত আজ্ঞা প্রদান করিলে ভিনি নবধীপাদি পরিভ্রমণান্তে কৃদ্ধাবনে চলিয়া গেলেন।

ব্রক্ষণতলে পৌছাইরা হুংবী-কৃষণাস বিভিন্ন স্থান পরিংশন করেন। রঘুনাধাণাস ও কৃষণাস-ক্রিরান্তের ধর্মন লাভ করিরা ভিনি বৃন্দাবনে জীব-গোখামীর সহিত সাক্ষাং করিলে^{১১} জীব ভাঁহাকে বাংসল্যসহকারে আগনার নিকট রাধিরা শাস্ত্রাধ্যরন করান এবং পূর্বাগত^{১২} শ্রীনিবাস ও নরোজ্যমের সহিত পরিচিত করাইরা ভাঁহাকে ভাঁহাদের হত্তেই সমর্পন করের। ইতিপূর্বে ক্ষরানন্দ ভাঁহাকে মন্ত্রদান করিরাছিলেন মাত্র। কিন্তু ভদপেক্ষা বছন্তব পাতিত্যের অধিকারী ও যোগাতর বৈক্ষর-ভক্ত জীবের মধ্যেই যেন ভিনি ভাঁহার প্রকৃত গুকর সাক্ষাংগাভ করিলেন। 'প্রেমবিলাসা'দি-গ্রন্থ হইতে জানা বার বে জীবই ভাঁহার 'কৃষ্ণদাস'-নাম পরিবভিত করিয়া ভাঁহাকে 'শ্রামানন্দ'-নামে আখ্যাত করিয়াছিলেন।

বৃন্দাবন-বাসকালে তু:খী-কুঞ্চাস আপনাকে 'রাধিকার হাসীভাবে' ভাবিত করিরা ভক্তি ও সেবার পথে অগ্রসর হইরাছিলেন এবং 'ভক্তিরত্বাকর'-প্রশেতা বলেন ২০ হে সেইজন্ত জীব-গোখামীও তাঁহাকে জামানল নামে অভিহিত করেন। 'প্রেমবিলাস'-কারও বলেন ২৪ বে জীব-গোখামী তাঁহার একান্ত অভিলাব ও প্রার্থনা অমুবারী তাঁহাকে 'রাধিকাজিউর মন্ত বড়কর দিল' এবং ইহার পর কুঞ্চাস কুলে বসিরা গোসাইর নিকট পাঠ-গ্রহণ করিতে থাকিলে তাঁহার মনে 'কত ভাব উঠে তাহা ভাবিতে ভাবিতে।' একদিন তিনি মানসে দর্শন করিলেন বে নৃত্যকালে রাধিকার বামপদের নৃত্র খসিরা পড়িরা গেল। স্বীগণসহ রাধিকা চলিয়া গেলে কুক্টাস রাসক্লী হর্ণন করিতে গিরা পত্র-ঢাকা নৃত্রটি মাধার তুলিয়া গইয়া ভাবাবেশে জীবের নিকট উপস্থিত হইলে জীবও ভাবাকুল হইয়া দেখিলেন যে নৃত্রের স্পর্লে কুক্টাসের মন্তকে 'কুক্টপদাক্বতি ভিলক্বিন্ধু' শোভিত হইয়াছে। তখনই তিনি 'হরিপদাক্বতি ভিলক্বের' প্রমাণে তাঁহার নাম পরিবর্তিত করিয়া রাধিলেন 'প্রামানন্দ'। 'রসিক্ষণলে'র লেখক বলেন ২৫ বে 'স্থামানন্দ'-নাম অম্বিকাতে ক্রমে-তৈতক্ত কর্ত্বক প্রস্তুত্ব হইরাছিল। কিন্তু গৌড়-বুন্দাবনে সংঘটিত ঘটনা সম্বন্ধে

⁽১০) অ. র.—১।০৭৬-৭৮ ; র. ম.—পু. (২), পু. ১০ (১১) থ্রে. বি.—১২দ. বি., পু. ১৫১-৫৬ ; অ. র.—৩।২০-৩০ (১২) র.—শীবিবাস ও নরোধান (১৩) ৩।৫১-৫২ (১৪) ১২দ. বি., পু. ১৫৪-৫৭ (১৫) পু. (২), পু. ১০

গ্রন্থকার-গোপীজনবন্ধত অপেক্ষা নর্ছরি-চক্রবর্তী (কিংবা 'প্রেমবিলাসে'র লেখকও) বে অধিকতর বাত্তবজ্ঞানের পরিচর দিয়া পাকিবেন, তাহাই সম্ভব মনে হয়। উৎকল / সম্পর্কিত ঘটনার বর্ণনার অবস্ত 'রসিকমন্ধলের' উক্তি বিশেষভাবে প্রধিধানযোগ্য।

'শ্রামানন্দপ্রকাশ' বা 'শ্রামানন্দবিলাস' এবং 'অভিরামলীলামৃত' নামক গ্রন্থে উপরোক্ত ঘটনাটি বহু-পর্রবিত হইরাছে। তদহুবারী > ভূংবিনী-কুক্ষণাস প্রাতাহিক নিক্স সেবাকালে একদিন রাধিকার নৃপ্র প্রাপ্ত হন। রাধিকা-প্রেরিভ ললিতা কিংবা কুন্দা ছল্মবেলে নৃপুরের সন্ধানে আসিলে উভরের মধ্যে নানা বাক্চাত্রির পর ললিতা কুক্ষণাসকে বীয় বর্মপ দর্শন করান। কুক্ষণাস রাধাক্ষণ সেবার বর চাহিলে তিনি বলিলেন:

যানসিক সধী-দেহে করিবে গ্রান। দেহ অভ্যে গাইবে রাখা-ক্রকের চরণ ।

এবং

ভারপর ভিনি একটি মন্ত্র দান করিলেন :

এই বিভা মন্ত ভূষি করহ গ্রহণ। শ্বরণ করিলে হংব রাধিকা দর্শন ।

তথ্য ক্লফদাস নৃপ্র আনিতে গিরা দেখিলেন যে নৃপ্রের স্পর্শে তাহার লোহমর প্রপাটও স্থায়র হইরাছে। তিনি নৃপ্র মন্তকে তুলিয়া আনিলে মন্তকেও নৃপ্র-চূড়ার তিলক আছিত হয় এবং ললিভাই তাহাকে 'আমানন্দ'-আব্যা দিয়া বান। কিন্তু আমানন্দ পুরপা লুকাইতে না পারায় জীব সমন্ত অবগত হইরা ললিভার আজ্ঞান্তবারী তাহাকে প্রকৃত বিষয় গোপন করিতে বলিলেন :

শুকু কুণা হৈল বলি লোকেরে কহিবে। ------শুকুঞ্পা—'প্রাথাক্র' নাম প্রকাশিল। ভিলকের নাম রাখিলেন প্যাথাক্রী।

সকলেই বৃথিলেন, জীব কতুঁক পুনর্গীক্ষিত কুক্ষাস নব-তিলক থাবে ও নব-নাম গ্রহণ করিরাছেন। হাদ্যানন্দের নিকট সংবাদ পৌছাইলে নানাবিধ কার্য-কলাপের পর তিনি কুছচিন্তে ছাদশ-গোপাল ও চৌষ্ট-মহান্তকে কুলাবনে আনিয়া জীব-শ্রামানন্দের বিশ্বছে প্রচণ্ড অভিযোগ উত্থাপন করিলেন এবং জীবাদিকে প্রথমে মিধ্যার আশ্রম লইভে ছইলেও শেবে ললিভার মধ্যন্থতার রাধিকা গৌরীদাসকে (পরলোকগভ) পাঠাইলে তাঁহাদেরই কর হইল। সমবেত বৈশ্ববন্ধ কতুঁক শ্রামানন্দের ভিলক-চিহ্ন ধূইরা মুছিরা ক্ষেত্রার চেট্টা বার্থ হইল এবং শ্রামানন্দ একমাত্র হৃদ্যানন্দেরই শিক্তরূপে পরিগণিত থাকিলেন। শ্রামানন্দকে আরও কিছু ফুর্ভোগ ভূগিতে হইরাছিল। কিছু শেব প্রস্কু কুল্বানন্দ তাঁহাকে কোলে ভূগিরা লইতে বাধ্য হন।

⁽३६) छो. ब्ह. ; छा. वि. ; व्ह. मी.—२०व. १., १९. ३२० २०

উক্ত তিনধানি গ্রন্থ ছাড়া অক্তর ইহার বিলেব সমর্থন নাই। নরহরির একটি পঞ্চেবল শিখিত হইরাছে বি প্রাথানন্দ 'বৃদ্ধাবনে নব নিকুক্তে রাইর নৃপুর' প্রাথা হন। 'প্রমবিলালে'র বর্ণনার সহিত ইহা সংগতিসম্পর। কিন্ত 'অভিরামণীলায়ত'-গ্রন্থধানি একটি আক্তরি ঘটনার সংগ্রহণালা। আবার রুক্ষচরণদাস-বিরচিত 'লামানলবিলাল' গ্রন্থধানিকেও তৎপ্রণীত 'ভামানলপ্রকাশ' গ্রন্থের অক্তএকটি সংঘরণ বলা চলে, এবং 'ভামানলপ্রকাশ' অনেক পরবর্তিকালে শিখিত। এই সমন্ত গ্রন্থের বর্ণনা বে 'প্রেম-বিলালে'র বর্ণনার করনারঞ্জিত পরিবর্ধনমাত্র ভাহাতে সলেহ নাই। কিন্তু বে-'প্রেম-বিলালে'র বর্ণনা অবলম্বনে উক্ত গ্রন্থের লেখকগণ এইভাবে ভামানন্দের শুক্তন্তোহ এবং ফ্রন্থানন্দের প্রচণ্ড বিক্ষোভকে পরবিত করিতে চাহিরাছেন, সেই 'প্রেমবিলালে'র লেখকই শিথিতেছেন কিন্তু বে নৃপুর-প্রাপ্তির পূর্বে জীব ছুংখী-কৃষ্ণদাসকে বলিলেন :

ত্বন তহে কুদদাস কর্ত ব্যাক্ত বা ।

ক্ষেত্রতৈতভাগে ওক সে অবঙা ।

কুদনপ্রদাতা তিহু জার কুপা হৈছে ।

এই সব প্রাথি তার কুপার সহিছে ।।

তাতে অপরাধ হৈলে সব বাহু কর ।

এই বোহু বাক্য তুবি রাখিবে কুবর ।।

'ভক্তিরত্মাকর' হইডেও জানা ধার^{১৯} বে জামানন্দ

'প্রক্র জীন্তরটেডকপ্রতু—বলি'
ব্যুলার ভারে সদা লাচে বাহু তুলি।।
শীপ্তার।নন্দের ভক্তিরীক চবংকার।
ববো সব্যে প্রক্রিকা পাঠান স্বাচার।।

এবং

বৰং হুদ্ব-চৈতক্ৰও

জীৰ গোদাৰীৰে নিধৰে পত্নীয়াৰে। মুখী কুম্পান পিছে সঁপিন ভোষাৰে॥ ভাষাৰকে কহিছা পঠিন বিষয়া।

এবং

শ্ৰীৰীৰে জাৰিৰে ভূষি আমাৰ সোঁসর॥

শ্বরোত্তমবিলালে'ও লেখক জানাইতেছেন ^{২৪} যে স্থামানক বৃন্ধাবন হইতে ফিরিয়া আসিলে হংয়ানকই স্থামানক সহজে এক ব্যক্তিকে বলিয়াছিলেন:

> নিজ বৰোবৃদ্ধি ৰোৱে লিখি পাঠাইল। ভার আভি দেখি ভারে ভৈছে আজা দিল।।

নিক্প সেবার রত হৈল জনিবার।
পাইন হব 'ন্যাবানক' নাম হৈল তার ।।
কুলাবনে সকলেই জতি কুপা কৈলা।
এবাতে আসিব পূর্বে পত্রী পাঠাইলা ॥
নিতাই হৈতত কুপা করি তার বাবে।
বে কার্ব সাধিবে তাহা ব্যাপিবে সংসারে।।
নোর প্রিয় শিক্ত সেই কহিন্ট্ তোনার।

এইবৃধ্যে স্থামানন্দের কোন এক বিশেষ অভিলাবের কথা ছোভিত হইলেও শুক্রবিরোর মধ্যে কোন বিষাদ, কথ বা মনোমালিপ্রের কথা নাই। অন্ত কোন প্রয়ের বারাও
বিবাদের কথা বীক্ত হর নাই। 'রসিকমকলে'ও উহার সমর্থন পাওৱা বার না। তবে
বৃশাবনে আসিবার পর স্থামানন্দের ভীবনে যে এক আমৃল পরিবর্তন ঘটরা বার এবং
প্রীজীবের বৃহত্তর প্রতিভার উদীপ্ত হইরা তিনি খে এক নবজীবন আরম্ভ করিবাছিলেন,
ভাহাতে সন্দেহ নাই।

শ্রানানন্দ জীবকর্ত্ ক শ্রশিক্ষিত হন এবং বৃন্দাবন-মধ্বার মন্দির বিগ্রহ ও সমাধিক্ষেত্র প্রভৃতি পরিধর্ণন করেন। লোকনাথ, ভূগাই, গোপাল-ভাই, রঘুনাথদাস প্রভৃতি সকলের সহিত্ত তাঁধার ঘনিষ্ঠতা জন্মার। 'ভক্তিরন্ধাকরে' দেখা বাছ বে শ্রীনিবাসাদির গোড়-গমনের পূর্বেই জীব-গোশ্বামী শ্রীনিবাস ও নরোত্তমকে রাধব-গোশ্বামীর সহিত বৃন্দাবন-পরিক্রমার প্রেরণ করিরাছিলেন। পরিক্রমাকালে শ্রামানন্দকে তাঁহাদের সহিত দেখা বাছ না। তাহাতে মনে হব বে শ্রামানন্দ হরত তখনও গরম্ব কুদাবনে গৌছান নাই। কিংবা পৌছাইলেও তিনি ছিলেন নবাগত। কিন্ধ শ্রীনিবাস ও নরোত্তমকে গোশ্বামিগ্রন্থ সহ গৌড়ে প্রেরণকালে জীব-গোশ্বামী তাঁহাদের হত্তেই শ্রামানন্দের ভারার্পণ করিরা তাঁহাকেও গোড়াভিমুখে প্রেরণ করেন। ২০

বিকৃপুর-অঞ্চল গ্রন্থসমূহ অপহত হইলে শ্রীনিবাসের আবেশক্রমে নরোন্তম এবং স্থামানন্দ বেত্রিতে চলিরা বান। তারপর বেত্রিতে গ্রন্থ-প্রাপ্তির শুভ সংবাদ পৌছাইবার কিছুকাল পরে স্থামানন্দ বেত্রি ত্যাগ করিরা বান। রাজা-সন্তোব-দত্ত পদাবতী পর্বন্ধ গিরা তাঁহার প্রত্যুদ্যামন করিলেন। স্থামানন্দ তথন নবদীপ হইরা অধিকার পৌছাইলে^{২২} হাদর-চৈতন্ত তাঁহাকে সামর অভিনন্দন জাপন করিলেন। কিছুদিন পরে স্থামানন্দ উৎকলে চলিয়া গেলেন। 'ভব্নিরম্বাকর'-প্রবেতা বলেন বে তিনি সর্বপ্রথম দত্তেশর এবং তাহার পরেই ধারেন্দার গমন করেন এবং 'নরোন্তমবিলাস'-গ্রন্থে তিনি জানাইতেছেন বে তিনি এইবার উৎকলে গিরাই রসিকানন্দ প্রভৃতি বহু শিক্তকে ম্রদীক্ষা দান করেন।

⁽२১) ज--विनिनान (२२) न- नि.--जा. नि., मृ. ७१; छ- इ.--१।६७৮

মাবার 'ভজিরন্ধাকর'-গ্রহের একেবারে শেব-ভরকে গিয়া গ্রন্থকার বিচ্ছিরভাবে শ্যামানক্ষ সক্ষে বহুপূর্বাটিভ বিবরের বিবরণ প্রধান-প্রসক্ষে বলিভেছেন বে শ্যামানক্ষ পূর্বে রম্প হইতে গৌড়মগুলে আদিবার পর পূন্রায় অধিকা হইতে উৎকলের গতেন্ত্র-ধারেক্ষা হইয়া রসিক্মরায়ির আবাস-ক্ল রবনী-গ্রামে গিয়া পৌছান। তথা হইতে ভিনি কটিশিয়ার গিয়া রসিক-মুরারিকে দীক্ষালান করেন এবং পুন্যায় মুরারি সহ রবনীতে আসিরা দামোদর ২৩ প্রেক্তি বহু ব্যক্তিকে দীক্ষিত করেন। ভারপর ভিনি বলরামপুর হইয়া ধারেক্ষার গেলে রাধানক্ষ, পূক্ষবাভ্যম, মনোহর, চিন্তামনি, বলভত্ত, ২৪ জগদীপর, উত্তর, অক্রুর, মধুক্ষন ২৫, গোবিক্স, জগলাধ, গদাধর, ক্ষম্বরানক্ষ, ২৬ ও রাধামোহন প্রভৃতি ভক্ত ভাছার নিকট দীক্ষাগ্রহণ করিলেন। ক্রমে ভিনি নৃসিংহপুর ও গোপীবল্লভপুর গ্রামকেও প্রেম-বক্সার নিমক্ষিত করেন এবং গোপীবল্লভপুরে রসিকানক্ষের উপর গোবিক্ষ-সেবার ভার অর্পণ করিয়া তাছাকে পায়তী-উদ্বারের আক্রা-প্রদান করেন। এইভাবে ভিনি ভক্তবৃন্দ সহ বহু স্থান পরিশ্রমণ করিলেন। একবার ভিনি এক হুইবাক্তি প্রেরিভ হত্তীকেও বন্ধীভূত্ব করিয়া হিনি-ব্রন্তর প্রবিভ প্রত্রিভ করিয়াহিলেন।

কিছ্ক 'গুক্তিরত্মাকরে' বর্নিত উপরোক্ত বটনাশুলির মধ্যে কোনও পারশ্পর্য রক্ষিত হয় নাই। উৎকলে শ্রামানন্দের শিব্য-করণ প্রান্তৃতি বুয়াল্ক সহলে 'প্রেমবিলাসে'র মধ্যেও কোন ধারাবাহিকতা দৃই হয় না। 'গুক্তিরপ্রাকর' ও 'নরোন্তমবিলাস' হইতে শ্রানা বায় বে শ্যামানন্দের খেতুরি-ভ্যাগের কিছুকাল পরেই নরোন্তম নীলাচলে গিয়া সেইস্থান হইতে প্রত্যাবর্তনকালে নুসিংহপুরে আসিয়া শ্যামানন্দকে নীলাচলে গাইবার শুল্প নির্দেশ লান করিয়াছিলেন এবং নরোন্তম চলিয়া আসিলেই শ্যামানন্দকে নীলাচলে গামন করেন। এদিকে শ্রীনিবাস-আচার্ব বিষ্ণুপুর হইতে বাজিপ্রামে আসিয়া অয়কাল মধ্যে বৃন্ধাবনে গামন করিলে সেইস্থানেই কিছুদিন পরে তাঁহার সহিত শ্যামানন্দের সাক্ষাৎ ঘটে এবং রাম্চন্ত্র-কবিরান্ত সহ শ্রীনিবাসের কৃদ্ধাবন হইতে প্রত্যাবর্তনের সময় শ্যামানন্দ তাঁহার সহিত বিষ্ণুপুরে আসিয়া রাজা-হাষীর কর্তৃক বিশেষভাবে আপ্যান্তিত হইবার পর উৎকলে চলিয়া যান। ইহার কিছুকাল পরে বেতুরিতে মহামহোৎসবকালে তিনি পুনরার সেইস্থানে আসিয়া উৎসবাস্থ্যানে বিশেষ সক্রির অংশ গ্রহণ করেন। ভারপর তিনি উৎসবাস্থে শ্রীনিবাসের সহিত বাজিগ্রামে পৌছান এবং এবং সেধান হইতে গ্রেড্রির বিভিন্নস্থান পরিস্থানি করিয়া উৎকলে বান।

⁽२०) हें हात्र क्षत्रक क्षत्रक क्ष्यांनिक हरेरव। (२३) क्ष्यः वित्नव (२०गः वि., गृ. ७४৮-४३) तक्षत्रक हेर्निहे प्राप्तकत्र वा वीदकत्र । (२४) कः इन्य वर्ष्त्रम वाक्षित्रक क्ष्यः विन्तव (२०गः वि., गृ. ७४৮) हें हारक प्रमूल्य वजा हरेत्राहः। (२७) कः इन्य हेनि जानजायन, किन्न क्ष्यः विन्तव (२०गः वि., गृ. ७४৮) प्रमुद्धानम ।

'ন্ধোন্তমবিলাগ'-কার বলেন বেত্রিতে শ্যামানশের সহিত হ্রংরানন্দের সাক্ষাৎ বটিয়াছিল এবং তিনি বিলয়কালে তাঁহাকে শ্রীনিবাদের হতে সমর্পণ করিয়াছিলেন। 'প্রেমবিলালে'ও শ্যামানশের বেত্রি-মহামহোৎসবে বোগলানের কথা বর্ণিত হইয়ছে এবং প্রস্থকার-মতে^{২ ব}তিনি আরও চুই একবার বেত্রিতে গিলা উৎসবে বোগলান করিয়াছিলেন, এমনকি বেত্রিতে বেইবার মহাসভার অধিবেলন বটে সেইবারও তিনি তাঁহার লিবা বসিকাদি সহ সেই মহাসভার উপস্থিত হইয়াছিলেন।

াতি বিশিষ্ট কর্মাছে, "বৈশাদ দেশীর পাদ্ধান করেন।" তিনি বাদ্দিশাতার বিশ্বরানারাধিপ কুক্ষেবের সভাসদ্ শার্ত-আন্ধানিক প্রকাশ করেন।" তিনি বাদ্দিশাতার বিশ্বরানারাধিপ কুক্ষেবের সভাসদ্ শার্ত-আন্ধান্দিতে বিচারে পরান্ত করিরাছিলেন। গোকুল, উদ্দানিনী প্রভৃতি ভারতের বিশিষ্ট স্থানগুলিতে তিনি মধ্যে মধ্যে বাস করিতেন। আমার নাথ চট্টোপাধ্যার মহালর তাঁহার 'শ্রীহরিদাস ঠাকুর' নামক গ্রন্থে 'ভক্তদিশাদানী'র উল্লেখ অন্থারী চৈতক্ত-সান্দাধ্যার বল্লভ-ভটুকেই বলভাচারী সম্প্রান্তের প্রবর্তক বলিরা খীকার করেন। দীনেশ চক্র সেনও তাঁহার Chaitanya and His Companions-নামক গ্রন্থে একই মতের স্মর্থন করিয়াছেন। তবে এইরপ সমর্থনের কারণ সম্বন্ধে কিছু সকলেই নীরব রহিরাছেন। প্রকৃতপক্ষে, এই সিদ্ধান্ত বে নির্ভূল তাহা 'ভক্তবোধনী'র উক্ত প্রবন্ধ হইতেই প্রমাণিত হর। কারণ ক্রমণে লিখিত হইরাছে, "বল্লভাচার্বের পুত্র বিশ্বশনাথ পিতৃপদে অভিবিক্ত হন।" 'বিশ্বশনাথ'ই যে চৈতক্ত-প্রসাহপ্রাপ্ত বল্লভন্তরৈর পুত্র, তাহা পরবর্তী আলোচনা হইতে বৃথিতে পারা যাইবে।

মহাপ্রভুর বৃন্দাবন-পমনকালে বল্লভ-ভট্ট প্রয়াগের নিকটক্ আউলি-গ্রামে বাস করিতেছিলেন। মহাপ্রাভূ বৃন্দাবন হইতে প্রভাবর্তন করিরা প্রয়াগে আসিলে একদিন বল্লভ-ভট্ট
তাঁহার নাম প্রনিয়া তাঁহার নিকটে উপস্থিত হইলেন। তিনি ছিলেন বাল-গোপালের
পরম ভক্ত। মহাপ্রভূ ছিলেন কিলোর-কৃষ্ণভক্ত। মহাপ্রভূর কৃষ্ণভক্তি দেখিয়া তিনি
বিশ্বিত হইলেন এবং মহাপ্রভূও বল্লভের সংকোচ দেখিয়া তাঁহার প্রতি আক্তর্ট
হইলেন। রূপ এবং অমুপম আসিয়া ইতিপূর্বে মহাপ্রভূর সহিত মিলিভ হইয়াছিলেন। তিনি তাঁহাদের সহিত ভট্টের পরিচর করাইয়া দিলেন। আম্প-আভ্রমরেয়
বিনরভাব দেখিয়া বল্লভ-ভট্ট অবাক হইয়া গেলেন। মর্যালা-ক্রমার্থ তাঁহারা এই বিনর
প্রস্থান করিলেও বল্লভ-ভট্ট তাঁহাদের কৃষ্ণভক্তির জন্ত তাঁহাদিগকে সর্বোত্তম ভাগবত বলিয়া
চিনিয়া শইলেন। তিনি বর্গণ সহিত মহাপ্রভূকে নিমন্ত্রণ করিয়া নৌকায়োগে বীয় গৃহে
আনরন করিলেন।

বল্লভ-ভট্ট চৈতন্তপ্ৰভূকে গৃহে আনিয়া 'সবংশে' তাঁহার পালোহক গ্রহণ করিলেন এবং তাঁহাকে নৃতন কোঁপীনু-বহিবাস পরাইরা যথেষ্ট মান্ত প্রহর্ণন করিলেন। মহাপ্রভূর ডিক্ষা নির্বাহ হইরা গেলে পরম-বৈক্ষণ রগুপতি-উপাধ্যাহ আসিয়া তাঁহার হর্ণনলাভ করিলেন। ভিনি ছিলেন 'ভিরোহিডা'-রান্ধণ ও মহাপতিত। তাঁহার পাঞ্চিত্য কেবল ভক তক্জানের মধ্যে নিবন্ধ ছিল না। রামানন্দ-রারের মত তিনি ছিলেন ভক্ত-পণ্ডিত। 'পতাবলী'তে তাঁহার করেকটি রোক্ত সংগৃহীত হইরাছে। মহাপ্রভুর ইচ্ছামুখারী তিনি 'নিজকুত কক্লালা প্লোক পড়ি'রা ওনাইলে চৈড্স ভাবাবিষ্ট হইলেন। তথন গ্রামশ্ব রান্ধণগণ আসিরা মহাপ্রভুর চরণ-কন্দনা করিতে লাগিলেন এবং প্রভ্যেকেই তাঁহাকে নিমন্ত্রণ করিরা বস্তুহে লইরা বাইতে চাহিলেন। শেবে জভ্যক্ত জনসমাগম দেখিরা বন্ধভ-ভট্ট তাঁহাকে পুনরায় নৌকাবোগে আনিরা প্রয়াণে পৌছাইশ্বা দিরা গেলেন।

কিছু বন্ধড-ভট্ট মহাপ্রভুকে বিশ্বও হন নাই। তাঁহার নীলাচল-প্রত্যাবর্তনের করেক বংসর পরে তিনি নীলাচলে পিরা পুনরার তাঁহার সহিত সাক্ষাৎ করিলে মহাপ্রতু তাঁহাকে ৰণোপযুক্ত মাক্ত ও সমাদর করিলেন। বল্লভণ্ড পঞ্চমুখে তাঁহার প্রশংসা করিলেন কিছ বরভের মধ্যে রুক্জজির অভিযান থাকার মহাপ্রভু তাহার সন্ত্রম-রক্ষা করিরাও জানাইলেন বে ডিনি নিব্দে অবৈড সাবভৌদ রামানন্দ বরুপদামোদর হরিদাস প্রভৃতি শ্রেষ্ঠ ভাগবডদিগের নিকট কুঞ্ছস্তি প্রাপ্ত হইবাছেন যাত্র, নচেৎ তাঁহার নিজৰ বলিব। কিছুই নাই। স্থতরাং বাহা কিছু প্রশংসা, তাহা তাহাদিগেরই প্রাপ্য। বৈষ্ণব সিদ্ধান্ত সমূহ সৰদ্ধে বরুভ নিষ্ণেকে শ্রেষ্ঠ জানী বশিষা মনে করিতেন। বরং চৈতক্তের নিকট ভরুত্বদের সম্বন্ধে গুনিষা ভিনি অভ্যন্ত সংকৃচিত হইলেন। এবং গ্রাহাদিগের সহিত পরিচিত হইবার জন্ত উৎস্থক হুইলেন। সেই সময় রুণযাত্রা উপলক্ষে বিভিন্ন স্থান হুইতে ভব্রুবুন্দু আসিয়া মিলিড হইয়াছিলেন। তাঁহার আগ্রহ শক্ষ্য করিয়া মহাপ্রভু সকলের সহিত তাঁহার পরিচয় করাইয়া ছিনে তাহাছিগের জান ও ভক্তি দেখিয়া তিনি চমৎকৃত হইলেন। তথন তিনি প্রচুর পরিমাণে প্রসাদ আনাইরা গণসহ মহাপ্রভূকে ভোজন করাইরা পরিতৃপ্ত হইলেন। কিন্তু ডিনি ইডিপূর্বে কিছু ভাগবতের চীকা লিখিয়াছিলেন। তাহাতে তাঁহার প্রতিভার বে ছাপ বহিষাছে তাহা একবার মহাপ্রভুকে না জানাইয়া তিনি সোয়ান্তি পাইপেন না। সহাপ্রভু কিন্ধ তাঁহাকে জানাইলেন যে কেবল ফুক্ষনাম গ্রহণ করিতে করিতেই তাঁহার দিন চলিয়া বার, তথাপি তাঁহার সংখ্যা নাম পূর্ণ হর না, ভাগবতের অর্থ ভনিবার বা বুরিবার অধিকার তাঁহার কোখার।

মহাপ্রভূব এইরপ আচরণে বরড বিমনা হইরা অক্সান্ত ডক্তের নিকট গেলেন। কিছু চৈতক্ত-প্রত্যাব্যাত বরতের ভাগবত-ব্যাব্যা তনিতে কেইই রাজি ইইলেন না। শেবে তিনি প্রধাবর-পঞ্জিতের নিকট গিরা কাকুতি-মিনতি করিতে লাগিলেন এবং তাঁহার বিনম্ব ও সম্বাবোধের স্ববোগ লইরা একরকম ক্ষোর করিরাই খ-কুত টীকা পাঠ করিরা তাঁহাকে শুনাইলেন। কিছু পণ্ডিত-গোসাঁইর সূত্ব-ব্যবহারে তাঁহার মন কিরিরা গেল। তিনি বাল-গোপালের উপাসনা ত্যাগ করিরা কিলোর-গোপালের উপাসনার মন বিলেন এবং

পশ্তিতের নিকট মন্ত্রাদি শিক্ষার জন্ত আগ্রহ প্রকাশ করিলেন। কিন্তু গ্রাধরের পক্ষে এতদ্র অগ্রসর হওরা অসম্ভব ছিল। শেবপর্যন্ত তিনিও জানাইরা দিলেন বে মহাপ্রতুর আজ্ঞা ব্যতিরেকে তাঁহার পক্ষে হওরা সম্ভব নহে। বল্লভ অত্যন্ত ব্যবিত হইলেন।

বন্ধত-ভট্ট কিছ প্রত্যাহ মহাপ্রজুর সহিত সাক্ষাৎ করিতে হান এবং সেইস্কলে নানাবিধ প্রসঙ্গ উধাপন করেন। একদিন তিনি অবৈতাচার্যকে জিজ্ঞাসা করিলেন তাহারা বে জীব-প্রকৃতিরূপে রুম্বকে পতি বলিরা স্বীকার করিরাও সেই পতির নাম গ্রহণ করেন তাহা কি ধর্মেটিত। আচার্য মহাপ্রভুকে তাহার কারণ জিজ্ঞাসা করিতে বলিলে চৈতক্ত জানাইলেন যে স্বামীর আজ্ঞাপালনই পতিব্রতার ধর্ম; এবং

পতি আঞা নিয়ন্তর কার নাম সৈতে।

মুভরাং

পতি আলা পতিব্ৰতা বা পাৰে লন্দিতে।

আর একদিন বর্গভ-ভট্ট বশিরা বসিলেন বে তিনি প্রীধর-বামীর ভাগবত-ব্যাখ্যাকে শশুন করিরাছেন, বামীর ব্যাখ্যার মধ্যে 'একবাকাতা' নাই বলিরা তিনি তাহা মানিরা লইতে পারেন না। মহাপ্রাকু তৎক্ষণাৎ সহাক্ষে উত্তর দিলেন, বামীকে বে মানে না সে ত বেক্সার মধ্যে গণ্য: মহাপ্রভুর কথা শুনিরা ভট্টের পর্ব চূর্ণ হইরা গেল। তিনি গৃহে গিরা ছির করিলেন বে মহাপ্রভুর কথা শুনিরা ভট্টের পর্ব চূর্ণ হইরা গেল। তিনি গৃহে গিরা ছির করিলেন বে মহাপ্রভু ধবন প্ররাগে ব-গণ সহিত তাহার গৃহে নিমন্ত্রণ রক্ষা করিয়া তাহার প্রতি কুপাপরবল হইরাছিলেন, তবন তাহার বর্তমানের এইপ্রকার ভিন্ন-আচরণের নিশ্চর কিছু গৃঢ়ার্থ আছে, চিন্তকে গুগব্দুক্ত করিবার শিক্ষাখান নিমিন্তই তিনি এইরুপ করিয়া খাকিবেন। এইকথা ভাবিরা তিনি পরদিন প্রভাতে আসিরা দৈক্ত প্রকাশ করিরা কহিলেন বে তিনি অক্স বলিরাই 'মৃর্থ পাজিতা' প্রকাশ করিরা অপরাধ করিরাছেন। মহাপ্রভু সম্ভই চিন্তে প্রীধর-খামীর ব্যাখ্যার প্রশংসা করিয়া বুবাইরা দিলে বরুভ মহাপ্রভূবে আর একবার তাহার নিমন্ত্রণ গ্রহণ করিয়া তাহাকে কৃত্তর্থ করিবার জন্ত সনিবন্ধ অন্তরেয়ধ জানাইলেন। মহাপ্রভু স্ব-গণ সহ তাহার গৃহহ ভিন্কানির্বাহ করিয়া তাহাকে অন্তর্গাধ করিরান তাহাকে অন্তর্গাধ করিবান । বরুত্ত-ভট্টের ব্যাপার লইরা গ্রাধর-পাতিতের সহিত মহাপ্রভুর বে অভিমানের পালা চলিতেছিল তাহাও এইস্কত্তর সমাপ্ত ইয়া গেল।

'ভক্তিরত্বাকরে'র বর্ণনা সতা হইলে জানিতে পারা বাব বে মহাপ্রভূর তিরোভাবের পরবর্তিকালে বল্লভ-ভট্ট একবার কুমাবনে ক্লপ-গোলামীর 'ভক্তিরসামৃতসিদ্ধু'র মন্দলাচরণের ভূল সংলোধন করিবা দিতে চাহিলে প্রীক্তীবন্ধর্ভক পরাভূত হইব। তাঁহার নিজের ভূলই নিজেকে সংশোধন করিবা লইতে হইরাছিল। এই ঘটনার পরে আর তাঁহার কোনও সংবাহ পাওবা বারনা। তবে ধ্ব সম্ভবত, তিনি কুমাবন-মধ্রাতেই বাস করিতেছিলেন।

⁽১) %. १.---११४०० ; ज.---वीव-लावारी

'ভর্বোধিনী'-মতে 'বরভাচার্ব 'স্বোধিনী' নামে ভাগৰতের বে চীকা করেন, ভাহা ই হারদিগের (বরভাচারীদিগের) প্রধান প্রামাণিক গ্রহ।"

'ভক্তিরত্বাকর' হইতে জানা বার^২ বে ব্রাড-ভট্টের কুড়ার পর তাঁহার পুরে বিট্ঠল-নাৰ-ভট্ট মধুরাতে নির্জনে বাস করিতেছিলেন। তিনিও একজন বৈশ্বযুক্ত ছিলেন এবং তিনি মহাপ্রভূব লীলা শ্বরণ ও আলোচনা করিয়া হিনাতিপাত করিতেছিলেন।^৩ তিনি রঘুনাধদাস-গোখামীর নিকট বাস করিতে থাকেন। রঘুনাখের প্রতি তাঁহার প্রগায় শ্রহা ছিল। একবার রজুনাধ অজীপরোগে আক্রাঞ্চ হইয়া পড়িলে বিট্ঠলনাথ ভাহা ভনিয়াই তংক্ৰাৎ তাঁহার চিকিৎসার ব্যবস্থা করিব। দিরাছিলেন।⁸ স্ববুনাগও বিট্ঠলকে বিশেষ লেহের চক্ষে দেখিতেন। মহাপ্রভুর বৃন্ধাবনাগমনকালে গাঠুলিতে গোপাল-লেবার নিযুক্ত ছিলেন মাধবেশ্র-পুরীয় নির্ধারিত ছুইজন গৌড়ীয় বিপ্রা । তাহাদের মৃত্যুর পর অস্ত ব্যক্তি নিৰ্ক হইবাছিলেন। কিন্তু সন্তবত ধ্বাবিধি সেবাপূকা চলিডেছিল না। তক্ষ্য রবুনাধ-দাস-গোস্বামী সকলের সহিভ বুক্তি করিয়া বিট্ঠলেশ্বরকে গোপালের সেবা-অধিকারী। হিসাবে নিযুক্ত করিলে তখন হইভে ডিনি পর্য-নিষ্ঠার সহিভ গোপালের সেবা-পূজার আত্মনিরোপ করেন। বৃদ্ধকালে বধন রূপ-গোস্থামী দূরে স্থাইতে পারিতেন না তধন তিনি গোপাল-দৰ্শনাৰ্থী হইয়া ভক্তবুন্দের সহিত এই বিট্ঠলেখরের গৃহে আসিছা একমাস কাল ব্যতিবাহিত করিয়া বান।^৬ ঞেছ্-ভরে ডখন গোপালকে আনিরা বিট্ঠলের গৃহে রাধা ছইরাছিল। ঐনিবাস-আচার্য প্রথমবার বুন্দাবনে আসিরা বিট্ঠল-গোসীইর গোপালসেবা দেখিবা মৃশ্ব হইয়াছিলেন এবং উাহার সহিত 'ইইগোটা' করিয়া আনশ্য লাভ ৰুবিহাছিলেন । ¹

ডা. স্থান ক্ষার দে উচ্চার History of Sanskrit Literature-কৰে পানাইবাছেন, "The Vallabhācāri sect also appears to have recognised the Gita-govinda, in imitation of which Vallabhācārya's son Viţthalesvara, introduced rhymed Padāvalīs into his Srhgāra-rasa-maṇdana.

বল্লভাচার্য সকলে 'ওপ্রবোধিনী পত্রিকা'র লেখক আরও বলিতেছেন, "তৎসাত্রপান্তিক লোকেরা তাঁহাকে জ্রীগোসাঁইকী বলিয়া জানে। বিস্তুলনাথের সাত পুত্রের নাম গির্মর রাম, গোকিল রাম, বালকুক, গোকুলনাথ, রসুনাথ, বছুনাথ ও বনস্তাম।"

(২) বাদ০৫ (৬) ঐ—বাদ১৬-১৭ (৪) ঐ—বাধণণ (৫) ঐ—বাদ১২ ; বৈ. বি-সভে (পু.৬৯)
"বাধবের প্রীর প্রতিষ্ঠিত গোবর্থন-নাথলীর নেবাধিকার ভবীর পিছ শ্রীরজাচার্যের উপর ভক্ত হব ।
ব্যক্তাচার্থ এই শ্রীবিগ্রহের গোবর্থনোপরি এক বন্দির নির্মাণ করেব।" (৬) চৈ. চ—বা১৮, পু. ২০১
(৬) অ. ব.—বম. ব., পৃ. ৬০ ; ড. র.—বাদ০৪ (৮) p. 598, fig.

ক্ষলাকান্ত-ৰিশ্বাস

ক্ষণাকান্ত-বিশাস অধৈত-নিম্ন ছিলেন এবং সম্ভবত শান্তিপুরেই অবস্থান করিতেন। বিক্রণাত্র 'তৈতন্তচরিভামতে'র অধৈতশাধা-বর্ণনার মধ্যেই তাহার সম্ভব্ধে নিম্নলিখিত বিবরণটি পাওরা যায় :—

একবার ক্মলাকান্ত নীলাচলে অবস্থানকালে অবৈতপ্রত্যুত্ব অজ্ঞাতসারেই প্রতাপ-ক্সক্রকে পত্র লিখিয়া স্থানাইরাছিলেন:

ইবরত্বে আচার্বের করেছ ছাপন।।
কিন্তু জার দৈবে কিছু হুইয়াছে ধশ।
বশ শোধিবাবে চাকি টাকা শশু ডিন।।

বৈবাৎ পত্ৰটি মহাপ্ৰভূব হস্তগত হইলে মহাপ্ৰভূ ভূক হইরা

भारित्यदा भाषा शिना है हा चासि देशक। राष्ट्रिता दिशाल अथा ना शिव चालिएक।।

আচার্যপ্রত্ব সমত ব্যাস্থ অবগত হইয়া কমলাকাশ্বকে বলিলেন বে মহাপ্রত্বর হও লাভ করিয়া কমলাকাশ্ব ধক্ত হইলেন, পূর্বে অহৈত, শচীদেবী এবং মৃকুন্দও সেই হওলাভের সৌভাগ্য অর্জন করিয়াছিলেন। এই বলিয়া তিনি মহাপ্রত্বর নিকট আসিলেন এবং

প্রকৃরে কাহেন ভোষার না বৃধি এ নীলা ।
ভাষা কাইভে প্রসাদ-পাত্র করিলা কমলা ।।
ভাষায়েক করু ঘেই না কর সে প্রসাদ ।
ভোষার চরণে ভাষি কি কৈছু অপরাধ ॥

মহাপ্রভু তথন প্রদান হইরা কমলাকান্তকে ভাকাইরা আনিলেন এবং

थाकू करह वाक्षिता जेरह कारह कत । जानार्वत कथा वर्ष वाहि त्म जानत । शक्षित कथू वा कतिरत त्राज्यत । विवतीत जह वाहेरण हुई हत वर ।। यन कुई हरेरण नरह कुरकत जान ।…… और कर्ष वा कतिह कथू हैश जानि ।।

তাবিদাস

'চৈতস্তচরিতামৃত' হইতে জানা বার্ বে র্যুনাধ্যাসের একজন জাতি-পুড়া ছিলেন, তাঁহার নাম কালিদাস। ভিনি ছিলেন 'মহাভাগৰত সরল উদার' এবং তিনি সর্বদাই স্কুক্ত-নামে তন্মর পাকিতেন। এমনকি, অক্ষক্রীড়ার সমরেও তিনি 'হরেকুক্ত হরেকুক্ত করি পাশক চালার।' তাঁহার একটি বিশেষ সাধ ছিল। তদমুষারী তিনি সমস্ত বৈক্ষবের উচ্ছিষ্ট ভোকন করিয়া বেড়াইডেন। ছোট বড় সকল ব্রাহ্মণ-বৈষ্ণবের নিকটই ডিনি নানাবিধ উত্তম ত্রব্যের ভেট লইয়া বাইতেন এবং তাঁহাদের ভূক্তাবশেষ চাহিয়া ভোজন করিতেন। কোনমতে তাহা সংগৃহীত না হইলে তিনি কোধাও লুকাইরা গাকিতেন এবং ভূকাবশেষ নিক্ষিপ্ত হইলে তিনি তাহা কুড়াইরা ভক্ষণ করিতেন। একবার তিনি বাডু নামক এক 'ভূমিমালি জাডি'র বৈষ্ণবের নিকট আম্র-ভেট লইয়া গিয়া বৈষ্ণব-বৈষ্ণবীর চরণ-বন্দনা করিলে ঝড়ু-ঠাকুরও তাঁহার সেবার নিমিত্ত কোনও আহ্মণের নিকট অর পাঠাইয়া দিতে চাহিশেন, বাহাতে কালিদাস ব্রাহ্মণের উচ্চিষ্ট প্রাপ্ত হইয়া আনন্দিত হইতে পারেন। কিন্তু কালিদাস ভাষাতে রাজি না হইয়া ঝছু-ঠাকুরের পদরক্ষ মতকে শইরা পরিস্থ হইতে চাহিলেন। অথচ নীচন্ধাতি বলিরা ঝড়ুর পক্ষেও তাহাতে সমত হওয়া সম্ভব ছিল না। নানাবিধ কথাবার্তা ও ইট্র-গোষ্টার পর ঝড়ু তাঁহাকে প্রত্যুদ্গমন করিরা বিদার দিরা কিরিলে কালিদাসও প্রত্যাবর্তন করিলেন এবং রাড়ু-ঠাকুরের পদচিহ্ন সন্ধান করিরা সেই স্থানের ধূলি সংগ্রহ করিয়া সর্বাঙ্গে লেপন করিলেন। ভারপর ডিনি নিকটে লুকাইরা থাকিলেন এবং বাড়ু-ঠাকুরের আম্র-জক্ষণের পর তাঁহার পত্নী পুনরার ভাহা চুবিয়া উচ্চিষ্ট-গর্তে নিক্ষেপ করিলে ভিনি ভাহা লইয়া আনন্দে চুবিতে লাগিলেন।

একবার কালিয়াল চৈতন্ত-দর্শন করিবার জন্ত নীলাচলে উপস্থিত হইরাছিলেন।
মহাপ্রত্বর একটি নিরম ছিল বে উম্বর-দর্শনের পূর্বে তিনি 'সিংহ্ছারের উত্তর্নিকে কপাটের আড়ে বাইশ পশার তলে' বে একটি গর্ত ছিল সেইস্থানে পান্ধ-প্রকালন করিবা তারপর 'উম্বর দর্শন' করিতেন। গোরিন্দের প্রতি মহাপ্রত্বর কঠোর নিরেধাজা সংখ্যে কথনও হরত কোন অস্তর্বন ভক্ত কোন ছলে সেই পালোধক প্রহণ করিতে স্মর্থ

^{(5) 4(50, 7. 4}co-cv

হইতেন। একদিন মহাপ্রভূব পাদ-প্রকালনকালে কালিদাস আসিয়া এক ছই করিয়া তিন অঞ্চলি কল পান করিলে মহাপ্রভূ তাঁহাকে নিবেধ করিয়া দিলেন:

> জ্জাবৰ আৰু ম। করিছ পুনৰ্বার । এভাৰৎ ৰাজাপূৰ্ণ করিল ভোষায় ॥

সেই দিন মহাপ্রান্থ তাঁহার প্রথা মত নুসিংহমৃতি- ও তাহার পরে অগলাধ-ধর্শনাতে গৃহে কিরিরা মধ্যাহ্নভোজন শেব করিতেই দেখিলেন বে কালিদাস উপস্থিত। কালিদাসের ঐকান্তিকতা দেখিরা তিনি তাহাকে প্রত্যাখ্যান করিতে পারিলেন না। তাঁহার ইন্ধিতক্রমে গোবিন্দ তৎক্রণাৎ কালিদাসকে মহাপ্রাত্তর ভোজনশেব দান করিলে তিনি তাহা তক্ষণ করিবা ক্লভার্থ হইলেন।

'প্রেম্থিলালে'ওই এই বটনাট সংক্ষেপে ব্রিড হইরাছে। কালিদাস সম্বন্ধ 'পাটনিগ্রে' কলা হইরাছে^২ঃ

কালিদাস ঠাকুবের বসভি সপ্তপ্রাবে।

⁽১) ১৬খ. বি., পৃ. ২০০-০০ (২) গা. বি. (ফ. বি.)—গৃ. ৩ ; গা. বি. (গা. বা.)—গৃ. ২

কাশীৰাথ-পণ্ডিত

'চৈতন্তচরিতামূতে'র 'মৃশক্ষণাখা-বর্ণন' পরিচ্ছেদে লিখিত হইরাছে
শক্ষরণ্য আচার্থ বৃদ্দের এক শাধা।
সূক্ষণ কাশীনাথ কর উপশাধা নেধা।
ইনাথ পথিত গ্রন্থর কুপার ভাকন।
বার কৃষ্পেন্য বেখি বশ নিভূবন ।।

ই হাদের মধ্যে শ্রীনাধ-পণ্ডিত ও মৃত্দের নাম অন্ত কোধাও দৃষ্ট হরনা। আবার উক্ত প্রবের ওিওচা মন্দির মার্জন'-অধ্যারের ভোজন-ব্যাপার বর্ণনার মধ্যে একটিবার মাত্র শংকরারণ্যের নামেরেশ ছাড়া আর কোধাও তাঁহাকে খুঁজিরা পাওরা বার না। ক্রন্তের নামও বড় বেশি একটা কোধাও নাই। কেবল পৌরাকের নববীপলীলা-সহচরদিগের বর্ণনার লোচনদাস একবার একজন ক্রন্ত-পণ্ডিতের নামোরেশ করিয়াছেন এবং ভক্তমাল , ও 'গৌরগণোছেশ-নীপিকা'র' গৌরগণ-তালিকার একবার করিরা তাঁহার নাম করা হইরাছে যাত্র। আর কাশীনাশ সক্ষেও বিশেষ কিছুই জানা বার না। 'চৈতক্রচক্রোদ্রনাটকে' নীলাচলগামী ভক্তবৃন্দের সহিত একজন কাশীনাথের নাম উল্লেখিত হইলেও তিনি কোন কাশীনাথ তাহা সঠিক বলা বার না। 'প্রেমবিলাস' ও নরহরি-চক্রবর্তীর তুইটি গ্রন্থ হইতে জানা বার বি কাশীনাথ বা কাশীনাথ-পণ্ডিত নামক এক ব্যক্তি পরবৃতিকালের থেতৃরি-উৎসব্বেও বোগদান করিতে পারিরাছিলেন।

'চৈতক্রচরিতামৃত'-গ্রন্থে উপরোক্ত শংকরারণাকে একটি শাখা ধরিয়া অক্যান্ত ব্যক্তিকে একরে উপশাখার মধ্যে গণনা করার তাঁহাদের মধ্যে পারস্পরিক সম্বন্ধই স্থৃচিত হইরাছে। কিন্তু এ সম্বন্ধে অক্যান্ত মুদ্রিত প্রাচীন গ্রন্থ হইতে কিছুই জানা বারনা। তবে রামগোপাশশাসের 'পাটনির্পরে' শিখিত হইরাছেও:

চাতরা ব্যৱসূত্র গড়বহের পার।
কাশীবর শকরারণা শ্রীনাথ পরিভ আর।।
রয় পরিতের সেবা রাধাব্যক নান।

এবং

⁽³⁾ कि. म.—म. च., मृ. २० (२) मृ. २० (७) ১७० ; वहें आह्य ३०० नर. आह्न भागीताथ, लाक्नाथ, बैनाथ वनर प्राथमाथ नामक ठावि राज्ञित वक्त केंद्रब चाह्य ! (०) ১०।১० (०) व्या वि.—১৯म. वि., मृ. ७०० ; च. प्र.—२०।३२७ ; म. वि.—७ई. वि., मृ. ৮० } ४व. वि., मृ. ১०५ (०) भा. वि.—(क. वि., व. मा. भ., भा. वा.)

১৩১৮ সালের 'বংগীর সাহিত্য পরিবং'-পত্রিকার অধিকাচরণ ব্রন্ধারী মহালরপ্রাকাশিত 'পাট পর্বনে'ও কাশীশর শহরারণ্য প্রীনাধ ও কর-পণ্ডিতের পাট চারটা
(ক্রচাতরা)-বলভপুরে বলিরা বর্ণিত হইরাছে। তাঁহারের সন্থছে এতদতিরিক্ত আর
কিছুই জানিতে পারা বার না। তবে উপরোক্ত প্রমাণগুলির বলে ইহা বলা চলে বে
তাহারা সন্থবত একই বংশীর ছিলেন এবং তাহারের নিবাস ছিল ধড়বহপারে চাতরাবরন্ধপুর গ্রামে, গৃহে রাধাবরন্ত-বিগ্রহ সেবিত হইতে, এবং খ্ব সন্থবত 'কাশাশর'
কাশীনাধেরই নামান্তর।

কিছ কলিকাভা-বিশ্ববিদ্যালয়ের পুথিশালার ক্ষুঞ্চাস-রচিত 'স্চক' বা 'কাশীশর গোখামীর স্চক' নামক বে একধানি পুথি সংরক্ষিত আছে, তাহার বর্ণনা উপরোক্ত বিষয়কে আরও জটিল কার্রা তুলে। তৎপূর্বে আধুনিক 'বৈক্ববিগ্রণনী'-গ্রছে কালীশরের সম্বন্ধে বে তথ্য লিপিবছ হইরাছে" ভাহার বিবরণ প্রথম হইল:

বশোহরের ব্রাহ্মণভাঙা-গ্রামে বাস্থদেব-ভট্টাচার্য নামে এক ধনী বৈশ্বর ছিলেন।
পত্নী আহ্বার গর্তে ১৪৯৮ জ্রী-এ ভিনি বে-প্রস্থান লাভ করেন ভিনিই কালীধর- বা
কালীনাথ-পণ্ডিত নামে পরিচিত হন। বাল্যে কালীধরের বৈরাগ্যায়র হয় এবং তিনি
সপ্তদশবর্ব বরুদে গোপনে নীলাচলে গিরা মহাপ্রভুত্ব চরণাপ্রায় করেন। বোল-বংসর মহাপ্রভুত্ব
নিকট থাকিবার পর ১৫৬১ জ্রী-এ ভিনি স্বীর জননীর চেটায় এবং মহাপ্রভুত্ব আদেশে
বদেশে প্রভ্যাবর্তন করেন এবং বিবাহায়ি না করিরা শ্রীরামপুর স্টেশনের নিকট চাতরা-গ্রামে
নিতাই-গোর-বিগ্রহ প্রকাশ করিরা পাট স্থাপন করেন। এইস্থানে ১৫৯৮ জ্রী-এ ভাঁহার
ভাগিনের কর-পণ্ডিতের আবির্ভাব ঘটে। এই কর্ত্র-পণ্ডিতই একজন উপগোপাল হিসাবে
পরে খ্যাতি গাভ করেন। ১৫৪৪ জ্রী-এ জননীর মৃত্যুতে কাশীঘর-পণ্ডিত গরা হইরা
বৃন্ধাবনে গমন করেন এবং তথায় একটি বিগ্রহ প্রাপ্ত ইরা ভাহার সেবা-ব্যবস্থা করিরা
চাতরায় কিরিয়া আসেন। ১৫৪৬ জ্রী-এ ভাঁহার অগ্রন্থ মহাদেব একটি প্রস্থান লাভ
করেন। ভাঁহার নাম রাখা হয় মুরারি। কালীবর এই মুরারিকেই মন্ত্রশিল্প করিরা ভাঁহার
উপর বিগ্রহ-সেবার ভারার্পন করিরা শেষজীবনে কৃন্ধাবনে চলিয়া বান এবং ১৫৬০ জ্রী-এ
তথায় ভাঁহার ভিরোভাব ঘটে। ভিরোধানের চারিমাস পরে শ্রীনিবাস-আচার্ব কৃন্ধাবনে
পিরা কালীবর-পণ্ডিত রমুনাথ-ভট্ট ও সনাতন-রপের মৃত্যু-সংবাধ প্রাপ্ত হন।

প্রস্কার এইরুপ সনভারিবযুক্ত বিবরণ কোখা হইতে সংগ্রহ করিলেন বলিতে পারা খার না। হরিদাস দাস মহাশরও চাভরাক্রভপুরের গ্রামবাসীদিগের নিকট সমত ভনিরা

⁽¹⁾ M. 40, 10, 10, 10, 10

ঠিক একই বিবরণ প্রদান করিরাছেন। কিছু পূর্বোক্ত 'স্চক'-নামাছিত পুথিখানিতে' যে বিবরণ আছে তাহা সম্পূর্ণতই ভিন্ন। তাহা নিয়োক্তরপ:

কন্ত-পণ্ডিতের পুত্র কাশীশর-গোষামী স্বীর প্রাভা শংকর²-বরভের সহিত চাতরা-বরভপুরে বাস করিতেন। শ্রীনাথ-আচার্য, শক্ষণ এবং রূপের কুলাবন-সদী বাদবাচার্য-গোসাই, এই তিনন্দন কাশীশরের ভাগিনের ছিলেন। আর গোবিন্দ-গোসাই ছিলেন কাশীখরের কনিষ্ঠ-প্রাভা শংকর-বরভের পুত্র।

মধ্রার ঈশর-পুরীর হেহত্যাগকালে কাশীশর তৎকর্তৃক নীলাচলে চৈতন্য সমীপে গমন করিবার আজ্ঞা প্রাপ্ত হইলে গোবিন্দ আসিরা মহাপ্রভুর নিকট সেই কথা জাপন করেন। পরে কাশীশর আসিরা সংকোচ সক্ষেও পুরার নির্দেশাহ্বারী মহাপ্রভুর সেবা করিতে চাহিলে মহাপ্রভু বিশেষ আপত্তি সক্ষেও শেষে সার্বভৌম-ভট্টাচাবের মধাস্থভার পুরীর আদেশ মাশ্র করিরা তাহাকে শান্ত সন্ধিকটে থাকিবার নির্দেশ দেন। তাহার কাজ হইল জগরাধ-দর্শনার্থ বাত্রাকালে ভিড় ঠেলিরা মহাপ্রভুকে সঙ্গে লইরা বাওরা এবং তাহাকে প্রসাদ-মাল্য আনিয়া হেওৱা। কাশীশরের নিকট মহাপ্রভুকে ভিক্ষানির্বাহ করিতেও হইত।

কিছুকাল পরে মহাপ্রভু তাঁহাকে গোপাল-সেবার অন্ত মধুরার বাইতে আজা দেন:

সোৰ্থনে সোপাল দেব। করিবে সকালে।

বধুরার সংকীত ন করিবে সঞ্চাকালে ।।

কাশীশ্বর বলিলেন যে ঈশ্বর-পুরী তাহাকে চৈডন্য-লেবার নির্দেশ দিরা বলিয়াছিলেন:

গোৰিক্ষের সংগ্রা বাও পুরবোজনে।

ছুইক্ষৰে বাহ সেব চৈতন্যচরশে।।

মুভরাং কনীখর বলৈলেন :

বেশাৰে রাধহ অভূ চরণ থিবা লোরে।।

মহাপ্রস্কু কালীবরকে মধ্যার গির। অধ্যক্তে নিভাসেবার নির্দেশ দিলে ভিনি 'রারিগণ্ড পথে' মধ্রা চলিয়া গেলেন। স্বর্যার গিয়া কালীবর ধর্না-ভীরে 'মাধব ঈশরপ্রীর সমাজ' সরিকটে টোটা নির্মাণ করিয়া বাস করিতে লাগিলেন এবং গোবর্ধনে গোপাল-সেবার নিযুক্ত হইলেন। গ্রহকার আরও বলিভেছেন হে গোবিলাই কালীবরের ম্থা-লাখা বলিয়া "'রসামুভ নাটকে' রুপ লিখিরাছেন আপনে" এবং মহাপ্রভুর প্রির পলাশী-নিবাসী ভগবান-পতিতও কালীবরের শিক্ষা-শাখা ছিলেন।

এই সমস্ত বিরোধী বর্ণনার মধ্যে ছুইটি জিনিস বিশেষভাবেই প্রনিধানযোগ্য হইরা
উঠে। কাশীনাণ-পণ্ডিত, কাশীখর-পণ্ডিত এবং কাশীখর-গোসাঁটি এক ব্যক্তি কিনা,

⁽v) का. ए. (») नरकत नदस्य मरकत-स्वास्त्व कोवनी उद्देश ।

এবং কাশীখর-সোসাঁইর প্রাতৃপুত্র গোবিন্দ, মহাপ্রভুর নীলাচল-ভূতা গোবিন্দ ও বুন্দাবনের গোবিন্দ-গোসাঁইও অভিন্ন ব্যক্তি ছিলেন কিনা।

বৃশাবনের কাশীশর-গোসঁই বে মহাপ্রভ্র নববীপ- বা নীলাচল-লীলার কাশীশর বা কাশীশর-অন্ধারী, ভাহা কাশীশর-গোসঁইর জীবনীতে আলোচিত হইরাছে। 'ভক্তিরড্রাকরে' এবং সম্ভবত 'চৈতনাভাগরতে' ইহাকেই কাশীশর-পণ্ডিতও বলা ইইরাছে। 'তি কিন্তু একটি জিনিস বিলেবভাবে উল্লেখবোগ্য বে, সমন্ত প্রাচীন রাছেই কাশীনাথ এবং কাশীশর এই উভরের নাম উল্লেখিত হইলেও পৃথকভাবে সেই সমন্ত উল্লেখ করা হইরাছে এবং কাশীশর বা কাশীশর-পণ্ডিত প্রসঙ্গে কোথাও কাশীনাথ বা কাশীনাথ-পণ্ডিতের নামোলেখ নাই। স্বভরাং ইহারা বে পৃথক ব্যক্তি সে সম্ভে থাকে না। তবে 'চৈতন্যচরিতামুতে'র কাশীনাথ বে 'পাটনির্নরে'র মধ্যে কাশীশররপে দেখা দিয়াছেন, তাহা লিপিকর-প্রমাদ বশত হইতে পারে, কিংবা প্রকৃতই কাশীনাথও কাশীখর নামে অভিহিত হইতেন বলিরাও ইইতে পারে। স্বভরাং আলোচ্যমান চাতরাবাসী-কাশীশর এবং কাশীশর-গোসঁই বে এক ব্যক্তি ভাহার প্রমাণ পাওয়া যাইতেছে না। সম্ভবত তাহাদের নাম সাদৃশ্য বশতই তাহারা প্রোক্ত বিশ্ববিদ্যালর-পৃথিতে এক হইরা গিয়াছেন। একই কারণ বশত কাশীখরের প্রাত্ত ক্রমণে একজন গোবিন্দের উদ্ভব হওছাও বিচিত্র নহে।

পুথির মধ্যে কাশীখরের আতৃশ্বনেক যে গোবিন্দ-গোসাঁই বলা হইয়াছে তাহার কারণ বৃদ্ধাবনে কাশীখর-শিল্প একজন গোবিন্দ-গোসাঁই ছিলেন। কিছ কাশীখরের আতৃশ্বই বে নীলাচলে পিলা মহাপ্রভুর ভূতা হইয়াছিলেন লেখক সেই কথাটি বিশেষভাবে ভোতিত করিলেও কোখাও তাহা স্পাই করিয়া বলেন নাই। তাহার কারণ এই ইইতে পারে বে 'চৈতক্রচরিতামুতে' নীলাচল-ভূতা গোবিন্দকে শূত্র বলা হইয়াছে। কাশীখর-জ্বকচারীর লাতিকূল সহছে কোখাও স্পাই উয়েখ না থাকিলেও তাহার কর্মপদ্ধতি হইতে তাহাকে আহ্বল বলিয়া ধরিতে হয়। স্ক্তরাং কুলাবনে কাশীখরের পূর্ব-শিল্পরূপে বে গোবিন্দ-গোসাইর কথা 'প্রেমবিলাস'-গ্রছে উয়েখিত হইয়াছে তাহার সহিত সামল্প রক্ষার জন্ত তাহাকে কাশীখরের প্রত্বিত্ব হইতে হইয়াছে। কাশীখরের পূর্ব-শিল্প বাহবাচার্য-গোসাইকেও লেখক একই কারণে কাশীখরের সহিত আত্মীয়ভার সহছে বাধিয়াছেন। অথচ অল্প কোনও প্রছে এই সহছের কথা বলা হয় নাই। পূথিবানি পাঠ করিলে সহজেই বুরিতে পারা যায় বে উভর গোবিন্দই এক ও অভিন্ন ব্যক্তি এবং নীলাচল-ভূতা শূত্র-গোবিন্দ এবং কুলাবনের সোবিন্দ-গোসাইকে এক ব্যক্তি বিলয়। প্রকাশ করিবার বাধা আছে বলিয়াই বেন কাশীখর ও প্যোবিন্দ-গোসাঁইর মধ্যে আত্মীয়ভার সম্পর্ক করিতে হইয়াছে।

^{(&}gt;+) W. N.-->|2+0; >>|244; Os. W.---+|>, 7. 424

কিছ প্রকৃতপক্ষে, নীলাচল-ভূত্য পোবিশ্বের পক্ষে বৃদ্ধাবনের গোবিশ্ব-গোগাঁই হওয়ার ব্যাপারে অনতিক্রমণীর বাধা বাকিতে পারেনা। কেছ কেছ বলিয়া থাকেন মহাপ্রভূর তিরোভাবের পর গোবিশ্বের পক্ষে আর শীবনধারণ করা সম্ভব ছিলনা। এইরপ সিছান্ত কেবল করনা-প্রস্তা। ভাছাড়া, 'ভক্তিরন্তাকর'-প্রশেতা বলিয়াছেন^{১১} বে মহাপ্রভূর তিরোভাবের পরে শ্রীনিবাল-আচার্য নীলাচলে গিরা গোবিশ্বের লাহ্বাংলাড করিয়াছিলেন। স্বতরাং প্রকৃত বাধা হইতেছে অবান্ধণের পক্ষে গোলাই হওরাতে। এই বিবর আলোচনার পূর্বে কুলাবনের গোবিশ্ব-সম্পর্কিত বর্ণনান্তলির উল্লেখ প্রয়োজন। 'হৈতক্রচরিতায়ত'-কার বলেন^{১২} যে তাঁহাকে বাঁহার। গ্রন্থ-রচনার আদেশ দান করিয়াছিলেন তাঁহাদের মধ্যে ছিলেন—

কাশীখহ গোলাঞির পিত্র খোবিন্দ গোলাঞি। গোবিন্দের প্রিয় লেবক তার সহ নাই। শীবাদবাচার্য গোলাঞি জীরপের সমী।

বৃদ্ধ রূপ-গোষামীর গোপাল-দর্শনকালে রখুনাখ-ভট্ট লোকনাখ ভূগর্ভ ও জীবাদির সহিত গোবিন্দত্তকত (ভট্ট ?), গোবিন্দ-গোসাই এবং বাদবাচার্বের নামও লেখক অক্তরে উল্লেখ করিয়াছেন। ১৩ অখচ উপরোক্ত তুইটি খলের কোখাও কিছু খরং কাশীখরের নাম নাই। একই গ্রহকার নীলাচল-ভূতা গোবিন্দের পরিচর দিতে গিরা বলিয়াছেন ১৫ :

ক্ষম প্রীয় পির ব্যকারী কালীখন।
বীগোধিশ নাম ভার বিষে অনুচর।।
ভার সিছিকালে গোনে ভার আক্রা পাঞা।
নীলাচলে অনু স্থানে নিলিকা আসিরা ।
আল সেবা সোবিব্যেরে দিকেন ক্ষর।
অগরাধ দেখিতে আগে চলে কাশীখন।

'ভজিরত্বাকর'-প্রণেতা বলিভেছেন^{১৫} বে শ্রীনিবাস-আচার্বের প্রথমবার বুন্ধাবন-ভ্যাপকাশে বাহবাচার্ব, শ্রীগোবিন্দ ও গোবিন্দাধি উপস্থিত ছিলেন এবং বীরচন্তপ্রভূর বুন্ধাবন-গমনকাশেও উপস্থিত ভক্তবৃন্দের মধ্যে ছিলেন:

কাশীয়র সোনাঞ্চির শিশ্ব বহা আর্থ।
গোবিন্দ সোনাঞ্চি আর শ্রীবাহবাচার্থ।
বৃদ্ধাবনবাসীদিগের সম্পর্কে 'প্রেমবিলাসে'ও লিখিত হইরাছে :
কাশীয়রের এক শিশ্ব হব ব্যববাসী।
ব্যাহ্মবৃদ্ধান্ত কর নাম কর্মবাদী।

⁽১১) ভাহস্দ (১২) ১/৮, গৃ. ৪৮ ; ছু.-- বু. বিল্লপু. ২৯১ (১৩) ২/১৮, গৃ. ২০১ (১৪) ১/১৮, গু. ৫৪ (১৫) ভাহস্ক-১৪ ; ১ভাত্যত

গোবিশ গোগাঞি আর বাবৰ আচার্ব। চরণ আঞ্চর কৈল ছাড়ি গৃহকার্ব॥

এই সকল^{১৬} হইতে ব্বিতে পারা যায় বে কাশীখরের সহিত গোবিশের পূর্ব-সম্বদ্ধ অনস্থীকার্য বিপিরাই অন্ত কোন সমর্থন না থাকা সত্ত্বেও উত্তরকে আত্মীরতার বন্ধনে আবদ্ধ করিতে হইরাছে এবং তৎসকে বাদবাচার্যকেও একই স্থ্যে বীধিতে হইরাছে। অথচ আমরা দেখিরাছি বে ঈশর-পূরীর স্থ্যেই ভূডা-গোবিল এবং কাশীখরের মধ্যে বনিষ্ঠ বোগসম্বদ্ধ হাগিত হইরাছিল। কুলাবন-আগমনের পূর্বে কাশীখর বে অন্ত কোনও গোবিলের সহিত মুক্ত ছিলেন তাহার বেমন কোনও প্রমাণ নাই, কাশীখরের পূর্বসম্বা ভূডা-গোবিলও বে পরে তাহার কুলাবন-সম্বা হন নাই, তাহারও তেমন কোনও প্রমাণ নাই। বে-গোবিল-গোনীই কুলাবনে এইরল সন্মান প্রাপ্ত হইতেন, কাশীখরের সহিত তাহার পূর্ব-সম্বদ্ধ থাকা সন্মেও তাহার পূর্ব-পরিচয় কোখাও থাকিবেনা, তাহাও এক প্রকার অসম্বন্ধ বলিরাই মনে হর।

চৈতপ্তমহাপ্রজ্বে তগবান্ বলিয়া খীকার করিয়া লইপেও একথা অধীকার করিবার উপার নাই বে তিনি মাহ্নবর্ত্তপ করিয়াছিলেন। তিনি মাহ্নবর্ত্তপ করিয়াছিলেন। তিনি মাহ্নবর্ত্তপ করিয়াছিলেন। তিনি মাহ্নবর্ত্তপ ছিলেন সভ্য, এবং তাঁহার সাধন-সদী বা তত্ব-বিবরক সদী হিসাবে অনেকানেক ভক্তই তাঁহার হাসবের অভি উচ্চজান অধিকার করিয়াছিলেন সভ্য, কিছ মাহ্নব-হিসাবে তাঁহার বে মমডাবোধের পরিচর পরিদৃত্ত হর, তাহার সর্বশ্রেষ্ঠ আলঘন ছিলেন তাঁহার নীলাচল-ভৃত্য 'শ্রীগোবিন্দ'ই। তাঁহার জীবনের বাছ প্রয়োজন হইতে আর সকলকে বাহ বেওরার কথা বহিও বা সম্ভব হর, বর্ত্তপ-হামোদর এবং বিশেষ করিয়া গোবিন্দকে পরিত্যাগ করিবার কথা প্রায় অসম্ভবই। মহাপ্রভূ নির্মিতভাবে ভক্তবুন্দের গৃহে ভিন্দানির্বাহ করিতেন, এবং মহাপ্রসাহ ভক্তপ করিতেন। ভক্তপ্ত খার্মবর্ত্তন রন্ধনের প্রয়োজন ছিল না। কিছ ইহা ছাড়া ব্রন্ধাণানির জন্ত প্রসাহার লইয়া বাওরা প্রভৃতি এমন কোনও কার্থ ছিল না মাহাতে গোবিন্দের অধিকার ছিল না। স্কর্তাং কর্ম-মর্বাহার কথা বিচার করিলে একথা কলা চলে বে কান্দির অপেকাও 'শ্রীগোবিন্দ' অধিকতর সম্মান বা সোভাগের অধিকারী হইতে গারিতেন। 'মর্বাহা'-রন্ধার্থ বে-সনাতন জগরাখ-মন্দিরে প্রবর্ত্তন করা তো গ্রেরক কথা, জগরাবের পড়িছার্ন্দের ছারা মাড়াইরা কেলিবার ভবে সর্বহাই মন্দির হইতে দ্বনপ্রে গ্রন্থ করন ক্রিতেন, ববন-হরিহানের সহিত একলে বাস করিতেন^{১০} এবং বান্ধনম্বর প্রে বান্ধনম্বর ব্যব্তিতন, ববন-হরিহানের সহিত একলে বাস করিতেন^{১০} এবং বান্ধনম্বর

⁽১৯) মৃ. বি. (পৃ. ২৯১) এবং স. সৃ.-তেও (পৃ. ১১) সুবাবনবাসী বাববচার্ব-বোর্সাই ও গোবিশ-গোর্সাইর নাম একতে উল্লেখিড ক্টরাছে। পরবর্তী পৃথির অক্তন (পৃ. ১০) বলা ক্টরাছেঃ জননেব (অবাধব !)-আচার্য কৈলা কুবাবনে ছিডি। কানীখন জীগোবিশ গোর্সাকি সক্ষি ।। (১৭) মা--স্যাত্তন

সামাস্ত অধিকারও ভোগ করিতেন না ভিনিও বে বুন্দাবনে গোসামী-পদবাচ্য হইয়াছিলেন, তাহা সম্ভবত কেবল তাহার লাতিত্বের লোবে নহে, প্রভাব- বা কর্ম-মাহাছ্যোর শুণেই। র্যুনাধলাসের গোস্বামী-আখ্যা সম্বন্ধে ১২৮০ সালের 'বংগদর্শন পত্রিকা'র পোব-সংখ্যাম 'গোড়ীর বৈঞ্চবাচার্ববুন্দের গ্রন্থাবদীর বিবরণ' নামক একটি প্রবন্ধে শিবিভ হইরাছে, "চৈডক্ত অংভিডেদ মানিতেন না। তাঁহার অক্তাক্ত ব্রাহ্ম আচার্বগণের ক্রার ইঁহার (রবুনাথ দাসের) প্রতিও রেহের কিছুমাত্র ক্রটি হইত না। একপ্র দাস-গোৰামীকে পঞ ব্রাহ্মণ-আচার্বগণের স্থার পদ প্রদান করিরাছিলেন। বিদ্যা ও ডক্তির হুল ইনি আচাৰপদ্বাচ্য হইৰাছিশেন।" আবার ব্রাহ্মণ অব্রাহ্মণ নিবিশেষে 'দাদ', 'পণ্ডিড' ও 'ঠাকুর' উপাধির ব্যবহার বৈষ্ণবত্যস্তলির মধ্যে সর্বত্তই দেখিতে পাওরা বার। 'আচার্য'-উপাধির সহজেও এই কবা অনেকাংশে প্রবোজা। 'চৈডক্রভাগবডে'র বর্নমালী-পবিত ও 'চৈভক্তচরিভামুডে'র বনমালী-আচার্ব একই ব্যক্তি। ডেমনি পুরন্দর-পশ্চিড ও পুরন্দর-আচাৰ্যও এক ব্যক্তি। 'পাটনির্ণর-গ্রন্থে রাঘ্য-পণ্ডিতকেও রাঘ্যথাস-ঠাকুর বলা হইয়াছে। আবার অগ্রাম্ত গ্রন্থেও বাস্থ্যের-মন্ত, নরহরি-সরকার, শিবানন্দ-সেন এবং চন্দ্রশেধর-বৈশ্ব প্রস্তৃতিকে বধাক্রমে বাস্থ্রেবাচার্ব > নরহরি-আচার্ব-ঠাকুর > >, শিবানম্ব-আচার্ব ২০ এবং 5শ্রশেধর-আচার্ব^{২৯} প্রভৃতি বলা হইরাছে। একসমর হরিদাস দাস বাধা**জী** বর্তমান গ্রন্থকারকে বলিরাছিলেন যে 'গোসঁ টে'-উপাধি ব্যবহারের ক্ষেত্রেও বাধাধরা নিষম ছিল না। ডা. বিমানবিহারী মজুমহার মহাশরের গ্রন্থ^{২২} হইতেও এই মডাই সমর্ঘিত হয়। বৈশ্ব-গ্রন্থে একই ব্যক্তিকে ঠাকুর এবং গোন্থামী, বা, আচার্য এবং ঠাকুর উভর-উপাধিবিশিষ্ট দেখা যার। শিক্ত-কৃষ্ণাস-গোসামীর নামই ছিল কামু-ঠাকুর^{২৩} এবং শ্রীনিবাস-আচার্যকেও আচাৰ-ঠাকুর^{২৪} বলা হইয়াছে। আবার এক**ই বংশীর তুইজনের একজনকে ঠাকুর** এবং অক্তজনকে গোসাইরপেও বর্ণিত দেখা খাহ। বংশীবছন-ঠাকুরের পৌত্র ছিশেন রামাই-গোঁসাই। স্বতরাং শুব্র হইয়াও গোবিন্দের পক্ষে বে গোসাঁই হওরা অসম্ভব ছিল তাহা মনে স্বরা চলে না। ডা. স্কুমার সেন কিন্ধু বর্তমান গ্রন্থকারের নিকট অভিযুক্ত ব্যক্ত করিয়াছিলেন

⁽১৮) জ-—বাহুদেৰ-মন্ত (১১) গৌ- জ-—পৃ- ২২৮; গৌ. গ্ৰু—পৃ- ঃ; এই পৃথির ৮ব- পৃষ্ঠার একজন নরহরি- আচার্থ-সেনের কাবও উল্লেখিড হইরাছে। বলরাম্বাদের গৌরস্বাধান্ত্রপদী পিকাভেও (পৃ- ১৫) 'নরহরি আচার্থ সেন' নাম দৃই হয়; চৈ. হী. (রামাই)—পৃ- ৫, ১৪ (২০) চৈ. চ—০০১, পৃ-২৮০:

কুলীনগ্রামী জন্ম আর বত বঙ্গাসী।

^{&#}x27; আচাৰ্য শিবাদক সৰে বিলিলা সৰে আসি।।

धरे इत्म चरेक-चांठार्यंत कहन। कडेकहनानाव ; वः—नाइएस्न-क्ष्य (२४) ८४. वि.—०३. वि., नृ. ८८ (२२) छि. छेः—नृ. ১०२-७ (२७) छि. छ्यः.—नृ. ১७८-७७ (२७) वः मि.—नृ. ১৮९

বে প্রাচীন বৈষ্ণব-শাল্লে অব্রাহ্মনকে কোবাও 'গোস্বামী'-আখ্যা প্রদান করা হর নাই। অসুসন্ধানের কলে যতসূর শানিতে পারিয়াছি তাঁহায় অভিমতই বধার্থ। তবে বৃন্দাবন-গোস্বামীছিলের সহত্তে অবদ্য তিনি একথা জোর করিবা বলেন নাই। প্রকৃত-পক্ষে, বৃন্দাবনের গোসাঁইদিগের সম্ভে বে এরণ নিয়ম প্রাযুক্ত ছিলনা, ভাহার প্রমাণ পরং রগুনাধলাস এবং কুক্সাস-ক্বিরাক্ষ। সম্ভব্ত ক্বিরাজ-গোস্থামীর শিক্ত গোপাল্যাস-গোৰামীও ক্ষেত্ৰি-কুলোৱৰ ছিলেন।^{২৫} অবশা উল্লেখযোগ্য বে রব্নাথ-কুঞ্চাসাদির নামের সহিত গোলামী-পদের ব্যবহার পরবর্তিকালের হইতেও পারে। কিছু খুব পরবর্তিকালের বলিরাও ধরা বাইভে পারেনা। বোড়শ শতকে রচিত দেবকীনদনের 'বৈক্ষব্বন্দনা'তেও রুখুনাখ্যাসকে 'গোখামী'-আখ্যা প্রহান করা হইরাছে।^{২৬} তবে কুক্যাস-কবিরাজের জাতি সহদ্ধে হরত জোর করিয়া কিছু বলা চলে না। হরিয়াস হাস মহাশরও বর্তমান গ্রন্থকারকে জানাইয়াছিলেন বে তিনি কুঞ্চাসকে 'বৈছ্য' বলিয়া মনে করেন। ডা. বিমানবিহারী ম**ন্**মদার লিখিয়াছেন^{২৭} বে 'কুঞ্চাস ধুব সম্ভবত জাতিতে বৈদ্য ছিলেন।' ইহারা কেহই এ সম্বন্ধ কিছু প্রমাণ প্রয়োগ করেন নাই। অধিক্স ভা. মন্তুমদার রঘুনাখদাসের 'মৃক্তাচরিত্রে'র শেব-শ্লোকের উল্লেখ করিরা বলিভেছেন বে সেই স্থাৰ বৃত্নাৰ বে কৃষ্ণকবিভূপতি'র সঙ্গাভ কবিতে চাহিয়াছেন সেই "ক্বিভূপতিকুকে'র অৰ্থ ভগবান ঐক্তি এবং ক্লকদাস কবিহাজ।" কিছ এই ছলে সমাৰ্থবোধকভা হেতু কবিরাজকে 'কবিপতি' বা 'কবিভূপতি' বলা হইতে পারে। রামচন্দ্র-কবিরাজের শিক্স বলরাম-কবিরা**লকেও এই কারণেই বলরাম-কবিপতি বলা হই**য়াছে।^{২৮} কিন্তু যাহাছউক, 'কবিরাজ'কে কুক্ষদাসের পূর্ব উপাধি বা পদবি ধরিরা লইলেও তিনি বে বৈদ্য ছিলেন, ভাহা ক্ষোর করিরা বলা বাম না। আবার 'কবিরাঞ্চ' বে একটি বৈভা-পদবী ছিল ভাহাও বিশেষভাবে পরিশক্ষিত হয়। সহাশিব-কবিরাক্ত বৈশ্ববংশোর্ভর ছিলেন। শ্রীনিবাস-আচাৰ্ষের শিব্য গোপীরময়ণ-কবিরাজকে স্পষ্টই গোপীরমণদাস-বৈভ বলা হইয়াছে।২২ তংসত্ত্বেও কুক্ষাস-কবিরাজের বৈশ্বত্ব সহছে নিশ্চিত প্রমাণের অভাব থাকিয়া হায়। অপরপক্ষে, ইহাও দৃঢ়ভার সহিত বলা বাইতে পারে বে কৃঞ্চাস-কবিরাশ বে ব্রাহ্মণ ছিলেন, এইব্ৰপ কোন বিবরণ এয়াকং পাওয়া বাহু নাই এবং রঘুনাখদাস যে আৱাহ্মণ ছিলেন, তাহারও প্রমাণাভাব নাই। তাহাড়া, বতদ্র মনে হর 'গোসাঞি'-উপাধিটি প্রধান্ত প্রভাব- বা মাহাত্ম্য-প্রকাশক। 'শ্রীকৃষ্ণকীর্তনে' অস্কত তাৰ বার 'গোসাঞি'-কথার ব্যবহার দৃষ্ট হর। প্রত্যেকটি ক্ষেত্রেই উহা 'প্রভূ'- বা 'ভগবান'-আর্থে ব্যবহৃত হইরাছে

⁽२४) क. मा.—पू. २ (९७) पू. ७ (२९) छ. छ.—पू. ७०९-४ (२४) छ.—प्राक्य-कविदास (२৯) छ. —विनिदास

এবং গোপ-বংশীর কানাইর সকৰে উহা প্রবৃক্ত হইরাছে। বাংলা বৈক্তব-গ্রহন্তলিতে অবলা 'গোসাঞি'-কথাটির সুস্পষ্ট অর্থ বা প্রবোগ-বিধি সক্ষে কোনও উল্লেখ পাওয়া যার না। তবে 'অবৈভমকশে'র একটি বর্ণনা এ বিবরটির উপর সক্তবত কিছু পরিমাণে আলোকপাত করিতে পারে। গ্রহকর্তা অবৈত-শিব্য কমলাকান্তের 'গোসাঞি'-উপাধি সক্ষে বলিতেছেন তওঁ (অটারশ শতকের মধ্যবর্তী কালের পৃথি অন্তবারী):

ক্ষলাকান্তের প্রভাব বড় বে দেখিয়া।

কৰলাকান্ত গোলাকি কছে এড়ু বে ভাকিয়া।

এই সকল কারণে গোবিন্দের পক্ষে গোসাঁই হওরার বাধা বে অনতিক্রমণীর, তাহা মনে হর না। বিশেব করিয়া তিনি বৃন্দাবনবাসী হওরার এ এবছে অনেকাংলেই সন্দেহ দ্রীভূত হইতে পারে। প্রকৃতপক্ষে, গোবিন্দের শূক্রর একটি কথার কথামাত্র'। গোবিন্দ বথন সর্বপ্রথম নীলাচলে গিরা পৌছান, তথন সার্বভৌম তাঁহার শূক্রবের প্রায় তুলিয়া মহাপ্রভূকে জিজাসা করিবাছিলেন বে ঈশর-প্রীর মত লোক শূক্র-'পরিচারক' রাখিলেন কিরপে। কেবলমাত্র অন্ধ-সেবার ব্যাপার হইলে এরপ প্রের উত্তিই না। সার্বভৌম নিশ্বরই এমন বিবরের ইন্দিত করিতেছেন, বে-বিবরে শ্কের প্রকেশাধিকার ছিল নিরমন ও আচার-বহিত্তি। মহাপ্রভূও তাই উত্তর দিয়াছিলেনত্র

হয়ে শতপ্রত কুণাণি ভব বাবে ন না লাভি কুলাভগেকাং। ইবহের কুণা লাভি কুলানি না নানে। ------বর্ণালা হইভে কোটি কুব থেকু আচরণে।।

এবং

⁽a+) আ. ব. (ব. সা. প.)—পৃ. ৮৭/২ (৬১) চৈ. সা.—৮/১৮; চৈ. চ.—২/১+, পৃ. ১৪৮

त्रपूताथ-रिका-छेनासाञ्च

বৃশাবনদাস এবং ভয়ানন্দ নিত্তানন্দ-শিশ্ব বর্ণনা প্রস্তুব্দ 'মহামতি রঘুনাথ বৈশ্ব উপাধ্যারে'র উল্লেখ করিবছেন। ই ই'হার নিবাস ছিল পানিহাটী কিংবা ভলিকট্ম কোনও প্রামে। ইনি প্রায়ই নিভানন্দ-সমীপে থাকিতেন। নিভানন্দের নীলাচল-বাসকালে 'রঘুনাথ বৈছা' সৈইয়ানে অবস্থান করিতেছিলেন। ই মহাপ্রেজু নিভানন্দকে ভল্তি-প্রচারার্থ গোঁড়ে প্রেরণ করিলে 'রঘুনাথ বেজ ওরা' বা 'রঘুনাথ বৈছ উপাধ্যার' তাঁহার সহিভ পানিহাটীতে চলিয়া আসেন। ও ভাহার পর মহাপ্রেজু রখন রামকেলি হইতে কিরিয়া পানিহাটীতে পৌছান, তখন পর্ম বৈষ্ণব 'রঘুনাথ বৈছা' আসিয়া তাঁহার সহিভ সাক্ষাং করেন। ই মহাপ্রান্তর বে সমন্ত পূর্ব-পরিচিত বাক্তি তাঁহার সহিভ নীলাচলে বাস করিতেছিলেন, কৃষ্ণাস-কবিরাজ তাঁহারের মধ্যে একজন 'রঘুনাথ বৈছে'র নাম উল্লেখ করিয়াছেন। ই শ্রীক্ষেত্রে মহাপ্রেভুর নিকট তিনজন রঘুনাথ অবস্থান করিতেছিলেন। ও রঘুনাথদাস, উড়িয়াবাসী-রঘু এবং এই রঘুনাথ-বৈছা। গুবু সন্তব্যত, মহাপ্রান্তর গোঁড় হইতে নীলাচলে কিরিয়া আসিবার সমন্ত্র কিংবা তৎপরবর্তী কোনও সমরে উক্ত রঘুনাথ-উপাধ্যার শ্রীক্ষেত্রে গিয়া তথার কিছুকাল বাস করিরাছিলেন। পানিহাটীর রঘুনাথ-উপাধ্যার ও মহাপ্রভুর নীলাচল-সন্ধী রঘুনাথ-বৈছা বে অভিন্ন-ব্যক্তি ভাহা কুন্যাবনন্ধাসোক্ত 'রঘুনাথ বৈছা উপাধ্যার' নাম হইতে ধারণা করা বাইতে পারে।

'ভক্তিরম্মাকর' ও 'নরোভমবিলাস' হইতে জানা বার বে নরোভমের বিগ্রহ-প্রতিষ্ঠান্ধালে নিত্যানন্দ-পত্নী জাহুবাবেবীর সহিত 'রঘুপতি বৈদ্ধ উপাধ্যার' নামে এক ব্যক্তি আসিরা খেতুরি-উৎসবে যোগদান করেন। ৺ উৎসবাজে জাহুবা যখন কুলাবন গমন করেন, তখনও 'রঘুপতি বৈদ্ধ উপাধ্যার মনোহর' তাহার সন্ধী হইরাছিলেন। ৺ জাহুবাদেবীর সহিত রঘুপতির এই ধনিষ্ঠ সহদ্ধ দেখিরা মনে হর বে এই রঘুপতি-বৈদ্ধ-উপাধ্যার এবং পূর্বোজ্ব রঘুনাখ-বৈদ্ধ-উপাধ্যার এক ও অভির ব্যক্তি হইতেও পারেন।

'ভক্তিরত্নাকরে' আর একজন রযুনাগ-বৈদ্যের নাম আছে। শ্রীনিধাস-আচার্বপ্রভূ

⁽১) চৈ. ছা.—০।৬, পৃ. ৩১৬ (২) ঐ—০।১, পৃ. ৩২৭-২৮; বুলাবনহাসের চৈডজগণোজেপেও (পৃ. ১২) রবুনাথ-বৈছের নাম জাছে। (৩) চৈ. ছা.—০।৫, পৃ. ৩০৩; চৈ. ব. (জ.)—গৃ. ৩২,৩৬ (৬) চৈ. ছা.—০।৫, পৃ. ২৯৯ (৫) চৈ. চ.—১।১০, পৃ. ৫৪ (৬) ঐ—০।৬, পৃ. ৩১৯ (৭) ঐচি চ.—৪।১৭।২২ (৮) জ. মৃ.—১০।৩৭৩, ৭৪০; ন. বি.—৬৯. বি., পৃ. ৭৯; আ. বি.—১৯শ. বি., পৃ. ৩০৮ (৯) জ. মৃ.
—১০।৭৪৫; ১১।৪০২

বৃন্দাবন হইতে দিরিয়া কাটোয়ার পৌছাইলে তথন বেসৰ মহাজের আগমন হইরাছিল তাঁহাছের মধ্যে 'রঘুনাখ-বৈদ্য-উপাধ্যার নারারণ' চিলেন। পূর্বোক্ত 'রঘুনাখ-বৈদ্য-উপাধ্যার মনোহরে'র মত এই স্থলেও উপাধ্যারাখ্য ব্যাক্তিট রঘুনাখ-বৈদ্য (উপাধ্যার), কিংবা নারারণ (উপাধ্যার) তাহা সঠিকভাবে ব্রা ধারনা। তবে উপাধ্যারাখ্য-নারারণ বা নানোহর নাম অন্ত কোখাও পাওয়া বারনা এবং নিত্যানন্দ-শিক্ত নারারণের চারি আতার মধ্যে একজন মনোহরও ধাকার নিশ্চরভাবে ধরিয়া লওয়া বার বে উপরোক্ত উপাধ্যার-পাহবীট রঘুপতি বা রখুনাখেরই। সক্তবত তিনি নারারণ-মনোহরদের সহিত কোন বিশের সক্তে বুক্ত ছিলেন বলিয়াই তাঁহাদের নাম একজে ব্যবহৃত হইয়াছে। উল্লেখযোগ্য বে তাঁহারা সকলেই নিত্যানন্দের বিশেষ ভক্ত ও শিক্ত ছিলেন।

'চৈডক্রচরিভাষ্ডে' কিছ একজন 'রক্পতি উপাধ্যাবে'র নাম আছে। মহাপ্রত্ কুলাবন হইতে প্ররাগে কিরিয়া একদিন আউলি-প্রাবে বল্লভ-ভট্টের গৃহে ভিক্লা-নির্বাহার্থ প্রমন করিলে এই পরম বৈক্ষব 'ভিরোহিতা পণ্ডিত' কুক্তত্বকথা কহিয়া মহাপ্রভূকে বথেই আনন্দ দান করিয়াছিলেন। ১১ এই রবুপতি-উপাধ্যার সহছে কোনও সংশয় নাই।

'প্রেমবিলালে' নরোন্ত্রন-শিক্ত অক্ত একজন রখুনাখ-বৈদ্যের নাম পাওয়া বার ।^{১২}

⁽১০) জ. ব্ল---লাভনদ (১১) টে. চ.---হা১৯, পৃ. ২০৯ (১২) থো. বি.---হ৽শ. বি., পৃ. ৬৫৬

क्रयमात्र (ब्राइएम्सी)

নিত্যানন্দ-শাধার ক্লম্বাস সহছে 'চৈতন্তভাগবত'-কার বলিতেছেন^১ : বাদে কর বহাপর বিশ্র কুম্বাস।

এবং 'চৈডক্তচৰিভাস্থত'-কার বলিয়াছেন :

तांहरमध्ये जच कुम्मान विकास ।

শেষোক্ত প্রশ্ন হইতে ই হার সম্বন্ধে আরও জানা বার^২ যে 'ভূতীর বংসর সব গোড়ের ভক্তপণ নীলাচলে' গিয়া ববন রথবাত্রা উপলক্ষে নৃত্য-কীর্তনাদির পর 'বাপীতীরে' বিশ্রাম করিতেছিলেন ভখন:

নরহরি-চক্রবর্তী জানাইতেছেন বে এক বিপ্র- বা বিশ্বর-ক্রমণাস গণাধরণাসপ্রত্ব তিরোধানতিখি-মহামহোৎসব এবং বেতুরির মহামহোৎসবে বোগখান করিবার পর জাহ্বা- থেবীর সহিত কুমাবন-পরিক্রমা শেব করিবা গোড়ে প্রত্যাবর্তন করিবাছিলেন এবং একচক্রা পরিক্রমণ করিবাছিলেন। খুব সম্ভবত, এই উভর ক্রমণাস একই ব্যক্তি ছিলেন।

নিত্যানন্দ-শাধার উল্লেখিত নকড়িদাস এবং মহীধর-নামক ছুই ব্যক্তিকে নরহরি-বর্ণিত বটনাবলীর সহিত হুক্ত দেখা বার।

⁽১) ৬/৬, পৃ. ৬১৬ (২) ২/১, পৃ. ৮৫ ; ২/১৬, পৃ. ১৮৬ (৬) জ. স্ব.—৯/৬৯৯ ; ১০/৩৭৬, ৭৪৬-৪৪ ; ১১/৪০০-৪০১, ৪০৬ ; ম. বি.—৮ম. বি., পৃ. ১০৭, ১১৮ ; জা. বি., পৃ. ৭৯-৮০

शूक्र(राष्ट्रम (-रहुकाया)

পুরবোত্তথ-জানা ছিলেন রাজা প্রভাগকরের পূত্র। A History of Orissa নামক গ্রন্থ (p. 149) হইতে জানা বার যে প্রভাগকরের বজিল জন পূত্র ছিলেন। কিছ পুরবোত্তথ-বড়জানা ভাঁহার কোন্ পূত্র ভাহা জানা বার না। 'চৈড্লাচরিভায়তে' পুরবোত্তথের জীবনের একটি ঘটনার স্পষ্ট উল্লেখ দৃষ্ট হয়। আর একটি ঘটনাতেও প্রভাগকরের পুত্রকে সম্পর্কিত দেখা বার; কিছ ভিনি বে কোন্ পুত্র, ভাহার স্পষ্ট উল্লেখ নাই। ঘটনাটি নিয়োক্তরূপ:

রামানন্দ-রার ব্যন প্রভাগরন্তকে ধর্নন ধান করিবার ক্ষয় মহাপ্রস্তুকে একাক্ষভাবে ক্ষয়রোধ ক্ষানাইলেন, তথন মহাপ্রস্তু রামানন্দের অন্তরোধে রাজা-প্রভাগরন্তর পুত্রের সহিত মিলিত হইবার প্রস্তোব করিলেন। তাহার যুক্তি ছিল,—'আত্মা বৈ ক্ষায়তে পুত্রঃ।' স্তরাং পুত্রের সহিত মিলিত হইলেই রাজা উহাকে আপনার সহিত মিলন বিদিরা মনে করিতে পারিবেন। তদ্ম্যারী রাজপুত্রকে আনা হইল। তথন রাজপুত্র কিলোরব্যক্ত ও রূপবান হইরাছেন। পীতাহর-পরিহিত রন্ধান্তরণ-ভূবিত রাজপুত্র সক্ষ্মুখে আনীত হইলে মহাপ্রস্তুর কক্ষ-স্থতি ক্ষাপিল। তিনি কিলোরকে বাহবক করিবা আলিকন ধান করিলেন। তারপর রাজপুত্রকে বক্ষে ধারণ করিবা প্রতাগরুত্র ক্ষীবন সার্থক মনে করিলেন।

'চৈতপ্রচরিতামুতে' প্রবোজম-বড়জানার নামোরেশ করিয়া যে ঘটনাটি বিবৃত হইয়াছে, তাহা কিছা আরও অনেক পরের ঘটনা। সেই ঘটনা রামানন্দ-রায়ের পঞ্চমদ্রাতাই গোলীনাখ-পটনায়ক সম্পর্কিত। ছক্ষিণ হইতে মহাপ্রভুর নীলাচল-প্রভাবর্তনের অব্যবহিত পরে পিতা ও প্রাতা-পণের সহিত গোপীনাখ মহাপ্রভুর সহিত মিলিত ইইয়াছিলেন। এই গোপীনাখ 'রাজবিষরী' ছিলেন। সেইজ্ফ 'মালজাঠা 'হওলাটে তার অধিকার। সাধি পাড়ি আনি ক্রয় দিল রাজ্মার ॥' শ্রীর্ক হরেরক মহাতাব বলেন তিনিও 'বড়জানা'-উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। ই বাহাছউক, রাজার নিকট তাঁহার ছই লক্ষ্ক কাহন কোড়ি বাকি পড়িয়াছিল। ক্রমে ক্রমে বেচাকেনা করিয়া তিনি তাহা শোধ করিতে চাহিলেন, নচেৎ প্রয়োজন হইলে রাজ্মারে অধ বেচিয়াও তিনি অর্থ পরিশোধ করিবেন। তাহাই দ্বির হইল। 'এক রাজপুত্র ঘোড়ার মূল্য তাল জানে।' কিছু রাজা-কর্তু ক প্রেরিত হইয়া তিনি অন্যের বে মূল্য ছির করিয়া হিলেন, তাহাতে গোপীনাধ অত্যক্ত ক্র্ছ হইলেন। রাজপুত্রের একটি স্বভাব ছিল, তিনি মধ্যে মধ্যে গ্রীষা ক্রিয়াইয়া উধর্যণ্য এদিক

⁽১) স্ত্ৰ.—ভব্ৰেশ্-মান (২) The History of Orissa—Harekrishna Mahtab—pp. 91,92

ওদিক চাহিতেন। গোপীনাথ তাঁহার নিশা করিয়া সগর্বে আনাইলেন যে তাঁহার অধ তো আর থ্রীবা ক্রিরাইয়া উপর্বৃথে এদিক ওদিক চাহিতেছে না বে তাহার মূল্য এও কম হইবে। রাজপুত্র অভ্যন্ত কট হইয়া নানাভাবে রাজার নিকট 'লাগানি করিল' এবং গোপীনাথকে চাজে চড়াইয়া তাঁহার প্রাণম্ভালেশ ডিক্সা করিয়া লইলেন। সমগ্র ব্যাপারটির শুক্স ঠিকঠিক না বৃথিয়া

রাজা বলে "বেই খাল কর সেই বার । বে উপাত্তে কৌড়ি পার কর সেই উপায় ঃ"

পুরুষোত্তম আসিরা গোপীনাধকে চাক্ষে চড়াইয়া তাঁহার প্রাণ হরণ করিতে উত্তও হইলেন এবং বাণীনাধ প্রভৃতিকে 'স্বংশে' বাধিরা লইরা গেলেন।

মহাপ্রভূর নিকট এই সংবাদ পৌছাইলে তিনি উভরের প্রতি কৃপ্ত হইলেন। শেষে হরিচন্দন-পাত্র রাজার নিকট সকল কথা জ্ঞাপন করিলে রাজ-আজার গোপীনাথের প্রাণম্বাদেশ রহিত হইল। পরে কান্ট-মিশ্রের হতকেপের কলে প্রতাপকর গোপীনাথকে সমস্ত দার হইতে মৃক্তি দিরা বলিলেন:

সে বাল জাঠা। পাঠ পূবঃ তোবার বিবর দিল ।। আবার ঐছে বা বাইব রাজ্যন । আজি হৈতে বিল তোবার বিশুণ বর্ত ব ।।

এই বলিরা তিনি তাঁহাকে 'নেতধটী' পরাইরা দিলেন। 'নেতধটি' মাধার শইরা গোপীনাথ মহাপ্রতুর চরণ-বন্দনা করিলেন এক প্রাতা-রামানন্দ ও -বাণীনাথের মত তাঁহাকেও নির্বিত্র করিবার জন্ত কাতর প্রার্থনা জানাইলেন। মহাপ্রতু তাঁহাকে আশত করিলেন।

এই ঘটনার পর গোপীনাথ সহছে আর কিছুই আনিতে পারা বার না।
'ভজিবন্ধাকর'-৫ নেতা আনাইতেছেন বে মহাপ্রভুর জীবিতাবস্থাতেই প্রতাপক্ষরের পূত্র
পিতার সিংহাসনে আরু হইয়াছিলেন। প্রতাপক্ষর বরং তাঁহাকে রাজ্যভার অর্পণ
করিয়াছিলেন এবং তত্পদক্ষে তিনি বথাবিধি মঙ্গগাহুছানের মধ্য হিন্না তাঁহাকে সিংহাসনে
স্প্রতিষ্ঠিত করেন। সিংহাসনে আরোহণের পর তিনি সম্ভবত পিতার আহর্ণে অস্প্রাণিত
হইয়া রাজকার্ব পরিচালনা করিতে থাকেন। কিছু সেই রাজপুত্রের নাম সহছে প্রস্কর্মধ্যে
কোনও উল্লেখ নাই। স্কুতরাং তিনি পুরুষোত্তম কিনা তাহা জানিবার কোনও উপার নাই।
প্রকৃতপক্ষে পুরুষোত্তমের রাজ্যপ্রান্থি একটি ঐতিহাসিক ঘটনা কিনা তাহাও জানা ধার

নাই। 'নিত্যানন্দকৰেবিতার' নামক একটি গ্রন্থে বলা হইয়াছে⁶ বে বীরচন্ত নীলাচলে আসিয়া ধখন স্থাময়ের জলোত্তবা কল্পার পাণিগ্রহণ করেন তখন

> গলগতির সভাব সে দেশের অধিকারী। জোরদত প্রভাগ চক্রদের সাম্বারী।।

বীরচন্দ্র তাঁহাকে 'রাধারুক্ষ মন্ত্র দিয়া আত্মসাং' করেন এবং উক্ত রাজাত্মগত্যে নক-মশভীর স্বদেশ-গমনের সুবন্দোবন্ত হয়। এইস্থলে বর্ণনার অস্পট্টতাহেতু চক্রদেব সমস্কেও কোন সিদান্ত গ্রহণ করা বাম না। History of Orissa-গ্রন্থে হাণ্টার-সাহেব প্রভাপক্ষকের মৃত্যুর পর তাঁহার মাত্র বে-ছুইম্বন পুত্রকে উত্তরাধিকারী রাজা-হিসাবে বর্ণিত করিয়াছেন, **डोशास्त्र मध्य किन्दु शृक्षरवास्त्रम-स्थाना या इत्करप्यय-नामक काशास्त्रभ अवसे बाह ना । अध्य** এই গ্রন্থ ছইতে জানা বাছ বে প্রতাপক্ষতের মৃত্যুর পর সিংহাসনের প্রশ্নত-উত্তরাধিকারী প্রভাপরুত্রের উক্ত ভূইজন পুত্রকেই পর পর হত্যা করিবা রাজ্মন্ত্রী বিচ্চাধর সন্ধালাল-স্থারী নৃতন রাম্ববংশের প্রতিষ্ঠা করেন। রাধালদাস বন্দ্যোপাধ্যার মহালরও তাঁহার History of Orissa (p. 237)-গ্ৰহে স্থানাইভেছেন, "Two sons of Prataprudra are known to us from the local chronicle Madla Panji. Even their proper names have not been recorded and they are mentioned only by nicknames." কালুয়াদেব একং কথাড়ুয়াদেব নামক সেই পুত্ৰহয়ের কথা উল্লেখ করিয়া এমকার জানাইতেছেন বে তাঁহাদের হত্যার পর গোবিন্দ-বিদ্যাধর ১৫৪১-৪২ 🛍 -এ রাম্পনিংহাসনে আরোহণ করেন। স্থুতরাং অন্ত বিশেষ প্রমাণায়দীর অভাবে পুরুষোত্তম-আনাকে ঐতিহাসিক মর্বাদাসম্পন্ন কোনও বিশেষ রাজা বলিরা ধরিরা লইবার সংগত কারণ দেখা বার না। তবে হয়ত এমন হইতে পারে বে প্রভাপকত্রের জীবদশাতেই তিনি সিংহাসন প্রাথ্য হইয়া রাজকার্য পরিচালনা করিভেছিলেন; কিন্তু ঘটনাচক্রে হয়ও তাঁহার সে সোভাগ্য স্থারিত্বলাভ করে নাই।

'অমুরাগবরী'- ও 'ভক্তিরবাকর'-গ্রহে কিছু প্রবোভ্য-বড়জানার ভক্তজীবনের পরিচর বর্ণিত হইরাছে'। গ্রছ কুইখানি বহু পরবর্তিকালে লিখিও। প্রতরাং গ্রহকর্তৃ বৃদ্ধ প্রতাপ-ক্রের অন্ত কোন প্রেকে উক্তভাবে নামাছিত করিরাছেন কিনা জানিবার উপার নাই। তবে ঐ প্রকার ভূল না হওরাই সম্ভব। বাহাহউক, গ্রহামুবারী জানা বার বে বৃদ্ধাবনে বখন গোবিন্দ- ও বহুনমোহন-বিগ্রহ প্রভিত্তিত হয় তখন সেখানে তাহাদের সহিত কোন জী-বেবতার বিগ্রহ ছিল না। প্রবোদ্ধম-জানা সেই সংবাদ প্রাপ্ত হইরা রাধিকার ভানে' কুইটি রী-বিগ্রহ নির্মাণ করাইছা বৃদ্ধাবনে পাঠাইয়া কেন। কিছু মহনমোহনের সেবা-

⁽a) 9. 22, 22 (c) w. q.—64. q., 9. 20; W.W.—6100-3-6

অধিকারীর নির্দেশে বৃহত্তর মৃতিটিকে ললিভা-রূপে এবং ক্রাটকে রাধিকা-রূপে বথাক্রমে একই মহনমোহন-বিগ্রহের দক্ষিণে এবং বামপার্থে প্রতিষ্ঠিত করা হয়। এই সংবাদ শুনিরা পুরুষোত্তম-বড়জানা অভিনয় আনন্দিত হইলেন। কিছু গোবিন্দ-বিগ্রহের কথা স্থকা করিয়াও তিনি চিন্ধিত হইলেন। শেষে তিনি জানিতে পারিলেন যে উৎকল্পের রাধানগর-গ্রামবাসী পরম-বৈক্ষব বৃহত্তান্থ নামক এক বিপ্রা কুলাবন হইতে বে রাধিকা-বিগ্রহ আনয়ন করিয়া কল্পান্ধপে তাহার পূজা-অর্চনা করিতেছিলেন, তাঁহার মৃত্যুর পর ক্ষেত্রস্থ রাজা সেই সংবাদ প্রবণ করিয়া রাধানগর হইতে সেই বিগ্রহ আনিয়া জগরাবের চক্রবেড়ের মধ্যে তাহাকে প্রতিষ্ঠিত করিয়াছিলেন, এবং তাহাই পরে শস্ত্রীরপে পূজাবনে পার্চাইয়া দিলেন এবং তদবধি তাহা গোবিন্দ-বিগ্রহের বামপার্থে রাধান্ধপে পূনঃ প্রতিষ্ঠিত হইল। পূক্রোক্তমের জীবন সম্বন্ধে এতহাতিরিক্ত আর কিছুই জানিতে পারা যায় না বটে, কিছু কুলাবনের বিগ্রহ-প্রতিষ্ঠার ভক্ত-পূক্রোক্তমের এই লান স্বরুষীয় হইয়া রহিয়াছে।

द्राघम्ख-धान

'তৈতন্তভাগবত' হইতে জানা বার বে মহাপ্রভু প্রথমবার নীলাচল-অভিমুখে বারা আরম্ভ করিরা ছত্রভোগে পৌছাইলে 'সেই গ্রামে অধিকারী রামচন্দ্র ধান' দোলা হইতে নামিরা তাঁহাকে বন্দনা করিরাছিলেন। তথন রাজ্য-সীমানা লইরা রাজা বা রাজাধিকারী-ছিগের মধ্যে যথেষ্ট কলহ চলিতেছিল। 'রাজারা ত্রিপুল পুডিয়াছে ছানে ছানে।' ভাই মহাপ্রভু রামচন্দ্রকে তাঁহার ক্রন্ত নীলাচল-বারার ব্যবস্থা করিরা দিতে বলিলে বিপাধের সম্ভাবনা সংক্রেও রামচন্দ্র নিজের স্থারিছে নিরাপহ-যাত্রার সমন্ত বন্দোবন্ত করিরা দিরাছিলেন এবং একরাত্রি তাঁহাকে সেইছানে রাখিরা প্রধিন প্রভূবে নোকা ও লোকজনসহ তাঁহাকে জগ্রসর করিরা দিয়াছিলেন।

শাবার 'চৈতক্সচরিতামৃত' হইতেও জানা যার' যে বেনাপোল অঞ্চলের দেশাধ্যক্ষ বৈশ্ববাবেশী পাবও রামচন্দ্র-থান হরিদাসের নিকট একজন পুনার্যা বারাজনাকে পুনা পুনা প্রেরণ করিয়া তাঁহাকে বিপথে পরিচালিত করিধার জক্ত বার্থ চেটা করিয়াছিলেন। প্রহুকার আরও বলেনত যে নিত্যানন্দ্র নীলাচল হইতে গোড়ে প্রত্যাবর্তন করিয়া একবার শিব্যবুন্দসহ রামচন্দ্র-পানের গৃহে গিয়া উপন্থিত হইলে রামচন্দ্র অভ্যন্তরে থাকিয়াই সেবক মারক্ত নিত্যানন্দকে জ্বানাইলেন যে গোয়ালার গো-শালাই সাজোপাক্ষ-নিত্যানন্দের উপস্কুক স্থান। তথন ক্রুজ নিত্যানন্দ্র সেইস্থান পরিত্যাগ করিয়া চলিয়া গেলে রামচন্দ্র গোমর জলে সমস্ত প্রান্ধণ পরিজার করিলেন। কিন্তু 'দ্বস্থাবৃত্তি' রামচন্দ্র কর প্রদান না করায় অভায়কাল মধ্যেই ধবন-উর্জার আসিয়া নানাভাবেই 'জ্বাতিধন জন খানের সকল লইল' এবং তাঁহার তুর্গামগুলে অবধ্য-বধ করিয়া ও মাংস রন্ধনাধি করিয়া শ্বী-পুত্র সহিতে রামচন্দ্র-খানকে বাঁধিয়া লইয়া গেল।

'চৈতন্তভাগবত' ও 'চৈতন্তচরিতামতো'ক দুই জন রামচন্দ্র-খান দুই পৃথক ব্যক্তি। হরিষাস দাস তাঁহার 'গোড়ীর বৈক্ষব জীবন'-গ্রন্থে দুইজন রামচন্দ্র সম্বন্ধেই নানাবিধ তথ্য প্রদান করিরাছেন। পাবও রামচন্দ্র-খান সম্বন্ধে ১৩০৮ সালের 'গৌরাঙ্গ-পত্রিকা'র আদিন-কার্তিক- সংখ্যার মনোরন্ধন বন্দ্যোপাধ্যার মহাশর লিখিরাছেন, "রাজা রামচন্দ্র খান ভূম্যধিকারীর আসনে বসিরা লোর্বগুপ্রভাগে বনগ্রাম শাসন করিতেছিল।"

⁽১) সম্বন্ধ ই'হার স্থম্মেই ডা- স্কুমার নেন লিখিয়াছেন (মন্ত মুগের যাংলা ও বাঙালী—পৃ-১৫), "হোসেন সাহের এক সেনাপভি (লক্ষর) রাসচন্ত্র-বান ছিলেন কার্ছ ে ইনি রাজ্যের যক্ষিণ অংশের অধিকারী ছিলেন ৷" (২) এ:—হরিয়াস (৩) অ-—নিজ্ঞানন্দ

व्राष्ठ-व्यक्तिवादी

ষহাপ্রস্থানীলাচল হইতে গোড়ে প্রত্যাবর্তনকালে যখন উড়িয়া-রাজ্যের প্রান্তদেশে আসিরা উপস্থিত হন, তখন সেইস্থানের রাজ-অধিকারী আসিরা তাঁহার সহিত মিলিও হন। তিনি মহাপ্রভুর সহিত কিছুকাল অবস্থানের পর তাঁহাকে জানান হৈ অদুরেই

বছণ বৰৰ রাজের আবে অধিকার।
তার অনে কেছো পৰে বারে চলিবার।।
পিজ্লাল পর্যন্ত ভার সব অধিকার।
তার অনে নদী কেছ হৈতে বাবে পার॥
বিশ কড রহ সন্ধি করি ভার সবে।
হথেতে নৌকার ভোষা করাব গমদে।।

ভারপর সেইস্থলে ধ্বনরাজের একজন উড়িব্যাগত চর মহাপ্রভূর 'অভূত চরিত্র' প্রত্যক্ষ করেন। তিনি কিরিয়া গিয়া ব্বনের নিকট 'সিঙ্গুক্র্ব' চৈডক্রের কৃষ্ণ-কীড ন ও তাঁহার জনপ্রিরতাদির সম্বন্ধে বলিলে ধ্বনরাজ তাঁহার বিশ্বাসকে পাঠাইয়া দেন। বিশ্বাস আসিয়া মহাপ্রভূর আঞ্চাপ্রাপ্ত হইলে ফ্রেড় 'ধ্বনাধিকারী' প্রভূ-সন্ধর্ণনে গমন করেন এবং মহাপ্রভূর দারা প্রভাবিত হওরার তাঁহার জীবনের পরিবর্তন ঘটে। সেইস্থলে মহাপ্রভূর সঙ্গী মৃকুল্প-কর্ত উপস্থিত ছিলেন। তিনি জানাইলেন বে মহাপ্রভূ গলাতীরে গমন করিবেন, স্কুরাং ধ্বনরাজ হলি হয়া করিয়া স্ব্যবস্থা করিয়া দেন, তাহা হইলে তাঁহায়া মধেই উপকৃত হইবেন। রাজা নিজেকে সৌজাগাবান মনে করিয়া মহাপাত্রকে নির্দেশ, দিলে মহাপাত্র বহু তাঁহারের প্রদান করিলেন এবং মৃকুলাদির সহিত তাঁহাদের মধুর-মিলন সংঘটিত হইল। পরদিন রাজা বিশ্বাসকে পাঠাইয়া সকল বন্ধোবন্ধ করিয়া দিলে মহাপ্রভূত্ব এক 'নবীন নৌকার মধ্যে' সগণে চড়িয়া যাত্রা আরক্ষ করিলেন। শ্বন আসিয়া তাঁহাকে প্রধাম জানাইয়া গেলে তিনি মহাপাত্রকেও বিদার দিয়া জ্ঞাসর হইলেন। জলম্বার ডর নির্বারণার্থ একজন ধ্বন 'হল নৌকা ভরি বহু সৈন্ত সঙ্গে দেরা' পিচ্ছলদা পর্যন্ত মহাপ্রভূকে জ্ঞাসর করিয়া দিলেন।

১৯৪৮ খ্রী.-এ ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশিত The History of Bengal নামক গ্রন্থের থিতীয় খণ্ডে স্থার বহুনাথ সরকার মহাশর অন্ত প্রাথাণের সহিত ১৪৯৩ জী.-এর একটি স্বর্ণমূহার ও ১৪২৪ঞ্জী.-এর মান্ধারণ-অমুশাসনের প্রমাণবলে লিখিরাছেন ধে ষ্ডদুর মনে হর, হোসেন-শাহ্ ১৪২৩ ঞ্জি.-এ সিংহাসনে আরোহণ করেন। স্থাবার ১৮৭২ এ.-এর Journal of the Asiatic Society of Bengal-এর 'On a New King of Bengal' ইত্যাদি প্রথমে ব্লক্ষ্যান সাহেব ফিরিন্তার প্রমাণ বলে জানাইয়াছিলেন বে হোদেন-লাচ্ ২৭ কংসর রাজত্ব করিরাছিলেন। Riyazu-s-Salaţin- মতে (pp, 133, 134), "Sultan Husain Shah, in the year 927 A.H. (=1520 A. D.), died a natural death. His reign lasted for 27 years, and according to some, 24 years, and according to others 29 years and 5 months." কিছু রাধালহাস-বন্দ্যোপাখ্যার মহালয় তাঁহার 'বাংলার ইভিহাস'-গ্রেছ (২ব. ভাগ, পু. ২৬৪-৬৫) লিখিবাছেন, ">২৫ হিন্দরার মুক্তিও হোসেন-শাহের পুত্র নাসিরউদীন-নস্বং নামাভিত মুদ্রা আবিষ্কৃত হইয়াছে, সুতরাং উক্ত বর্ষেই (১৫১০ খুটাব্দে) হোসেন শাহের মৃত্যু ধ্ইয়াছিল।" স্থাব বহুনাথও ১৪০৩ এ। হইতে ১৫১০ এ। পর্বস্ক কালকে হোলেন-খাণ্ডের রাজত্বকাল বলিয়। নির্দেশিত করিয়াছেন। মন্ধুমদার-রায়চৌধুরী-দত্ত প্রণীত An Advanced History of India-তে হোসেন-শাহের রাষ্যপ্রাধ্যি ও মৃত্যুকাল ষ্ণাক্রমে ১৫৯৩ খ্রী. ও ১৫১৮ খ্রী. বুলিয়া লিখিত হইব্লাছে। বৈক্ষবগ্রন্থভূলিতেও হোসেন-শাহ্ সম্বন্ধ বাহা জানা বাইতেছে ভাহাও উপরোক্ত রাজ্যকালের সহিত সম্পূর্ণ সামঞ্জপূর্ণ। অবশ্র সেই সকল গ্রন্থে বৈষ্ণবভক্তবুন্দের জীবনী পর্যাল্যাচনা-প্রসঙ্গে হোসেন-শাহের বিবরণ লিপিবঙ্ক হওয়ার তাঁহার সম্বন্ধে বিবৃত প্রতিটি বটনাই যে ঐতিহাসিক ভাৎপর্বে মণ্ডিভ, তাহা ক্লোর করিয়া বলা চলে না। তৎসত্ত্বেও প্রাচীন বৈশ্ববগ্রন্থগুলি হইতে বৰের সুলতান হোসেন-শাহ্ সহছে বাহা জানিতে পারা ধার ভাহা সামাগ্র হইলেও অকিঞ্চিৎকর নহে।

'সৈয়দ হ'লেন থা' গোড়ের স্থলতান হইবার পূর্বে স্থব্ছি-রার' গোড়াধিকারী ছিলেন। হ'লেন-থা তাঁহার অধীনেই চাকরী করিতেন। একদিন

> বীৰি দেখাইতে ভাৱ নদৰীৰ কৈন। ছিত্ৰ পাঞা ভাৱ ভাৱে চাবুক মারিল ঃ

⁽১) कि. ह.—२।२*६, मृ. २९७* ; सुद्धि-हातात शीवनीत्थ अहे नवत्य दित्मव जात्नाहमा उडेवा ।

কিছ হোসেন-শাহ্ সহাশর ব্যক্তি ছিলেন। পরে রাজা হইরাও তিনি সবৃদ্ধিরারের মান রক্ষা করিতে চাহিরাছিলেন। তাঁহার স্থা পতির পৃষ্ঠদেশে চাবৃক্তের হাল হেপিয়া সকল বিবর অবগত হইরা সুবৃদ্ধিকেও প্রহার করিতে অন্ধ্রোধ করিলে

> রাজা করে আনার পোটা রার হয় পিতা। তাহাকে নারিব আনি ভালনহে কথা।।

কিন্ত স্থবৃদ্ধির আডি নট করিয়া দিবার জন্ত স্ত্রীর হারা সবিশেষ অস্কৃত্ত হইয়া তিনি শেষ পাঠন্ত স্থবৃদ্ধির মুখে 'করোয়ার পানি' দেওরাইণে স্থবৃদ্ধি-রায় দেশ ছাড়িয়া পলায়ন করেন।

রাজা হওরার পর হোসেন-শাহের প্রভাব বাড়িতে থাকে। ক্রমে তিনি উড়িয়ারাজের সহিত বিবাদশিপ্ত হন। ১৫১০ ঐ.-এর প্রথমদিকে চৈতস্ত যথন নীলাচলের পথে বাত্রা করেন, তথন উড়িয়াধিপতির সহিত গৌড়েররের যথেই বিবাদ চলিতে থাকার উত্তর দেশের মধ্যে যুক্ক-বিগ্রহাদি চলিতেছিল। ব্যাধিক শত্রের বাজা হোসেন-শাহের তথন বিশুল প্রক্তিপত্তি। তাঁহার সৈক্তেরা উড়িয়া বা ওড়ুদেশের লভ লভ দেউল ও দেবালয় ভাত্রিয়া ভাহাদের প্রতিমাণ্ডলিও বিনষ্ট করিয়া কেলেন। কিন্তু রাজাগত বিবাদ-বিসংবাদ বাহাই চলুক না কেন, রাজা ছিলেন সজ্জন ব্যক্তি। মুললমান রাজা হইরাও হিন্তু প্রজাদিগের সহিত তাঁহার ব্যবহার কটু ছিল না। রাজ্যানী ছিল গৌড়ে, স্বভরাং হিন্তু-মুললমান নির্বিশেবে গৌড়বালিমাত্রই থে তাঁহার প্রজা, এবং তাঁহাদের প্রতি ব্যবহারও যে সমল্টিসম্পন্ন হওয়া উচিত, এ বোধ তাঁহার ছিল। তাই দেখা বার প্রকৃত বোগ্যব্যক্তি তাঁহার সভার সমান্ত হইতেন।

গৌড়-সন্নিকটছ বামকেণি তথন একটি অতি সমূদ্ধ ও বর্ধিষ্ণু গ্রাম। রাজা শুনিলেন বে সেই গ্রামের রত্ব-শর্প সনাতন এবং রূপ নামে⁶ ছুই প্রাতা বিভাশিক্ষা করিয়া প্রচুত্ব পাতিতা অর্জন করিয়াছেন। তাঁহারা বে সকল দিক দিয়াই রাজপণ্ডিত হইবার বোগাব্যক্তি তাহা বুরিয়া হোসেন-শাহ তাঁহাদিগকে আহ্বান করিয়া মন্ত্রিয়ের পদ দান করিয়াছিলেন। সনাতন হইলেন 'সাকর মন্ত্রিক' এবং রূপ হইলেন 'দ্বির্বাস'। সম্ভবত ইহারও পূর্বে ১৪০৩ শ্রী-এ বধন হোসেন-শাহ রাজপদ প্রাপ্ত হন, তংকালীন কোনও সময় হইতেই প্রীধ্তক্ত মৃত্রু-সরকারও তাঁহার দরবারে রাজবৈত্ত-হিসাবে নিযুক্ত হন। মৃত্রুন্ধ রাজকার্য ছাড়িয়া দিলে তংক্তে অন্তান্ত বৈশ্বও নিযুক্ত হইয়াছিলেন। তাবার 'সন্ধিতমাধ্বনাটকে' লিখিত হইয়াছে বে চিরঞ্জীব-সেনও গৌড়রাক্রের প্রেষ্ঠ অমাতা ছিলেন। ইহাছাড়াও

⁽২) তৈ ভা---ভা২, পৃ. ২৫৪; তৈ না---ভা১৪ (৩) তৈ ভা---ভা৪, পৃ.২৮৪ (৪) ভখন ই হারের অভ নাম ছিল। "এই নাম মুইট প্রবর্তিকালে মহাপ্রভূ-প্রবন্ত। (৫) তৈ, চ.---২।১৮, পৃ. ২০৭ (৬) জ. র.---১)২৭০

কেশব-বস্থু (-বা,-ছত্রী), স্ব্রাস-সর্বেল প্রভৃতির মত হিন্দু ভবী ব্যক্তিরাও রাজ্যরবারে
নির্ক হইরা রাজ্যতা অলংকত করিরাছিলেন। "তৈতক্ষচরিভান্ত" হইতে জানা বার্
বে জারও অনেক কারস্থ কর্মচারী রাক্জার্থে নির্ক ছিলেন" এবং রূপ-সনাতন ছাড়া
অক্সান্ত রাজ্যতিতে কাজ পাইরাছিলেন। গোপাল-চক্রবর্তী নামক এক ব্যক্তি'গৌড়ে রহে পাদ্শাহা আগে আরিন্দালিরী করে।" গ্রন্থকার-গণ রাজ্যকে 'মহাবিদ্রা'
বলিরাছেন। ইতিহাস্ও ভাহার সমর্থন করে। কিন্তু সমান্দালি ও বিচক্ষণ রাজা হোসেন-শাহ্
বে ভাঁচার বোগ্য সভাসদ্দিশকে প্রভৃত সন্মান দান করিয়া ববেট দ্রন্থশিভার প্রমাণ
দিয়াছিলেন, বৈঞ্চবগ্রন্থতিল হইতে ভাহা বিলেবভাবেই উপলব্ধ হইরা থাকে।

